জ্যোতিষ-দর্পণং।

(ফলিতং)

বিবিধ জ্যোতিগ্রন্থার্থ সংগ্রহং।

প্রথম খণ্ডং।

১৯।১নং কাঁটাপুকুরলেননিবাসিনা
শ্রীঠাকুরদাস চূড়ামণিনা
সংগৃহীতং অনুবাদিতং প্রকাশিতঞ্চ।

নূতন সংস্করণং।

কলিকাতা,
শ্যামবাজার, ৮ নং শান্তিরাম ঘোষের ষ্ট্রীট,
"তারা প্রেসে"
শ্রীশ্রীমন্ত রায় চৌধুরী দ্বারা মুদ্রিত।
সন ১৩১৮ সাল।

মূল্য ১।০ পাঁচসিকা।

বিজ্ঞাপনং।

অধুনা অস্মদ্দেশে দয়াবান্ গভর্ণমেণ্টের কটাক্ষ থাকাতে বেদ, পুরাণ, স্মৃতি, তন্ত্র প্রভৃতি নানাগ্রন্থ মুদ্রিত হইয়া সর্ব্বত্র প্রচারিত হইতেছে ; কিন্তু এ পর্য্যন্ত প্রাচীন জ্যোতিঃশাস্ত্র আলোচনা করিতে কাহাকেও দৃষ্টিগোচর না হওয়াতে, আমি বিশেষ যত্নসহকারে বোম্বাই হইতে (বৃহৎ পারাশরী) জ্যোতিঃগ্রন্থ আনাইয়া (জ্যোতিষ-দর্পণ) নাম দিয়া অধ্যবসায় সহকারে মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইয়াছি। এই গ্রন্থ অতি বৃহৎ এজন্য ক্রমশঃ প্রচার করিব ইচ্ছা করিয়াছি, এক্ষণে বিদ্যোৎসাহী মহোদয়গণ সাদরে গ্রহণ করিলে, আমার যত্ন ও পরিশ্রম সফল বোধ করিব।

এই গ্রন্থে বিস্তর বিষয় আছে ; কিন্তু আমার এই প্রচারিত ক্ষুদ্র গ্রন্থ মধ্যে সংজ্ঞাপ্রকরণ ও নিয়ে তাহার কারণ, কারকতা, ভাব-কারকতা, আদিত্যাদি নবগ্রহের স্থানবিশেষে শুভাশুভ ফলের বিচার, তন্বাদি দ্বাদশভাবের বিচার, পূর্ব্বজন্মকৃত অপরাধে অভিসম্পাত জন্য, সন্তানের হানি ও তাহার প্রতিকার, বিংশোত্তরী দশা ও অন্তর্দ্দশাতে ফলের বিচার, মারক নির্ণয়, মৃত্যুগণনা প্রভৃতি বহু বিষয় সরল বঙ্গানুবাদসহ ডিমাই ৮ পেজী আকারে প্রথম খণ্ড ২০৭ দুইশত সাত পৃষ্ঠায় প্রকাশিত হইল। এক্ষণে জ্যোতিঃশাস্ত্র পাঠার্থী মহোদয়গণের একমাত্র দয়ার উপর নির্ভর।

কাঁটাপুকুর,
১লা আষাঢ়, ১৩১৮ সাল।

শ্রীঠাকুরদাস দেবশর্ম্মণঃ।

জ্যোতিষ-[illegible]।

প্রণম্য ভাস্করং দেবং জগদাত্মানমীশ্বরং।
জ্যোতিঃশাস্ত্রং সমালোচ্য বৃহৎপারাশরং তথা॥
রহস্যং তত্র যৎকিঞ্চিৎ প্রকাশীক্রিয়তেঽধুনা।
ক্ষম্যতাং কৃপয়া বিদ্বন্ যদত্র স্খলিতং মম॥
সূর্য্যঃ পিতামহো ব্যাসো বসিষ্ঠোঽত্রিঃ পরাশরঃ।
কশ্যপো নারদো গর্গো মরীচির্ম্মনুরঙ্গিরাঃ॥
লোমশঃ পৌলিশশ্চৈব চ্যবনো যবনো মনুঃ।
শৌনকোঽষ্টাদশৈতে চ জ্যোতিঃশাস্ত্রপ্রবর্ত্তকাঃ॥

অস্যার্থঃ

সূর্য্য, ব্রহ্মা, ব্যাস, বসিষ্ঠ, অত্রি, পরাশর, কশ্যপ, নারদ, গর্গ, মরীচি, মনু, (১) অঙ্গিরা, লোমশ, পৌলিশ, চ্যবন, যবন, মনু, (২) শৌনক, এই অষ্টাদশ মহর্ষি জ্যোতিষশাস্ত্রপ্রবর্ত্তক।

কৃতে তু মানবং শাস্ত্রং ত্রেতায়াং বাদরায়ণঃ।
গার্গীয়ং দ্বাপরে প্রোক্তং কলৌ পারাশরঃস্মৃতঃ॥

অস্যার্থঃ

সত্যকালে মহর্ষি মনুপ্রণীত শাস্ত্রমতে যাগযজ্ঞ প্রভৃতি সকল কার্য্য নির্ব্বাহ হইত। ত্রেতাতে মহর্ষি বাদরায়ণের মতে কার্য্য হইত। দ্বাপরে মহর্ষি গর্গের মতে কার্য্য হইত। কলিকালে মহর্ষি পরাশরের মতে কার্য্য হওয়া কর্ত্তব্য।

---

(১) ধর্ম্মশাস্ত্রপ্রবর্ত্তক।

(২) ঋষিবিশেষ।

মৈত্রেয় উবাচ—

নমস্তস্মৈ ভগবতে বোধরূপায় সর্ব্বদা।
পরমানন্দকন্দায় গুরবেহ্জ্ঞানধ্বংসিনে॥

পরাশর উবাচ—

সূর্য্যং নত্বা গ্রহপতিং জগদুৎপত্তিকারণং।
বক্ষ্যামি বেদনয়নং যথাব্রহ্মমুখাচ্ছ্রুতং॥

মৈত্রেয় উবাচ—

রামকৃষ্ণাদয়ো যে চ হ্যবতারা রমাপতেঃ।
তেহপি জীবাংশকাঃ প্রোক্তাঃ কিংবা ব্রূহি মুনীশ্বর॥

পরাশর উবাচ—

রামঃ কৃষ্ণশ্চ ভো বিপ্র নৃসিংহঃ শূকরস্তথা।
এতেপূর্ণাবতারাশ্চ হ্যন্যে জীবাংশকান্বিতাঃ॥
অবতারা হ্যনেকানি হ্যজস্যপরমাত্মনঃ।
জীবানাং কর্ম্মফলদো গ্রহরূপীজনার্দ্দনঃ।
দৈত্যানাং বলনাশায় দেবানাং বলবৃদ্ধয়ে।
ধর্ম্মসংস্থাপনার্থায় গ্রহা জাতাঃ শুভাঃ ক্রমাৎ॥

অন্বয়ার্থঃ

অজ্ঞানবিনাশকারী জ্ঞানানন্দদাতা বোধস্বরূপ গুরুকে নমস্কার করিয়া মৈত্রেয় ঋষি পরাশরকে জিজ্ঞাসা করিতেছেন।

মহাত্মা মুনিবর, পরাশর জগদুৎপত্তির কারণ বেদনয়ন গ্রহপতি সূর্য্যকে নমস্কার করিয়া বলিলেন, পূর্ব্বে আমি জগদ্যোনি ব্রহ্মার শ্রীমুখাৎ যেরূপ শুনিয়াছিলাম বলিতেছি। মৈত্রেয় পুনর্জ্জিজ্ঞাসা করিলেন,—মহাত্মন্—রমাপতি ভগবানের রামকৃষ্ণ প্রভৃতি অনেক অবতার আছে, তাঁহারা পূর্ণাবতার কিংবা অংশাবতার হে মুনিবর! আপনি কীর্ত্তন করিয়া শ্রবণেন্দ্রিয় চরিতার্থ করুন। পরাশর মৈত্রেয়কে

সম্বোধন করিয়া বলিলেন, হে বিপ্র, রামাবতার, কৃষ্ণাবতার, নৃসিংহ অবতার ও বরাহ অবতার এই চারিটী পূর্ণাবতার, অন্যান্য সকল অংশাবতার। ভগবানের এই সকল মূর্ত্তিতে জীবগণের কর্ম্মফলদান এবং দৈত্যগণের শক্তিবিনাশ এবং দেবগণের বলবৃদ্ধির নিমিত্ত গ্রহগণ মঙ্গলদায়ক হইয়া অবতীর্ণ হইয়াছেন।

রামোঽবতারঃ সূর্য্যস্য চন্দ্রস্য যদুনায়কঃ।
নৃসিংহো ভূমিপুত্রস্য বুদ্ধঃ সোমসুতস্য চ।
বামনো বিবুধেজ্যস্য ভার্গবো ভার্গবস্য চ।
কূর্ম্মো ভাস্করপুত্রস্য সৈংহিকেয়স্য শূকরঃ।
কেতোর্মীনাবতারাশ্চ যে চান্যে তেপি খেটজাঃ।
সংসারতারণার্থায় গ্রহরূপী জনার্দ্দনঃ।

অস্যার্থঃ

ভগবান যে সকল অবতার হইয়াছেন তন্মধ্যে সূর্য্যের স্বরূপ রামাবতার, চন্দ্রের ভগবান কৃষ্ণ, মঙ্গলের নৃসিংহ, বুদ্ধ বুধের, বামন বৃহস্পতির, ভৃগুনন্দন রাম শুক্রের, কূর্ম্ম শনৈশ্চরের, বরাহ রাহুর এবং মীনাবতার কেতুর স্বরূপ। সংসার রক্ষার জন্য ভগবান গ্রহরূপে অবতীর্ণ হইয়াছেন।

তন্ত্রমতে গ্রহাধিপতিঃ—

রবেস্তারাং বিজানীয়াৎ চন্দ্রস্য বগলামুখীং।
ধূমাবতীং মঙ্গলস্য বুধস্য ভুবনেশ্বরীম্॥
ত্রিপুরাঞ্চ সুরগুরো শ্চান্নপূর্ণা ভৃগোঃ সুনোঃ (৩)
শনেঃ কালী চ জ্ঞাতব্যা রাহোশ্চ ছিন্নমস্তকা।
কেতোরপি ভৈরবী চ জ্ঞাতব্যাগ্রহদেবতা।
এতাশ্চৈব মহাবিদ্যা গ্রহইষ্টাঃ প্রকীর্ত্তিতাঃ॥

(৩) শুক্রাচার্য্য।

অস্যার্থঃ

তন্ত্রমতে গ্রহগণের অধিষ্ঠাত্রীদেবতা নির্ণয় করিয়াছেন, যথা—সূর্য্যের অধিষ্ঠাত্রী তারা, চন্দ্রের বগলামুখী, মঙ্গলের ধূমাবতী, বুধের ভুবনেশ্বরী, বৃহস্পতির ত্রিপুরা, শুক্রের অন্নপূর্ণা, শনৈশ্চরের দক্ষিণাকালী, রাহুর ছিন্নমস্তকা, কেতুর ভৈরবী। তারা প্রভৃতি মহাবিদ্যা গ্রহগণের ইষ্টসাধন করেন।

গ্রহগণের নাম—

নবগ্রহাঃ সমাখ্যাতাঃ সূর্য্যচন্দ্রারদানবাঃ।
গুর্ব্বর্কি সোমপুত্রশ্চ কেতুঃ শুক্রসমন্বিতাঃ॥

অস্যার্থঃ

রবি, চন্দ্র, মঙ্গল, রাহু, বৃহস্পতি, শনি, বুধ, কেতু ও শুক্র এই নয়টী গ্রহ। স্বীয় ক্ষমতানুসারে প্রাণিগণের কার্য্যসাধন করেন।

পরাশর উবাচ—

কালাত্মা চ দিবানাথো মনঃ কুমুদবান্ধবঃ।
সত্ত্বং কুজো বিজানীয়াৎ বুধো বাণীপ্রদায়কঃ।
দেবেজ্যো জ্ঞানসুখদো ভৃগুর্বীর্য্যপ্রদায়কঃ।
বিচার্য্যতামিদং সর্ব্বং ছায়াসূনুশ্চ দুঃখদঃ।
রাজানৌ ভানুহিমগূ নেতা জ্ঞেয়ো ধরাত্মজঃ॥
বুধো রাজকুমারশ্চ সচিবৌ গুরুভার্গবৌ।
প্রেষ্যকো রবিপুত্রশ্চ সেনা স্বর্ভানুপুচ্ছকৌ
এবং ক্রমেণ বৈ বিপ্র সূর্য্যাদীনি বিচিন্তয়েৎ॥

অস্যার্থঃ

বৎসর মাস দিবাদণ্ড ক্ষণ মুহূর্ত্তের অধিপতি সূর্য্য, মনের অধিপতি চন্দ্র, সত্ত্বগুণের অধিপতি মঙ্গল, বাক্‌প্রদাতা বুধ, জ্ঞান ও সুখদাতা বৃহস্পতি, বলবীর্য্যদাতা শুক্র এবং কষ্টদাতা শনি, এইরূপ গ্রহগণের বিবেচনা করিবে। সূর্য্য ও চন্দ্র

গ্রহদিগের রাজা, ধরণীসুত মঙ্গল সেনাপতি, রাজপুত্র যুবরাজ বুধ, বৃহস্পতি ও শুক্র মন্ত্রী, প্রেষ্য শনৈশ্চর, সেনা রাহু ও কেতু, হে বিপ্র, সূর্য্যাদি গ্রহগণকে এইরূপ চিন্তা করিবে।

দ্রব্যাধিপতি—

অগ্নিভূমিনভস্তোয়-বায়বঃ ক্রমতো দ্বিজ।
ভৌমাদীনাং গ্রহাণাঞ্চ তত্ত্বস্বামী প্রকীর্ত্তিতঃ॥

অস্যার্থঃ

অগ্নি, পৃথ্বী, আকাশ, জল ও বায়ু গ্রহগণ এই পঞ্চভূত পঞ্চতত্ত্বের অধিপতি। তন্মধ্যে অগ্নির অধিপতি মঙ্গল, পৃথিবীর অধিপতি বুধ, আকাশের অধিপতি বৃহস্পতি, জলের অধিপতি শুক্র এবং বায়ুর অধিপতি শনৈশ্চর।

সূর্য্যের স্বভাব—

মধুপিঙ্গলদৃক্‌সূর্য্যশ্চতুরস্রঃ শুচির্দ্বিজ।
পিত্তপ্রকৃতিকো ধীমান্ পুমানল্পকচো দ্বিজ॥

অস্যার্থঃ

সূর্য্যের স্বভাব মধুপিঙ্গলদৃষ্টি (অর্থাৎ কটা) চারিকোণা অথাৎ চতুর্দ্দিক্‌সম পবিত্র পিত্তপ্রকৃতি পুরুষ, অল্প কেশ।

চন্দ্রের স্বভাব—

বহুবাতকফঃপ্রাজ্ঞশ্চন্দ্রো বৃত্ততনুর্দ্বিজ।
শুভদৃক্‌চমধুরবাক্ চঞ্চলো মদনাতুরঃ॥

অস্যার্থঃ

চন্দ্রের স্বভাব বায়ুবৃদ্ধিকর কফপ্রকৃতি, বিজ্ঞ, গোলশরীর, দৃষ্টিশুভ, মিষ্টভাষী চঞ্চল সর্ব্বদা কামাতুর।

মঙ্গলের স্বভাব—

ক্রূরো রক্তারুণো ভৌমশ্চপলোদারমূর্ত্তিকঃ।
পিত্তপ্রকৃতিকঃ ক্রোধী কৃশমধ্যতনুর্দ্বিজ॥

মঙ্গলের স্বভাব ক্রূর, রক্ত নেত্র, চঞ্চল, উদারমূর্ত্তি, পিত্তপ্রকৃতি, ক্রোধী, ক্ষীণকটি।

বুধের স্বভাব—

বপুঃ শ্রেষ্ঠোক্লিষ্টবাক্‌চ অতিহাস্যরুচির্বুধঃ।
পিত্তবান্ কফবান্ বিপ্র মারুতপ্রকৃতি স্তথা॥

অস্যার্থঃ

বুধের স্বভাব, যথা—অতিশয় রূপবান্, কষ্টে অল্প বাক্য প্রয়োগ করে, অতিশয় হাস্যে প্রবৃত্তি, পিত্তাধিক্য ও কফাধিক্য দেহ, কিন্তু বায়ু প্রকৃতি।

বৃহস্পতির স্বভাব—

বৃহদগাত্রো গুরুশ্চৈব পিঙ্গলো মূর্দ্ধজেক্ষণঃ।
কফপ্রকৃতিকো ধীমান্ সর্ব্বশাস্ত্রবিশারদঃ॥

বৃহস্পতির স্বভাব, যথা—অতি বৃহৎ শরীর, ঈষৎ রক্তবর্ণ কেশ ও চক্ষু, কফ প্রকৃতি এবং সর্ব্বশাস্ত্রপারদর্শী।

শুক্রের স্বভাব—

সুখী কান্তবপুঃ শ্রেষ্ঠঃ সুলোচনো ভৃগোঃ সুতঃ।
কাব্যকর্ত্তা কফাধিক্যানিলাত্মা বক্রমূর্দ্ধজঃ॥

অস্যার্থ

শুক্রের স্বভাব, যথা—অতিশয় সুখী, সুন্দরদেহ ও চক্ষু, কাব্য শাস্ত্রের সৃষ্টি-কর্ত্তা, মস্তকে বক্রকেশকলাপ, কফাধিক্যদেহ কিন্তু বায়ু প্রকৃতি।

শনির স্বভাব—

কৃশদীর্ঘতনুঃ শৌরিঃ পিঙ্গদৃষ্ট্যা নিলাত্মকঃ।
স্থূলদন্তো লসৎপুঙ্গঃ খররোমকচো দ্বিজ॥

অস্যার্থঃ

শনির স্বভাব, যথা—শরীর অতি দীর্ঘ কিন্তু কৃশ, পিঙ্গনেত্র, দন্ত অতিস্থূল, পুঙ্গ অতি বৃহৎ, বায়ুপ্রকৃতি, শরীরের রোম এবং কেশ সকল অতি কঠিন ও উন্নত।

রাহুর প্রকৃতি—

ধূম্রাকারো নিলতনুর্বনস্থোপি ভয়ঙ্করঃ।
বাতপ্রকৃতিকোধীমান্ স্বর্ভানুপ্রতিমঃ শিখী॥

অন্বয়ার্থ

রাহুর স্বভাব। যথা ধূম্রাকার নিলবর্ণ শরীর, অতি ভয়ঙ্কর, বন মধ্যে সর্ব্বদা-অবস্থান, বাতপ্রকৃতি স্বভাব কিন্তু কেতুর রাহুর ন্যায় আকৃতি ও স্বভাব॥

গ্রহগণ শরীরের কোন স্থানের অধিপতি—

অস্থি রক্ত স্তথা মজ্জা ত্বকৃচর্ম্মবীর্য্যস্নায়বঃ।
তাসামীশাঃ ক্রমেণোক্তা জ্ঞেয়াঃ সূর্য্যাদয়ো দ্বিজ॥ (১)

অন্বয়ার্থ

অস্থি, রক্ত, মজ্জা, ত্বক চর্ম্ম এবং বীর্য্য নাড়ী সূর্য্যাদি গ্রহগণ এই সকল স্থানের অধিপতি। যথা সূর্য্য অস্থির অধিপতি, চন্দ্র রক্তের মঙ্গল, মজ্জার বুধ ত্বক্ অর্থাৎ পাতলা চর্ম্মের, বৃহস্পতি চর্ম্মের, শুক্র বীর্য্যের এবং শনি নাড়ীর অধিপতি।

গ্রহগণ কোন স্থানের অধিপতি—

দেবালয়ো জলং বহ্নিঃ ক্রীড়াদীনাং তথৈব চ।
কেশ শয্যাহ্যুৎকরণ-মীশাঃ সূর্য্যাদয়ঃ ক্রমাৎ॥

অন্বয়ার্থ

দেবালয়, জল, অগ্নি, ক্রীড়াস্থান, ধনাগার শয্যা এবং ক্রীড়ার দ্রব্যাদি সকলের অধিপতি সূর্য্যাদি গ্রহ। তন্মধ্যে সূর্য্য দেবালয়ের অধিপতি, চন্দ্র জলের, মঙ্গল অগ্নির, বুধ ক্রীড়াস্থানের, বৃহস্পতি ধনাগারের, শুক্র শয্যার শনৈশ্চর ক্রীড়ার উপকরণ দ্রব্যাদির অধিপতি॥

---

(১) প্রয়োজনং। শরীরের অস্থি প্রভৃতি যে ধাতুতে পীড়া হইবেক, তাহাতে তাহার অধিপতি গ্রহের বক্রতাতে পীড়া হইয়াছে অবগত হইয়া তাহার শান্তি করিলে আরোগ্য হইবার সম্ভাবনা।

গ্রহগণ বৎসরাদির অধিপতি

অয়নক্ষণবারর্ত্তু-মাসপক্ষসমা দ্বিজ।
সূর্য্যাদীনাং ক্রমাৎজ্ঞেয়া নির্বিশঙ্কং দ্বিজোত্তম ॥ (২)

অস্যার্থঃ

অয়ন ক্ষণ বার ঋতু মাস বৎসর প্রভৃতি সময়ের অধিপতি সূর্য্যাদি গ্রহগণ জানিবে। হে বিপ্রবর। তন্মধ্যে সূর্য্য অয়নের অধিপতি, চন্দ্র মুহূর্ত্তের, মঙ্গল বারের, বুধ ঋতুর, বৃহস্পতি মাসের, শুক্র পক্ষের এবং শনি বৎসরের অধিপতি ॥

গ্রহগণ দ্রব্যাধিপতি—

কটু-লবণ-তিক্ত-মিষ্ট-মধুরেক্ষু কষায়কাঃ।
ক্রমেণ সর্ব্বে বিজ্ঞেয়াঃ সূর্য্যাদীনাং দ্বিজোত্তম।

অস্যার্থ

কটু, লবণ, তিক্ত, মিষ্ট, মধুর, ইক্ষু, কষায় এই সকল দ্রব্যের সূর্য্যাদি গ্রহগণ অধিপতি ॥ তন্মধ্যে কটু দ্রব্যের অধিপতি সূর্য্য, লবণের চন্দ্র, তিক্ত রসের মঙ্গল, মিষ্ট রসের বুধ, মধুর রসের বৃহস্পতি, ইক্ষুর শুক্র এবং কষায় রসের অধিপতি শনৈশ্চর ॥

গ্রহাণাং বিশেষ নামানি—

হেলিঃ সূর্য্যশ্চন্দ্রমাঃ শীতরশ্মিঃ
হৈম্নো বিৎ জ্ঞো বোধনশ্চন্দ্রপুত্ত্রঃ।
আরো বক্রঃ ক্রূরদৃক্ চাবনেয়ঃ
কালো মন্দঃ সূর্য্যপুত্ত্রোঽসিতশ্চ ॥

---

(১) প্রয়োজনং। যে স্থানের অধিপতি যে গ্রহ সে স্থানের যত্ন করিলে সেই গ্রহ প্রসন্ন হন।

অথবা অপহৃত দ্রব্য সে স্থানে আছে।

(২) প্রশ্ন গণনাতে কার্য্যসিদ্ধি বা হৃতদ্রব্য যে কোন স্থানে প্রাপ্ত হইবেক তাহা ও নির্ণয় করা যায়। যে লগ্নে যে গ্রহ বলবান হইবেন। তিনি যে সময়ের অধিপতি সেই সময়ে লোপ হইবার বিশেষ সম্ভাবনা ॥

(৩) যাহার যে দ্রব্যে রুচি তাহাতে জানা যাইবেক সেই দ্রব্যের অধিপতি গ্রহ বলবান্।

জীবোঙ্গিরা সুরগুরুর্ব্বচসাং পতীজ্যো
শুক্রো ভৃগুর্ভৃগুসুতসিত আস্ফুজিচ্চ।
রাহুস্তমোগু রসুরঃ শিখীচ কেতুঃ
পর্য্যায় মন্যমুপলভ্য বদেচ্চ লোকাৎ॥

সূর্য্যের নাম হেলি, চন্দ্রের নাম চন্দ্রমা, শীতরশ্মি, বুধের নাম হৈম, বিৎজ্ঞ, বোধন, ইন্দুপুত্র, মঙ্গলের নাম আর, বক্র, ক্রুরদৃক, আবনেয়। শনির নাম কাল, মন্দ, সূর্য্যপুত্র, অসিত। বৃহস্পতির নাম জীব, অঙ্গিরা, সুরগুরু, বচসাংপতি, ইজ্য। শুক্রের নাম শুক্র, ভৃগু, ভৃগুসুত, সিত, আস্ফুজিৎ। রাহুর নাম রাহু, তম, অগু, অসুর। কেতুর নাম শিখী এবং অন্যান্য গ্রহগণের যে সকল নাম আছে, তাহা লোকপরম্পরায় অবগত হওয়া যায়।

গ্রহানাং শুভাশুভ বিচারঃ—

অর্দ্ধোনেন্দ্বর্কসৌরারাঃ পাপাস্তৈর্যুতোঽপরে।
শুভাঃ পাপৌতমঃ কেতু বিষ্ণুধর্ম্মোত্তরাদিতৌ॥

কৃষ্ণপক্ষের অষ্টমী হইতে শুক্লপক্ষের অষ্টমী পর্য্যন্ত চন্দ্রকে অর্দ্ধোন চন্দ্র; অর্থাৎ অৰ্দ্ধ চন্দ্র কহে। এই চন্দ্র, রবি, শনি, মঙ্গল, রাহু এবং কেতু ইহারা পাপগ্রহ; ঐ সকল পাপগ্রহযুক্ত বুধ পাপগ্রহ মধ্যে গণ্য। অর্দ্ধোন চন্দ্র ব্যতীত চন্দ্র, বৃহস্পতি, শুক্র এবং পাপবিযুক্ত বুধ গ্রহ শুভগ্রহ মধ্যে গণ্য।

গ্রহানাং দিগধিপতি নির্ণয়ঃ।

সূর্য্যঃ শুক্রঃ ক্ষমাপুত্রঃ সৈংহিকেয়ো সিতঃ শশী।
সৌম্যস্ত্রিদশ মন্ত্রীচ প্রাচ্যাদি দিগধীশ্বরাঃ॥ (১)

গ্রহগণের দিকপতি নিরূপণ করিতে হইলে পর্য্যায় ক্রমে দক্ষিণাবর্ত্তে গণনা করিয়া এক এক গ্রহ এক এক দিকের পতি হইবেন। যেমন পূর্ব্ব-

১। ইহার প্রয়োজন। চৌর্য্যাপহৃতদ্রব্য গণনা করিতে হইলে তৎকালীন লগ্নাধিপতি গ্রহ যে দিকের অধিপতি হইবেন দ্রব্য সেই দিকে আছে এবং অপহারক সেই দিকে অবস্থিতি করে।

দিকের অধিপতি সূর্য্য, অগ্নিকোণের অধিপতি শুক্র, দক্ষিণদিকের অধিপতি মঙ্গল, নৈঋত কোণের অধিপতি রাহু, পশ্চিম দিকের অধিপতি শনি, বায়ু কোণের অধিপতি চন্দ্র, উত্তর দিকের অধিপতি বুধ এবং ঈশান কোণের অধিপতি বৃহস্পতি।

গ্রহানাং জাত্যধিপ নির্ণয়ঃ।

ব্রাহ্মণে শুক্রবাগীশৌ ক্ষত্রিয়ে ভৌমভাস্করৌ।
চন্দ্রোবৈশ্যে বুধঃ শূদ্রেপতি র্মন্দোঽন্ত্যজেজনে॥ (২)

গ্রহগণের মধ্যে শুক্র ও বৃহস্পতি ব্রাহ্মণের অধিপতি, মঙ্গল ও রবি ক্ষত্রিয়ের অধিপতি, চন্দ্র বৈশ্যজাতির অধিপতি, বুধ শূদ্রজাতির অধিপতি এবং শনি অন্ত্যজজাতির অধিপতি।

বেদাধিপ নির্ণয়ঃ।

ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপঃ সিতঃ।
সামবেদাধিপোভৌমঃ শশিজোঽথর্ব্ববেদরাট্॥ (৩)

ঋক বেদের অধিপতি বৃহস্পতি, যজুর্ব্বেদের অধিপতি শুক্র, সামবেদের অধিপতি মঙ্গল এবং অথর্ব্ব বেদের অধিপতি বুধ।

গ্রহানাং গুণাধিপ কথনং।

চন্দ্রার্কজীবাঃ জ্ঞসিতৌকুজার্কজৌ।
যথাক্রমং সত্বরজস্তমাংসি॥ (৪)

২। প্রয়োজন। চৌর্য্যাপহৃতদ্রব্য গণনায় লগ্নাধিপ যে জাতির অধিপতি হইবেন অপহারক সেই জাতি হইবেক।

৩। প্রয়োজন। যে গ্রহ যে বেদের অধিপতি উপনয়ন বিষয়ে সেই বারে সেই বেদোক্ত কার্য্য প্রশস্ত। যেরূপ সামবেদী ব্রাহ্মণের উপনয়ন মঙ্গলবারে প্রশস্ত, যজুর্ব্বেদোক্ত কার্য্য শুক্রবারে প্রশস্ত।

৪। প্রয়োজন। যে গ্রহের ক্ষেত্রে জন্ম হইবেক সেই গ্রহ যে গুণের অধিপতি হইবেন জাতকের সেই গুণের আধিক্য হইবেক। যেরূপ কর্কট; সিংহ, মীন ও ধনুরাশিতে জন্ম

চন্দ্র, সূর্য্য, বৃহস্পতি সত্ত্বগুণের অধিপতি, বুধ ও শুক্র রজোগুণের অধিপতি এবং মঙ্গল ও শনি তমোগুণের অধিপতি।

দিগ্‌বলিগ্রহ নিরূপণং।

প্রাচ্যাং সৌম্যসুরাচার্য্যৌ যাম্যাং ভাস্কর ভূমিজৌ।
প্রত্যক্‌শৌরি রুদীচ্যাস্তু সিতেন্দুদিগ্‌বলান্বিতৌ। (১)

বুধ ও বৃহস্পতি পূর্ব্বদিকে বলবান রবি ও মঙ্গল দক্ষিণে, শনি পশ্চিমে, শুক্র ও চন্দ্র উত্তর দিকে বলবান।

গ্রহানাং বর্ণ নিরূপণং।

রক্তঃশ্যামোভাস্করো গৌরইন্দু র্নাত্যুচ্চাঙ্গো রক্তগৌরশ্চ গাত্রঃ।
শ্যামোজ্ঞো গুরুগৌরগাত্রঃ শ্যামঃ শুক্রো ভাস্করি কৃষ্ণদেহঃ॥ (২)

হইলে জাতকের সত্ত্বগুণের আধিক্য হইবেক তাহাতে জাতক ধার্ম্মিক, দয়ালু, দাতা প্রভৃতি হইবেক। মিথুন, কন্যা, বৃষ ও তুলা লগ্নে জন্ম হইলে জাতকের রজোগুণের আধিক্য হইবেক। তাহাতে জাতক বিলাসী ও দাতা প্রভৃতি হইবেক এবং মেষ, বৃশ্চিক, মকর ও কুম্ভ রাশিতে জন্ম হইলে জাতকের তমোগুণের আধিক্য হইবেক। তাহাতে জাতক নিষ্ঠুর, হিংস্র, ধর্ম্মদ্বেষ্টা প্রভৃতি অসৎগুণসম্পন্ন হইবেক। ইহাতে কোন গ্রহ বিশেষ বিরুদ্ধ, তাহাও জানা যাইতে পারে। জাতকের যে গুণের আধিক্য হইবেক সেই গুণের অধিপতি গ্রহের দৃষ্টিতে জাতকের স্বভাবের উৎকর্ষ হইবেক তাহার অন্য গুণাধিপতি গ্রহের দৃষ্টিতে জাতকের স্বভাবের বৈপরীত্য হইবেক। যেরূপ মীন ও ধনু লগ্নে জন্ম হইলে জাতকের সত্ত্বগুণের আধিক্য হইবে কিন্তু তৎকালীন যদি বৃহস্পতি কিম্বা চন্দ্র অথবা সূর্য্যের দৃষ্টি থাকে তাহাতে স্বভাবের উৎকর্ষ হইবেক কিন্তু শনি কিম্বা মঙ্গলের দৃষ্টিতে স্বভাবের মনের ও শরীরের বৈপরীত্য হইবেক অর্থাৎ মানসিক ও শারীরিক কষ্ট হইবেক। কিন্তু মেষ রাশিতে কিম্বা মকর প্রভৃতি শনি ও মঙ্গলের ক্ষেত্রে জন্ম হয় তাহাতে যদি শনি কিম্বা মঙ্গলের দৃষ্টি থাকে তাহাতে জাতকের স্বভাবের উন্নতি হইবেক। কিন্তু চন্দ্র কিম্বা বৃহস্পতির দৃষ্টি থাকে তবে স্বভাবের বৈপরীত্য হইবেক।

১। প্রয়োজন। যাত্রাদি বিষয়ে যে গ্রহ যে দিকে বলবান সেই বারে সেই দিকে গমনে শুভ।

২। প্রয়োজন। নষ্ট দ্রব্য গণনা বিষয়ে লগ্নাধিপ গ্রহের যে বর্ণ হইবে অপহৃত দ্রব্যেরও সেই রূপ বর্ণ হইবেক।

রবি শ্যাম ও রক্ত মিশ্রিত বর্ণ, চন্দ্র গৌরবর্ণ, মঙ্গল খর্ব্বাকার রক্ত ও গৌর মিশ্রিত বর্ণ, বুধ শ্যামবর্ণ, বৃহস্পতি গৌরবর্ণ, শুক্র শ্যামবর্ণ, শনি কৃষ্ণবর্ণ।

গ্রহানাং স্ত্রীপুরুষ নিরূপণং।

ভৌমার্কজীবাঃ পুরুষাঃ ক্লীবৌতু সৌম্যভানুজৌ।
স্ত্র্যাখ্যৌভার্গবচন্দ্রৌদ্বৌ তৎপতিত্বাৎ তথোচ্যতে। (৩)

মঙ্গল রবি বৃহস্পতি পুরুষের অধিপতি, বুধ ও শনি ক্লীবের, শুক্র ও চন্দ্র স্ত্রীর অধিপতি, গ্রহগণ স্ত্রী পুরুষ ও ক্লীবের অধিপতি প্রযুক্ত স্ত্রী পুরুষ ও ক্লীব সংজ্ঞা মাত্র।

অথ নক্ষত্র কথনং।

অশ্বিনীভরণীকৃত্তিকা চ রোহিণী মৃগশিরার্দ্রা
পুনর্ব্বসুপুষ্যাশ্লেষা মঘাপূর্ব্বফল্গুণী।
উত্তরফল্গুণী হস্তাচিত্রা স্বাতীবিশাখানুরাধা
জ্যেষ্ঠামূলাপূর্ব্বাষাঢ়োত্তরাষাঢ়া শ্রবণাধনিষ্ঠা
শতভিষা পূর্ব্বভাদ্রপদোত্তরভাদ্রপদ রেবত্যঃ॥

অশ্বিনী ১ ভরণী ২ কৃত্তিকা ৩ রোহিণী ৪ মৃগশিরা ৫ আর্দ্রা ৬ পুনর্ব্বসু ৭ পুষ্যা ৮ অশ্লেষা ৯ মঘা ১০ পূর্ব্বফল্গুণী ১১ উত্তরফল্গুণী ১২ হস্তা ১৩ চিত্রা ১৪ স্বাতী ১৫ বিশাখা ১৬ অনুরাধা ১৭ জ্যেষ্ঠা ১৮ মূলা ১৯ পূর্ব্বাষাঢ়া ২০ উত্তরাষাঢ়া ২১ শ্রবণা ২২ ধনিষ্ঠা ২৩ শতভিষা ২৪ পূর্ব্বভাদ্রপদ ২৫ উত্তরভাদ্রপদ ২৬ রেবতী ২৭ এই সপ্তবিংশতি নক্ষত্র।

নক্ষত্রাধিষ্ঠাত্রী দেবতা।

অশ্বিযমদহনকমলজ শশী শূলভৃদদিতি জীবফণি পিতরঃ।
যোন্যর্যমাদিনকৃত্ত্বষ্ট্ পবন শক্রাগ্নি মিত্রাশ্চ।

৩। প্রয়োজন। নষ্টদ্রব্যগণনাতে লগ্নাধিপতি যে গ্রহ হইবেন সেই গ্রহ যদি স্ত্রীর অধিপতি হন তবে অপহারক স্ত্রী এবং পুরুষের অধিপতি হইলে পুরুষ, ক্লীব স্ত্রীর মধ্যে গণ্য।

শক্রো নির্ঋতি স্তোয় বিশ্ব বিরিঞ্চী হরির্ব্বসুর্ব্বরুণঃ
অজপদোহির্ব্রধ্নঃ পুষাচেতি স্বরাভাগাং ॥

অশ্বিনীর অধিপতি অশ্বী, ভরণীর যম, কৃত্তিকার দহন, রোহিণীর কমলজ, মৃগশিরার শশী, আর্দ্রার শিব, পুনর্ব্বসুর অদিতি, পুষ্যার বৃহস্পতি, অশ্লেষার ফণি, মঘার পিতৃগণ, পূর্ব্বফল্গুনীর যোণি, উত্তরফল্গুনীর অর্য্যমা, হস্তার সূর্য্য, চিত্রার বিশ্বকর্ম্মা, স্বাতীর পবন, বিশাখার শক্রাগ্নি, অনুরাধার মিত্র, জ্যেষ্ঠার ইন্দ্র, মূলার নির্ঋতি, পূর্ব্বাষাঢ়ার জল, উত্তরাষাঢ়ার বিশ্ব, অভিজিতের ব্রহ্মা, শ্রবণার হরি, ধনিষ্ঠার বসু, শতভিষার বরুণ, পূর্ব্বভাদ্রপদের অজপদ, উত্তরভাদ্রপদের অহির্ব্রধ্ন, রেবতীর পূষা। এই সপ্তবিংশতি নক্ষত্রের সপ্তবিংশতি অধিপতি।

নক্ষত্রগণ নিরূপণং।

উগ্রঃ পূর্ব্বমঘান্তকা ধ্রবগণা স্ত্রীন্যুত্তরানিস্বভু
র্ব্বাতাদিত্য হরিত্রয়ং চরগণঃ পুষ্যাশ্বিহস্তালঘুঃ।
চিত্রামিত্র মৃগান্ত্যভঃ মৃদুগণস্তীক্ষ্ণোহিরুদ্রেন্দ্রযুক্
মিত্রোগ্নিঃ সবিশাখভঃ শুভকরাঃ সর্ব্বেস্বকৃত্যেগণাঃ।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী, এই পঞ্চ নক্ষত্রের নাম উগ্রগণ। উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, এবং রোহিণী এই চারিটি ধ্রবগণ। স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা এই পাঁচটি চরগণ। পুষ্যা, অশ্বিনী, হস্তা এই তিনটি লঘুগণ। চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী এই চারিটি মৃদুগণ। অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা ও মূলা এই চারিটি তীক্ষ্ণগণ। এবং কৃত্তিকা, বিশাখা, এই দুইটি মিশ্রগণ। এই সমস্ত নক্ষত্র স্বীয় কার্য্যে শুভফল প্রদান করেন।

ঊর্দ্ধমুখগণঃ।

রোহিণ্যার্দ্রসতিষ্য মূলবসবো বিষ্ণুস্ত্রয়োপ্যুত্তরা
এতান্যূর্দ্ধমুখানিভানি চ নবজ্যোতির্ব্বিদোমেনিরে।

এভিশ্চিত্রে সিতাতপত্র ভবন প্রাসাদ হর্ম্ম্যাঙ্ঘ্রিপ
প্রাকারাট্ট বিহার তোরণ পুরাঃ প্রারম্ভনং শস্যতে ॥

রোহিণী, আর্দ্রা, পুষ্যা, মূলা, ধনিষ্ঠা, শ্রবণা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া এবং উত্তরভাদ্রপদ এই নয়টি নক্ষত্রকে জ্যোতিঃশাস্ত্র পারদর্শীকোবিদগণ উৰ্দ্ধমুখ নিরূপণ করিয়াছেন। এই কয়েকটি নক্ষত্রে রঞ্জিত শুক্লছত্র, গৃহ, দেবভবন, রাজভবন প্রাচীর, বিলাসভবন, পুরদ্বার এবং পুর প্রভৃতি আরম্ভনে প্রশস্ত।

পার্শ্ব মুখগণঃ।

মৈত্রাখশুল চক্রপাণিতুরগশ্চিত্রাতথা স্বাতয়ো
রেবত্যোথ পুনর্ব্বসুশ্চ কথিতঃ পার্শ্বাস্য নামাগণঃ।
এভির্যন্ত্ররথাদিপোতকরণং সদ্ম প্রবেশোপিবা
শস্তোয়ং গজবাজি গর্দ্দভগবাংদামে যথাযন্ত্রণে ॥

অনুরাধা, জ্যেষ্ঠা, মৃগশিরা, হস্তা, অশ্বিনী, চিত্রা, স্বাতী, রেবতী এবং পুনর্ব্বসু এই নয়টি নক্ষত্রকে পার্শ্বমুখ কহে এই সকল নক্ষত্রে রথ ও নৌকাদি প্রস্তুত, নূতন গৃহে প্রবেশ হস্তি, ঘোটক এবং গর্দ্দভ দমনে ও যন্ত্রণে প্রশস্ত ॥

অধোমুখগণঃ।

অশ্লেষবহ্নি যমপিত্র্য বিশাখযুক্তং
পূর্ব্বাত্রয়ং শতভিষা চ নবাপ্যুডুনি।
এতান্যধোমুখগণানি শিবানি নিত্যং
বিদ্যার্থ ভূমি খননেষুচ ভূষিতানি ॥

অশ্লেষা, কৃত্তিকা, ভরণী, মঘা, বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ও শতভিষা এই নয়টি নক্ষত্রকে অধোমুখগণ কহে। এই সকল নক্ষত্রে বিদ্যারম্ভ অর্থদান, ভূমি খনন করিলে নিয়তমঙ্গল বৰ্দ্ধন হয়।

ষণ্নাডি চক্রং।

জন্মাদ্যং কৰ্ম্ম ততোদশমভং সাংঘাতিকং ষোড়শভং।

সমুদয় মষ্টাদশভং বিনাশসংজ্ঞং ত্রয়োবিংশং ॥

নাড্যঃ স্যুঃ পঞ্চবিংশং মানসমেবং নরঃ ষড়ৃক্ষ'ঃস্যাৎ ॥

মানবগণ যে নক্ষত্রে জন্ম গ্রহণ করেন তাহার নাম জন্ম নক্ষত্র, তাহা হইতে দশম নক্ষত্র কর্ম্ম, ষোড়শ নক্ষত্র সংঘাতিক, অষ্টাদশ নক্ষত্র সমুদয়, ত্রয়োবিংশতি নক্ষত্র বিনাশ, পঞ্চবিংশতি নক্ষত্র মানস, এই ছয়টিকে নাড়ী নক্ষত্র কহেন।

ঈহাদেহার্থহানিঃ স্যাৎ জন্মর্ক্ষে উপতাপিতে

কর্ম্মর্ক্ষে কর্ম্মণাং হানিঃ পীড়ামনসি মানসে।

দেহদ্রবিণবন্ধূনাং হানিঃ সাঙ্ঘাতিকে হতিঃ

সন্তপ্তে সমুদায়ভে মিত্রভৃত্যার্থ সংক্ষয়ঃ।

বৈনাশিকে বিনাশঃ স্যাৎ দেহদ্রবিণ সম্পদাম্ ॥

গোচরে জন্ম নক্ষত্রে অশুভ গ্রহ অবস্থিতি করিলে নিষ্ফল চেষ্টা, দৈহিক কষ্ট, অর্থনাশ হয়, এবং দশম কর্ম্মনক্ষত্রে অবস্থিতি করিলে কার্য্য হানি হয়। পঞ্চবিংশতি মানস নক্ষত্রে অবস্থিতি করিলে মানসিক কষ্ট হয়। সংঘাতিক নক্ষত্রে অবস্থিতি করিলে সমুদয় দৈহিক কষ্ট, অর্থনাশ, ও বন্ধু বিয়োগ হয়। অষ্টাদশ সমুদয় নক্ষত্রে অবস্থিতি করিলে বন্ধু বিয়োগ ভৃত্য নাশ ও ধনক্ষয় হয়। এবং ত্রয়োবিংশতি বিনাশ-নক্ষত্রে অবস্থিতি করিলে বিনাশ ধনক্ষয় এবং সম্পত্তি বিনাশ হয়।

রাশিকথনং।

মেষো বৃষশ্চ মিথুনঃ কর্ক সিংহ কুমারিকাঃ।

তুলানি ধনুর্মোনক্রং কুম্ভ মীনাস্ততঃ পরা।

১। এরূপ চক্র করিবার প্রয়োজন এই—যাহার সহিত যে সরলরেখা আছে তাহাতে বিপদ গণনা করিতে হয়। জন্ম নক্ষত্রে অশুভ গ্রহ থাকিলে বিনাশের ফল দেখিবে। বিনাশ নক্ষত্রে গ্রহ থাকিলে জন্ম ও সংঘাতিকের ফল অনুভব করিবে। কর্ম্ম নক্ষত্রে গ্রহ থাকিলে সমুদায় ও মানসিকের ফল অনুভব করিবে এইরূপ পরস্পর সকল সরল রেখাতে যাহার সহিত যাহার সম্বন্ধ আছে তাহাতে ফল অনুভব করিবে।

মেষ, বৃষ মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন এই কয়েকটি দ্বাদশ রাশির নাম॥

রাশ্যাধিপ কথনং

কুজ শুক্রধেন্দ্বর্ক সৌম্যশুক্রাবনিভুবাং।
জীবার্কি ভানুজেজ্যানাং ক্ষেত্রানি স্যু রজাদয়ঃ॥ (২)

মঙ্গল, শুক্র, বুধ, চন্দ্র, রবি, বুধ শুক্র, মঙ্গল, বৃহস্পতি, শনি, শনি বৃহস্পতি এই কয়েকটি মেষাদি দ্বাদশ রাশির অধিপতি। তন্মধ্যে মেষের অধিপতি মঙ্গল. বৃষের শুক্র, মিথুনের বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি, কন্যার বুধ, তুলার শুক্র, বৃশ্চিকের মঙ্গল, ধনুর বৃহস্পতি, মকরের শনি, কুম্ভের শনি, মীনের বৃহস্পতি অধিপতি।

২। রাশিচক্র। সূর্য্য মেষ রাশিতে গমন করিলে বৈশাখ মাস হয়, বৃষ রাশিতে গমন করিলে জ্যৈষ্ঠমাস এবং মিথুন রাশিতে আষাঢ় মাস, কর্কটে গমন করিলে শ্রাবণ মাস, সিংহে ভাদ্র মাস, কন্যাতে আশ্বিন মাস, তুলাতে কার্ত্তিক মাস, বৃশ্চিকে অগ্রহায়ণ মাস, ধনুতে পৌষ মাস, মকরে মাঘ মাস, কুম্ভে ফাল্গুণ মাস, মীনে চৈত্র মাস হয়। রাশিচক্র গণনা করিতে হইলে বামাবর্ত্তে মেষ তৎপরে বৃষ তৎপরে মিথুন এইরূপে দ্বাদশরাশি গণনা করিতে হয়। যদি বল বামাবর্ত্তে গণনার প্রমাণ কি? আমি দক্ষিণাবর্ত্তে গণনা করিব, তাহাতে মেষ তৎপরে মীন, তৎপরে কুম্ভ, তাহাতে বৈশাখ মাস গত হইলে চৈত্র মাস হইবে ও চৈত্র গত হইলে ফাল্গুণ মাস হইবে, অতএব বামাবর্ত্তে গণনার আবশ্যক।

রাশেরবয়ব নিরূপণং।

মৎস্যৌঘটী নৃমিথুনং সগদং সবীণং
চাপীনরোঽশ্বজঘনো মকরো মৃগাখ্যঃ।
তৌলী সশস্যদহনা প্লবগাচ কন্যা
শেষাঃ স্বনাম সদৃশাঃ খচরাশ্চ সর্ব্বে॥

মীনরাশি মৎস্যের অবয়ব স্বরূপ। কুম্ভরাশি, কুম্ভহস্ত মানবাকৃতি। মিথুনরাশি, বীণাহস্তানারী ও গদাহস্ত পুরুষ উভয়ের একত্রাবস্থান। ধনুরাশির উর্দ্ধার্দ্ধ মানবাকার, অপরার্দ্ধ অশ্বাকার। মকররাশি, মানবাকৃতি ও মৃগ-সদৃশবদন। তুলারাশি, মানদণ্ডহস্তে মানবাকার। কন্যারাশি পোতবাহিনী নারী তাহার এক হস্তে শস্য অপর হস্তে অনল। অন্যান্য যে সকল রাশি আছে তাহাদিগের আপন আপন নাম সদৃশ অবয়ব॥

রাশি নামানি।

ক্রিয়তাবুরি জিতুম কুলীর লেয় পাথেয় যূক কূর্পাখ্যাঃ।
তৌক্ষিক আকোকেরো হৃদ্রোগশ্চান্ত্যভশ্চেত্থং॥

রাশিচক্র। কর্কটের অধিপতি চন্দ্র ও সিংহের অধিপতি রবি, চন্দ্রের বামভাগে মিথুনের অধিপতি বুধ, রবির দক্ষিণভাগে কন্যার অধিপতি বুধ, ওদিকে মিথুনের বামে বৃষের অধিপতি শুক্র, এদিকে কন্যার দক্ষিণে তুলার অধিপতি শুক্র, বৃষের বামে মেষের মঙ্গল তাহার পর মীনের বৃহস্পতি, তাহার বামে কুম্ভের অধিপতি শনি। এদিকে তুলার দক্ষিণে বৃশ্চিকের মঙ্গল, তাহার দক্ষিণে ধনুর বৃহস্পতি, তাহার দক্ষিণে মকরের অধিপতি শনি। এরূপ গ্রহ বিন্যাসের প্রয়োজন কি, এক্ষণে এই তাৎপর্য্য। অবগত হইতে হইবে যে দিবার অধিপতি রবি ও রাত্রির অধিপতি চন্দ্র। যাহার দিবাতে জন্ম হইবে তাহার রাশিচক্রে সিংহ হইতে মকর পর্য্যন্ত ষষ্ঠ রাশিতে যে সকল গ্রহ অবস্থান করিবেন তাহার বল গ্রহণ করিবে এবং যাহার রাত্রিতে জন্ম হইয়াছে তাহার কর্কট হইতে কুম্ভ পর্য্যন্ত ছয়টি রাশিমধ্যে যে যে গ্রহ থাকিবেন তাহার দিগের বল গ্রহণ করিবে। যেরূপ বৃষ রাশির অষ্টম ধনু ও একাদশ মীন উভয়ের অধিপতি বৃহস্পতি এস্থলে দিবাতে জন্ম হইলে ধনু ও রাত্রিতে জন্ম হইলে মীনের বল গ্রহণ করিবে। এইরূপ অন্যান্য গ্রহের।

মেষ রাশির নাম ক্রিয়, বৃষের তাবুরি, মিথুনের জিতুম, কর্কটের কুলীর, সিংহের লেয়, কন্যার পাথেয়, তুলার যুক, বৃশ্চিকের কুর্প, ধনুর তৌক্ষিক্, মকরের অকোকের, কুম্ভের হৃদ্রোগ, মীনের অন্ত্যভ।

রাশিগণস্য ভিন্ননামানি।

রাশি নামানিচ ক্ষেত্রং ভমৃক্ষং গৃহনামচ।
মেষাদীনাঞ্চ পর্য্যায়ং লোকাদন্যং বিচিন্তয়েৎ॥

ক্ষেত্র, ভ, ঋক্ষ, গৃহ, মেষাদি রাশির নাম, অন্যান্য নাম সকল লোকাচার বশতঃ ক্রমশঃ অবগত হইবে।

নক্ষত্রাশ্রিত রাশি নিরূপণং।

অশ্বিন্যা সহ ভরণী বহুলা পাদশ্চ কীর্ত্তিতোমেষঃ।
বৃষভো বহুলা শেষং রোহিণ্যর্দ্ধঞ্চ মৃগশিরসঃ॥
মৃগশিরোর্দ্ধং চার্দ্রাচ পুনর্ব্বসোশ্চাংশকা স্ত্রয়ো মিথুনঃ।
পাদঃ পুনর্ব্বসোরন্ত্যঃ পুষ্যাশ্লেষাচ কর্কটঃ॥

অশ্বিনী, ভরণী ও কৃত্তিকার একপাদ অর্থাৎ পঞ্চদশ দণ্ড মেষ রাশি; কৃত্তিকার শেষ ত্রিপাদ অর্থাৎ পঞ্চচত্বারিংশদ্দণ্ড, রোহিণী ও মৃগশিরার অর্দ্ধ অর্থাৎ ত্রিংশদণ্ড বৃষ রাশি; মৃগশিরার ত্রিংশদ্দণ্ড, আর্দ্রা পুনর্ব্বসুর পঞ্চচত্বারিংশদ্দণ্ড মিথুন। পুনর্ব্বসুর শেষ একপাদ পঞ্চদশদণ্ড এবং পুষ্যা ও অশ্লেষা কর্কট রাশি।

সিংহোথ মঘা পূর্ব্বফল্গুনী পাদ উত্তরায়াঃ
তচ্ছেষং হস্তা চিত্রার্দ্ধঞ্চ কন্যকাখ্যঃ॥

মঘা, পূর্ব্বফল্গুনী ও উত্তর ফল্গুনীর একপাদ পঞ্চদশ দণ্ড সিংহরাশি। উত্তর ফল্গুনীর শেষ ত্রিপাদ পঞ্চচত্বারিংশদ্দণ্ড হস্তা ও চিত্রার অর্দ্ধ ত্রিংশদ্দণ্ড কন্যারাশি।

তৌলিচিত্রার্দ্ধং স্বাতি বিশাখায়াঃ পাদত্রয়ং।
অলিনি বিশাখাপাদস্তথানুরাধান্বিতা জ্যেষ্ঠা॥

মূলং পূর্ব্বাষাঢ়া প্রথমোপাদশ্চাপ্যুত্তরাং শকোধন্বী।
মকরস্তৎ পরিশেষঃ শ্রবণার্দ্ধং ধনিষ্ঠায়াঃ ॥

চিত্রার পরার্দ্ধ ত্রিংশদ্দণ্ড, স্বাতি ও বিশাখার ত্রিপাদ পঞ্চচত্বারিংশদ্দণ্ড, তুলা। বিশাখার শেষ একপাদ পঞ্চদশ দণ্ড, অনুরাধা ও জ্যেষ্ঠা বৃশ্চিক রাশি। মূলা পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ার প্রথম একপাদ পঞ্চদশ দণ্ড ধনু, উত্তরাষাঢ়ার শেষ ত্রিপাদ পঞ্চচত্বারিংশদ্দণ্ড, শ্রবণা ও ধনিষ্ঠার প্রথমার্দ্ধ ত্রিংশদ্দণ্ড মকর রাশি।

কুম্ভোঽথধনিষ্ঠার্দ্ধং শতভিষা পৌর্ব্বভাদ্রপদত্রয়ং
পূর্ব্বভাদ্রপদাশেষস্তথোত্তরা রেবতী মীনঃ।

ধনিষ্ঠার শেষার্দ্ধ ত্রিংশদ্দণ্ড, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদের প্রথম ত্রিপাদ পঞ্চচত্বারিংশদ্দণ্ড কুম্ভ। পূর্ব্বভাদ্রপদের শেষ একপাদ পঞ্চদশদ্দণ্ড, উত্তরভাদ্রপদও রেবতী মীন রাশি।

রাশি স্বরূপ কথনং।

সপ্তবিংশতিভির্জ্জ্যোতিশ্চক্রং তিমিত বায়ুগং।
তদর্কাংশোভবেদ্রাশি র্নবর্ক্ষ চরণাঙ্কিতঃ ॥

অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রযুক্ত জ্যোতিশ্চক্র শুদ্ধ বায়ুর উপর অবস্থিতি করিতেছে তাহার দ্বাদশভাগ অর্থাৎ অশ্বিন্যাদি নক্ষত্রের নয়চরণে অর্থাৎ সওয়া দুইটি নক্ষত্রে এক এক রাশি হইবে।

মেষরাশি-স্বরূপ কথনং।

পুমাংশ্চরোগ্নিঃ সুদৃঢ়শ্চতুষ্পাদ্
রক্তোষ্ণ পিত্তোতিরবোদ্রীরুগ্রঃ।
পিত্তোদিনং প্রাক্‌বিষমোদয়োম্লা
সংজ্ঞ প্রজোরুক্ষ নৃপঃ সমোজঃ ॥

মেষ পুরুষ ও অগ্নিরাশি, দৃঢ়াঙ্গ, চতুশ্চরণ, ঈষৎ রক্তবর্ণ, উষ্ণস্বভাব, পিত্ত-প্রকৃতি, অতিশব্দকারী, পর্ব্বতচারী, ক্রূরস্বভাব, পীতবর্ণ, দিবাবলী, পূর্ব্বদিকস্বামী, অল্পস্ত্রীসহ বাসে তৃপ্ত, অল্প সন্তান, কান্তিরহিত, ক্ষত্রিয় বর্ণ, বর্ত্তুলাঙ্গ, ওজোরাশি, এবম্বিধ গুণ সম্পন্ন। সমরসিংহ মতে মেষ সিংহও ধনুরাশি আরক্ত পীত বর্ণ।

বৃষরাশি স্বরূপ কথনং।

বৃষঃ স্থিরঃ স্ত্রী ক্ষিতি শীতরুক্ষো
যাম্যেট স্বভূর্বায়ু নিশাচতুষ্পাৎ
শ্বেতোতি শব্দো বিষমোদয়শ্চ
মধ্য প্রজাসঙ্গ শুভোপবৈশ্যঃ॥

বৃষরাশি স্থির স্ত্রী ও ক্ষিতিরাশি, শীতল স্বভাব, কান্তি বিহীন, দক্ষিণ দিক্‌পতি, ভূমিচারী, বায়ুপ্রকৃতি, রাত্রিবলী, চতুশ্চরণ, শুক্লবর্ণ, অতিরবকারী সমরাশি মধ্যস্ত্রীসহবাসেতুষ্ট, অল্পসন্তানবিশিষ্ট, শান্তস্বভাব, বৈশ্যবর্ণ। শাস্ত্রান্তরে মেষ সিংহ ও ধনুর দৃঢ়াঙ্গ বর্ণনা আছে। অন্যান্য রাশি শ্লথাঙ্গ হইবে।

মিথুন রাশি স্বরূপ কথনং।

প্রত্যক্ সমীরঃ শুকভা দ্বিপাদ্মা
দন্দ্ব দ্বিমূর্ত্তি বিষমোদয়োষ্ণাঃ।
মধ্যপ্রজাসঙ্গ বনস্থ শূদ্রো
দীর্ঘস্বনঃ স্নিগ্ধ দিনেট তথোগ্রঃ॥

মিথুন রাশি, পশ্চিম দিকস্বামী, বায়ুরাশি হরিৎবর্ণ, দ্বিচরণ, পুরুষ রাশি, স্ত্রী পুরুষ প্রকৃতি দ্ব্যাত্মকস্বভাব, বিষমরাশি মধ্যস্ত্রীসহবাসে পরিতৃপ্ত, অনধিক সন্তান, অরণ্যচারী শূদ্রবর্ণ, অতুচ্চরবকারী, স্নিগ্ধ, দিবাবলী ও ক্রূর স্বভাব।

কর্কট রাশি স্বরূপ কথনং।

বহুপ্রজাসঙ্গপদঃ কুলীর
শ্চরোঙ্গনা পাটল হীন শব্দঃ।

শুভঃ কফী স্নিগ্ধজলাম্বুচারী
সমোদয়ী বিপ্র নিশোত্তরেশঃ।

কর্কট রাশি অধিকস্ত্রীসহবাসেতৃপ্ত, বহুচরণ ও বহু সন্তান, চর ও স্ত্রী রাশি, শ্বেত রক্তবর্ণ, শব্দবিহীন, শান্ত স্বভাব, কফপ্রকৃতি, চিক্কণ, জলরাশি, জলচর, সমরাশি, বিপ্রবর্ণ, রাত্রিবলী, উত্তরদিক্‌স্বামী প্লথাঙ্গ।

সিংহরাশিঃ স্বরূপ কথনং।

পুমান্ স্থিরোঽগ্নি র্দীন পীতরুক্ষো
পিত্তোষ্ণ পূর্ব্বেশদৃঢ়শ্চতুষ্পাৎ।
সমোদয়োদীর্ঘ রবোঽল্পসঙ্গঃ
প্রজো হরিঃ শৈলনৃপোথ ধূম্রঃ॥

সিংহ রাশি, স্থির ও অগ্নি রাশি, দিবাবলী পীতবর্ণ, কান্তি বিহীন, পিত্ত-প্রকৃতি, উষ্ণস্বভাব, পূর্ব্বদিকস্বামী, দৃঢ়াঙ্গ, চতুশ্চরণ, বিষমরাশি, অতি শব্দ-কারী, অল্পস্ত্রীসহবাসেতৃপ্ত, অল্প সন্তান, পর্ব্বতচারী ক্ষত্রিয়বর্ণ ক্রুর স্বভাব, ধূম্রবর্ণ।

কন্যারাশিঃ স্বরূপ কথনং।

পাণ্ডুর্দ্বিপাৎ স্ত্রীদ্বিতনুযমাশা
নিশামরুৎ শীত সমোদয়ক্ষ্মা।
কন্যার্দ্ধশব্দা শুভ ভূমি বৈশ্যা
রুক্ষাঽল্পসঙ্গপ্রজা শুভাচ॥

কন্যা রাশি পাণ্ডুবর্ণ, দ্বিচরণ, স্ত্রী ও দ্ব্যাত্মক রাশি, দক্ষিণদিকের অধিপতি রাত্রিবলী, বায়ুপ্রকৃতি শীতলস্বভাব, সম ও পৃথ্বীরাশি, অল্প শব্দকারী, প্রশস্ত ভূমিচারী, বৈশ্যবর্ণ, কান্তিবিহীন, অল্পসন্তান, অল্পসহবাসেপরিতৃপ্ত, সৌম্য রাশি।

তুলারাশিঃ স্বরূপ কথনং।

পুমাংশ্চর-শ্চিত্র সমোদয়োষ্ণঃ
প্রত্যঙ্ মরুৎ স্নিগ্ধরবোন বন্যঃ

স্বল্পপ্রজাসঙ্গম শূদ্র উগ্র
স্তুলো হ্যবার্য্যো দ্বিপদঃ সমানঃ।

তুলারাশি পুরুষ, চররাশি, চিত্রবর্ণ, বিষমরাশি, উষ্ণ স্বভাব, পশ্চিমের অধিপতি, বায়ুরাশি, শীতল স্বভাব, অল্পশব্দকারী, বনচারী, অল্পসন্তান, অল্প সঙ্গমেতৃপ্ত, শূদ্রবর্ণ, উগ্রস্বভাব, দিবাবলী, দ্বিপদ ও সমানাঙ্গ।

বৃশ্চিক রাশি স্বরূপ কথনং।

স্থিরঃ সিতঃ স্ত্রীজল মুত্তরেশঃ
নিশারবোনো বহুপাৎ কফীচ।
সমোদয়ো বারিচরোঽতি সঙ্গ
প্রজঃ শুভ স্নিগ্ধতনু দ্বিজোপি॥

বৃশ্চিক স্থিররাশি, শুক্লবর্ণ, স্ত্রী ও জলরাশি, উত্তরের অধিপতি, রাত্রিবলী, অল্প শব্দকারী, বহুচরণ, শ্লেষ্মাপ্রকৃতি, সমরাশি, জলচর, বহুসন্তান, বহু স্ত্রীসহবাসে সন্তুষ্ট, শুভরাশি স্নিগ্ধদেহ, বিপ্রবর্ণ।

ধনুরাশি স্বরূপ কথনং।

না স্বর্ণভাঃ শৈল সমোদয়োতি
শব্দোদিনং প্রাক দৃঢ় রুক্ষপীতঃ।
রাজোষ্ণঃ পিত্তো ধনু রল্পসূতি
সঙ্গো দ্বিমূর্ত্তি দ্বিপদোঽগ্নিরুগ্রঃ॥

ধনু রাশি পুরুষ, স্বর্ণবর্ণ, পর্ব্বতচারী, বিষমরাশি, অতিশব্দকারী, দিবা-বলী, পূর্ব্বদিকের অধিপতি, দৃঢ়াঙ্গ, কান্তিবিহীন, পীতবর্ণ, ক্ষত্রিয়বর্ণ, উগ্র-স্বভাব, পিত্তপ্রকৃতি, অল্প সন্তান ও অল্প সহবাসেতৃপ্ত, দ্ব্যাত্মকরাশি অর্থাৎ চর স্থির স্বভাবাত্মক, দ্বিমূর্ত্তি, পূর্ব্বার্দ্ধ নরাকার দ্বিচরণ, স্বর্ণবর্ণ; অপরার্দ্ধ ঘোটকাকৃতি, চতুশ্চরণ পীতবর্ণ; অগ্নিরাশি, ক্রূরস্বভাব, শ্লথাঙ্গ।

মকর রাশির স্বরূপ বর্ণনং।

মৃগশ্চরক্ষ্মার্দ্ধ রবো যমাশা

স্ত্রী পিঙ্গরুক্ষ্ম শুভ ভূমি শীতঃ।

স্বল্প প্রজা সঙ্গ সমীর রাশি

রাদৌ চতুষ্পাদ্বিষমোদয়ো বিট্॥

মকররাশি চর ও পৃথ্বী রাশি, অর্দ্ধ শব্দকারী, দক্ষিণ দিক্‌স্বামী, স্ত্রী প্রকৃতি, পিঙ্গলবর্ণ, কান্তিরহিত, সৌম্যরাশি, পৃথ্বীবিচরণকারী, শান্তস্বভাব, অল্প সন্তান ও অল্প সহবাসে তৃপ্ত, বায়ুপ্রকৃতি, রাত্রিবলী, পূর্ব্বার্দ্ধ চতুশ্চরণ; অপরার্দ্ধ জলচর, সমরাশি, বৈশ্যবর্ণ শ্লথাঙ্গ।

কুম্ভরাশিঃ স্বরূপ কথনং।

কুম্ভোঽপদো না দিনমধ্যসঙ্গ,

প্রসূস্থিরঃ কর্ব্বুরঃ বন্যঃ বায়ুঃ।

স্নিগ্ধোষ্ণঃ খণ্ডস্বরঃ তুল্যধাতুঃ

শূদ্রঃ প্রতীচী বিষমোদয়োগ্রঃ॥

কুম্ভ অপদ, মনুষ্যরাশি, দিবাবলী, মধ্যসহবাসে তৃপ্ত, মধ্য প্রজা, স্থিররাশি, কর্ব্বুরবর্ণ (নানাবর্ণধারী) বনচারী বায়ুরাশি, চিক্কণদেহ, উষ্ণ, অল্প শব্দকারী সমধাতু, (বাত, পিত্ত, কফ তিনধাতু সমান) শূদ্রবর্ণ, পশ্চিম দিকের অধিপতি বিষমোদয় ক্রূর স্বভাব।

মীন রাশির স্বরূপ কথনং।

মীনোঽপদস্ত্রী কফবারিরাত্রি-

র্নিঃশব্দ বভ্রুর্দ্বিতনুর্জলস্থঃ।

স্নিগ্ধোতি সঙ্গ প্রজয়োপি বিপ্রঃ

শুভোত্তরাশেট্ বিষমোদয়শ্চ॥

মীন রাশি অপদ, স্ত্রীরাশি, কফপ্রকৃতি, জলরাশি, রাত্রিবলী শব্দবিহীন,

বক্রবর্ণ, হ্রাস্বকরাশি, চরস্থির স্বভাবাত্মক, জলচর, চিক্কণ, বহু স্ত্রী সহবাসে তৃপ্ত, বহু সন্তান, বিপ্রবর্ণ, সৌম্যরাশি, উত্তরদিকের অধিপতি, বিষমরাশি।

রাশিগণের মিত্রামিত্র কথনং।

ধরাম্বুনোরগ্নিসমীরয়োশ্চ
বর্গে সুহৃত্ত্বং পরতো হরিভাবঃ।
চাপান্ত্যভাগস্য চতুষ্পদত্বং
জ্ঞেয়ং মৃগান্ত্যস্য জলেচরত্বং ॥ ১

পৃথ্বীরাশি ও জলরাশিতে মিত্রভাব, যথা বৃষ কন্যা মকর রাশির সহিত কর্কট বৃশ্চিক ও মীন রাশির মিত্রভাব, অগ্নিরাশি ও বায়ুরাশির মিত্রভাব, যথা—মেষ, সিংহ ও ধনু রাশির সহিত মিথুন, তুলা ও কুম্ভ রাশির মিত্রভাব, ইহার বিপরীত অর্থাৎ মেষ সিংহ ও ধনুরাশির সহিত কর্কট, বৃশ্চিক ও মীন রাশির শত্রুভাব এইরূপ অন্যান্য রাশির শত্রুভাব হইবে। কিন্তু ধনুরাশির উত্তরার্দ্ধ চতুষ্পাদ এবং মকর রাশির উত্তরার্দ্ধ জলচর রাশি। বল সাধনে চতুষ্পদ ও জলচর রাশির বিশেষ নিয়ম স্থিরীকৃত হইবে।

ক্রূরসৌম্যাদি রাশি কথনং।

ক্রূরোথ সৌম্যঃ পুরুষোঙ্গনা চ।
ওজোহথ যুগ্মো বিষমঃ সমশ্চ।
চরস্থির দ্ব্যাত্মক নামধেয়া
মেষাদয়োমী ক্রমশঃ প্রদিষ্টা।

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ এই ষষ্ঠ রাশির নাম ক্রূর, পুরুষ, ওজ ও বিষম। বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই ষষ্ঠ রাশির নাম সৌম্য অঙ্গনা, যুগ্ম ও সম। কিন্তু চর স্থির দ্ব্যাত্মক গননায় মেষ, কর্কট তুলা মকর, চর রাশি। বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ স্থির রাশি। মিথুন কন্যা, ধনু ও মীন দ্ব্যাত্মক অর্থাৎ চর ও স্থির উভয়াত্মক।

---

(১) যে রাশিতে জন্ম হয় তাহার সহিত তৃতীয় ভ্রাতৃরাশির যদি মিত্রতা হয় তবে ভ্রাতৃ সোলার্দ্ধ হইবেক যদ্যপি শত্রুতা হয় তবে ভ্রাতৃবিরোধ ঘটিবে। এইরূপ পিতৃ মাতৃ ও পত্নীরাশির সহিত সম্বন্ধ জানিবে

ক্রূর সৌম্যাদি রাশি চক্র।

মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
ক্রূর	সৌম্য	ক্রূর	সৌ	ক্রূ	সৌ	ক্রূ	সৌ	ক্রূ	সৌ	ক্রূ	সৌ
পুরুষ	অঙ্গনা	পুরুষ	অ	পু	অ	পু	অ	পু	অ	পু	অ
ওজ	যুগ্ম	ও	যু	ও	যু	ও	যু	ও	যু	ও	যু
বিষম	সম	বি	[illegible]	বি	স	বি	স	বি	স	বি	স
চর	স্থির	দ্ব্যাত্মক	চর	স্থির	দ্ব্যাত্মক	চর	স্থির	দ্ব্যাত্মক	চর	স্থির	দ্ব্যাত্মক

দ্বিপদ রাশি কথনং।

মিথুন তুলা ঘট কন্যা দ্বিপদাখ্যাশ্চাপপূর্ব্বভাগশ্চ।
মৃগধনু রাদ্যান্তার্দ্ধে বৃষাজ সিংহ শ্চতুশ্চরণাঃ॥ (১)

মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর প্রথমার্দ্ধের নাম দ্বিপদ এবং মকরের প্রথমার্দ্ধ, ধনুর শেষার্দ্ধ ও মেষ বৃষ সিংহের নাম চতুষ্পদ।

গ্রাম্যাদি রাশি কথনং।

গ্রাম্যা মিথুন তুলা স্ত্রী চাপালি ঘটা নিশাস্থ বৃষমেষৌ।
মকরাদিমার্দ্ধ সিংহৌ বন্যৌ দিবসেঽজ বৃষভৌ চ।

মিথুন, তুলা, কন্যা, ধনু, বৃশ্চিক ও কুম্ভ এই ছয় রাশির নাম গ্রাম্য। মকরের প্রথমার্দ্ধ ও সিংহ দুইটি রাশির নাম বন্য। মেষ ও বৃষ রাশি রাত্রিতে গ্রাম্য ও দিবসে বন্য।

জলজ রাশি কথনং।

জলজৌ কর্কটমীনৌ মকরান্তার্দ্ধঞ্চ শিবমতে কুম্ভঃ।
রাশি স্বরূপমেতন্মার্কণ্ডেয়াদিভিঃ কথিতং॥

কর্কট, মীন এবং মকরের শেষার্দ্ধ জলজরাশি, শিবমতে কুম্ভ জলজরাশি। মার্কণ্ডেয়াদি মুনিগণ এই সকল রাশির অবয়ব সদৃশ সংজ্ঞা প্রদান করিয়াছেন।

পৃষ্ঠোদর রাশি কথনং।

গোজাশ্বি কর্কি মিথুনাঃ সমৃগা নিশাখ্যাঃ
পৃষ্ঠোদয়া বিমিথুনাঃ কথিতাস্তএব।

---

(১) রাশিদিগের দ্বিপদ ও চতুষ্পদ সংজ্ঞার প্রয়োজন এই যে, মনুষ্যাদি দ্বিপদ প্রাণী দিবসে বলবান। মেষ, সিংহ প্রভৃতি চতুষ্পদ প্রাণী, রাত্রিতে বলবান্। যাহার জন্ম দিবাভাগে, তাহার সম্বন্ধে ঐ দ্বিপদ রাশিতে যে সকল গ্রহ অবস্থিতি করিবেন জাতকের সম্বন্ধে ঐ সকল গ্রহ বিশেষ বলী হইবেন। যাহার জন্ম রাত্রিতে তাহার ঐ চতুষ্পদ রাশিতে যে সকল গ্রহ থাকিবেন ঐ সকল গ্রহ বিশেষ বলী হইবেন।

শির্ষোদয়া দিনবলাশ্চ ভবন্তি শেষাঃ
লগ্নং সমেত্যুভয়তঃ পৃথুরোম যুগ্মং ॥

বৃষ, মেষ, ধনু, কর্কট, মিথুন ও মকর এই ছয় রাশির নাম নিশা। এবং মিথুন ব্যতীত এই পঞ্চরাশির নাম পৃষ্ঠোদয়। অবশিষ্ট সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক ও কুম্ভ এই পঞ্চরাশির নাম দিবা। মিথুন, সিংহ, কন্যা, তুলা বৃশ্চিক ও কুম্ভ এই ছয় রাশির নাম শীর্ষোদয়। মীনরাশির শীর্ষোদয় ও পৃষ্ঠোদয় উভয় সংজ্ঞা।

হ্রস্বাদি রাশি কথনং।

হ্রস্বাস্তিমি গোবিঘটা(১) মিথুন ধনুঃ কর্কি মৃগমুখাশ্চসমাঃ(২)
বৃশ্চিক কন্যামৃগপতি বণিজোদীর্ঘাঃ সমাখ্যাতাঃ(৩)

মীন, বৃষ, মেষ, কুম্ভ, এই কয়েকটি রাশির হ্রস্ব সংজ্ঞা মিথুন ধনু কর্কট ও মকর এই চারিটি রাশিসম সংজ্ঞা। বৃশ্চিক, কন্যা, সিংহ ও তুলা এই কয়েকটি রাশির দীর্ঘ সংজ্ঞা।

কীটাদি রাশি কথনং।

কর্কট বৃশ্চিক মীনা মকরান্ত্যর্দ্ধঞ্চ কীট সংজ্ঞাঃ স্যুঃ।
বৃশ্চিক রাশি মুনিভিঃ সরীসৃপত্বেন নির্দ্দিষ্ট (৪)

---

(১) রাশিগণের হ্রস্ব সংজ্ঞার কারণ এই যে, মীন প্রভৃতি চারিটি রাশিতে জন্মগ্রহণ করিলে আকার কিঞ্চিৎ খর্ব্ব হইবে।

(২) মিথুন প্রভৃতি চারিটি রাশিতে জন্ম হইলে আকার দীর্ঘ কিম্বা খর্ব্ব হয় না সম হয়।

(৩) বৃশ্চিক প্রভৃতি রাশিতে জন্ম হইলে আকৃতি কিঞ্চিৎ দীর্ঘ হইবে।

(৪) রাশিগণের কীট ও সরীসৃপ সংজ্ঞার প্রয়োজন কি? কর্কট, বৃশ্চিক ও মীন ইহারা প্রাতঃকালে ও সন্ধ্যাকালে বলী হয় ও প্রফুল্লচিত্তে বিচরণ করে, এজন্য যাহার জন্ম প্রাতঃকালে কিম্বা সন্ধ্যাকালে হয়, তাহাদিগের সম্বন্ধে ঐ সরীসৃপ রাশিতে তৎকালীন যে সকল গ্রহ থাকে তাহাদিগের বলাবল আবশ্যক হয়, এবং ঐ সরীসৃপ রাশিতে যাহাদিগের জন্ম হয় তাহাদিগের শরীরে দণ্ডাঘাতের চিহ্ন থাকে এবং প্রাতঃকালে ও সন্ধ্যাকালে চিত্ত প্রফুল্ল হয়।

কর্কট, বৃশ্চিক, মীন ও মকরের শেষার্দ্ধের নাম কীট রাশি। মুনিগণ বৃশ্চিক রাশি সরিসৃপের মধ্যে গণনা করিয়াছেন।

মতান্তরে বল কথনং।

উচ্চত্রিকোণ স্বসুহৃচ্ছত্রু নীচ গ্রহার্ক্ষগৈঃ।
শুভং সম্পূর্ণ পাদোনং দলং পদাল্প নিস্ফলং॥

শুভগ্রহ অর্থাৎ চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র উচ্চস্থ হইলে সম্পূর্ণ ফল প্রদান করেন। ত্রিকোণে অর্থাৎ নবম পঞ্চমে থাকিলে ত্রিপাদ ফল, স্বগৃহে থাকিলে অর্দ্ধ ফল, মিত্র গৃহে থাকিলে একপাদ ফল, শত্রুগৃহে থাকিলে অল্পফল, নীচস্থ হইলে নিস্ফল অর্থাৎ শুভাশুভ কোন ফলই প্রদান করেন না, অশুভগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল ও শনি রাহু বিপরীত ফল প্রদান করেন অর্থাৎ উচ্চস্থ হইলে নিস্ফল, ত্রিকোণে অল্প ফল, স্বগৃহে একপাদ ফল, মিত্রগৃহে থাকিলে অর্দ্ধফল, শত্রুগৃহে থাকিলে ত্রিপাদ ফল, নীচস্থ হইলে সম্পূর্ণ ফল প্রদান করেন।

মতান্তরং।

নীচস্থশ্চান্তগোবা ন কিঞ্চিৎ।
ন্যূনং পাদং স্বত্রিকোণে দদাতি॥

গ্রহগণ নীচস্থ হইলে এবং সুনীচস্থ হইলে শুভাশুভ ফল প্রদান করেন না, কিন্তু স্বীয় ভবনের পঞ্চম ও নবম গৃহে থাকিলে একপাদ ফল প্রদান করেন।

অয়নাংশ লগ্নমানং দুরূহমিতে বোধ্যতে।
রাঢ়ীয় শ্রীনিবাসোক্তং তন্মানং চোচ্যতে বুধৈঃ॥

অয়নাংশ হইতে লগ্নমান নির্ণয় করা অতি কঠিন এজন্য রাঢ়ীয় শ্রীনিবাসের মতে লগ্নমান নির্ণয় করিতেছি। এই লগ্নমান অতি সহজ এবং সর্ব্বদেশে প্রচলিত।

অথ লগ্নমান নিরূপণং।

রামোহগ বেদৈ ৩।৪৭ র্জলধিস্ত্র মৈত্রৈঃ ৪।১৭ বানোরসৈ ৫।৬ পঞ্চ খসাগরৈশ্চ ৫।৪০ বাণঃ কু বেদৈঃ ৫।৪১ বিষয়োঙ্ক যুগ্মৈঃ ৫।২৯ ক্রমোৎক্রমান্মেষ তুলাদি মানং।

তে দণ্ডাস্তৈঃপলৈর্লগ্নং রবিভুক্তাংশকাক্রমাৎ।
রাত্রৌতৎ সপ্তমার্দ্ধাংশাঃ প্রবিষ্টা দিবসে তথা॥

অস্যার্থঃ। মেষ হইতে কন্যারাশি পর্য্যন্ত ছয় রাশির মান যথাক্রমে কথিত হইতেছে; যথা মেষের মান ৩।৪৭ তিন দণ্ড সাত চল্লিশ পল। বৃষের মান ৪।১৭ চারি দণ্ড সপ্তদশ পল; মিথুনের মান ৫।৬ পাঁচ দণ্ড ছয় পল; কর্কটের মান ৫।৪০ পাঁচ দণ্ড চত্বারিংশৎ পল। সিংহের মান ৫।৪১ পঞ্চ দণ্ড এক চল্লিশ পল। কন্যার মান ৫।২৯ পঞ্চ দণ্ড উনত্রিংশৎ পল॥ উৎক্রমে গণনা করিলে বৃশ্চিকের মান ৫।২৯ পাঁচ দণ্ড উনত্রিশ পল, ধনুর মান ৫।৪১ পাঁচ দণ্ড একচল্লিশ পল, মকরের মান ৫।৪০ পাঁচ দণ্ড চল্লিশ পল, কুম্ভের মান ৪।১৭ চারি দণ্ড সপ্তদশ পল। মীনের মান ৩।৪৭ তিন দণ্ড সপ্তচত্বারিংশৎ পল। মেষ রাশিতে সূর্য্য উদয় হইলে বৈশাখ মাস, ঐ মাস যদি ত্রিংশৎ দিবসে হয় তবে মেষ রাশির মান ৩।৪৭ তিন দণ্ড সপ্তচত্বারিংশৎপল হইবে তাহাকে ত্রিংশৎ ভাগ করিবে এক এক ভাগ অর্থাৎ ৭।৩৪ সপ্তপল চতুস্ত্রিংশৎ বিপল হইবেক, মাসের যতদিন গত হইবে তত্তপরিমাণ রবি ভুক্তাংশ রাত্রিতে প্রবিষ্ট হইবেক এবং যে রাশিতে উদয় হইবেক তাহার সপ্তম রাশিতে অস্ত হইবেক, মেষে উদয় হইলে তুলাতে অস্ত হইবেক, এইরূপ তুলামানকে ত্রিংশৎ ভাগ করিলে যত্ত পল বিপল হইবেক যত রাত্রি গত হইবেক তত রবি ভুক্তাংশ দিবসে প্রবিষ্ট হইবেক, সকল রাশির এইরূপ গণনা করিতে হয়।

মেষ রাশিতে উদয় হইলে বৈশাখ মাস, বৃষ রাশিতে জ্যৈষ্ঠ, মিথুন রাশিতে আষাঢ়, কর্কট রাশিতে শ্রাবণ, সিংহ রাশিতে ভাদ্র, কন্যা রাশিতে আশ্বিন, তুলা রাশিতে কার্ত্তিক, বৃশ্চিক রাশিতে অগ্রহায়ণ, ধনুতে পৌষ, মকরে মাঘ, কুম্ভে ফাল্গুন, মীনে চৈত্র মাস হয়। চতুর্ব্বিধাঃ মাসাঃ যথা, সৌর, সাবন, চান্দ্র,

নাক্ষত্র। এক রাশিতে রবি যে পর্য্যন্ত থাকিবেন তাহার নাম সৌর, ত্রিংশংদিবসে যে মাস, তাহার নাম সাবন। প্রতিপদাদি ত্রিংশৎ তিথিতে যে মাস, তাহার নাম চান্দ্র। সপ্তবিংশতি দিনে যে মাস তাহার নাম নাক্ষত্রিক।

চান্দ্রো দ্বিবিধঃ যথা মুখ্যঃ ও গৌনঃ। শুক্ল প্রতিপদাদি অমাবস্যা পর্য্যন্ত ত্রিংশৎ তিথিতে যে মাস তাহার নাম মুখ্যচান্দ্রঃ এবং কৃষ্ণ প্রতিপদাদি পৌর্ণমাসী পর্য্যন্ত ত্রিংশৎ তিথিতে যে মাস তাহার নাম গৌণচান্দ্রঃ॥

ভুক্তাংশ নির্ণয়ঃ।

লগ্নদণ্ড পলং দ্বিঘ্নং তৎসংখ্যং ক্রমতঃ পলং।
বিপলঞ্চ রবের্ভোগ্যং এবং কল্পন মশ্নুতে॥

লগ্ন পরিমাণ যে দণ্ড পল নির্ণীত আছে তাহাকে দ্বিগুণ করিয়া তাহার দণ্ডকে পল এবং পলকে বিপল জ্ঞান করিবে। যেরূপ মেষের পরিমাণ ৩।৪৭ তিন দণ্ড সপ্তচত্বারিংশৎপল নির্দ্দিষ্ট আছে তাহাকে দ্বিগুণ করিলে সপ্তদণ্ড চতুস্ত্রিংশৎ পল হইবেক, উহার সপ্তদণ্ডকে সপ্তপল এবং চতুস্ত্রিংশৎ পলকে বিপল করিলে বৈশাখ মাসের রবিভুক্তাংশ সপ্তপল চতুস্ত্রিংশৎ বিপল হইবেক। বৈশাখ মাস যদি ত্রিংশৎ দিনে হয় তবে এইরূপ হইবেক, ত্রিংশৎদিনের ন্যূনাধিক মাস হইলে ভুক্তাংশ ন্যূনাধিক হইবেক।

দিবারাত্রি মানং।

মেষ সংক্রামতঃ পূর্ব্বং পশ্চাত্তার দিনান্তরে।
প্রাতিলোম্যানুলোম্যেন বিষুবারম্ভনং ভবেৎ॥
ত্রয়োদশদিনে সৌর চৈত্রেনথ তিথৌ ১৫২০ শকে।
বিষুবারম্ভনং তত্র সমং মানং দিবানিশোঃ।
ততো বিশ্বাংশ তে বেলা সপাদ ত্রিপলাত্মিকা।
বর্দ্ধতে মেষ বিশ্বাংশ পর্য্যন্তং স্থূলমার্গতঃ।
তথা জ্যৈষ্ঠান্ত পর্য্যন্তং পাদোন ত্রিপলাত্মিকা
তাদৃগাষাঢ় শেষান্তং পলৈক প্রমিতামতা

ততঃ কর্কট বিশ্বাংশ পর্য্যন্তং প্রত্যহং ক্রমাৎ
সপাদ পলমানেন বেলা ক্রুট্যতি নিশ্চিতং
তাদৃগ্ ভাদ্রান্ত পর্য্যন্তং পাদোন ত্রিপলাত্মিকা
তাদৃগাশ্বিন পর্য্যন্তং ভবনেত্র পলাত্মিকা ॥
দিবামানং দণ্ডষষ্ঠেস্ত্যক্ত্বা রাত্রে প্রমাণকং।
বৈশাখাদৌ দিবামানং রাত্রিমানং তুলাদিষু ॥
ষট্‌ষষ্ঠি বৎসরানেবং ততঃস্যাদ্দ্বাদশাংশকে।
পুনস্তদ্বৎসরাংস্তদ্বৎ তত একাদশাদিকে ॥

অস্যার্থঃ।

মেষ সংক্রমণের পূর্ব্ব সপ্তবিংশতি দিন মধ্যে প্রতিলোম ক্রমে অর্থাৎ চৈত্র মাসের তৃতীয় দিবসের মধ্যে এবং চৈত্র মাসের তৃতীয় দিবস হইতে সপ্তবিংশতি দিবসের মধ্যে অনুলোম ক্রমে বিষুব আরম্ভ হয় অর্থাৎ দিবারাত্রিমান সমান হয়। ১৫২০ পঞ্চদশ শত বিংশতি শকাব্দে সৌর চৈত্রের ত্রয়োদশ দিনে বিষুব আরম্ভ হয় অর্থাৎ দিবারাত্র মান সমান হয়। ঐ ১৫২০ পঞ্চদশ শত বিংশতি শকাব্দে চৈত্র মাসের ১৪ চতুর্দ্দশ দিন হইতে প্রতিদিন ৩।১৫ তিন পল পঞ্চদশ বিপল বৈশাখ মাসের চতুর্দ্দশ দিন পর্য্যন্ত বৃদ্ধি হয়। এবং বৈশাখ মাসের চতুর্দ্দশ দিন হইতে জ্যৈষ্ঠ মাসের ১৩ ত্রয়োদশ দিন পর্য্যন্ত ২।৪০ দ্বিপল চত্বারিংশৎ বিপল বৃদ্ধি হয়। অনন্তর জ্যৈষ্ঠ মাসের চতুর্দ্দশ দিন হইতে আষাঢ় মাসের ত্রয়োদশ দিন পর্য্যন্ত প্রতিদিন ১ পল বৃদ্ধি হয়। আষাঢ় মাসের চতুর্দ্দশ দিন হইতে শ্রাবণের ত্রয়োদশ দিন পর্য্যন্ত ১।১৫ এক পল পঞ্চদশ বিপল হ্রাস হয়। শ্রাবণ মাসের চতুর্দ্দশ দিন হইতে ভাদ্র মাসের ত্রয়োদশ দিন পর্য্যন্ত ২।৪৫ দ্বিপল পঞ্চচত্বারিংশৎ বিপল প্রতিদিন হ্রাস হয়। ভাদ্র মাসের চতুর্দ্দশ দিন হইতে আশ্বিন মাসের ত্রয়োদশ দিন পর্য্যন্ত প্রতিদিন ৩ তিন পল হ্রাস হয়। ষষ্টিদণ্ডের মধ্য হইতে রাত্রিমান ত্যাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাকে দিনমান জানিবে; বৈশাখাদি মাসের যে দিনমান কার্ত্তিকাদি মাসের তাহা রাত্রিমান জানিবে। ষট্‌ষষ্টি অর্থাৎ ছষট্টি বৎসরের

মধ্যে এই নিয়ম জানিবে। পুনর্ব্বার ষটষষ্টি বৎসর পর্য্যন্ত চৈত্রাদি মাসের দ্বাদশ দিনে বিষুব আরম্ভ অর্থাৎ দিবারাত্রিমান সমান হইবে। তদনন্তর পুনর্ব্বার ষট্‌ষষ্টি বৎসর পর্য্যন্ত চৈত্রাদি মাসের দ্বাদশ দিনে দিনরাত্রিমান সমান হইবে।

রাশীনাং দ্বাদশ নামানি।

তনুকোষ সহোদর বন্ধুসুত রিপুকাম বিনাশশুভা বিবুধৈঃ।
পিতৃভং তত আপ্তিরপায় ইমে ক্রমতঃ কথিতা মিহির প্রমুখৈঃ।

তনু অর্থাৎ শরীর, কোষ ধন, সহোদর ভ্রাতা, বন্ধু মাতা, সুত পুত্র, রিপু শত্রু, কাম পত্নী, বিনাশ মৃত্যু, শুভ ধর্ম্ম, পিতৃভ দশম, আপ্তি আয়, অপায় ব্যয়, মিহিরাদি বিবুধগণ তন্বাদি দ্বাদশ ভাবের এইরূপ গণনা করিয়াছেন।

তন্বাদি দ্বাদশ ভাবের বিশেষ গণনা।

সামর্থং তনু কল্যতে সমুদয়ে বিত্তং কুটুম্বং ততঃ।
বিক্রান্তিং সহজং তৃতীয়ভবনে যোধঞ্চ সংচিন্তয়েৎ॥
বন্ধুংরাজ্য সুখালয়ানপিততো ধীমন্ত্র পুত্রাং স্ততঃ।
ষষ্ঠেঽথ ক্ষত বিদ্বিষৌ মদগৃহে কামং স্ত্রীয়ং বর্ত্ম চ॥
রন্ধ্রায়ু র্মৃতয়োঽষ্টমে গুরুতপোভাগ্যানি চিত্তংততঃ।
মানাজ্ঞাস্পদ কর্ম্মণাং দশমভে কুর্য্যাত্ততশ্চিন্তনং॥
প্রাপ্ত্যায়াবথ চিন্তয়েদ্‌ভবগৃহে রিপ্‌ফে তু মন্ত্রীব্যয়ৌ।
সৌম্য স্বামিযুতীক্ষণৈরুপচয় স্তেষাং ক্ষতিস্ত্বন্যথা॥

লগ্নে দেহ সামর্থ্য ও আরোগ্য এই তিন বিষয়ের শুভাশুভ দেখিতে হয়। দ্বিতীয় গৃহে ঐশ্বর্য্য কুটুম্ব, তৃতীয় গৃহে বিক্রম, সহোদর ও সৈন্য। চতুর্থ গৃহে বন্ধু, রাজ্য, সুখ ও গৃহ। পঞ্চম ভবনে বুদ্ধি, মন্ত্রণা ও সন্তান। ষষ্ঠ ভবনে ক্ষত, রোগ ও শত্রু। সপ্তম গৃহে কাম, পত্নী ও পথ। অষ্টম গৃহে ছিদ্র, মরণ ও আয়ুঃ। নবমে গুরু ভাগ্য ও তপস্যা। দশম গৃহে মান, আজ্ঞা,

স্থান, কর্ম্ম। একাদশে প্রাপ্তি ও আয়। দ্বাদশে মন্ত্রী ও ব্যয় বিবেচনা করিবেক। এই সকল গৃহে যদি কোন শুভগ্রহ থাকেন অথবা গ্রহ স্বামীযুক্ত হয় অথবা দৃষ্টি থাকে তবে এই সকল গৃহে শুভ ফল হয়। যদি ইহার অন্যথা হয় তবে ঐ সকল গৃহে অশুভ ফল হইবেক। এইরূপ চিন্তা।

বিশেষ বিধিঃ।

অরাতি ব্রণয়োঃ ষষ্ঠে চাষ্টমে মৃত্যুরন্ধ্রয়োঃ।
ব্যয়স্থ দ্বাদশং স্থানং বৈপরীত্যেন চিন্তনং॥

শত্রু ও ব্রণ ষষ্ঠের নাম ও রন্ধ্র অষ্টমের এবং দ্বাদশ স্থানের নাম ব্যয়। এই তিন স্থানে বৈপরীত্যে অর্থাৎ এই সকল স্থানে শুভগ্রহ থাকিলে অশুভ এবং অশুভ গ্রহ থাকিলে শুভ হইবেক।

কেন্দ্রং চতুষ্টয়ং কণ্টকঞ্চ লগ্নসপ্তম দশম চতুর্থানাং সংজ্ঞাঃ।
পরতঃ পণফর আপোক্লিম তৎপরঞ্চ॥

কেন্দ্র, চতুষ্টয়, কণ্টক এই তিন কেন্দ্রের নাম। লগ্ন, সপ্তম, দশম ও চতুর্থ এই চারি স্থান কেন্দ্র। দ্বিতীয় পঞ্চম, অষ্টম ও একাদশ স্থানের নাম পণফর। তৃতীয়, ষষ্ঠ, নবম ও দ্বাদশ স্থানের নাম আপোক্লিম।

সূর্য্যাদি গ্রহাণাং কারকতা।

রাজ্যবিদ্রুমরক্তবস্ত্র মাণিক্যরাজভবন
পর্ব্বত ক্ষেত্র পিতৃকারিকো রবিঃ।

অস্যার্থঃ

রাজ্য, প্রবাল, রক্তবস্ত্র, মাণিক, রাজভবন, পর্ব্বত, ক্ষেত্র এবং পিতৃ-কারক সূর্য্য।

মাতৃমনঃপুষ্টি গন্ধরসেক্ষুগোধূম
ক্ষারকদ্বিজশক্তিকার্য্যশস্যরজতাদিকারকশ্চন্দ্রঃ।

অস্যার্থঃ

মাতৃ, মনঃ, শরীরের পুষ্টি, গন্ধ, রস, ইক্ষু, গম, ক্ষারবস্তু, ব্রাহ্মণ বল, কার্য্য, শস্য, রজতাদি কারকশ্চন্দ্রঃ।

সত্বসদ্ম ভূমিপুত্রশীল চৌর্য্যরোগভাতৃ
পরাক্রমাগ্নিসাহস রাজশক্রকারকঃ কুজঃ।

অস্যার্থঃ

সত্বগুণ, বাটী, ভূমি, পুত্র শীলতা, চৌর্য্য, রোগ, ভ্রাতৃ, পরাক্রম, অগ্নি, সাহস, রাজশক্রকারক মঙ্গল।

জ্যোতির্বিদ্যা মাতুল গণিতকার্য্য নর্ত্তন
বৈদ্যহাসভীশ্রী শিল্পবিদ্যাদিকারকোবুধঃ।

অস্যার্থঃ

জ্যোতিঃশাস্ত্রজ্ঞান, মাতুল, গণিতশাস্ত্রজ্ঞান, নৃত্যকরা, বৈদ্যশাস্ত্রজ্ঞান, হাস্য, ভয়, রূপবান্, শিল্পবিদ্যাদিকারক বুধ।

স্বকর্ম্মযজন দেবব্রাহ্মণধনগৃহকাঞ্চন
বস্ত্রপুত্রমিত্রান্দোলনাদিকারকোগুরুঃ।

অস্যার্থঃ

স্বকার্য্যসাধন, যজনকার্য্য, দেবতা, ব্রাহ্মণ, ধন, গৃহ, কাঞ্চন, বস্ত্র, পুত্র, মিত্রান্দোলনাদিকারকো বৃহস্পতিঃ।

কলত্রকার্মুকসুখগীতশাস্ত্র কাব্যপুষ্প
কুমারযৌবনাভরণ রজতযান সর্ব্বলোক
মৌক্তিকবিভবকবিতারসাদিকারকঃ শুক্রঃ।

অস্যার্থঃ

পত্নী, ধনু, স্বচ্ছন্দ, গীতশাস্ত্রজ্ঞ, কাব্যরচনা, পুষ্প, কুমার, যৌবন, অভরণ, রজত, যান, সর্ব্বলোকপুজিত, মুক্তা, ঐশ্বর্য্য, কবিতারসাদিকারকঃ শুক্রঃ।

মহিষ হয়গজ তৈলবস্ত্রশৃঙ্গার
প্রয়াণসর্ব্বরাজ্যদাবায়ুধ গৃহযুদ্ধ
সঞ্চার শূদ্রনীলমণিবিঘ্নকেশশল্য
শূলরোগ দাসদাসীজনায়ুষ্যকারকঃ শনিঃ।

অস্যার্থঃ

মহিষ, গোটক, হস্তি, তৈল, বস্ত্র, রতিক্রীড়া, গমন, সর্ব্বরাজ্য অগ্নিআয়ুধ, গৃহযুদ্ধসঞ্চার, শূদ্র নীলকান্তমণি, বিঘ্ন কেশ, শাল্য শূলরোগ, দাস, দাসী, আয়ুকারকঃ শনি।

প্রয়াণসময়সর্প রাত্রিসকল
স্বপ্নার্থ দ্যূতকারকোরাহুঃ।

অস্যার্থঃ

গমনসময় সর্প, রাত্রি সমস্ত নিদ্রা, ধন এবং দ্যূতকারক রাহু।

ব্রণরোগচর্ম্মাতিশূলস্ফুট
ক্ষুধার্ত্তিকারকঃ কেতুঃ।

অস্যার্থঃ

ব্রণরোগ, চর্ম্মরোগ, শূলরোগ, স্ফোটক, ক্ষুধাপীড়নকারকঃ কেতু।

অথ কারকনির্ণয়ঃ।

অথাগ্রে সংপ্রবক্ষ্যামিগ্রহাণাং কারকানদ্বিজ।
আত্মাদিকারকান্‌সপ্ত যথাবৎ কথয়ামিতে॥
রব্যাদি শঙ্গুপর্য্যন্তমংশাধিকগ্রহোপিচেৎ।
কারকেন্দ্রোপিসজ্জেয় আত্মাকারক উচ্যতে॥

অস্যার্থঃ

হে মৈত্রেয়! প্রথমে রব্যাদি শনি পর্য্যন্ত গ্রহগণের সপ্তকারক বলিতেছি। রবি হইতে শনি পর্য্যন্ত গ্রহগণের মধ্যে যাহার অংশাধিক্য হইবেক তিনি কারকশ্রেষ্ঠ আত্মকারক হইবেন।

আত্মাকারকখেটেন ন্যূনভাগোপি যোগ্রহঃ।
অমাত্যসংজ্ঞা তস্যৈবজ্ঞায়তে দ্বিজসত্তম॥
অমাত্যন্যূনভ্রাতাচ ভ্রাতৃন্যূনঞ্চ মাতৃকঃ।
মাতৃকারকখেটেন ন্যূনভাগোহি যোগ্রহঃ॥
সপুত্রকারকোজ্ঞেয়স্তন্নীনজ্ঞাতিকারকঃ।
জ্ঞাতিকারকখেটেন ন্যূনভাগোহি যোগ্রহঃ।
দারকারকবিজ্ঞেয়ো নির্বিশঙ্কং দ্বিজোত্তম॥

অস্যার্থঃ

আত্মাকারক গ্রহের অংশ হইতে যে গ্রহের অংশ কম হইবেক তিনি অমাত্যকারক হইবেন। হে বিপ্রবর! অমাত্যকারক গ্রহ হইতে যে গ্রহের অংশ কম হইবেক তিনি ভ্রাতৃকারক হইবেন। ভ্রাতৃকারক গ্রহ হইতে যে গ্রহের অংশ কম হইবেক তিনি মাতৃকারক হইবেন। মাতৃকারকগ্রহ হইতে যে গ্রহের অংশ কম হইবেক তিনি পুত্রকারক হইবেন। পুত্রকারক গ্রহ হইতে যাহার অংশ কম হইবেক তিনি জ্ঞাতিকারক হইবেন। হে দ্বিজবর! তুমি নিঃসঙ্কচিত্তে অবগত হও জ্ঞাতিকারক গ্রহ হইতে যে গ্রহের অংশ কম হইবেক তিনি ভার্য্যাকারক হইবেন।

বিশেষঃ।

অধুনাসংপ্রবক্ষ্যামি বিশেষ কারকাণিচ।
সূর্য্যাদীনাংগ্রহানাঞ্চ বীর্য্যবানকারকোভবেৎ॥
বীর্য্যবানজায়তেবিপ্র জন্মনিরবিশুক্রয়োঃ।
পিতৃকারকোজ্ঞেয়ো নির্বিশঙ্কং দ্বিজোত্তম॥
চন্দ্রারয়োশ্চ বলবান মাতৃকারকউচ্যতে।
ভৌমোদ্বয়ং বিশেষেণ ভগিনী দারভ্রাতৃকৌ॥

অস্যার্থঃ

হে দ্বিজসত্তম! এক্ষণে কারকের বিশেষ বলিতেছি অবগত হও। রবি প্রভৃতি সপ্তগ্রহের মধ্যে যিনি বীর্য্যবান হইবেন তিনি কারক হইবেন। কিন্তু জন্মকালে রবি ও শুক্রের মধ্যে যিনি বীর্য্যবান হইবেন তিনি পিতৃকারক এবং চন্দ্র ও মঙ্গলের মধ্যে যিনি বলবান হইবেন তিনি মাতৃকারক হইবেন। যদি মঙ্গল বলবান হন তাহাতে দুইটী বিশেষ ভগিনী, স্ত্রী ও ভ্রাতৃকারক হইবেন।

বুধান্মাতুলতোজ্ঞেয়ো মাতৃতুল্যোপিহিদ্বিজ।
গুরুণাহত্রচবিজ্ঞেয়াঃ পুত্রস্বামিপিতামহাঃ॥
স্বভার্য্যা মাতৃপিতরৌ তথামাতামহীদ্বিজ।
ভৃগুদ্বারা বিজানীয়াং এতেষাং শুক্রকারকঃ॥

অস্যার্থঃ

বুধ গ্রহ হইতে মাতৃতুল্য মাতুলকে অবগত হইবে। বৃহস্পতি হইতে পুত্র, স্বামি এবং পিতামহ এবং শুক্র হইতে স্বভার্য্যা, মাতা, পিতা ও মাতামহীকে জানিবে এবং ইহাদিগের কারক শুক্র হইবেন।

কুজাতৃতীয়তোভ্রাতা মাতুলো রিপুভাৎ বুধাৎ।
দেবেজ্যাৎ পঞ্চমাৎ পুত্রো দৈত্যেজ্যাৎ সপ্তমাৎস্ত্রিয়ঃ।
মন্দাদষ্টমতোমৃত্যুস্তাতাদীনাং বিচিন্তয়েৎ॥
জনুর্লগ্নঞ্চবিদ্যাদ্বৈআত্মা কারকমেবচ।
ধনভাবং বিজানীয়াৎ দারাকারকমেবচ।
একাদশে জ্যেষ্ঠভ্রাতা তৃতীয়েতু কনিষ্ঠকঃ॥

অস্যার্থঃ

মঙ্গল হইতে তৃতীয় ভ্রাতা, বুধের ষষ্ঠ হইতে মাতুল, বৃহস্পতির পঞ্চম হইতে পুত্র, শুক্রের সপ্তম হইতে স্ত্রী এবং শনির অষ্টম হইতে পিতৃদিগের মৃত্যু চিন্তা

করিবেক। জন্মলগ্নকে আত্মাকারক, ধনভাবকে ধনকারক ও পত্নীকারক জানিবে এবং একাদশে জ্যেষ্ঠভ্রাতা তৃতীয়ে কনিষ্ঠ ভ্রাতা জানিবে।

অথ ভাবকারকগ্রহফলং।

অথৈক কারকাংশে তু রব্যাদিগ্রহস্তিষ্ঠতি
তেষাং ফলং প্রবক্ষ্যামি শৃনুত্বং দ্বিজসত্তম।
কারকাংশে যদার্য্যস্তিষ্ঠতিদ্বিজ বীর্য্যযুক্।
আদাবন্তেপুমান্ সোপিরাজকার্য্যেষু তৎপরঃ।

অস্যার্থঃ

হে দ্বিজসত্তম। কারকাংশে রবি প্রভৃতি গ্রহগণের মধ্যে যদি একটী গ্রহ অবস্থিতি করেন তাহার ফল বিস্তররূপে কীর্ত্তন করিতেছি শ্রবণ কর। যাহার কারকাংশে বলবান সূর্য্য অবস্থান করেন সে যাবজ্জীবন রাজকার্য্যে অতি নিপুণ কর্ম্মচারি হয়।

কারকাংশেতু পূর্ণেন্দুদৈত্যাচার্য্যেণবীক্ষিতঃ।
শতভোগীভবেৎসোঽথবিদ্যাজীবীভবেদ্দিজ॥
কারকাংশে যদা ভৌমেবলাঢ্যেচযুতেক্ষিতে।
রসবাদী কুন্তধারী বহ্নিকৃজ্জীবনং ভবেৎ॥

অস্যার্থঃ

কারকাংশে বলবান মঙ্গল অবস্থিতি করিলে রহস্যবিৎ অর্থাৎ প্রীতিবাক্য প্রয়োগকারী এবং অস্ত্রধারী ও বহ্নিসেবক হয়।

কারকাংশে যদাসৌম্যো তিষ্ঠত্যেব বলাঢ্যকঃ।
শিল্পকো ব্যবহারীচ বণিক্‌কৃত্যপরোদ্বিজ।

অস্যার্থঃ

কারকাংশে যদি বলবান বুধ থাকেন তাহা হইলে শিল্পজীবী, ব্যবহারজীবী ও বণিক্‌কার্য্যে তৎপর হয়।

কারকাংশেগুরৌ বিপ্র কর্ম্মনিষ্ঠাপরোভবেৎ।
সর্ব্বশাস্ত্রাধিকারীচ বিখ্যাতঃ ক্ষিতিমণ্ডলে॥

অস্যার্থঃ

কারকগ্রহের নবাংশে বৃহস্পতি থাকিলে ধর্ম্মকার্য্যে নিষ্ঠাবান্ হয় এবং সর্ব্বশাস্ত্রবেত্তা হইয়া পৃথিবীতে সর্ব্বস্থানে প্রসংশিত হয়।

কারকাংশে যদাশুক্রে রাজমানী সদাভবেৎ।
সদিন্দ্রিয়ঃ শতায়ুঃ কথনীয়ো দ্বিজোত্তম॥

অস্যার্থঃ

হে দ্বিজসত্তম! কারকাংশে শুক্র অবস্থিতি করিলে রাজদ্বারে বিশেষ সম্মান প্রাপ্ত, সৎসভাবান্বিত ও শতবৎসর পরমায়ু হয়।

কারকাংশে যদা সৌরি র্মৃত্যুলোকেপ্রসিদ্ধবান্
মহতাং কর্ম্মণাং [illegible] ক্ষিতিপালেন পূজিতঃ॥

অস্যার্থঃ

কারকাংশে শনৈশ্চর থাকিলে জীবলোকে [illegible] হয় এবং সর্ব্বদা মহৎকার্য্য করে ও রাজাকর্ত্তৃক পূজিত হন।

কারকাংশে যদা রাহু র্ধনুর্দ্ধারী প্রজায়তে।
জাঙ্গিল্যলোহযন্ত্রাদিকারকশ্চৌরসংগমী।

অস্যার্থঃ

কারকাংশে যদি রাহু থাকেন তাহা হইলে মানব ধনুর্দ্ধারণকরতঃ অরণ্যে লোহযন্ত্রাদি নির্ম্মাণ ও চৌরের সহচর হয়।

কারকাংশে যদাকেতু স্তিষ্ঠতিদ্বিজসত্তম।
ব্যবহারী গজাদীনাং মুশন্তি পরদ্রব্যকে।

অস্যার্থঃ

কারকাংশে যদি কেতু থাকেন হে দ্বিজসত্তম! তাহা হইলে হস্তী, ঘোটক প্রভৃতি সর্ব্বদা ব্যবহার করে এবং পরের দ্রব্যে প্রভুত্ব করিতে সর্ব্বদা অভিলাষ করে।

কারকাংশে যদাবিপ্র সংস্থিতৌরবিসৈংহিকৌ।
সর্পাদ্ভীতির্ভবেন্মৃত্যুঃ শুভদৃষ্ট্যানিবর্ত্ততে॥

অস্যার্থঃ

হে মৈত্রেয় কারকাংশে যদি সূর্য্য ও রাহু থাকেন তাহা হইলে তাহার সর্পদংশনে মৃত্যু হয়, যদি শুভগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে মৃত্যু হইবে না, আরোগ্য হইবে।

মেষাদি দ্বাদশরাশির কারকতা।
সূর্য্যো১ গুরু২ কুজঃ৩ সোমো৪
গুরু৫ র্ভৌমো৬ সিত৭ শনিঃ৮
গুরু৯ শ্চন্দ্রসুতো১০ জীবো১১
মন্দশ্চ১২ ভাবকারকাঃ॥

অস্যার্থঃ

সূর্য্য১ বৃহস্পতি২ মঙ্গল৩ চন্দ্র৪ বৃহস্পতি৫ মঙ্গল৬ শুক্র৭ শনি৮ বৃহস্পতি৯ বুধ১০ বৃহস্পতি১১ শনি১২ এই কয়েকটী গ্রহ ভাবকারক।

পুনস্তন্বাদয়োভাবা স্থাপ্যাস্তেষাং শুভাশুভা
লাভং তৃতীয়ং রন্ধ্রঞ্চ শত্রু স্ব স্ত্রীব্যয়ং তথা।
এষাং যোগেন যোভাধস্ত ন্নাশং প্রাপ্নুয়াদ্ধ্রুবং
চত্বারোরাশয়োভদ্রাঃ কেন্দ্রকোন শুভাবহাঃ।
তেষাং সংযোগমাত্রেণ স্বশুভোপি শুভোভবেৎ॥

পরে তন্বাদি দ্বাদশভাব স্থাপন করিয়া শুভাশুভ বিবেচনা করিবে। জন্ম একাদশ, তৃতীয়, অষ্টম, ষষ্ঠ, দ্বিতীয়, সপ্তম ও দ্বাদশ গৃহে কারকাংশ গ্রহ অবস্থিতি করিলে তাহার ফল নষ্ট হয়। দ্বাদশ রাশি মধ্যে চারিটী রাশি শুভদায়ক এবং কেন্দ্র ত্রিকোণ রাশিতে পতিত হইলে অশুভ থাকিলে শুভ হইবেক।

সগুলিকে কারকাংশে অন্যগ্রহযুতেক্ষিতে।
বুধদৃষ্টিযুতেবাপি অন্তর্বৃদ্ধিঃপ্রজায়তে॥

গুলিকা অর্থাৎ মঙ্গলের সহিত কারকাংশে যদি অন্য কোন গ্রহযুক্ত বা দৃষ্টি থাকে, অথবা বুধের দৃষ্টি বা বুধযুক্ত থাকেন তাহা হইলে তাহার কোষবৃদ্ধি হইবেক।

কারকাংশে কেতুযুতে পাপগ্রহনিরীক্ষিতে।
শ্রোত্রচ্ছেদোভবেন্নূনং কর্ণরোগার্ত্তিনাদ্বিজ॥

কারকাংশে যদি কেতু থাকেন এবং অন্য পাপগ্রহের দৃষ্টি থাকে, তবে তাহার কর্ণচ্ছেদ হয় এবং যাবজ্জীবন কর্ণরোগে আক্রান্ত থাকে।

কারকাংশ দশমস্থান ফলং।

দশমে কারকাংশে চ বুধেনসমবীক্ষিতে।
ব্যাপারে বহুলাভশ্চ মহৎ কর্ম্ম বিচক্ষণঃ॥

কারকাংশে দশমে যদি বুধের দৃষ্টি থাকে, তাহা হইলে তাহার বাণিজ্য-কার্য্যে বিস্তর লাভ হয় এবং মহৎ কার্য্যে বিচক্ষণতা প্রকাশ পায়।

কারকাংশে চ দশমে রবিণাচযুতে যদি।
ভৃগুদৃষ্টে তথাবিপ্র জায়তে যোগকারকঃ॥

কারকাংশে দশমে যদি রবি থাকেন, হে বিপ্রবর! তাহা হইলে সে মানুষ যোগকার্য্যে অতিশয় পটু হন।

কারকাংশে চ দশমে শুভখেট নিরীক্ষিতে।
স্থিরচিত্তোভবেদ্বালো গম্ভীরো বহুবীর্য্যবান্॥

যে বালকের কারকাংশে দশমে শুভগ্রহের দৃষ্টি থাকে, সে বালক অতিশয় গাম্ভীর্য্যগুণে ভূষিত ও স্থিরচিত্ত বীর্য্যবান্ হয়।

কারকাংশে-চতুর্থ স্থান ফলং।

পাতালে কারকাংশে চ শশিশুক্রযুতেক্ষিতে।
প্রাসাদবান্‌ভবেদ্বালো বিচিত্রহর্ম্ম্যবান্ দ্বিজ॥

কারকাংশে চতুর্থে যদি চন্দ্র ও শুক্র থাকেন, তাহা হইলে সে বালক শিল্পকার্য্যবিশিষ্ট ইষ্টকালয় প্রস্তুত করে।

কারকাংশে চ পাতালেতুঙ্গক্ষ কোপিসংস্থিতঃ।
হর্ম্ম্যমন্দিরসংযুক্তো হ্যত্যুচ্চোবহুদীপ্তিমান্॥

কারকাংশে চতুর্থে যদি উচ্চস্থ গ্রহ থাকেন, তাহা হইলে তাহার অতি উচ্চ চাকচিক্যশালী ইষ্টকালয় ও মন্দির হয়।

কারকাংশে চ পাতালে কুজকেতুশনীক্ষিতে।
ঐষ্টিকং মন্দিরং তস্য জায়তে নাত্রসংশয়ঃ॥

কারকাংশে চতুর্থে যদি মঙ্গল, কেতু ও শনির দৃষ্টি থাকে, তাহা হইলে তাহার নিশ্চয় ইষ্টকালয় গৃহ হয়।

কারকাংশে চ পাতালে গুরুযুক্তনিরীক্ষিতে।
ঐষ্টিকং মন্দিরং তস্য জায়তে নাত্রসংশয়॥

কারকাংশে চতুর্থে যদি বৃহস্পতি থাকেন কিম্বা অবলোকন করেন, তবে তাহার ইষ্টকালয় গৃহ প্রস্তুত হয়।

কারকাংশে নবমভাব ফলং।

কারকাংশে চ নবমে শুভখেটযুতেক্ষিতে।
সত্যবাদীগুরৌভক্তিঃ স্বধর্ম্মনিরতোভবেৎ ॥

নবম কারকাংশে যদি কোন শুভ গ্রহ থাকেন, কিম্বা শুভ গ্রহের দৃষ্টি থাকে, তাহাতে বালক সত্যবাদী ও গুরুভক্তি এবং স্বধর্ম্মে নিরত থাকে।

কারকাংশে চ নবমে পাপগ্রহযুতেক্ষিতে।
স্বধর্ম্মনিরতোবাল্যে মিথ্যাবাদীভবেদ্বিজ ॥

যদি নবম কারকাংশে পাপগ্রহের দৃষ্টি অথবা পাপগ্রহযুক্ত থাকে, তবে মানব বাল্যকালে ধর্ম্মে রত থাকে, কিন্তু পরে মিথ্যাবাদী হয়।

কারকাংশে চ নবমে শনিরাহুযুতেক্ষিতে।
গুরুদ্রোহীভবেদ্বিপ্র শাস্ত্রেষু বিমুখোভবেৎ ॥

নবম কারকাংশে যদি শনি ও রাহুর দৃষ্টি থাকে, কিম্বা শনিরাহুযুক্ত থাকে, তবে মানব গুরুদ্রোহী ও মূর্খ হয়।

কারকাংশে চ নবমে গুরুভানুযুতেক্ষিতে।
তদাপিচ গুরুদ্রোহী গুরুবাক্যং ন মন্যতে ॥

নবম কারকাংশে যদি গুরু ও সূর্য্যের দৃষ্টি থাকে, কিম্বা গুরু ও সূর্য্যযুক্ত হন, তাহা হইলে মানব গুরুদ্রোহী হয় এবং গুরুবাক্য অমান্য করে।

কারকাংশে চ নবমে ভৃগুযুক্তেক্ষিতেদ্বিজ।
স্ত্রীলোলুপোভবেদ্বালো বিষয়ীনৈবজায়তে ॥

নবম কারকাংশে যদি শুক্রের দৃষ্টি থাকে, কিম্বা শুক্র তাহাতে অবস্থিতি করেন, তবে বালক অতিশয় স্ত্রৈণ অর্থাৎ রমণীতে অতিশয় আসক্ত থাকে, বিষয়ী হয় না অর্থাৎ সে বিষয়কর্ম্ম করে না।

কারকাংশে সপ্তমভাব ফলং।

কারকাংশে চ দ্যূনস্থে গুরুচন্দ্রযুতেদ্বিজ।
সুন্দরীগৃহিনী তস্য পতিভক্তিপরায়ণা॥

যাহার সপ্তম কারকাংশে চন্দ্রযুক্ত বৃহস্পতি থাকেন, তাহার পতিভক্তি পরায়ণা সুন্দরী পত্নী হয়।

রাহুনাবিহ্বলাবালা জায়তেচাঙ্গনাদ্বিজ।
শনিনাচবয়োধিক্যা রোগিণী বা তপস্বিনী॥
ভৌমে চ বিকলাঙ্গী চ তথাকান্তাস্থলক্ষণা।
রবিণাস্বকুলেগুপ্তা আসক্তা পরবেশ্মনি॥
বুধেকলাবতীজ্ঞেয়া কলাভিজ্ঞোপ্রজায়তে।
শুক্রেণতদ্বৎজ্ঞেয়াচ নির্বিশঙ্কং দ্বিজোত্তম॥

যাহার সপ্তম কারকাংশে রাহু থাকেন, তাহার বিহ্বলা (অর্থাৎ স্পন্দরহিত) পত্নী হয়। হে দ্বিজসত্তম! যাহার সপ্তম কারকাংশে শনি থাকেন, তাহার বয়োধিকা রোগিণী অথবা তপস্বিনী যোগরতা পত্নী হয়। ঐ স্থানে মঙ্গল থাকিলে বিকলাঙ্গী ও কুলক্ষণাক্রান্তা পত্নী। রবি থাকিলে গোপনে পরগেহরতা, ঐ স্থানে বুধযুক্ত থাকিলে কলাবতী কলাভিজ্ঞা (অর্থাৎ কামুকী) পত্নী ঐ স্থানে শুক্র থাকিলে ঐরূপ অর্থাৎ বুধের ন্যায় পত্নী হয়, হে দ্বিজসত্তম! তুমি নিঃশঙ্কচিত্তে অবগত হয়।

কারকাংশে তৃতীয় ভাবফলং।

কারকাংশে তৃতীয়ে চ পাপখেটযুতেক্ষিতে।
স শূরো জায়তেবালো বীর্য্যবান্ বহুবিক্রমী॥
কারকাংশে তৃতীয়ে চ ষষ্ঠে পাপযুতেক্ষিতে।
কৃষিকর্ম্মরতোনিত্যং জায়তে চ ন সংশয়ঃ॥

তৃতীয় কারকাংশে যদি পাপগ্রহ থাকেন, কিম্বা পাপ গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে বালক অতিশয় বলবান্ বিক্রমশালী হয় এবং ঐ তৃতীয় কারকাংশের ষষ্ঠ স্থানে পাপগ্রহ থাকেন কিম্বা পাপগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে জাতক অতিশয় কৃষিকার্য্যে রত হয় তাহার সংশয় নাই।

কারকাংশে দ্বাদশভাব ফলং।

কারকাংশে ব্যয়স্থানে উচ্চস্থোপি শুভগ্রহে।
সদ্‌গতির্জায়তে তস্য শুভলোক মবাপ্নুয়াৎ॥
কারকাংশে ব্যয়ে কেতৌ শুভখেটৈর্যুতেক্ষিতে।
তদাপি জায়তেমুক্তিঃ সাযুজ্যপদমাপ্নুয়াৎ॥

যাহার কারকাংশের ব্যয়স্থানে (অর্থাৎ) দ্বাদশ গৃহে যদি শুভগ্রহ উচ্চস্থ থাকেন, তাহা হইলে মানবের সদ্‌গতি লাভ হয় ও শুভলোক প্রাপ্ত হয় এবং ঐ কারকাংশের ব্যয়স্থানে শুভগ্রহযুক্ত কিম্বা শুভগ্রহের দৃষ্টিপথে কেতু থাকেন; তাহা হইলে মানবগণ সাযুজ্য মুক্তিলাভ করেন।

মেষেঽথধনুষিবাপি কারকাংশে ব্যয়েশিখী।
শুভগ্রহেণ সংদৃষ্টে কৈবল্যপদমাপ্নুয়াৎ॥
কেবলোপি ব্যয়েকেতুঃ পাপগ্রহযুতেক্ষিতঃ।
ন মুক্তির্জায়তে তস্য শুভলোকং ন পশ্যতি॥

যাহার কারকাংশে ব্যয়স্থান মেষ কিম্বা ধনু হয়, তাহাতে যদি কেতু থাকেন ও কেতুর প্রতি যদি শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মানবগণ কৈবল্যমুক্তি লাভ করেন। ঐ কারকাংশের দ্বাদশস্থানে কেবল কেতু থাকেন, কিম্বা তাহার প্রতি পাপগ্রহের দৃষ্টি থাকে, তবে সে মানব কখনই মুক্তিলাভ করিতে পারে না এবং শুভলোক দর্শন করিতেও পারে না।

রবিনা সংযুতেকেতৌ কারকাংশে ব্যয়স্থিতে।
গৌর্য্যাংভক্তির্ভবেত্তস্য শাক্তিকী জায়তে নরঃ ॥
রবিভক্তির্ভবেত্তস্য নির্ব্বিষঙ্কং দ্বিজোত্তম।
চন্দ্রেণসংযুতেকেতৌ কারকাংশে ব্যয়স্থিতে ॥
শুক্রেণসংযুতেকেতৌ কারকাংশে ব্যয়স্থিতে।
সমুদ্রতনয়াভক্তি র্জায়তেহসৌ সমৃদ্ধিমান্ ॥

কারকাংশের ব্যয়স্থানে কেতু যদি রবিযুক্ত হন, তাহা হইলে মানব গৌরীর প্রতি শক্তিকীভক্তি লাভ করেন এবং ঐরূপ যোগ থাকিলে মানব এক সময়ে সূর্য্যভক্তি লাভ করেন। অতএব হে দ্বিজসত্তম! তুমি এ বিষয়ে কোন চিন্তা করিও না। ঐরূপ যোগে কেতু চন্দ্রযুক্ত হইলে কিম্বা শুক্রযুক্ত হইলে সমুদ্র-তনয়া লক্ষ্মীর প্রীতিভাজন হয়, এবং সে ব্যক্তি অতুল ধনসম্পত্তি লাভ করে।

কুজেনস্কন্দভক্তো বা জায়তে দ্বিজসত্তম।
বৈষ্ণবো বুধশৌরিভ্যাং গুরুণাশিবভক্তিমান্ ॥
রাহুনাতামসীং দুর্গাং ভূতপ্রেতাদিসেবকৃৎ।
হেরম্বভক্ত শিখিনা স্কন্দভক্তোহথবাভবেৎ ॥
কারকাংশে ব্যয়ে শৌরী পাপরাশৌ যদাভবেৎ।
তদৈবক্ষুদ্রদেবস্য ভক্তিস্তস্য ন সংশয়।
পাপর্ক্ষে’পি ব্যয়েশুক্রস্তদাপিক্ষুদ্রসেবকঃ ॥

হে বিপ্র! কারকাংশের দ্বাদশস্থানে কেতু মঙ্গলযুক্ত হইলে মানব কার্ত্তিকের প্রতি ভক্তিভাজন হন। ঐ কেতু কারকাংশের দ্বাদশস্থানে বুধ ও শনিশ্চরযুক্ত হন, তাহা হইলে মানব বিষ্ণুভক্ত অর্থাৎ বৈষ্ণব হন। কারকাংশের দ্বাদশস্থানে যদি কেতু থাকেন, তাহা হইলে মানব গণপতি ভক্ত অথবা কার্ত্তিকের প্রতি ভক্ত হন। কারকাংশে দ্বাদশস্থান যদি পাপরাশি হন, তাহা হইলে ক্ষুদ্র দেবতার ভক্ত হয়, ঐরূপ পাপরাশি ব্যয়স্থান হইলে তাহাতে যদি শুক্র থাকেন, তাহা হইলে ক্ষুদ্র দেবতা ভক্ত হয়, ইহার কোন সন্দেহ নাই।

রবিভোগ্যলগ্নাংশ।

তেদণ্ডাস্তৈঃ পলৈর্লগ্নং রবিভুক্তাংশকক্রমাৎ।
রাত্রৌতৎ সপ্তমার্কাংশাঃ প্রবিষ্টা দিবসে তথা॥

পূর্ব্বে যাহা লগ্নমান নিরূপণ করা হইয়াছে। ঐ বচনে প্রথমান্তপদে দণ্ড এবং তৃতীয়ান্ত পদে পল জানিবে। যে রাশিতে রবি উদয় হইবেন, তাহার সপ্তম রাশিতে অস্ত হইবেন। অর্থাৎ প্রভাতে উদয় হইলে সন্ধ্যাকালে অস্ত হইবেন। দিবসে যে লগ্নের যত অংশ ভোগ হইবেক, সেই অংশ রাত্রিশেষে সংযুক্ত হইবে এবং রাত্রিতে লগ্নের যত অংশ ভোগ হইবেক, সেই অংশ দিবার প্রথমে অর্থাৎ প্রাতঃকালে সংযুক্ত হইবেক।

লগ্নদণ্ডপলং দ্বিঘ্নং তৎসংখ্যং ক্রমতঃ পলং।
বিপলঞ্চরবের্ভোগ্য মেবকল্পনমশ্নুতে॥

যদিচ মাস ত্রিশ দিনে হয়, তাহা হইলে লগ্ন যত দণ্ড ও পল হইবে, তাহাকে দ্বিগুণ করিলে যাহা হইবেক, তাহার দণ্ডকে পল এবং পলকে বিপল করিয়া ভুক্তাংশ বাদ দিবে। যথা বৈশাখমাসের মেষ লগ্নমান ৩।৪৭ তিন দণ্ড সাতচল্লিশ পল উহাকে দ্বৈগুণ্য করিলে ৭।৩৪ সাত পল চৌত্রিশ বিপল হইবে মাসে দিন বৃদ্ধি বা কম হইলে তাহা দিয়া লগ্নমানকে ভাগ দিয়া যাহা হইবেক তাহাই প্রতিদিন ভুক্ত বিবেচনায় বাদ দিবে।

ষড়বর্গ নিরূপণ করা হইতেছে।

ক্ষেত্রং হোরাথদ্রেক্কাণোনবাংশদ্বাদশাংশকাঃ।
ত্রিংশাংশকস্তুবিজ্ঞেয়স্ত্র্যাদিপ্রাপ্তাফলপ্রদাঃ॥

ক্ষেত্র হোরা দ্রেক্কাণ নবাংশ দ্বাদশাংশ এবং ত্রিংশাংশ এই ছয়টীর নাম ষড়বর্গ তন্মধ্যে যদি কোনগ্রহ তিন চারি কিম্বা পঞ্চম ষষ্ঠ গ্রহের অধিপতি হন, তবে সেই শুভপ্রদ হন।

মেষাদি দ্বাদশ রাশির নাম।

যথা মেষোবৃষশ্চমিথুনঃ কর্কসিংহকুমারিকা।
তুলালি ধনুষোনক্রেকুম্ভমীনাস্ততঃপরা॥

যথা—মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন এই কয়েকটী রাশি গ্রহগণের ক্ষেত্র, তন্মধ্যে রবির ক্ষেত্র সিংহ, চন্দ্রের ক্ষেত্র কর্কট, বুধের ক্ষেত্র মিথুন ও কন্যা। শুক্রের ক্ষেত্র বৃষ ও তুলা। মঙ্গলের ক্ষেত্র মেষ ও বৃশ্চিক। বৃহস্পতির ক্ষেত্র মীন ও ধনু। শনির ক্ষেত্র কুম্ভ ও মকর।

এইরূপে গ্রহগণের রাশি বিভাগের প্রয়োজন কি? রবির ক্ষেত্র সিংহ রবিদিনাধিপতি। চন্দ্রের ক্ষেত্র কর্কট, চন্দ্র রাত্রির অধিপতি। এক্ষণে ধারণা করিতে হইবে এই,—যে ব্যক্তি দিবাতে জন্মগ্রহণ করিবেক, তাহার সিংহ হইতে কন্যা প্রভৃতি মকর পর্য্যন্ত ষষ্ঠ গৃহে যে যে গ্রহ অবস্থিতি করিবেন, তাহাদিগের বল গ্রহণ করিতে হইবে এবং যে ব্যক্তি রাত্রিতে জন্মিবেক তাহার কর্কট হইতে উপরিভাগে মিথুন প্রভৃতি কুম্ভ পর্য্যন্ত ষষ্ঠ গৃহ মধ্যে যে যে গ্রহ অবস্থিতি করিবেন, তাহাদিগের বল গ্রহণ করিয়া গণনা করিতে হইবেক।

এইরূপ ক্ষেত্রবিভাগের কারণ অপর কিছুই লক্ষিত হয় না। চন্দ্রের ক্ষেত্র কর্কট পরে বুধ শুক্র তৎপরে মঙ্গল তৎপরে বৃহস্পতি তৎপরে শনি। এদিকে সিংহ রবির ক্ষেত্র তৎপরে বুধ তৎপরে শুক্র তৎপরে মঙ্গল তৎপরে বৃহস্পতি তৎপরে শনি এইরূপ গ্রহ স্থাপনের অন্য কোন কারণ বোধ হয় না।

গ্রহাণাং ভিন্ন ভিন্ন রাশিভোগ নিরূপণং।

রাশিনামুদয়োলগ্নঃ।

অর্থাৎ বৈশাখাদি দ্বাদশ মাসে দ্বাদশ রাশি ভোগ করেন, যথা বৈশাখ মাসে মেষ রাশি, জ্যৈষ্ঠে বৃষরাশি, আষাঢ়ে মিথুন রাশি, শ্রাবণে কর্কট রাশি, ভাদ্রে সিংহ রাশি, আশ্বিনে কন্যা রাশি, কার্ত্তিকে তুলা রাশি, অগ্রহায়ণে

বৃশ্চিক রাশি, পৌষে ধনু রাশি, মাঘে মকর রাশি, ফাল্গুনে কুম্ভ রাশি এবং চৈত্রে মীন রাশি ভোগ করেন। কিন্তু দিবারাত্রি মধ্যে ঐ দ্বাদশরাশির ভোগ হয়, এই দ্বাদশরাশি ভোগ কাল নিরূপণ আছে।

লগ্ননিরূপণং।

যথা—রাশিনামুদয়োলগ্নঃ।

বিবিধ শাস্ত্র পারদর্শী পণ্ডিতগণ বলিয়াছেন, রাশির উদয়ের নাম লগ্ন। যে রাশিতে সূর্য্য উদয় হইবেন, তাহাকে লগ্ন কহে।

লগ্নপরিমাণ।

অয়নাংশাৎ লগ্নমানং দুরুহমিতিচোচ্যতে।
রাঢ়ীয় শ্রীনিবাসোক্তং তন্মানং স্থূলতোবতু॥

অয়নাংশ হইতে লগ্ন পরিমাণ স্থির করা অতি সুকঠিন, এজন্য রাঢ়ীয় শ্রীনিবাসের মতে স্থূলরূপে লগ্নমান নিরূপণ করা হইতেছে।

লগ্নমানং।

রামোগবেদৈর্জলধিস্তু মৈত্রের্বাণোরসৈঃ পঞ্চখসাগরৈশ্চ।
বাণঃ কুবেদৈর্বিষয়োঽঙ্কযুগ্মৈঃ ক্রমোৎক্রমান্মেষতুলাদিমানৈঃ॥

মেষ লগ্নমান ৩।৪৭ তিনদণ্ড সাতচল্লিশ পল। বৃষের মান ৪।১৭ চারিদণ্ড সপ্তদশ পল। মিথুনের ৫।৬ পাঁচদণ্ড ছয় পল। কর্কটের ৫।৪০ পাঁচদণ্ড চল্লিশ পল। সিংহের ৫।৪১ পাঁচ দণ্ড একচল্লিশ পল। কন্যার ৫।২৯ পাঁচ দণ্ড উনত্রিশ পল। মেষ হইতে কন্যা পর্য্যন্ত ছয়রাশির এইরূপ ভিন্ন ভিন্ন দণ্ড ও পল নির্ণয় হইল। কিন্তু তুলা হইতে মীনরাশি পর্য্যন্ত ছয় রাশির ইহার উৎক্রমে নির্ণয় হইবে। যথা—তুলার মান ৫।২৯ পাঁচ দণ্ড উনত্রিশ পল এবং বৃশ্চিকের ৫।৪১ পাঁচ দণ্ড একচল্লিশ পল। ধনুর ৫।৪০ পাঁচ দণ্ড চল্লিশ পল। মকরের ৫।৬ পাঁচ দণ্ড ছয় পল। কুম্ভের ৪।১৭ চারিদণ্ড সপ্তদশ পল এবং মীন ৩।৪৭ তিনদণ্ড সাতচল্লিশ পল। কিন্তু বৈশাখ মাসের প্রথমে মেষ

রাশির উদয়ে ৩।৪৭ তিন দণ্ড সাতচল্লিশ পল ভোগ হইবে, তৎপরে বৃষ রাশির ৪।১৭ চারিদণ্ড সপ্তদশ পল হইবে, ক্রমশঃ এইরূপে দিবারাত্রি ৬০ যাইট দণ্ড মধ্যে দ্বাদশরাশির ভোগ হইবে।

হোরানির্ণয়ঃ।

হোরারাশিদলং সমেপ্রথমতশ্চন্দ্রস্যভানোরতোব্যত্যাস্যাৎ।

অথবা বিষমর্ক্ষেষুপ্রথমাঃ হোরাস্যুশ্চণ্ডরোচিষঃ।

দ্বিতীয়াঃ শশিনোযুক্ষুর্ব্যত্যয়াৎ গণয়েৎ সদা॥

রাশিকে দুই ভাগ করিলে এক এক ভাগকে হোরা কহে। ৩০ অংশে এক রাশি হয়। সুতরাং এক এক হোরা পরিমাণ ১৫ অংশ মাত্র। ৬০ দণ্ডে এক অহোরাত্র হয়, আড়াই দণ্ডে এক ঘণ্টা হয়, অতএব প্রায় এক ঘণ্টায় এক হোরা হয়। বিষম রাশিতে সূর্য্যের হোরা সমরাশিতে চন্দ্রের হোরা মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ এই ছয়টী বিষমরাশি, বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই ছয়টী সমরাশি বিষমরাশির ১৫ পঞ্চদশ অংশে সূর্য্যের সমরাশির ১৫ পঞ্চদশ অংশে চন্দ্রের হোরা।

হোরাচক্রং।

অংশ ১৫	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
প্রথম ১৫ অংশ বিষম	র	চ	র	চ	র	চ	র	চ	র	চ	র	চ
দ্বিতীয় ১৫ অংশ সম	চ	র	চ	র	চ	র	চ	র	চ	র	চ	র

দ্রেক্কাণনির্ণয়ঃ।

স্বপঞ্চনবমানাং যে রাশীনা মধিপাঃগ্রহাঃ।
তেদ্রেক্কাণাধিপারাশৌ দ্রেক্কাণাস্ত্রয়ত্রবহি॥

অথবা দৃক্কাণপতয়ঃ স্বাক্ষাঙ্কভাবাধিপাঃ।

রাশিকে তিন ভাগে বিভক্ত করিলে এক ভাগ এক দ্রেক্কাণ হয়। ৬০ কলায় এক অংশ হয়। ৩০ ত্রিশ অংশে এক রাশি হয়, সুতরাং ১০ অংশে এক দ্রেক্কাণ হয়, 'স্ব' অর্থাৎ সেই রাশি প্রথম দ্রেক্কাণের অধিপতি হয়। দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি প্রথম দ্রেক্কাণের অধিপতি হইতে পঞ্চম রাশির অধিপতি এবং তৃতীয় দ্রেক্কাণের অধিপতি, প্রথম দ্রেক্কাণের অধিপতি হইতে তাহার নবম রাশির অধিপতি হইবেন। যথা—মেষের অধিপতি মঙ্গল প্রথম দ্রেক্কাণের অধিপতি দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি তাহা হইতে তাহার পঞ্চম রাশি সিংহ তাহার অধিপতি রবি হইবেন। তৃতীয় দ্রেক্কাণের অধিপতি প্রথম দ্রেক্কাণ হইতে নবম ধনু তাহার অধিপতি বৃহস্পতি হইবেন। এইরূপ অন্য রাশির দ্রেক্কাণ নির্ণয় করিবে।

দ্রেক্কাণচক্রং।

ভাগ	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
প্রথম ১০ অংশ	মঙ্গল	শুক্র	বুধ	চন্দ্র	রবি	বুধ	শুক্র	মঙ্গল	বৃহস্পতি	শনি	শনি	বৃহস্পতি
দ্বিতীয় ১০ অংশ	রবি	বুধ	শুক্র	মঙ্গল	বৃহস্পতি	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	শুক্র	বুধ	চন্দ্র
তৃতীয় ১০ অংশ	বৃহস্পতি	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	শুক্র	বুধ	চন্দ্র	রবি	বুধ	শুক্র	মঙ্গল

ব্যাড়াঃ কুম্ভালি মধ্যাদ্যাঃ কর্কি মীনান্ত্যসম্ভবৌ।
সিংহাদ্যন্তৌ মৃগান্ত্যশ্চতুলামধ্যান্ত সম্ভবৌ ॥
বৃষাদি মকরাদ্যন্তাঃ দ্রেক্কাণাঃ পাশধারিণঃ।
তুলামধ্যান্ত সিংহান্তাঃ কুম্ভাদ্যাঃ পক্ষিণঃ স্মৃতাঃ ॥

কুম্ভ ও মেষরাশির প্রথম ও দ্বিতীয় দ্রেক্কাণ, কর্কট ও মীন রাশির তৃতীয় দ্রেক্কাণ, সিংহরাশির প্রথম ও তৃতীয় দ্রেক্কাণ, মকর রাশির তৃতীয় দ্রেক্কাণ এবং তুলারাশির দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণের নাম ব্যাড়। বৃষ রাশির প্রথম দ্রেক্কাণ, মকররাশির প্রথম ও তৃতীয় দ্রেক্কাণ এই কয়েকটি দ্রেক্কাণের নাম পাশধারী। তুলারাশির দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণ, সিংহ রাশির তৃতীয় দ্রেক্কাণ এবং কুম্ভরাশির প্রথম দ্রেক্কাণের নাম পক্ষী।

অথ নবাংশ নির্ণয়ঃ।

মেষ কেশরী ধনুষাং মেষাদ্যাস্তু নবাংশকাঃ।
কর্কি বৃশ্চিক মীনানাং কর্কটাদ্যাঃ নবাংশকাঃ।
তুলামিথুনকুম্ভানাং তুলাদ্যাঃ নবাংশকাঃ।
বৃষকন্যামৃগানাঞ্চ মকরাদ্যাঃ নবাংশকাঃ ॥

মেষ সিংহ ও ধনু রাশির মেষাদি নবাংশক হইবে। অর্থাৎ মেষ সিংহ ও ধনু রাশির প্রথম নবাংশক মেষ, দ্বিতীয় বৃষ, তৃতীয় মিথুন এইরূপ হইবে এবং কর্কট, বৃশ্চিক ও মীন রাশির কর্কটাদি নবাংশক। তুলা মিথুন ও কুম্ভ রাশির তুলাদি নবাংশক। বৃষ, কন্যা ও মকররাশির মকরাদি নবাংশক হইবে।

চরাণাং স্বত্রিকোণানাং তচ্চরাদ্যাঃ নবাংশকাঃ।
রাশীনাং স্বনবাংশোয়ঃ সবর্গোত্তম সংজ্ঞকঃ ॥

মেষ কর্কট তুলা ও মকর এই চারিটী রাশি চর নামে বিখ্যাত। র
গণনা চররাশি হইতে হয়। নবম ও পঞ্চম রাশির নাম ত্রিকোণ। ত্রি...মধ্যে

সহিত অর্থাৎ নবম পঞ্চমের সহিত যে চর রাশি তাহা হইতে নবাংশ গণনা করিতে হয়। অর্থাৎ মেষ চর রাশি মেষের প্রথম নবাংশ মেষ পঞ্চম নবাংশ সিংহ এবং নবম নবাংশ ধনু হইবেক। এইরূপ দ্বিতীয়, তৃতীয় নবাংশ গণনা করিতে হইবেক। রাশির স্বনবাংশকে বর্গোত্তম কহে। ফলতঃ চর হইলে স্বরাশি প্রথম নবাংশ, স্থির হইলে তাহার নবম, দ্ব্যাত্মক হইলে তাহার পঞ্চম রাশি নবাংশ গণনা হইবেক।

নবাংশচক্র।

অংশ ৩।২০	মেষ সিংহ ধনু	কর্কট বৃশ্চিক মীন	তুলা মিথুন কুম্ভ	মকর বৃষ কন্যা
১	মেষ	কর্কট	তুলা	মকর
২	বৃষ	সিংহ	বৃশ্চিক	কুম্ভ
৩	মিথুন	কন্যা	ধনু	মীন
৪	কর্কট	তুলা	মকর	মেষ
৫	সিংহ	বৃশ্চিক	কুম্ভ	বৃষ
৬	কন্যা	ধনু	মীন	মিথুন
৭	তুলা	মকর	মেষ	কর্কট
৮	বৃশ্চিক	কুম্ভ	বৃষ	সিংহ
৯	ধনু	মীন	মিথুন	কন্যা

যে রাশির যে নবাংশে জন্ম হইবেক, সেই রাশির অধিপতি যে গ্রহ তাহার সদৃশ দেহ ও অবয়ব হইবেক। অথবা রাশিচক্রের মধ্যে যে গ্রহ অধিক বলবান্ হইবেক, তাহার সদৃশী মূর্ত্তি ও অঙ্গ সৌষ্ঠব হইবেক।

অথ দ্বাদশাংশ নির্ণয়ঃ।

সর্ব্বেষাং মেষ পূর্ব্বাণাং।
স্বর্ক্ষাদ্যাঃ দ্বাদশাংশকাঃ॥

রাশিকে দ্বাদশভাগ করিলে এক এক ভাগের নাম দ্বাদশাংশ, দ্বাদশাংশ রাশির মান ২ অংশ ৩০ কলা। মেষাদি দ্বাদশ রাশির মধ্যে যে রাশিতে জন্ম হইবেক, তাহাকে দ্বাদশভাগ করিয়া যে ভাগে জন্ম হইবেক সেই ভাগে যে রাশি, তাহার অধিপতি যে গ্রহ ঐ গ্রহ জাতকের দ্বাদশাংশপতি হইবেক। মেষাদি দ্বাদশ রাশির স্বরাশি অর্থাৎ যে রাশিতে জন্ম হইবেক সেই রাশি হইতে দ্বাদশাংশ গণনা করিতে হয়। যেরূপ মেষ রাশির চতুর্থ দ্বাদশাংশে যাহার জন্ম হইয়াছে তাহার মেষের চতুর্থ রাশি কর্কট, তখন কর্কটের অধিপতি চন্দ্র ঐ জাতকের দ্বাদশাংশাধিপতি চন্দ্র হইবেন। অন্যান্য রাশির ও অন্যান্য অংশের গণনা ঐরূপ করিতে হইবেক।

অথ ত্রিংশাংশ নির্ণয়ঃ।

কুজার্কিগুরুসৌম্যানাং ভাগাঃ শুক্রস্যচক্রমাৎ।
৫ ৫ ৮ ৭ ৫
পঞ্চপঞ্চাষ্টসপ্তেষু জ্ঞেয়মোজঃ সুয়াশিস্থ।
ত্রিংশাশব্যত্যয়াদেতে যুগ্মরাশিষু কীর্ত্তিতাঃ।

রাশিকে ত্রিংশৎ ভাগে বিভক্ত করিলে এক এক ভাগের নাম ত্রিংশাশ হয়। ওজরাশি অর্থাৎ অযুগ্ম রাশি। যেমন মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ এই ছয়টি ওজরাশি, এই রাশির মধ্যে যে রাশিতে জন্ম হইবেক, তাহাকে ত্রিংশৎ ভাগ করিয়া প্রথম পঞ্চ ভাগের অধিপতি মঙ্গল ও তদনন্তর দ্বিতীয় পঞ্চ ভাগ অর্থাৎ ষষ্ঠ ভাগ হইতে দশভাগ পর্য্যন্ত অধিপতি শনি। তাহার পর অষ্টম ভাগ অর্থাৎ একাদশ ভাগ হইতে অষ্টাদশ ভাগ পর্য্যন্ত অধিপতি বৃহস্পতি, তাহার পর সপ্তম ভাগ অর্থাৎ ঊনবিংশ ভাগ হইতে পঞ্চবিংশতি ভাগ পর্য্যন্ত

অধিপতি বুধ, তাহার পর পঞ্চভাগ অর্থাৎ ষড়বিংশতি ভাগ হইতে ত্রিংশ ভাগ পর্য্যন্ত অধিপতি শুক্র হইবেক। কিন্তু যুগ্ম রাশি অর্থাৎ বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই ছয়টি যুগ্ম রাশির ব্যতিক্রমে গণনা করিতে হয়। এই ছয়টি রাশির প্রথম পঞ্চ ভাগের অধিপতি শুক্র। তাহার পর সাত ভাগের অধিপতি বুধ। তদনন্তর অষ্ট ভাগের অধিপতি বৃহস্পতি। তাহার পর পাঁচ ভাগের অধিপতি শনি। তাহার পর পাঁচ ভাগের অধিপতি মঙ্গল হইবেক।

দ্বাদশাংশ চক্র।

অংশ ২।৩০	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
মেষ	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
বৃষ	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১
মিথুন	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১	২
কর্কট	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১	২	৩
সিংহ	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১	২	৩	৪
কন্যা	৬	৭	৮	৯	১০	১১	১২	১	২	৩	৪	৫
তুলা	৭	৮	৯	১০	১১	১২	১	২	৩	৪	৫	৬
বৃশ্চিক	৮	৯	১০	১১	১২	১	২	৩	৪	৫	৬	৭
ধনু	৯	১০	১১	১২	১	২	৩	৪	৫	৬	৭	৮
মকর	১০	১১	১২	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
কুম্ভ	১১	১২	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
মীন	১২	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

ত্রিংশাংশ চক্র।

ওজরাশি অংশ ১।	মেষ	মিথুন	সিংহ	তুলা	ধনু	কুম্ভ মকর	যুগ্মরাশি অংশ ১।	বৃষ	কর্কট	কন্যা	বৃশ্চিক	মকর	মীন
মঙ্গল	৫	৫	৫	৫	৫	৫	শুক্র	৫	৫	৫	৫	৫	৫
শনি	৫	৫	৫	৫	৫	৫	বুধ	৭	৭	৭	৭	৭	৭
বৃহস্পতি	৮	৮	৮	৮	৮	৮	বৃহস্পতি	৮	৮	৮	৮	৮	৮
বুধ	[illegible]	৭	৭	৭	৭	৭	শনি	৫	৫	৫	৫	৫	৫
শুক্র	৫	৫	৫	৫	৫	৫	মঙ্গল	৫	৫	৫	৫	৫	৫

মারকবিচার।

পঞ্চমং নবমঞ্চৈব বিশেষধনমুচ্যতে।
চতুর্থ দশমঞ্চৈব বিশেষসুখমুচ্যতে॥

জন্মকালে পঞ্চম ও নবমস্থান শুভ হইলে অর্থাৎ ঐ স্থানে শুভগ্রহ অবস্থিতি বা অবলোকন করিলে ধনলাভ হয় এবং চতুর্থ দশমস্থান ঐরূপ শুভগ্রহ অবস্থিতি কিম্বা দৃষ্টি করিলে মানব সুখী হয়।

চন্দ্রভানুবিনাসর্ব্বে মারকে মারকাধিপাঃ।
ষষ্ঠাষ্টমব্যয়েশাস্তু রাহুঃ কেতুস্তথৈবচ॥
কেন্দ্রাধিপতয়ঃ সৌম্যাঃ শুভং নৈবদিশন্তিচ।
ক্রূরাঃ নৈবশুভং কুর্য্যুঃ কোণপৌ শুভদায়কৌ॥

জন্মকালে চন্দ্র সূর্য্য ভিন্ন সকল গ্রহ মারকের অধিপতি হইলে মারক হন এবং ষষ্ঠাধিপতি ও অষ্টমাধিপতি এবং রাহু ও কেতু মারক হন এবং শুভগ্রহ কেন্দ্রাধিপতি হইলেই শুভ হন না। ক্রূর গ্রহগণ কখন শুভফল প্রদান করেন না। কিন্তু নবম পঞ্চমের অধিপতি হইলে শুভ ফল প্রদান করেন।

ধনেশোপি ব্যয়েশশ্চ সংযোগাৎ ফলদৌমতৌ।
লাভারি অধিপাঃ পাপা রন্ধ্রেশোনশুভপ্রদঃ॥
জায়া কুটুম্বকাধিশৌ মারকৌ পরিকীর্ত্তিতৌ।
ক্রূরঃ কেন্দ্রাধিপোভূয়াৎ ক্ষীণচন্দ্রোরবিস্তথা॥
শনিভৌমশ্চবিজ্ঞেয়াঃ প্রবলাদুত্তরোত্তরাঃ।

ধনাধিপতি ও দ্বাদশাধিপতি উভয়ের মিলন হইলে শুভপ্রদ হন। লাভ অর্থাৎ একাদশাধিপতি ও ষষ্ঠাধিপতি এবং পাপগ্রহ ও অষ্টমাধিপতি ইহারা কখন শুভ হন না। জায়া অর্থাৎ সপ্তমাধিপতি, কুটুম্ব অর্থাৎ দ্বিতীয়াধিপতি ইহারা মারক হন। কেন্দ্রাধিপতি পাপগ্রহ, ক্ষীণচন্দ্র ও রবি এবং শনি ও মঙ্গল ইহারা পরে পরে বলবান হন। অর্থাৎ কেন্দ্রপতি পাপগ্রহ হইতে ক্ষীণচন্দ্র, ক্ষীণচন্দ্র হইতে রবি এইরূপ ক্রমশঃ প্রবল হন।

সুতধর্ম্মৌ তথাস্থানৌ প্রবলৌ চোত্তরোত্তরৌ।
লাভারিত্রিতয়ঃ স্থানে ত্বধোধঃ প্রবলোভবেৎ ॥
এতৎ স্থানানুস্তণ্যেন গ্রহাণাং মানমালিখেৎ।
চন্দ্রশ্চান্দ্রীগুরূসিতৌ কেন্দ্রদোষোত্তরোত্তরং ॥

সুতস্থানে অর্থাৎ পঞ্চম স্থান হইতে ধর্ম্মস্থান অর্থাৎ নবমস্থান বলবান। লাভ অর্থাৎ একাদশ স্থান ও অরি ষষ্ঠ স্থান ও তৃতীয় স্থান ইহারা নিম্নভাগে বলবান হন অর্থাৎ তৃতীয় হইতে ষষ্ঠ বলবান ষষ্ঠ হইতে একাদশ বলবান হন। চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র ইহারা কেন্দ্র হইলে পরে পরে বলবান হন। অর্থাৎ চন্দ্র হইতে বুধ, বুধ হইতে বৃহস্পতি, বৃহস্পতি হইতে শুক্র বলবান হন। এইরূপ স্থানবিশেষে গ্রহগণ বলবান হন।

তথৈবচগ্রহাঃ ক্রুরাঃ বলংঞ্চৈবোরোত্তরং।
ভাগ্যেশঃ সর্ব্বদা সৌম্যো ন ক্রুরঃ ফলদায়কঃ ॥
পুত্রাধিপোপিশুভদঃ ক্রুরোপি সুখদঃ স্মৃতঃ।
ত্রিলাভরিপুমৃত্যুনাং পতয়ো দুঃখদায়কাঃ ॥

ভাগ্যাধিপতি অর্থাৎ একাদশাধিপতি শুভগ্রহ হইলে কখন অশুভ ফল দান করেন না। পুত্রাধিপতি অর্থাৎ পঞ্চমাধিপতি শুভগ্রহ হইলে শুভদাতা, কিন্তু পঞ্চমাধিপতি অশুভ গ্রহ হইলেও শুভদাতা হন। তৃতীয়, একাদশ, ষষ্ঠ ও অষ্টমাধিপতি সর্ব্বদা দুঃখপ্রদ হন।

শুভোপিশুভদো নৈব দশাযোগেথবাপি চ।
অষ্টমাধিপতির্দোষস্তুলামেষে নহিক্কচিৎ ॥
অলৌষষ্ঠাষ্টদোষোন বৃষভোপি ন দোষভাক্।
যদ্যদ্ভাবগতোরাহুঃ কেতুশ্চজননেনৃণাং।
যদ্যদ্ভাবেশ সংযুক্ত স্তৎফলং প্রদিশেদলং ॥

শুভগ্রহ দশাযোগে শুভফল প্রদান করেন না। কারণ, দশাধিপতি বল ও সম্বন্ধ যোগে ফল প্রদান করেন। তুলা ও মেষ রাশির অষ্টমাধিপতি জন্য দোষ হয় না। বৃশ্চিক রাশির ষষ্ঠ ও অষ্টম জন্যঃদোষ হয় না এবং বৃষভ রাশি ষষ্ঠ অষ্টম জন্য দোষ হন না। মানবগণের জন্মকালে রাহু ও কেতু যে ভাবে অথবা যাহার সঙ্গে থাকেন, সেই গ্রহের মত ফলদান করেন।

অথ মেষলগ্নফলং।

মন্দসৌম্যসিতাঃপাপাঃ শুভৌগুরুদিবাকরৌ।
ন শুভং যোগমাত্রেণ প্রভবেচ্ছনিজীবয়োঃ ॥
পরতন্ত্রেণ জীবস্য পাপকর্ম্মাপিনিশ্চিতং।
কবিঃ সাক্ষাৎ নিহন্তাস্যাৎ মারকত্বেন লক্ষিতঃ ॥
মন্দাদয়োনিহন্তারো ভবেয়ুঃ পাপিনোগ্রহাঃ।
শুভাশুভফলান্যেবং জ্ঞাতব্যানিক্রিয়োদ্ভবৈঃ ॥

যাহার মেষ লগ্নে জন্ম হইয়াছে তাহার শনি, বুধ ও শুক্র ইহারা পাপগ্রহ। কারণ, শনি একাদশাধিপতি বুধ ষষ্ঠাধিপতি শুক্র সপ্তমাধিপতি। বৃহস্পতি ও রবি শুভপ্রদ। কারণ, বৃহস্পতি নবমাধিপতি ও রবি পঞ্চমাধিপতি। শনি ও বৃহস্পতির যোগ হইলে শুভ হইবেক না। দশম মকরাধিপতি শনি ও দ্বাদশ মীনাধিপতি বৃহস্পতি। বৃহস্পতি দ্বাদশাধিপতি প্রযুক্ত পাপ-কর্ম্মা অর্থাৎ অশুভ। শুক্র সাক্ষাৎ মারক। কারণ, দ্বিতীয় বৃষভাধিপতি। সপ্তমাধিপতি ও দ্বিতীয়াধিপতি সাক্ষাৎ মারক, তন্মধ্যে সপ্তমাধিপতি হইতে দ্বিতীয়াধিপতি বলবান। শনি মঙ্গল প্রভৃতি পাপগ্রহ নিহন্তা মারক। কারণ, অষ্টমাধিপতি ও একাদশাধিপতি প্রযুক্ত। এইরূপে মেষলগ্নে যাহার জন্ম তাহার এইরূপ ফল বিবেচনা করিবে।

অথ বৃষলগ্নফলং।

জীবশুক্রেন্দবঃ পাপাঃ শুভৌ শনিদিবাকরৌ।
রাজযোগকরঃ সাক্ষ্যাদেকএব রবেঃ সুতঃ ॥

জীবাদয়োগ্রহাঃ পাপাঃ সন্তিমারকলক্ষণাঃ।
বুধস্তত্রফলান্যেবং জ্ঞেয়ানি বৃষজন্মনঃ॥

যাহার বৃষলগ্নে জন্ম হয়, তাহার বৃহস্পতি, শুক্র ও চন্দ্র পাপগ্রহ। কারণ, একাদশাধিপ বৃহস্পতি, ষষ্ঠাধিপ শুক্র এবং তৃতীয়াধিপ চন্দ্র। শনি ও রবি শুভদায়ক। কারণ, শনি নবম মকরাধিপতি এবং রবি চতুর্থ সিংহ কেন্দ্রাধি-পতি। একমাত্র রাজযোগ কারক শনি। কারণ, দশম কুম্ভাধিপতি। বৃহস্পতি চন্দ্র ও মঙ্গল গ্রহ অশুভদাতা। কারণ, অষ্টম ধনুর অধিপতি, বৃহস্পতি তৃতীয় কর্কটের অধিপতি চন্দ্র, দ্বাদশ মেষের অধিপতি মঙ্গল। সাক্ষাৎ দ্বিতীয়াধিপতি মারক বুধ। এইরূপ বৃষলগ্নে জন্ম হইলে গ্রহগণের প্রতি বিচার করিবে।

অথ মিথুনলগ্নফলং।

ভৌমজীবারুণাঃ পাপা একত্রবককবিঃ শুভঃ।
শনৈশ্চরেণ জীবস্য যোগো মেষভবো যথা॥
নায়ং শশী নিহন্তাস্য লক্ষণং পাপ নিষ্ফলং।
জ্ঞাতব্যানিদ্বন্দ্বজস্য ফলান্যেতানি সূরিভিঃ॥

যাহার মিথুন লগ্নে জন্ম হয় তাহার মঙ্গল, বৃহস্পতি ও রবি পাপগ্রহ। কারণ, ষষ্ঠ বৃশ্চিকাধিপতি মঙ্গল, সপ্তম ধনুর অধিপতি মারক বৃহস্পতি, এবং তৃতীয় সিংহের অধিপতি সূর্য্য, একমাত্র শুক্রশুভ। কারণ, পঞ্চম তুলার অধিপতি শুক্র। শনি ও বৃহস্পতির যোগে মেষরাশির ন্যায় রাজযোগ হয় না। দ্বিতীয়াধিপতি মারক, কিন্তু মিথুনের দ্বিতীয় কর্কটের অধিপতি চন্দ্র পূর্ব্বে বলা হইয়াছে চন্দ্র ও রবি মারক হন না, কিন্তু মন্দ ও নিষ্ফল। মিথুন লগ্নে গ্রহগণের প্রতি এইরূপ বিচার করিবে।

অথ কর্কটলগ্নফলং।

ভার্গবেন্দু সুতৌপাপৌ ভূসুতাঙ্গিরসৌশুভৌ।
একএবগ্রহঃসাক্ষ্যাৎ ভূসুতোযোগকারকঃ॥

নিহন্তাবরিজোন্যেতু মানিনোমারকাহ্বয়াঃ।
কুলীরসম্ভবস্যৈবফলান্যুক্তানি সূরিভিঃ॥

যাহার কর্কট লগ্নে জন্ম হইয়াছে তাহার শুক্র ও বুধ পাপগ্রহ। কারণ, শুক্র একাদশ বৃষাধিপতি এবং তৃতীয় কন্যাধিপতি বুধ এজন্য পাপগ্রহ। মঙ্গল ও বৃহস্পতি শুভগ্রহ। কারণ, মঙ্গল পঞ্চম বৃশ্চিকাধিপতি ও নবমাধিপতি বৃহস্পতি, এজন্য শুভ। কেবলমাত্র মঙ্গল যোগকারক। কারণ, মঙ্গল দশম মেষাধিপতি। রবিজ শনি এবং রবি ও বুধ মারক হইবেন। কারণ, অষ্টমাধিপতি শনি দ্বিতীয় সিংহাধিপতি রবি এবং তৃতীয়াধিপতি বুধ ইহারা নিহন্তা অর্থাৎ অশুভদাতা হইবেন। কর্কট লগ্নে জন্ম হইলে পণ্ডিতগণ গ্রহগণের প্রতি এইরূপ বিচার করিয়াছেন।

অথ সিংহলগ্নফলং।

রৌহিণেয়সুতৌপাপৌ কুজজীবৌশুভাবহৌ।
প্রভবেদেযাগমাত্রেণ ন শুভং গুরুশুক্রয়োঃ॥
ঘ্নন্তিসৌম্যাদয়ঃ পাপাঃ মারকত্বেন লক্ষিতাঃ।
এবংফলানিবেদ্যানি সিংহেযস্য জনুর্ভবেৎ॥

যাহার সিংহলগ্নে জন্ম হয়, তাহার রোহিণের সুত বুধদ্বয় পাপগ্রহ। কারণ, একাদশ মিথুনের অধিপতি বুধ এবং দ্বিতীয় কন্যার অধিপতি বুধ এজন্য পাপ মধ্যে গণ্য। মঙ্গল ও বৃহস্পতি শুভকারক। কারণ, পঞ্চম ধনুর অধিপতি বৃহস্পতি ও নবম মেষের অধিপতি মঙ্গল এজন্য শুভ। বৃহস্পতি ও শুক্রের সহিত যোগ হইলে শুভদায়ক হইবেন না। কারণ, অষ্টম মীনের অধিপতি, বৃহস্পতি ও দশম বৃষের অধিপতি শুক্র। অষ্টমাধিপতির সহিত যোগ হওয়াতে শুভদ হইবেন না। দ্বিতীয় ও সপ্তম মারক, এজন্য দ্বিতীয় কন্যার অধিপতি বুধ এবং সপ্তম কুম্ভের অধিপতি শনি একারণ অশুভদাতা। এইরূপ সিংহ লগ্নে যে জন্মগ্রহণ করে, তাহার প্রতি গ্রহগণের এই প্রকার বিচার করিয়াছেন।

অথ কন্যালগ্নফলং।

কুজজীবেন্দবঃ পাপা একএব গুরুঃ শুভঃ।
ভার্গবেন্দু সুতাবেব ভবেতাং যোগকারকৌ॥
নিহন্তা কবিরন্যেতু মারকাস্তকুজাদয়ঃ।
প্রতীক্ষতে ফলান্যুক্তান্যেবং কন্যাভবোবুধৈঃ।

কন্যালগ্নে জন্ম হইলে মঙ্গল, বৃহস্পতি ও চন্দ্র পাপ। কারণ, মঙ্গল অষ্টমাধিপ, বৃহস্পতি চতুর্থাধিপ ও চন্দ্র একাদশ কর্কটাধিপ প্রযুক্ত। একমাত্র বৃহস্পতি চতুর্থ কেন্দ্রাধিপতিপ্রযুক্ত শুভ, শুক্র ও বুধ যোগকারক। কারণ, নবম বৃষভাধিপতি শুক্র এবং দশম মিথুনাধিপতি বুধ। শুক্র মারক দ্বিতীয়াধিপ প্রযুক্ত এবং তৃতীয়াধিপতি মঙ্গল প্রভৃতি গ্রহগণ মারক মধ্যে গণ্য। পণ্ডিতগণ এইরূপ কন্যালগ্নের শুভাশুভ বিচার করিয়াছেন।

অথ তুলালগ্নফলং।

জীবার্কমহিজাঃ পাপাঃ শনৈশ্চরবুধৌশুভৌ।
ভবেতাং রাজযোগস্য কারকৌচন্দ্রতৎ সুতৌ॥
কুজোনিহন্তি জীবাদ্যাঃ পরে মারক লক্ষণাঃ।
নিহন্তারঃ ফলান্যেবং কাব্যোনতু তুলোদ্ভবঃ॥

যাহার তুলালগ্নে জন্ম হয় তাহার বৃহস্পতি সূর্য্য ও মঙ্গল পাপ অর্থাৎ অশুভ-প্রদ। কারণ, ষষ্ঠ মীনের অধিপতি বৃহস্পতি, একাদশ সিংহের অধিপতি রবি এবং দ্বিতীয় বৃশ্চিকের অধিপতি মঙ্গল। শনি ও বুধ শুভ অর্থাৎ মঙ্গলপ্রদ। কারণ, পঞ্চম কুম্ভের অধিপতি শনি এবং নবম মিথুনের অধিপতি বুধ। চন্দ্র ও বুধের যোগে রাজযোগ হইবে। কারণ, দশম কর্কটের অধিপতি চন্দ্র এবং নবম মিথুনের অধিপতি বুধ। দ্বিতীয় বৃশ্চিকের অধিপতি মঙ্গল মারক। পরে ষষ্ঠাধিপ বৃহস্পতি ও দ্বাদশাধিপ বুধ ইহারা মারক সংজ্ঞামধ্যে গণ্য। তুলালগ্নে জন্ম হইলে অষ্টমাধিপ প্রযুক্ত শুক্র মারক হইবেন না। পণ্ডিতগণ এইরূপ গণনা করিয়াছেন।

অথ বৃশ্চিকলগ্নফলং।

সৌম্যভৌমাঃ সিতাঃ পাপাঃ শুভৌগুরুনিশাকরৌ।
সূর্য্যচন্দ্রমসাবেবং ভবেতাং যোগকারকৌ॥
জীবোনিহন্তা সৌম্যাস্থাঃ হন্তারো মারকাহ্বয়াঃ।
তত্তৎ ফলানি বিজ্ঞেয়া ন্যেবং বৃশ্চিক জন্মনঃ॥

বৃশ্চিক লগ্নে জন্ম হইলে বুধ, মঙ্গল ও শুক্র পাপ। কারণ, অষ্টম মিথুনাধিপতি বুধ, ষষ্ঠ মেষাধিপতি মঙ্গল এবং দ্বাদশ তুলাধিপতি শুক্র। গুরু ও চন্দ্র শুভগ্রহ। চন্দ্র ও সূর্য্য যোগে রাজযোগ হইবেক। কারণ, নবম কর্কটাপতি চন্দ্র ও দশম সিংহাধিপতি সূর্য্য। বৃহস্পতি মারক। কারণ, দ্বিতীয় ধনুর অধিপতি বৃহস্পতি এবং বুধ প্রভৃতি অষ্টম মিথুনাধিপতি প্রযুক্ত, উহারা মারক সংজ্ঞা মধ্যে গণ্য। বিপশ্চিৎগণ বৃশ্চিক লগ্নের এইরূপ গণনা করিয়াছেন।

অথ ধনুর্লগ্নফলং।

একএবকরিঃ পাপঃ শুভৌসৌম্য দিবাকরৌ।
যোগোভাস্কর সৌম্যাভ্যাং নিহন্তাভাস্বতঃ সুতঃ॥
ঘ্নন্তি শুক্রাদয়ঃ পাপাঃ মারকত্বেন লক্ষিতাঃ।
জ্ঞাতব্যানি ফলান্যেবং চাপজস্যমনীষিভিঃ॥

ধনুলগ্নের একমাত্র শুক্র পাপগ্রহ। কারণ, ষষ্ঠ বৃষের অধিপতিপ্রযুক্ত। বুধ ও রবি শুভকারক। কারণ, নবম সিংহের অধিপতি রবি এবং দশম কন্যার অধিপতি বুধ এবং নবমাধিপতি ও দশমাধিপতির যোগে রাজযোগ হইবে। শনি নিহন্তামারক। কারণ, দ্বিতীয় মকরাধিপতিপ্রযুক্ত। শুক্র মারক মধ্যে গণ্য। কারণ, একাদশাধিপতি শুক্র। পণ্ডিতগণ এইরূপ ধনু লগ্নের গণনা করিয়াছেন।

অথ মকরলগ্নফলং।

কুজজীবেন্দবঃ পাপাঃ শুভৌ ভার্গবচন্দ্রজৌ।
স্বয়ঞ্চৈবনিহন্তা স্যান্মন্দোভৌমাদয়োপরে॥
তল্লক্ষণানি হন্তারঃ কবিরেকঃ সুযোগকৃৎ।
জ্ঞাতব্যানি ফলান্যেবং বিবুধৈর্ম্মগজন্মনঃ॥

মকর লগ্নের মঙ্গল, বৃহস্পতি ও চন্দ্র পাপ। কারণ, একাদশ বৃশ্চিকের অধিপতি মঙ্গল। দ্বাদশ ধনুর অধিপতি বৃহস্পতি এবং সপ্তম মারক কর্কটের অধিপতি চন্দ্র। শুক্র ও বুধ শুভদাতা। কারণ, নবমকন্যাধিপতি বুধ এবং দশম তুলার অধিপতি শুক্র প্রযুক্ত। শনি ও মঙ্গল নিহন্তা। কারণ, দ্বিতীয় কুম্ভাধিপতি শনি। একাদশ বৃশ্চিকের অধিপতি মঙ্গল। একমাত্র শুক্র সুযোগ-কারক। কারণ, পঞ্চম বৃষের ও দশম তুলার অধিপতি শুক্র। পণ্ডিতগণ মকর লগ্নে এইরূপ গণনা করিয়াছেন।

অথ কুম্ভলগ্নফলং।

জীবচন্দ্রকুজাঃ পাপা একোদৈত্যগুরুঃ শুভঃ।
রাজযোগকরোভৌমঃ কবিশ্চৈব বৃহস্পতিঃ॥
নিহন্তাপ্যন্তিভৌমাস্যা মারকত্বেন লক্ষিতাঃ।
এবমেব ফলান্যূহ্যান্যেতানি ঘটজন্মনঃ॥

কুম্ভ লগ্নে বৃহস্পতি, চন্দ্র ও মঙ্গল পাপ। কারণ, একাদশ ধনুর অধি-পতি বৃহস্পতি। ষষ্ঠ ও কর্কটের অধিপতি চন্দ্র এবং তৃতীয় মেষের অধিপতি মঙ্গল। একমাত্র শুক্র নবমাধিপতি প্রযুক্ত শুভ। দশম বৃশ্চিকাধিপতি মঙ্গল। যোগকারক শুক্র ও বৃহস্পতি, চতুর্থ বৃষাধিপতি শুক্র এবং দ্বিতীয় মীনের অধিপতি বৃহস্পতি প্রযুক্ত। মঙ্গল প্রভৃতি গ্রহ মারক সংজ্ঞা মধ্যে গণ্য। কুম্ভলগ্নে যাহার জন্ম হইয়াছে, তাহার প্রতি পণ্ডিতগণ এইরূপ গণনা করিয়াছেন।

অথ মীনলগ্নফলং।

মন্দশুক্রাংসবঃ পাপাঃ সৌম্যোভৌমোবিধুঃ শুভঃ।
মহীসুত গুরৌযোগে কারণেনৈব ভূসুতঃ॥
মারকান্ কারকান্‌বীক্ষ্য মন্দজ্ঞৌঘ্নন্তি পাপিনঃ।
ইত্যুহ্যানি ফলান্যেবং বুধৈস্তুহ্যষজন্মনঃ॥

মীনলগ্নের শনি শুক্র ও রবি পাপ। কারণ, একাদশ মকরাধিপতি শনি ও অষ্টম তুলাধিপতি শুক্র এবং ষষ্ঠ সিংহাধিপতি রবি প্রযুক্ত। বুধ, মঙ্গল ও চন্দ্র শুভ। কারণ, সপ্তম কন্যাধিপতি বুধ, নবম বৃশ্চিকাধিপতি মঙ্গল এবং চন্দ্র পঞ্চম কর্কটাধিপতি প্রযুক্ত। মঙ্গল ও বৃহস্পতির যোগে রাজযোগ হইবে। বৃহস্পতি দশমাধিপতি মঙ্গল, দ্বিতীয় মেষাধিপতি প্রযুক্ত মারক, কিন্তু নবম বৃশ্চিকাধিপতিযুক্ত যোগ কারক হইবেন। এইরূপ কারণে, শনি ও বুধ মারক। কারণ, একাদশ মকরাধিপতি শনি ও চতুর্থ মিথুনাধিপতি প্রযুক্ত পাপ। এইরূপ মীনলগ্নে কারক মারক দেখিয়া পণ্ডিতগণ বিচার করিবেন।

এতচ্ছাস্ত্রানুসারেণ মারকান্ নির্দ্দিশেৎ বুধঃ।
চন্দ্রসূর্য্যোবিনাসর্ব্বে মারকাঃ পরিকীর্ত্তিতাঃ॥
স্বদশায়াং স্বভুক্তৌচ নরাণাং নিধনং নহি।
কচিদ্দশাবামিচ্ছন্তি স্বভুক্তেঃ ন কদাচনঃ॥

ইতি শ্রীবৃহৎ পারাশরহোরা পূর্ব্বখণ্ড সারাংশে কারকমারকাদি বিচারকথনং নাম ত্রয়োদশাধ্যায়ঃ।

এই সকল শাস্ত্র অবলোকন করিয়া মারক নির্ণয় করিবেন। মানবগণের গ্রহগণের স্বদশায় কিম্বা নিজান্তর্দ্দশায় মৃত্যু হইবে না। কোন স্থানে স্বদশায় মৃত্যু হইবেক। নিজান্তর্দ্দশায় কখন মৃত্যু হইবেক না।

এইরূপ বৃহৎ পারাশরীতে কারক ও মারক বিচার করিয়াছেন।

অথ দ্বাদশভাব নিরীক্ষণফলং।

তনুভাবঃ।

তনোরূপঞ্চজ্ঞানঞ্চ বর্ণঞ্চৈব বলাবলং।
শীলংবৈপ্রকৃতিশ্চাথ তনুস্থানান্নিরীক্ষয়েৎ॥

শরীরের রূপ, জ্ঞান, বর্ণ, বলাবল, শীলতা, প্রকৃতি অর্থাৎ স্বভাব তাহা তনুস্থান হইতে চিন্তা করিবেন।

ধনভাবঃ।

ধনং সুখঞ্চ ভুক্তিঞ্চ সত্যঞ্চ বহুভাষণং।
ধাতুরত্নাদিকং সর্ব্বং ধনস্থানান্নিরীক্ষয়েৎ॥

ঐশ্বর্য্য, সুখ, ভোগ, সত্যবাদিতা, বহুভাষিতা, ধাতু রত্নাদি সমস্ত ধনস্থান হইতে চিন্তা করিবেক।

সহোদরভাবঃ।

বিক্রমং ভৃত্যভ্রাত্রাদি উপদেশ প্রয়াণকং।
পিত্রোর্বৈ মরণং বিন্দ্যাৎ দুশ্চিক্যাচ্চনিরীক্ষয়েৎ॥

বিক্রম, ভৃত্য, কনিষ্ঠভ্রাতা, উপদেশ, গমন এবং পিতামাতার মৃত্যু দুশ্চিক্যাৎ অর্থাৎ তৃতীয় স্থান হইতে চিন্তা করিবেক।

বন্ধুভাবঃ।

বাহনং বহুমাতৃশ্চ সিংহাসন সুখে গৃহাঃ।
বন্ধুমিত্রমিদং স্থানং পাতালাচ্চ নিরীক্ষয়েৎ॥

বাহন, বহুমাতা, সিংহাসন, সুখ, গৃহ, বন্ধু ও মিত্র পাতাল অর্থাৎ চতুর্থ স্থান হইতে চিন্তা করিবেক।

পুত্রভাবঃ।

যন্ত্রমন্ত্রৌ তথাবিদ্যা বুদ্ধেশ্চৈব প্রবন্ধকাঃ।
পুত্রঞ্চ মাতুলঞ্চৈব পশ্যেৎ পুত্রালয়াদ্বুধঃ॥

যন্ত্র, মন্ত্র, বিদ্যা ও বুদ্ধির প্রাখর্য্যতা, পুত্র ও মাতুল পঞ্চম স্থান হইতে বিচার করিবেক।

রিপু।

রিপুঃকান্তির্বলং রোগং মুদারঞ্চ ব্রণাদিকান্।
হৃদয়ং মাতুলঞ্চৈব হরিস্থানান্নিরীক্ষয়েৎ॥

শত্রু, শরীরের কান্তি, বল, পীড়া, উদারতা এবং ব্রণাদি হৃদয় ও মাতুল প্রভৃতি শত্রু স্থান হইতে চিন্তা করিবে।

জায়া।

জায়ামদ্ধপ্রয়াণঞ্চ দন্তনাভিশ্চ রোগযুক্।
মরণঞ্চ স্বদেহস্য জায়াভাবান্নিরীক্ষণং॥

ভার্য্যা, পথিগমন ও দন্তনাভির পীড়া, ও স্বদেহের নাশ জায়া স্থান হইতে চিন্তা করিবে।

নিধন।

ঋণদানগ্রহণয়োঃ গুদেচৈবাঙ্কুরাদয়ঃ।
গত্যনুক্তাদিকং সর্ব্বং পশ্যেৎ রন্ধ্রাদ্বিচক্ষণঃ॥

ঋণদান ও ঋণগ্রহণ, গুহ্যদেশে পীড়া এবং গমনের প্রতিবন্ধকাদি কার্য্য অষ্টম স্থানে চিন্তা করিবে।

ধর্ম্ম।

হর্ম্মং ধর্ম্মঞ্চ জ্ঞানঞ্চ ভ্রাতৃপত্ন্যাদয়স্তথা।
তীর্থযাত্রাদিকং সর্ব্বং ধর্ম্মস্থানান্নিরীক্ষয়েৎ॥

ইষ্টকাগির ধর্মজ্ঞান ভ্রাতৃজায়া প্রভৃতি এবং তীর্থযাত্রাদি কার্য্য সকল ধর্ম্ম স্থান অর্থাৎ নবম স্থানে চিন্তা করিবে।

কর্ম্ম।

রাজ্যঞ্চাকাশবৃত্তিঞ্চ মানঞ্চৈবপিতাতথা।
প্রবাসস্য ঋণঞ্চাপি ব্যোমস্থানান্নিরীক্ষয়েৎ॥

রাজ্য, আকাশবৃত্তি, মান, পিতা ও প্রবাসের ঋণ এই সকল ব্যোম স্থান অর্থাৎ দশম স্থানে চিন্তা করিবে।

আয়।

লাভঞ্চ জ্যেষ্ঠভ্রাতৃংশ্চ কর্ণ জঙ্ঘাদিকানপি।
রিপূণাং বিভবঞ্চাপি ভবস্থানান্নিরীক্ষয়েৎ॥

লাভ, জ্যেষ্ঠ ভ্রাতা, কর্ণ, জঙ্ঘা এবং শত্রুর বিভব, ভবস্থান অর্থাৎ একাদশ স্থানে নিরীক্ষণ করিবে।

ব্যয়।

ব্যয়ঞ্চ বৈরিবৃত্তান্তং রিপ্ফস্থানাদ্বিনির্দ্দিশেৎ।

ব্যয়, শত্রুর সম্বাদ রিপ্ফ অর্থাৎ দ্বাদশ স্থান হইতে নির্ণয় করিবে।

অথ রিষ্টবিচার।

চতুর্ব্বিংশতিবর্ষাণি যাবদগচ্ছন্তি জন্মতঃ।
জন্মরিষ্টন্তাবৎস্যাদায়ুর্দ্দায়ং ন চিন্তয়েৎ॥
ষষ্ঠাষ্টরিষ্টগশ্চন্দ্রঃ ক্রূরৈশ্চ সহবীক্ষিতঃ।
জাতস্য মৃত্যুদঃ সদ্যস্তুষ্টবর্ষৈঃ শুভেক্ষিতঃ॥

বালকের জন্ম সময় হইতে চব্বিশ বৎসর পর্য্যন্ত রিষ্টকাল। এ সময় আয়ুর্দ্দায় চিন্তা না করিয়া রিষ্ট গণনা করিবে। লগ্নের ষষ্ঠ কিম্বা অষ্টম গৃহগত

চন্দ্র যদি পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হন, তাহা হইলে সদ্য মৃত্যু। যদি শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে অষ্টবর্ষে মৃত্যু হইবে।

যস্য জন্মনিধিস্থাঃ স্যুঃ সূর্য্যার্কীন্দুকুজাভিধাঃ।
তস্যত্বাশু জনিত্রীচ ভ্রাতাচ নিধনং ভবেৎ॥
পাপেক্ষিতোযুতো ভৌমো লগ্নগো ন শুভেক্ষিতঃ।
মৃত্যুদস্ত্বষ্টমস্থোপি শৌরেণার্কেণ বাপুনঃ॥

যে বালকের জন্মকালে রবি, শনি, চন্দ্র ও মঙ্গল জন্মলগ্নে থাকেন, শীঘ্র তাহার মাতা, ভ্রাতা নিধন প্রাপ্ত হয়।

পাপগ্রহ কর্তৃক দৃষ্ট কিম্বা পাপগ্রহযুক্ত মঙ্গল যদি লগ্নে থাকেন এবং শুভগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে মৃত্যু হয়, যদি মঙ্গল অষ্টমস্থ হইয়া শনি কিম্বা রবিকর্তৃক দৃষ্ট হন, তাহা হইলেও মৃত্যু হইবেক।

চন্দ্রসূর্য্যগ্রহেরাহু চন্দ্রসূর্য্যযুতোযদি।
সৌরিভৌমেক্ষিতং লগ্নং পক্ষমেকং সজীবতি॥
কর্ম্মস্থানে স্থিতঃ সৌরিঃ শত্রুস্থানে কলানিধিঃ।
ক্ষিতিজে সপ্তমে স্থানে সমাত্রাম্রিয়তেশিশুঃ॥

জন্মকালে চন্দ্র ও সূর্য্যের গৃহে, রাহু চন্দ্রসূর্য্যযুক্ত থাকেন এবং শনি ও মঙ্গল যদি লগ্নের প্রতি দৃষ্টি করেন, তাহা হইলে বালক একপক্ষ জীবিত থাকিবেক।

যাহার কর্ম্মস্থানে অর্থাৎ দশম গৃহে শনি থাকেন, শত্রু অর্থাৎ ষষ্ঠস্থানে চন্দ্র থাকেন এবং মঙ্গল সপ্তমে থাকেন, তাহা হইলে বালক মাতার সহিত যমালয়ে গমন করে।

লগ্নে ভাস্করপুত্রশ্চ নিধনে চন্দ্রমাযদি।
তৃতীয়স্থোযদাজীবঃ স যাতি যমমন্দিরং॥
হোরায়াং নবমে সূর্য্যঃ সপ্তমস্থঃ শনৈশ্চরঃ।
একাদশ গুরুঃ শুক্রোমাসমেকং সজীবতি॥

যাহার লগ্নে শনি ও অষ্টমে চন্দ্র এবং তৃতীয় স্থানে বৃহস্পতি, সে অবশ্যই যমালয়ে গমন করিবেক।

যাহার লগ্নের নবম স্থানে সূর্য্য, সপ্তমে শনৈশ্চর এবং একাদশে বৃহস্পতি, শুক্র, সে একমাস পর্য্যন্ত জীবিত থাকিবেক।

পাপান্বিতঃ শশীধর্ম্মে দ্যূনলগ্নগতোযদি।
শুভৈরবীক্ষিত যুতস্তদামৃত্যুপ্রদঃ শিশোঃ॥
সন্ধ্যায়াং চন্দ্রহোরায়াং সন্ধ্যান্তে নিধনায়বৈ।
প্রত্যেকং চন্দ্র পাপৈশ্চ কেন্দ্রগৈঃ স্যাদ্বিনাশনং॥
রবেস্তু মণ্ডলার্দ্ধাস্তাৎ সায়ংসন্ধ্যাত্রিনাড়িকা।
তথৈবার্দ্ধোদয়াৎ পূর্ব্বং প্রাতঃসন্ধ্যাত্রিনাড়িকা॥
চক্রপূর্ব্বাপরার্দ্ধেষু ক্রুর সৌম্যেষু কীটভে।
লগ্নগেনিধনং যাতি নাত্রকার্য্যাবিচারণা॥

যাহার জন্মকালে পাপযুক্তচন্দ্র, নবম সপ্তমে অথবা লগ্নগত হইয়া এবং শুভ-গ্রহযুক্ত না হয় এবং শুভগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে বালকের মৃত্যু হয়। যাহার সন্ধ্যাকালে চন্দ্র হোরাতে জন্ম হয় কিম্বা গণ্ডে জন্ম হয়, তাহার জন্ম কেবল মৃত্যুর জন্য। অথবা পাপযুক্ত চন্দ্র কোন কেন্দ্রগত হন, তাহা হইলে তাহার জন্ম বিনাশের জন্য। সায়ংকালে যে সময়ে সূর্য্য অস্ত হইবেন, তাহার তিন দণ্ড পূর্ব্বে এবং প্রাতঃকালে যে সময়ে সূর্য্য উদয় হন, তাহার তিন দণ্ড মধ্যে যদি জন্ম লগ্নে শুভাশুভ গ্রহ অবস্থিতি করেন, তাহা হইলে বালকের নিশ্চয় মৃত্যু হইবে।

লগ্নসপ্তমগৌপাপৌ চন্দ্রোপিক্রুরসংযুতঃ।
যদাত্ববীক্ষিতঃ সৌম্যৈঃ শীঘ্রং মৃত্যুর্ভবেত্তদা॥
জীর্ণেশশিনি লগ্নস্থে পাপৈঃ কেন্দ্রাষ্টমস্থিতৈঃ।
যোজাতোমৃত্যুমাপ্নোতি সবিপ্রেশ নসংশয়ঃ॥

যাহার লগ্ন হইতে সপ্তম স্থানে দুইটী পাপগ্রহ অবস্থান করেন এবং চন্দ্র পাপগ্রহযুক্ত হন, তাহাতে যদি শুভগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে জাতক শীঘ্র যমসদনে গমন করে।

যাহার জন্মকালে লগ্নে ক্ষীণ চন্দ্র অথবা কেন্দ্রও অষ্টম স্থানে পাপযুক্ত থাকেন, হে বিপ্রবর! এইরূপ যোগে যে বালক জন্মগ্রহণ করে, সে নিশ্চয় যমালয়ে গমন করে।

পাপয়োর্ম্মধ্যগশ্চন্দ্রো লগ্নাষ্টাদ্যন্তসপ্তমঃ।
অচিরান্মৃত্যুমাপ্নোতি যোজাতঃ স শিশুস্তদা॥
পাপদ্বয় মধ্যগতে চন্দ্রেলগ্ন সমাশ্রিতে।
সপ্তাষ্টমেন পাপেন মাত্রাসহমৃতঃ শিশুঃ॥

দুই পাপের মধ্যে লগ্নে কিম্বা লগ্নের আদি ও অন্তে অথবা অষ্টম কিম্বা সপ্তমে চন্দ্র থাকেন, তাহা হইলে সেই শিশু শীঘ্র যমালয় দর্শন করে।

যাহার জন্মকালে দুই পাপের মধ্যে চন্দ্র লগ্নে থাকেন এবং যদি তাহার সপ্তম ও অষ্টম স্থানে পাপগ্রহ থাকে, তাহা হইলে বালক মাতার সহিত ধর্ম্ম-রাজের পুরী দর্শন করে।

শনৈশ্চরার্ক ভৌমেষু রিপুধর্ম্মাষ্টমেষু চ।
শুভৈরবীক্ষ্যমানেষু যোজাতো নিধনংগতঃ॥
যদ্রেক্কাণে চ যামিত্রে যস্যস্যাদ্দারুণোগ্রহঃ।
ক্ষীণচন্দ্রোবিলগ্নস্থঃ সদ্যোহরতি জীবনং॥
আপক্লিমস্থিতাঃ সর্ব্বেঃ গ্রহাবলবিবর্জ্জিতাঃ।
ষন্মাসং বা দ্বিমাসংবা তস্যায়ুঃ সমুদাহৃতং॥

রিপ্ফ অর্থাৎ 'দ্বাদশ' ধর্ম্ম অর্থাৎ 'নবম' ও অষ্টম গৃহে যদি শনি রবি ও মঙ্গল থাকেন, তাহাতে যদি শুভগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে এই যোগে যে জন্মগ্রহণ করে, সে অন্তক সদনে গমন করে। যাহার প্রাতঃকালে অথবা

যামিত্রে অর্থাৎ সপ্তমে যদি দারুণ গ্রহ অর্থাৎ রাহু থাকেন এবং ক্ষীণচন্দ্র যদি লগ্নস্থ হন, তাহা হইলে সদ্য তাহার জীবন হরণ করে।

যদি আপক্লিমে দুর্ব্বল গ্রহ সকল বাস করে, তাহা হইলে তাহার জীবন ছয় মাস অথবা দুই মাস হইবে।

তুহিণকিরণ হোরিকাচ
ভচরমগাঃ খলখেচরজনৌচেৎ।
মৃতিরথরজনীশ পাপখেটৈ
রখিল চতুষ্টয়গৈর্বিনাশমেতি॥

যাহার চন্দ্রহোরার উদিতাবস্থায় অর্থাৎ হোরাকুণ্ডলীতে লগ্ন, চন্দ্রের হোরায় পতিত হইলে উভয় সন্ধ্যাকালে যদি কোন বালকের জন্ম হয়, এই সময়ে কোন পাপগ্রহ, রাশির অন্তিমাংশে থাকে, তাহা হইলে জাত বালক বিনষ্ট হইবে। অংশ শব্দে প্রায় রাশির নবাংশ বুঝায়, এখানে তাহা নহে। এস্থলে অন্তিমাংশ শব্দে রাশির ত্রিংশত্তমাংশ বুঝিতে হইবে। সূর্য্যোদয়ের পূর্ব্ব দেড় দণ্ড এবং সূর্য্যাস্তের পর দেড় দণ্ড সময়কে সন্ধ্যা কহে। এক্ষণে আর একটী যোগ আছে, কেন্দ্রচতুষ্টয়ে অর্থাৎ লগ্ন চতুর্থ, সপ্তম, দশম এই চারি স্থানে কোন পাপগ্রহ ও চন্দ্র অবস্থিতি করিলে অর্থাৎ রবি, মঙ্গল ও শনি চন্দ্র চারি গ্রহ কেন্দ্রে থাকিলে জাত বালকের মৃত্যু হয়।

খল খগ সহিতো নিশাকরোঽয়ং
তনুমৃতি মারগতোহি জন্মকালে।
মৃতিপদমুপযাতি দেববালো
হ্যপিচ সকলৈরবলোকিতো ন সৌম্যেঃ॥

যাহার জন্মকালে খল খগ অর্থাৎ পাপগ্রহযুক্ত চন্দ্র যদি লগ্নে ও অষ্টমে মারিক গত হয়, যদি সমস্ত পাপগ্রহ তাহাকে অবলোকন করেন, শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে দেববালক হইলে মৃত্যুগ্রস্ত হইবে।

অশুভাবগোদয়গতো শুভদৈ
রবলোকিতো ন খলুযুক্তবিধুঃ।
মৃতিরন্তগে কৃশবিধৌকুগজ্ঞা
গভগৈঃ খলৈরপি বিকেন্দ্রশুভৈঃ॥

যদি লগ্ন কোন স্থির রাশিগত হইয়া দুইটী পাপগ্রহ কর্ত্তৃক যুক্ত, কিম্বা অবলোকিত হন এবং চন্দ্র যে কোন স্থানে অবস্থিতি করিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট, কিম্বা অবলোকন বর্জ্জিত হন, তাহা হইলে বালকের মৃত্যু নিশ্চয় অবধারণ করিবে, অথবা ক্ষীণচন্দ্র দ্বাদশ ভাবগত হন, লগ্ন ও আয়ুস্থান অর্থাৎ অষ্টম স্থান পাপযুক্ত হন এবং কেন্দ্রচতুষ্টয় যদি শুভগ্রহ বর্জ্জিত হন, তাহাতে বালকের মৃত্যু নিশ্চয় করিবে। এস্থলে লগ্ন ও আয়ুস্থানের মধ্যে একটী স্থির রাশি হওয়া নিশ্চয় আবশ্যক।

শীতাং শাবরি বিরতিস্থিতে বিনাশঃ
পাপৈঃ স্যাৎ সপদি যুতেক্ষিতে পিজন্তোঃ।
অষ্টাব্দৈঃ শুভ খেচরৈশ্চ মিশ্রখেটৈঃ
বেদাব্দৈরপি মুনিভির্নিকক্ত মেতৎ॥

শীতাংশু চন্দ্র, অরি অর্থাৎ ষষ্ঠ, বিরতি অর্থাৎ অষ্টম ভাবগত হইলে বালকের অবশ্য মৃত্যু হয়। ঐ ষষ্ঠ কিম্বা অষ্টম ভাবগত চন্দ্র যদি কেবলমাত্র পাপগ্রহযুক্ত বা ইক্ষিত হন, তাহা হইলে বালক আট বৎসর মধ্যে জীবনত্যাগ করিবে। ঐরূপ চন্দ্র যদি শুভাশুভ গ্রহকর্ত্তৃক দৃষ্ট বা অবলোকিত হন, তাহা হইলে বালক চারি বৎসর সময়ে প্রাণত্যাগ করিবে।

অরিবিরতি গতেশুভে চ দৃষ্টে
বলসহিতেন খলেন.মাসমায়ুঃ।
মদনসদনগেপি লগ্ননাথে
খলবিজিতে ধ্রুবমস্যমাসমায়ুঃ॥

যদি লগ্ননাথ ষষ্ঠ কিম্বা অষ্টম ভাবগত হইয়া কোন শুভগ্রহ ও বলবান পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা অবলোকিত হন, তাহাতে বালকের একমাস মাত্র আয়ুঃ হয়। লগ্ননাথ যদি ঐরূপ বলবান পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা অবলোকিত হইয়া সপ্তমে অবস্থিতি করেন, তাহাতে বালকের নিশ্চয় একমাস আয়ু নির্দ্দেশ করিবে।

কৃশশশিনিতনৌ খলেঽষ্টমকেন্দ্রে
মৃতিরথ শীতরুচৌ খলান্তরালে।
মুনিহিবুকলয়স্থিতেপি লগ্নে
সুনিলয়গেঃ সহাম্বয়া খলৈঃ স্যাৎ॥

ক্ষীণচন্দ্র তনুভাবগত অষ্ট, ও কেন্দ্র অর্থাৎ প্রথম চতুঃ সপ্তম ও দশমের মধ্যে কোন পাপগ্রহ থাকিলে বালকের মৃত্যু, অথবা চন্দ্র পাপগ্রহ মধ্যবর্ত্তী হইয়া মুনি সপ্তম, হিবুক চতুর্থ ও লয় অষ্টমে অবস্থিতি করিলে বালকের মৃত্যু হয়, অথবা চন্দ্র হইতে সপ্তম ও অষ্টম স্থানে পাপগ্রহ থাকিলে, তাহাতে বালকের মাতার সহিত মৃত্যু নির্ণয় করিবে।

ভবিরতিগত শোভনৈরদৃষ্টে
শশিনিনবেবু গতৈঃ খলৈর্ম্মৃতিঃ স্যাৎ।
তনুগতহিমগৌ খলেনগস্থে
মৃতিরুদিতা মুনিভিঃ শিশোরবশ্যং॥

শুভগ্রহের দৃষ্টি রহিত লগ্ন ও অষ্টম ভাবগত চন্দ্র এবং নবম ও পঞ্চম ভাবগত পাপগ্রহ হইলে বালক কৃতান্তসদনে গমন করে এবং লগ্নে চন্দ্র, সপ্তমে পাপগ্রহ হইলে বালক অবশ্য মৃত্যুকে আলিঙ্গন করিরে।

সবলশুভখগৈ র্যুতেনদৃষ্টে
তুহিনকরে দিনপেঽথবাতনৌচেৎ।
নিধন নবসুতাশ্রিতাঃ খলাঃ স্যু
নিধনহিমাংশু বদন্তিবৈমুনীন্দ্রাঃ॥

লগ্নে তুহিমকর অর্থাৎ চন্দ্র ও সূর্য্য বলবান শুভগ্রহযুক্ত বা দৃষ্ট এবং অষ্টম নবম ও পঞ্চম পাপগ্রহযুক্ত হয়, তাহা হইলে শীঘ্র বালক যমালয়ে গমন করিবে এবং অষ্টম, নবম ও পঞ্চমে পাপগ্রহ ও অষ্টমে চন্দ্র থাকেন, তাহা হইলে বালকের মৃত্যু হয়, মুনিগণ বলিয়াছেন।

শনিরবিবিধু ভূমিজৈঃ ক্রমেণ
ব্যয়নবলগ্ন লয়াশ্রয়ৈর্ম্মূর্তিঃ স্যাৎ।
সবলসুরপুরোহিতেন দৃষ্টে
ন হিমরণং গদিতং তদামুনীন্দ্রৈঃ॥

শনি, রবি, চন্দ্র ভূমিজ (মঙ্গল) ক্রমান্বয়ে ব্যয় (দ্বাদশ) নব, লগ্ন, লয় (অষ্টম) গৃহে অবস্থিতি করিলে যদি বলবান সুর পুরোহিত (বৃহস্পতি) কর্তৃক দৃষ্ট হন, তাহা হইলে বালকের মৃত্যু হয় না, মুনিগণ বলিয়াছেন।

লয়মার লগ্ন নবধী ব্যয়গঃ
খলখেচরেণ সহিতঃ শীতাংশুঃ।
অবলোকিতো নহিযুতশ্চশুভৈঃ
নিয়তং ভবেৎ স মরণায় তদা॥

খল (পাপ) গ্রহযুক্ত চন্দ্র শুভগ্রহ কর্তৃক অবলোকিত না হইয়া কেবলমাত্র অষ্টম সপ্তম লগ্ন নবম পঞ্চম দ্বাদশ ভাবগত হন, তাহা হইলে বালক কৃতান্ত সদনে গমন করে।

বলিযোগকারক খলাশ্রিতভে
জনিভেতনাবপি যদাস্তি বিধুঃ।
বলসুসংযুত খলজদৃক্ সহিতঃ
সরদন্তএবং মৃতিদঃ সতদা॥

বলবান অরিষ্টযোগ কারক গ্রহগণ যে রাশিতে অবস্থিতি করেন, অথবা জন্মকুণ্ডলীতে ভ্রমণ করিয়া যে সময়ে জন্মরাশি বা জন্মলগ্নে গমন করেন, এই যোগে জন্ম হইলে মানব এক শরৎ অর্থাৎ একবর্ষ মধ্যে অনিষ্ট ফলভোগ করে।

অথ মাতৃকষ্টং।

চন্দ্রমা যদি পাপানাং ত্রিতয়েন প্রদৃশ্যতে।
মাতৃনাশোভবেত্তস্য শুভদৃষ্টে শুভং বদেৎ॥
ধনে রাহু বুধঃ শুক্রঃ সৌরিঃ সূর্য্যোযদাস্থিতঃ।
তস্যমাতুর্ভবেন্মৃত্যু মৃতে পিতরি জায়তে॥
পাপাৎ সপ্তম রন্ধ্রস্থে চন্দ্রেপাপসমন্বিতে।
বলিভিঃ পাপকৈর্দৃষ্টে জাতো ভবতি মাতৃহা॥

যদি চন্দ্র তিনটী পাপগ্রহের সহিত একত্র বাস করেন, তাহা হইলে জাতকের মাতার মৃত্যু হয়। যদি শুভগ্রহ চন্দ্রমাকে অবলোকন করে, তাহাতে মাতার মৃত্যু হইবে না কষ্টমাত্র হইবে। যদি জন্মকালে ধনস্থানে অর্থাৎ লগ্ন হইতে দ্বিতীয় ভবনে রাহু, বুধ, শুক্র, শনি ও সূর্য্য অবস্থিতি করেন, তাহা হইলে জাতকের মাতার মৃত্যু হয়, পরে পিতাও মৃত্যুকে আলিঙ্গন করেন।

যদি পাপগ্রহ হইতে সপ্তম ও অষ্টম স্থানে পাপগ্রহযুক্ত চন্দ্র থাকেন এবং বলবান পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে জাতক মাতৃসুখ ভোগ করিতে অক্ষম হয়।

উচ্চস্থো বাথনীচস্থঃ সপ্তমস্থো যদারবিঃ।
পানহীনো ভবেদ্বাল অজাক্ষীরেণজীবতি॥
চন্দ্রাচ্চতুর্থগঃ পাপো রিপুক্ষেত্রেযদাভবেৎ।
তদামাতুর্বধং কুর্য্যাৎ কেন্দ্রেযদিশুভো নচেৎ॥
দ্বাদশে রিপুভাবেচ যদাপাপগ্রহোভবেৎ।
তদামাতুর্ভয়ং বিন্দ্যাচ্চতুর্থে দশমেপিতুঃ॥

যদি জন্মকালে সূর্য্য উচ্চস্থ বা নীচস্থ হন, তবে বালক মাতার স্তনদুগ্ধ পান করিতে পায় না, সে ছাগদুগ্ধ পান করিয়া জীবন ধারণ করে।

যাহার জন্ম সময়ে চন্দ্র হইতে চতুর্থগৃহে অথবা ষষ্ঠগৃহে পাপগ্রহ থাকে এবং তাহার কেন্দ্রে, চতুর্থ, সপ্তম, দশমগৃহে চন্দ্রের সহিত শুভগ্রহ না থাকে, তাহা হইলে তাহার মাতার মৃত্যু হয়।

জন্মকালে দ্বাদশ ষষ্ঠভাবে যদি পাপগ্রহ থাকে, তাহা হইলে তাহার মৃত্যু হয়। যদি চতুর্থ ও দশমগৃহে পাপগ্রহ থাকে, তবে তাহার পিতার মৃত্যু হয়।

লগ্নেক্রুরোব্যয়েক্রুরো ধনে সৌম্যস্তথৈবচ।
সপ্তম ভবনে ক্রূরঃ পরিবার ক্ষয়ং করঃ॥
লগ্নস্থে চ গুরৌ সৌরৌ ধনে রাহৌ তৃতীয়গে।
ইতিচেৎ জন্মকালেস্যান্মাতাতস্য ন জীবতি॥
একাংশকস্থৌ মন্দারৌ যত্রকুত্রস্থিতৌ যদা।
শশিকেন্দ্রগতৌ তৌবা দ্বিমাতৃভ্যাং ন জীবতি॥

যাহার লগ্নে ক্রুরগ্রহ, দ্বাদশে ক্রুরগ্রহ, ধনস্থানে শুভগ্রহ এবং সপ্তম ভবনে ক্রুরগ্রহ হয়, সে ক্রমশঃ পরিবারবর্গকে বিনাশ করে।

যাহার জন্মকালে লগ্নে বৃহস্পতি, ধনস্থানে শনি ও তৃতীয় ভবনে রাহু অবস্থান করেন, তাহার মাতা কখন জীবিত থাকে না। জন্মকালে যে কোন স্থানে একাংশগত শনি মঙ্গল হয় এবং চন্দ্রের চতুর্থ, সপ্তম ও দশম ভবনে যদি শনি মঙ্গল থাকেন, সে দ্বিমাতৃদ্বারা মৃত্যুমুখে পতিত হয়।

অথ পিতৃকষ্টং।

লগ্নে সৌরির্যদাভৌমঃ ষষ্ঠস্থানে চ চন্দ্রমাঃ।
ইতিচেজ্জন্মকালেস্যাৎ পিতাতস্য ন জীবতি॥

যাহার জন্মকালে লগ্নে শনি, সপ্তমে মঙ্গল, ষষ্ঠস্থানে চন্দ্র থাকে, তাহার পিতা কৃতান্ত-সদনে গমন করেন।

লগ্নে জীবো ধনে মন্দ রবিভৌম বুধস্তথা।
বিবাহ সময়ে তস্য বালস্য ম্রিয়তে পিতা॥
সূর্য্যঃ পাপেন সংযুক্তঃ সূর্য্যো বা পাপমধ্যগঃ।
সূর্য্যাৎ সপ্তমগঃ পাপ স্তদাপিতৃবধো ভবেৎ॥
সপ্তমে ভবনে সূর্য্যঃ কর্ম্মস্থো ভূমিনন্দনঃ।
রাহু ব্যয়েন যস্যৈব পিতা কষ্টেন জীবতি॥

যাহার লগ্নে বৃহস্পতি, ধনস্থানে রবি, মঙ্গল, বুধ থাকেন, তাহার বিবাহ সময়ে পিতার মৃত্যু হয়।

যাহার জন্মকালে পাপযুক্ত সূর্য্য অথবা পাপদ্বয়ের মধ্যে সূর্য্য কিম্বা সূর্য্যের সপ্তম ভবনে পাপগ্রহ থাকেন, তাহার পিতার মৃত্যু হয়।

যাহার লগ্নের সপ্তম ভবনে সূর্য্য, দশমে মঙ্গল এবং দ্বাদশ ভবনে রাহু থাকে তাহার পিতা অতি কষ্টে জীবন ধারণ করে।

দশমস্থো যদাভৌমঃ শত্রুক্ষেত্র সমাশ্রিতঃ।
ম্রিয়তে তস্য জাতস্য পিতা শীঘ্রং ন সংশয়ঃ॥
রিপুস্থানে যদাচন্দ্রো লগ্নস্থানে শনৈশ্চরঃ।
কুজশ্চ সপ্তমে স্থানে পিতা তস্য ন জীবতিঃ॥
পাতালে চাম্বরে পাপৌ দ্বাদশে চ যদাস্থিতৌ।
পিতরং মাতরং হত্বা দেশাদ্দেশান্তরং ব্রজেৎ॥

যাহার লগ্নের দশমে মঙ্গল হইয়া যদি চন্দ্রের ষষ্ঠস্থান গত হয়, তাহা হইলে তাহার পিতার শীঘ্র মৃত্যু হয়।

যাহার ষষ্ঠস্থানে চন্দ্র, লগ্নে শনি এবং সপ্তমে মঙ্গল থাকে, তাহার পিত শীঘ্র বিনাশপ্রাপ্ত হয়।

যাহার চতুর্থে কিম্বা দশমে অথবা দ্বাদশে দুইটী পাপগ্রহ থাকে, সে পিতা ও মাতাকে বিনাশ করিয়া এদেশ ওদেশ অর্থাৎ নানাস্থানে ভ্রমণ করে।

রাহু জীবৌ রিপুক্ষেত্রে লগ্নে বাথ চতুর্থকে।
ত্রয়োবিংশতিমেবর্ষে পুত্রস্তাতং ন পশ্যতি ॥
ভানুঃ পিতাচ জন্তূনাং চন্দ্রোমাতা তথৈবচ।
পাপদৃষ্টিযুতোরাহুঃ পাপমধ্যগতোপিবা ॥
পিত্ররিষ্টং বিজানীয়াৎ শিশোর্জাতস্য নিশ্চিতং।
ভানোঃ ষষ্ঠাষ্টমর্ক্ষস্থৈঃ পাপৈঃ সৌম্যবিবর্জ্জিতৈঃ ॥
চতুরস্র গতৈর্বাপি পিত্ররিষ্টংবিনির্দ্দিশেৎ।

যাহার ষষ্ঠস্থানে কিম্বা লগ্নে অথবা চতুর্থক্ষেত্রে রাহু ও বৃহস্পতি হইলে ত্রয়োবিংশতিবর্ষে পুত্র পিতাকে দেখিতে পায় না।

এই জগতে সকল প্রাণীর পিতা সূর্য্য এবং চন্দ্রমা মাতা। যদি রবি পাপ-গ্রহের দৃষ্টিতে থাকেন, কিম্বা পাপযুক্ত হন অথবা পাপদ্বয়ের মধ্যগত হন, তাহা হইলে বালকের পিতার রিষ্টি নির্ণয় করিবে।

রবি হইতে ষষ্ঠ ও অষ্টমরাশি পাপগ্রহ ও শুভগ্রহ বর্জ্জিত হয় এবং চতুর্থ অষ্টমগত পাপগ্রহ হইলে পিতৃরিষ্টি নির্ণয় করিবে।

আদিত্যাৎ দশমে পাপঃ পীড়িতোদশমাধিপঃ।
তদাপিতু র্মহাকষ্টং নিধনং বেতিকীর্ত্তিতং ॥

জন্মকালে রবি যে রাশিতে থাকেন, তাহার দশম রাশিতে যদি পাপগ্রহ থাকেন এবং জন্ম লগ্নে দশমাধিপতি যদি পাপগ্রহযুক্ত থাকেন, তাহা হইলে জাতকের পিতার অতিশয় কষ্ট হয়, অধিক কি মৃত্যু পর্য্যন্ত হইতে পারে।

দিনপতৌ নবমেঽরিভে যদা
সহজহানি রবশ্য মিহাঙ্গিনাং।
ধনগতেঽরবিজে তনুগেগুরা
ব গুরুগে জননী নহিজীবতি ॥

যাহার জন্মকালে নবম ভাবগত সিংহস্থ সূর্য্য হন, তাহার সহোদর 'ভ্রাতার' অবশ্যই বিনাশ হইবার সম্ভাবনা। যাহার ধনস্থানে শনি এবং লগ্নে নীচস্থ দুর্ব্বল বৃহস্পতি হন তাহার মৃত্যু হয়।

সুরগুরৌ ধনভাবগতে যদা
কুজযুতে শনিনাপিচ জন্মিনাং।
অস্তযুতে সহজে সহজাসুখং
নিগদিতং যবনৈঃ প্রথমোদিতম্॥

জন্মকালে শনির সহিত মঙ্গল ও বৃহস্পতি ধনভাবগত হন, অথবা তৃতীয় ভাবগত হন, তাহা হইলে জাতকের ভ্রাতার অসুখ জন্মে। যবনাচার্য্য বলিয়াছেন।

অরিনিকেতনগেহবনিনন্দনে
ভবতি রাহুযুতে নিধনে শনৌ।
নিগদিতং সহজো জনিমাত্রতো
যমপুরংব্রজতীতি পুরাতনৈঃ॥

যাহার জন্মকালে ষষ্ঠ ভাবগত মঙ্গল এবং অষ্টম ভাবগত শনি ও রাহু হইলে তাহার সহোদর যমপুরে গমন করে। পুরাতন পণ্ডিতগণ বলিয়াছেন।

ভবতি যদিশশাঙ্কঃ পাপয়োরন্তরালে
জনুষিসুখ.নগস্থৈঃ পাপখেটৈঃ শশাঙ্কাৎ।
বিধুরপি বলহীনো নষ্টকান্তির্জনন্যা
নিধনমপি বিশেষাদাহুরাচার্য্যবর্গঃ॥

যাহার জন্মকালে বলহীন ক্ষীণচন্দ্র যদি পাপদ্বয়ের মধ্যে অবস্থিতি করেন এবং চন্দ্রমা হইতে চতুর্থ ও সপ্তম গৃহে পাপগ্রহ থাকেন; তাহা হইলে বিবুধগণ বিশেষ করিয়া বলিয়াছেন, এইরূপ যোগে জাতকের মাতার মৃত্যু হয়।

যদাপাপখেচারিণোজন্মকালে
ধরানন্দনাক্রান্তভাবাৎ সহোত্থে।
তদৈবাশুনাশং সহোত্থস্তধীরা
মণিত্থাদয়ঃ প্রাহুরাচার্য্য মুখ্যাঃ ॥

জন্মকালে মঙ্গল যে ভাবে অবস্থিতি করেন, তাহা হইতে অর্থাৎ সেইভাব হইতে তৃতীয় ভাবে যদি পাপগ্রহগণ অবস্থিতি করেন, তাহা হইলে জাতকের সহোদর কৃতান্ত সদনে গমন করে। মণিত্থ প্রভৃতি আচার্যাগণ এইরূপ বলিয়া গিয়াছেন।

বুধারাতিভাবেতু পাপাভবন্তি
বুতং জ্ঞোপি নীচাশ্রিতো নষ্টবীর্য্যঃ।
তদামাতুলানাং বিনাশো বিশেষা
দিতিপ্রাহুরাচার্য্যবর্য্যনরাণাং ॥

যাহার জন্মকালে বুধ হইতে অরাতি অর্থাৎ ষষ্ঠভাবে পাপগ্রহগণ থাকেন এবং ঐ বুধ যদি নীচস্থ দুর্ব্বল নীচগ্রহের নবাংশগত হন, তাহা হইলে তাহার মাতুলের মৃত্যু হয়। বিবুধগণ এইরূপ বলিয়াছিলেন।

বৃহস্পতে পঞ্চমভাবসংস্থাঃ
মহীজমন্দাগুদিবাকরাশ্চেৎ।
গুরোরপত্যাধিপতিঃ সপাপ
স্তদাত্মজানাং বিবতিং বদন্তি ॥

জন্মকালে যাহার বৃহস্পতির পঞ্চম ভাবগত যদি মঙ্গল, শনি, রাহু ও দিবাকর হন এবং বৃহস্পতির পঞ্চমভাবপতি যদি পাপগ্রহ হন, কিম্বা পাপযুক্ত হন, তাহা হইলে সন্তানের বিরতি অভাব হয়।

চেৎ কবেরঙ্গনাগারগামীকুজাতো
বিনাশোঙ্গনায়াঃ সপাপোনিরুক্তঃ।
নৈধনেমন্দতঃ পাপখেটা বলিষ্ঠা
নৃণাং নৈধনং সত্বরং সন্দিশন্তি ॥

জন্মকালে শুক্রাধিষ্ঠিত রাশির সপ্তমে যদি পাপযুক্ত মঙ্গল হন, তাহা হইলে পত্নীবিনাশ হয় এবং শনি হইতে অষ্টমে পাপগ্রহগণ বলবান হন, তাহা হইলে মানবের মৃত্যু নির্ণয় করিবে।

অথারিষ্টভঙ্গঃ।

ভবতীন্দুরথোশুভান্তরালে
পরিপূর্ণ কিরণৈশ্চজন্মকালে।
বিনিহন্তিতথাশু দোষসঙ্ঘা
নিভসঙ্খানিব কেশরীবলিষ্ঠঃ ॥

বলবান সিংহ যেরূপ হস্তীসমূহকে বিনাশ করে, তাদৃশ জন্মকালে পূর্ণচন্দ্র শুভগ্রহদ্বয়ের মধ্যবর্ত্তী হইলে জাতকের সমস্ত দোষ বিনষ্ট হয়।

যদি জনুষিনিশাকরোঽহরিভাবে
গুরুকবিচন্দ্রজবর্গগো বিশেষাৎ।
সময়তিবহুকষ্টজাল মঙ্গা
মুরহরনাম যথাঽঘ সঞ্জতাপং ॥

মুরহর ভগবান জনার্দ্দনের নাম স্মরণ করিলে যাদৃশ পাপতাপ দূরীভূত হয়, তাদৃশ বৃহস্পতি, শুক্র ও চন্দ্রজ (বুধ) জন্মকালে কোন বর্গগত অর্থাৎ দ্রেক্কাণ নবাংশ প্রভৃতি বর্গগত হন এবং চন্দ্র ষষ্ঠভাবগত হন, তাহা হইলে জাতকের সকল দোষ নিবারণ হয়।

যদি সকল ন ভোগবীক্ষ্যমাণো
ললিততনুর্জনুষীন্দুরেব সুস্থঃ।
দিবচরজনিত বিনিহন্তি দোষং
খগপতিরাশুযথাভুজঙ্গজালং॥

খগপতি গরুড় যাদৃশ সর্প সমূহকে বিনাশ করে, তাদৃশ মানবের জন্মকালে সকল গ্রহগণ যদি পূর্ণচন্দ্রকে অবলোকন করেন, তবে গ্রহগণ জনিত দোষ সকল প্রশমিত হয়।

যদি ভবতিতনোঃ ক্ষপাকরোঽয়ং
মৃতিভবনে শুভখেটবর্গগশ্চেৎ।
গদবিকলতনুং পিতেববালং
কিলপরিতঃ পরিরক্ষতি প্রশন্নঃ॥

রোগ পীড়িত সন্তানকে পিতা যেরূপ রক্ষা করেন, তাদৃশ তনুভাব হইতে চন্দ্রমা অষ্টম ভাবে কোন শুভগ্রহ বর্গগত অর্থাৎ দ্রেক্কাণ প্রভৃতি বর্গগত হন, তাহা হইলে সকল দোষ নিবারণ হয়; কিন্তু পূর্ব্বশ্লোকে চন্দ্রমা ষষ্ঠাষ্টম গত হইলে অরিষ্টকারিত্ব বর্ণিত হইয়াছিল। এই শ্লোকে তাহার ভঙ্গ যোগ কীর্ত্তিত হইল।

শুভভবনগতস্তদীয়ভাগে
জনিসময়ে কবিনাবলোকিতশ্চেৎ।
সময়তি সকলং শশীত্বনিষ্টং
জলমিব পাবক মঙ্গিনা মতীব॥

জল যেরূপ পাবককে প্রশমিত করে, তাদৃশ মানবের জন্মকালে শুক্র কর্ত্তৃক অবলোকিত শশধর স্বীয় বর্গগত হইয়া কোন শুভগ্রহের ভবনস্থ হন, তাহা হইলে সমস্ত দোষ নিবারণ হয়।

বলবানপি কেন্দ্রগোবিশেষাদিহ
সৌম্যোগো যদি লাভগো দিনেশঃ।
সময়ত্যখিলমরিষ্টমালামিব
গাঙ্গং হিজলং যথাঘজালং॥

গঙ্গাজল যেরূপ পাপসমূহকে বিনাশ করে, তাদৃশ বলবান কেন্দ্রগত বুধ এবং দিবাকর একাদশ ভাবগত হন, তাহা হইলে মানবের সকল দোষ বিনষ্ট হয়।

ভবতিহি জনুরঙ্গপোবলিষ্ঠঃ
সকল শুভৈরবলোকিতোপি ন পাপৈঃ।
ইহ মৃতিমপহায় দীর্ঘমায়ু
বিতরতিবিত্ত সমুন্নতিং বিশেষাৎ॥

যাহার জন্মকালে সকল শুভগ্রহ কর্ত্তৃক পরিদৃশ্যমান বলবান লগ্নপতি কোন পাপগ্রহের দৃষ্টিগোচর না হইলে জাতকের মৃত্যু পরিহার পূর্ব্বক দীর্ঘ-জীবন প্রদান করেন এবং বিশেষতঃ ধনের উন্নতি সাধন করেন।

সুরপতিগুরুরঙ্গধামগামী
নিজপদগোপি চ তুঙ্গতামুপেতঃ।
বহুতরখগজং বিনিহন্তি দোষং
হরিরিভমুখমুপাগতং হি যদ্বৎ॥

যাদৃশ সিংহের আশ্রগত হস্তি সকল বিনষ্ট হয়, তাদৃশ সুরপতি গুরু (বৃহস্পতি) লগ্নগত হইয়া দেক্কাণাদি নিজ বর্গগত অথবা উচ্চস্থ হইলে বহুতর খগজ অর্থাৎ অনেক গ্রহজন্য দোষ সকল নিবারণ করেন।

গুরুসিতবুধবর্গগাহি পাপাঃ
সকলশুভৈরবলোকিতা যদিস্যুঃ।
খগকৃতমপি বারয়ন্তি রিষ্টং
তৃণরাশীনিব বহ্নিবিন্দুরেকঃ॥

যাদৃশ একবিন্দু অগ্নিকণা তৃণরাশিকে ভস্মীভূত করে, তাদৃশ বৃহস্পতি, শুক্র ও বুধের দৃকাণাদি বর্গগত হইয়া পাপগ্রহ ও শুভগ্রহ কর্তৃক অবলোকিত হইলে গ্রহকৃত রিষ্ট সকল নিবারিত হয়।

সহজরিপুগতোহথলাভগোবা
সকলশুভৈবরলোকিতো যুতোবা।
অগুরিহবিনিহন্তিরিষ্টজালং
নগজাধীশ ইবাধিতাপজালং॥

যেরূপ নগেন্দ্রনন্দিনীর পতি ভগবান মহাদেব অধিতাপ সকল বিনষ্ট করেন, তাদৃশ অগুরাহু তৃতীয় যষ্ঠ অথবা একাদশ ভাবগত হইয়া সকল শুভগ্রহ কর্তৃক অবলোকিত অথবা যুক্ত হন, তাহা হইলে সকল রিষ্ট নিবারণ হয়।

অধিকবলযুতা জনুর্নভোগা
যদি সকলানররাশিগা ভবন্তি।
স্বতভবন নিজোচ্চ গেহগাবা
বহুতরমাশুলয়ং প্রয়াতিরিষ্টং॥

গ্রহগণ অধিক বলবান ওজরাশিগত হন, অথবা নিজোচ্চ গৃহগামী হন, তাহা হইলে সকল দোষ নিবারণ করেন।

অথ ভাবফলং।

প্রথম ভাবফলং।

দেহাধিপঃ পাপযুতোঽষ্টমস্থো
ব্যয়ারিগোবাঙ্গ সুখং নিহন্তি।
সর্ব্বত্রভাবেষু চ যোজনীয়
মেবং বুধৈর্ভাববশাৎ ফলং হি॥
এবং তৃতীয়েপি চ সপ্তমেপি
ফলং বিমৃশ্যং কৃতিভিঃ প্রযত্নাৎ।
তথাব্যয়ে মিত্রগৃহে রিপৌমৃতে
স্থিতেবিলগ্নাধিপতৌ ফলং স্যাৎ॥

লগ্নাধিপতি যদি পাপযুক্ত কিম্বা অষ্টম দ্বাদশ ও ষষ্ঠভাবগত হন, তাহা হইলে জাতক শারীরিক সুখে বঞ্চিত হন। এইরূপ সকলভাবে পণ্ডিতগণ ফল বিচার করিবেন। এবম্বিধ তৃতীয়, ভ্রাতৃভাবে অথবা সপ্তমে, পত্নীভাবে ফল বিচার করিবে এবং দ্বাদশভাবে চতুর্থ, ষষ্ঠ ও অষ্টম ভাবে লগ্নাধিপতি অবস্থিতি করিলে পণ্ডিতগণ যত্ন পূর্ব্বক ফল বিচার করিবেন।

পাপোবিলগ্নাধিপতির্বিলগ্নে
চন্দ্রেবিলগ্নে যদিবালকঃ স্যাৎ।
তদাতিরোগং সহিকেন্দ্রসংস্থঃ
ত্রিকোণ লাভেষু গদং নিহন্তি॥

যাহার জন্মকালে লগ্নাধিপতি, পাপগ্রহ লগ্নে থাকেন এবং যদি বালক চন্দ্র অর্থাৎ প্রতিপদাদির চন্দ্র লগ্নে থাকেন, তাহা হইলে উৎকট রোগ হইতে মুক্তিলাভ করে। সেই চন্দ্র যদি কেন্দ্রস্থ হন, কিম্বা নবম, পঞ্চম ও একাদশে অবস্থিতি করেন, তাহা হইলে পীড়া হইতে মুক্ত হয়।

দেহাধিপশ্চন্দ্র গৃহাধিপোবা
তৃতীয় রিপ্ব্যয়ারি গতোবলঃ স্যাৎ।
নীচাস্তগদ্ব্যষ্টগৃহেস্থিতোবা
কার্শ্যং শরীরেঽতিগদং করোতি ॥

লগ্নাধিপতি অথবা রাশ্যাধিপতি তৃতীয়, দ্বাদশ ও ষষ্ঠভাবগত হইয়া বলবান হন, কিম্বা নীচস্থ ও অস্তগত অথবা দ্বিতীয় ও অষ্টম গৃহে অবস্থিতি করেন, তাহা হইলে শরীরের কৃশতা ও অতিশয় পীড়িত করেন।

লগ্নাধিপোবা জীবোবা শুক্রোবা যদিকেন্দ্রগঃ।
তস্যপুত্রস্য দীর্ঘায়ু র্বলবান রাজবল্লভঃ ॥

লগ্নাধিপতি অথবা বৃহস্পতি কিম্বা শুক্র যদি কেন্দ্রগত হন, তাহা হইলে সেই জাতক পুত্র দীর্ঘায়ু, বলবান ও রাজ প্রীতিভাজন করেন।

কেন্দ্রত্রিকোণেষু ন যস্য পাপৈঃ
লগ্নাধিপোসুরগুরুশ্চতুরষ্টমস্থঃ।
ভুক্তাসুখানি বিবিধানি চ পুণ্য কর্ম্মা
জীবেত্তু বর্ষ শতমেব বিমুক্ত রোগঃ ॥

যাহার জন্মকালে কেন্দ্র ও ত্রিকোণ স্থান পাপগ্রহ অবস্থান না করেন এবং লগ্নাধিপতি বৃহস্পতি চতুর্থ কিম্বা অষ্টমে অবস্থান করেন, তাহা হইলে সে মানব নানাবিধ ভোগ্যবস্তু ভোগ করতঃ, পুণ্যকর্ম্ম করিয়া সুস্থ শরীরে শতবর্ষ জীবিত থাকেন।

লগ্নেশে চররাশিস্থে শুভগ্রহ নিরীক্ষিতে।
কীর্ত্তিঃ শ্রীমান্ মহাভোগীদেহ্ পুষ্টি সমন্বিতঃ ॥

যাহার জন্মকালে লগ্নাধিপতি শুভগ্রহ কর্তৃক অবলোকিত হইয়া চররাশিতে অবস্থিতি করেন, সে কীর্ত্তিমান্, শ্রীমান্ ও নানা ভোগবিলাসে সুখী হইয়া পুষ্টদেহে অর্থাৎ স্থূলদেহে অবস্থান করে।

দ্বিতীয় ভাবফলং।

বাগীশ বাক্‌গৃহাধিপৌ ষড়াদিত্রয় সংস্থিতৌ।
মূকতাং কুরুতোপ্যেবং পিতৃমাতৃগৃহাধিপাঃ॥

যদি বৃহস্পতি ও দ্বিতীয়াধিপতি, ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ গৃহগত হন, তাহা হইলে জাতক মূক অর্থাৎ (বোবা) হয় এবং পিতৃগৃহাধিপতি (নবমাধিপতি) মাতৃগৃহাধিপতি (চতুর্থাধিপতি) ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ গৃহে থাকেন, তাহা হইলে জাতক মূক হইবে।

বিদ্যাধিপৌ জীববুধাববিদ্যা মরিত্রয়স্থৌ
কুরুতোঽথতৌচেৎ।
কেন্দ্রত্রিকোণস্থ গ্রহোচ্চসংস্থৌ
প্রযচ্ছতা মাগমবদ্যবিদ্যাং॥

বিদ্যাধিপতি বৃহস্পতি ও বুধ যদি ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ গৃহগত হন, তাহা হইলে বালকের বিদ্যা হয় না। যদি বৃহস্পতি বুধ কেন্দ্র কিম্বা ত্রিকোণ অথবা উচ্চস্থ হন, তাহা হইলে আগমবদ্যবিদ্যা (তন্ত্রবিদ্যা) দান করেন।

এবং বুধস্যাঙ্গিরসঃ ষড়াদিত্রয় সংস্থিতৌ
নীচগ্রহোরিনাথঃ।
কেন্দ্রত্রিকোণস্থ গৃহোচ্চ সংস্থৌ
ধনাদিবৃদ্ধিং কুরুতস্তদৈব॥

এবম্বিধ বুধ ও অঙ্গিরা (বৃহস্পতি) ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভাবগত হন এবং নীচগ্রহ ও ষষ্ঠাধিপতি যদি কেন্দ্র কিম্বা ত্রিকোণ অথবা উচ্চস্থ হন, তাহা হইলে ক্রমশঃ অধিক ধন সঞ্চয় হয়।

ধনাধিপৌ গুরুর্যস্য ধনরাশি স্থিতোযদি।
ভৌমেন সহিতোবাপি ধনবান্ স নবোভবেৎ॥

ধনেশে লাভরাশিস্থে লাভেশে বা ধনং গতে।
তাবুভৌ কেন্দ্ররাশিস্থৌ ধনবান্ স নরোভবেৎ॥

যাহার বৃহস্পতি ধনাধিপতি হইয়া ধনরাশিতে অবস্থিতি করতঃ মঙ্গল কর্ত্তৃক অবলোকিত হন, সে মানব ধনবান হইবেক। যাহার ধনাধিপতি একাদশে অবস্থান করেন এবং একাদশাধিপতি ধনস্থানে অবস্থান করতঃ ধনাধিপ একাদশাধিপ উভয়ে যদি কেন্দ্রে অবস্থিতি করেন, তাহা হইলে সে মানব অবশ্যই ধনবান্ হইবেক।

ধনেশে কেন্দ্ররাশিস্থে লাভেশে তত্রিকোণগে।
গুরুশুক্রযুতে দৃষ্টে ধনলাভ মুদীরয়েৎ॥
বিত্তেশে রিপুভাবস্থে লাভেশে তদ্গতে যদি।
বিত্তলাভৌ পাপযুক্তৌ দৃষ্টে নির্ধন এবসঃ॥

যাহার ধনাধিপতি কেন্দ্রে এবং লাভাধিপতি তাহার নবম পঞ্চমে তাহাতে বৃহস্পতি ও শুক্রযুক্ত হইলে কিম্বা অবলোকন করিলে ধনলাভ হইবে বলিয়া জানিবে।

যাহার ধনাধিপতি ষষ্ঠভাবগত এবং লাভাধিপতি ষষ্ঠলাভ গত এবং ধনাধিপতি ও লাভাধিপতি উভয়ে পাপযুক্ত অথবা পাপালোকিত হইলে মানব ধনহীন হয়।

বিত্তলাভাধিপৌ দ্বিস্থে পাপ খেচর সংযুত।
জন্মপ্রভৃতি দারিদ্র্যং ভিক্ষান্নং লভতে নরঃ॥
ষষ্ঠাষ্টম ব্যয়স্থেষু ধনলাভাধিপৌ স্থিতৌ।
লাভেকুজে ধনে রাহৌ রাজদণ্ডাঙ্গনক্ষয়ং॥

যাহার পাপগ্রহযুক্ত ধনাধপ ও লাভাধিপ, ষষ্ঠ ও অষ্টম এই দুইস্থানে থাকে, তাহার জন্ম অবধি দারিদ্র্যতা হয়, সে ভিক্ষান্ন মাত্র লাভ করে।

যাহার ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ স্থানে ধনাধিপতি ও লাভাধিপতি অবস্থান করে এবং একাদশ স্থানে মঙ্গল ও ধনস্থানে রাহু থাকে, তাহার রাজদণ্ডে সমস্ত ধন ক্ষয়প্রাপ্ত হয়।

লাভেজ্জীবে ধনে শুক্রে তদীশে শুভ সংযুতে।
ব্যয়ে শুভগ্রহযুতে ধর্ম্মমূলাঙ্গন ব্যয়ং॥
কুটুম্বনাথে পরমোচ্চযুক্তে দেবেন্দ্রপূজ্যে সমীক্ষিতে বা।
তথাবিধে তদ্ভবনেভি জাতঃ সহস্ররক্ষোভবন প্রতাপী॥

যাহার একাদশে বৃহস্পতি ধনস্থানে শুক্র এবং ধনাধিপ ও লাভাধিপ শুভগ্রহযুক্ত এবং দ্বাদশভাব শুভগ্রহযুক্ত হইলে ধর্ম্মকার্য্যে তাহার ধনব্যয় হয়।

যাহার দ্বিতীয়াধিপতি পরমোচ্চযুক্ত এবং বৃহস্পতি কর্ত্তৃক পরিদৃশ্যমান হয়, এবম্বিধ সময়ে জন্ম হইলে তাহার চতুর্দ্দিকে সহস্ররক্ষক থাকে এবং অতিশয় প্রতাপান্বিত হয়।

নেত্রেশে বলসংযুক্তে শোভনাক্ষ ভবেন্নরঃ॥
ষষ্ঠাষ্টমব্যয়েযুক্তে নেত্রেবৈকল্য মাদিশেৎ॥
ধনেশে পাপ সংযুক্তে ধনে পাপ সমন্বিতে।
অসত্যবাদী পিশুনঃ পবন ব্যাধি সংযুতঃ॥

যাহার দ্বিতীয়াধিপতি বলবান হয়, তাহার চক্ষু অতি ভাল হয়, অর্থাৎ তাহার চক্ষে কোন পীড়া থাকে না। ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবে নেত্রাধিপতি থাকেন, তাহার চক্ষের বিকলতা (অর্থাৎ দৃষ্টির ব্যাঘাত জন্মে)। যদি ধনপতি পাপযুক্ত এবং ধনস্থানে পাপগ্রহ থাকেন, তাহা হইলে মানব মিথ্যাবাদী, হিংস্র ও বায়ুরোগযুক্ত হয়।

তৃতীয় ভাবফলং।

সভৌম ভ্রাতৃভাবেশঃ ষড়াদিত্রয় সংস্থিতঃ।
ভ্রাতৃক্ষেত্র গতোবাপি ভ্রাতৃভাবং বিনির্দ্দিশেৎ॥

তৌপাপযোগতঃ পাপ ক্ষেত্রযোগেন বা পুনঃ।
উৎপাদ্য সহজান্ সদ্যো নিহন্তা শাস্ত্রনিশ্চয়াৎ ॥

ভ্রাতৃভাবাধিপতি মঙ্গলের সহিত যদি ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভাবগত হয়, কিম্বা ভ্রাতৃভাবে থাকেন, তাহা হইলে ভ্রাতৃভাবের ফলাফল নির্ণয় করিবে।

যদি ভ্রাতৃভাবাধিপতি ও মঙ্গল যদি পাপগ্রহযুক্ত হয়, কিম্বা পাপ ক্ষেত্রগত হয়, তাহা হইলে ভ্রাতা জন্মগ্রহণ করিয়া যমসদনে গমন করে।

স্ত্রীগ্রহো ভ্রাতৃভাবেশঃ স্ত্রীগ্রহো ভ্রাতৃগোপিবা।
ভগিনী স্যাত্তদাভ্রাতা পুংগ্রহে পুংগ্রহোপিবা ॥
মিশ্রে মিশ্রফলং চাত্র বলাবল বিনির্ণয়ঃ।

যদি ভ্রাতৃভাবাধিপতি স্ত্রীগ্রহ হয় এবং ভ্রাতৃভাবে স্ত্রীগ্রহ থাকে, তাহা হইলে স্ত্রী অন্যথা হইলে পুরুষ হয়। যদি পুংগ্রহ ভ্রাতৃভাবের অধিপতি হয় এবং ভ্রাতৃভাবে পুংগ্রহ থাকে, তাহা হইলে ভ্রাতা হয়। মিশ্রে মিশ্রফলং (অর্থাৎ স্ত্রীগ্রহ ভ্রাতৃভাবের অধিপতি হয়। পুং গ্রহ ভ্রাতৃভাবে থাকে, তাহা হইলে ভ্রাতা কিম্বা ভগিনী হয়; কিন্তু বলাবল বিচার করিবে। অর্থাৎ পুংগ্রহবলী হয়, পুরুষ হইবে, স্ত্রীগ্রহবলী হয়, স্ত্রী হইবে।

ভ্রাতৃভে বুধ সংযুক্তে তদীশে চন্দ্র সংযুতে।
কারকে মন্দ সংযুক্তে ভগিন্যে কাগ্রতো ভবেৎ ॥
পশ্চাৎ সহোদরে প্যেতৎ তৃতীয়স্তু মৃতং ভবেৎ।
কারকে রাহু সংযুক্তে বিক্রমেশস্তু নীচগঃ ॥

ভ্রাতৃভাবাধিপতি যদি বুধযুক্ত হন এবং ভ্রাতৃভাবে অর্থাৎ (তৃতীয়) ভাবে যদি চন্দ্রমা থাকেন ও ভ্রাতৃকারকে যদি শনি থাকেন, তাহা হইলে অগ্রে ভগিনী হইবে, পরে সহোদর হইবে; কিন্তু ভ্রাতৃকারকে যদি রাহু থাকেন এবং বিক্রমাধিপতি (অর্থাৎ তৃতীয়াধিপতি) যদি নীচস্থ হন, তাহা হইলে ভ্রাতৃগণের মধ্যে তৃতীয় ভ্রাতা কৃতান্তকবলে পতিত হইবে।

পশ্চাৎ সহোদরা ভাব পূর্ব্বস্তু ত্রয়ক্লুত্তবেৎ।
ভ্রাতৃস্থানাধিপেকেন্দ্রে কারকে তস্ত্রিকোণগে॥
জীবেন সহিতশ্চাষ্টে সংখ্যা দ্বাদশ সোদরা।
অয়ং তৃতীয় গর্ভশ্চ প্রথমাচ্চতৃতীয়স্কে॥
সপ্তমশ্চৈব নবম দ্বাদশশ্চ মৃতিপ্রদঃ।
শেষাঃ সহোদরাদীর্ঘাঃ ষড়্ ভার্য্যা যমলোভবেৎ॥
ব্যয়েশেন যুতে ভৌমে গুরুণা সহিতোঽপিবা।
ভ্রাতৃস্থানে শশিযুতে সপ্তসংখ্যাস্তু সোদরাঃ॥

পরে সহোদর হইবে না, কিন্তু পূর্ব্বের তিনটী থাকিবেক। যদি ভ্রাতৃভাবাধিপতি কেন্দ্রে থাকেন এবং ভ্রাতৃকারক গ্রহ বৃহস্পতির সহিত উচ্চস্থ হন, তাহা হইলে দ্বাদশ সংখ্যা ভ্রাতা হইবে; কিন্তু তাহার তৃতীয় গর্ভ অর্থাৎ প্রথম ভ্রাতা হইতে তৃতীয়, সপ্তম, নবম ও দ্বাদশ ভ্রাতা অল্পায়ু হইবে, পরে যে সকল সহোদর থাকিবেক তাহারা দীর্ঘায়ু হইবে, তন্মধ্যে যমক হইবে, তাহাদিগের ছঁয়টি ভার্য্যা হইবে। দ্বাদশাধিপতিযুক্ত বৃহস্পতির সহিত মঙ্গল এবং ভ্রাতৃস্থানে চন্দ্রমা থাকেন, তাঁহা হইলে সাতটি সহোদর হইবেক।

চতুর্থ ভাবফলং।

গেহাধিনাথেন যুতেতুগেহে দেহাধিপেনাঽপি গৃহাভিলব্ধিঃ।
যুতে ষড়াদৌতু বিপর্য্যয়ঃ স্যাদগৃহাধিপে দেহপতৌচতদ্বৎ॥
কেন্দ্র ত্রিকোণেষু শুভগ্রহেণ যুতে সমীচীন গৃহাভিলব্ধিঃ।

দেহাধিপতি অর্থাৎ (লগ্নপতি) গেহাধিপের সহিত যদিচ গেহে অর্থাৎ (চতুর্থভাবে) থাকেন, তাহা হইলে গৃহাদি লাভ হয়। লগ্নাধিপতি ও চতুর্থাধিপতির সহিত যুক্ত হইয়া ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবে থাকেন, তবে তাহার বিপর্যয় অর্থাৎ (গৃহাদিলাভ হয় না) এবং চতুর্থাধিপতি ও লগ্নপতি

একত্র লগ্নভাবে থাকেন, তাহা হইলে এইরূপ ফল হইয়া থাকে এবং শুভগ্রহ-যুক্ত লগ্নাধিপ ও চতুর্থাধিপ কেন্দ্রে কিম্বা ত্রিকোণে থাকেন, তাহা হইলে গৃহাদি লাভ হইবে বিবেচনা করিবে।

ক্ষেত্রস্থ চিন্তা সদনাধিপেন জীবেন চিন্তাতু সুখস্থ কার্য্যা।
দিব্যাঙ্গনা বাহনবস্তুভূষা চিন্তাতু কার্য্যা ভৃগুণা বুধৈন্দ্রৈঃ॥
তমঃ শনিভ্যামভিচিন্ত্যমায়ু রর্কেণতাত শশিনাত্র মাতা।
বুধেন বুদ্ধিঃ সদনর্ক্ষসংস্থা গতেন সপ্তেশ যুতে ন চ স্যাৎ॥

গৃহাধিপতিদ্বারা গৃহাদির চিন্তা করিবে বৃহস্পতিদ্বারা সুখের চিন্তা, শুক্র-দ্বারা সুন্দরী ভার্য্যা, বাহন বিলাসোপযোগী বস্তুর চিন্তা, রাহু ও শনিদ্বারা আয়ু চিন্তা, রবিদ্বারা পিতৃচিন্তা, চন্দ্রদ্বারা মাতৃচিন্তা, বুধদ্বারা বুদ্ধি এই সকল বিষয়ের চিন্তা গৃহাধিপতি প্রভৃতি সপ্তগ্রহ স্বক্ষেত্রাদিগত হইলে পণ্ডিতগণ এইরূপ শুভাশুভ বিচার করিবেন।

সুখেশে কেন্দ্রভাবস্থে তথাকেন্দ্র স্থিতোভৃগুঃ।
শশিজেস্বোচ্চ রাশিস্থে বিদ্বান্ পণ্ডিত এবসঃ॥
সুখেমন্দরবিযুতে চন্দ্রোভাগ্য গতোযদি।
লাভস্থান গতেভৌমে গোমহিষ্যাদি লাভকৃৎ॥

যাহার চতুর্থাধিপতি কেন্দ্রে অবস্থিতি করেন এবং শুক্রাচার্য্য কেন্দ্রভাবগত হন, শশিজ (বুধ) উচ্চরাশি অর্থাৎ কন্যারাশিগত হইলে মানব নানাশাস্ত্র পারদর্শী পণ্ডিত হয়। যাহার চতুর্থ রাশিগত শনির সহিত রবি ও নবমস্থানে চন্দ্র এবং একাদশ স্থানগত মঙ্গল হয়, সে গো মহিষাদি লাভ করে।

চরগ্রহ সমাযুক্তে সুখে তদ্রাশি নায়কে।
ষষ্ঠে ভৌমে ব্যয়গতে মূকত্বং প্রাপ্নুতে নরঃ॥
লগ্নস্থানাধিপে সৌম্যে সুখেশে নীচ রাশিগে।
কারকে ব্যয় রাশিস্থে সুখেশে লাভ সংযুতে॥
দ্বাদশে বৎসরে প্রাপ্তে নর বাহন লাভ কৃৎ।

যাহার চররাশ্যাধিপতি গ্রহ যদি চতুর্থে অবস্থান করেন এবং চতুর্থাধিপতি ষষ্ঠভাবগত হন এবং দ্বাদশভাবগত মঙ্গল হইলে মূক হয়, অর্থাৎ (বোবা) বাক্‌শক্তি রহিত হয়।

যদি লগ্নাধিপ বুধ এবং চতুর্থাধিপতি নীচগত, সুখকারক গ্রহ দ্বাদশে ও চতুর্থাধিপতি একাদশ ভাবগত হইলে, মানব দ্বাদশ বৎসর বয়ঃক্রমকালে নূতন বাহন লাভ করে।

লাভেশে সুখরাশিস্থে সুখেশে লাভ সংযুতে।
দ্বাদশে বৎসরে প্রাপ্তে নরবাহন লাভ কৃৎ ॥

যাহার একাদশাধিপতি চতুর্থে এবং চতুর্থাধিপতি একাদশ ভাবগত হইলে মানব দ্বাদশবর্ষ বয়ক্রমকালে নরবাহন অর্থাৎ (পাল্‌কী) লাভ করে।

পঞ্চম ভাবফলং।

ষড়াদিত্রয়সংস্থেত্ত সুতাধীশেত্বপুত্রতা।
কেন্দ্রত্রিকোণসংস্থেত্ত পুত্রলাভাভিসম্ভবঃ ॥
সৎপুত্রলাভঃ সুতপে সুরেজ্যে শুভেষু গেহেষু গতে চ ভানৌ।
একঃ স্থিরঃ স্যাৎ সুতএকএব স্থিতঃ শুভঃ কেন্দ্র নবাত্মজস্থে ॥

পঞ্চমাধিপতি ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভাবগত হইলে পুত্রলাভে বঞ্চিত হয়। যদি কেন্দ্র অথবা নবম পঞ্চমে থাকেন, তাহা হইলে সন্তান লাভের সম্ভাবনা।

যদি দেব মন্ত্রী বৃহস্পতি পঞ্চমে থাকেন এবং দিবাকর যদি শুভগ্রহের আলয়ে অবস্থিতি করেন, তাহা হইলে সৎপুত্র লাভ হইবে, যদি শুভগ্রহ কেন্দ্রে অথবা নবম ও পঞ্চম ভবনে অবস্থিতি করেন, তাহা হইলে পুত্রলাভ হইবে; কিন্তু কেন্দ্র, নবম ও পঞ্চম গৃহমধ্যে একটী স্থির রাশি হইলে একটী মাত্র পুত্র হইবে।

পিতাপি চিন্ত্যো নবমে সুতর্ক্ষে।
এবম্বিধং চিন্তন মুহনীং ॥

ক্ষেত্রস্য কারকো ভৌমো।
কর্ম্মস্থানে প্যয়ং বিধিঃ ॥

নব স্থানে পিতার শুভাশুভ চিন্তা করিবে, কখন পঞ্চমভাবে চিন্তা করিবে, সেই প্রকার ক্ষেত্রকারক মঙ্গল অর্থাৎ মঙ্গল যদি ক্ষেত্রাধিপতি হন, তাহাতে গৃহাদির শুভাশুভ বিচার করিবে কখন দশম স্থানে ক্ষেত্রাধির চিন্তা এইরূপ কল্পনা করিবে।

অস্তং গতে পঞ্চমেশে পাপাক্রান্তে চ দুর্ব্বলে।
ষষ্ঠে নীচে সুতাধীশে কাকবন্ধ্যা বিশেষতঃ ॥
ষষ্ঠস্থানে সুতাধীশে লগ্নেশে কুজবেশ্মনি।
ম্রিয়তে প্রথমাপত্যং কাকবন্ধ্যাত্বমাপ্নুয়াৎ ॥

যদি পঞ্চমাধিপতি অস্তগত পাপগ্রহযুক্ত ও দুর্ব্বল হন, কিম্বা পঞ্চমাধিপতি নীচস্থ ষষ্ঠভাবগত হয়, তাহা হইলে পত্নী কাকবন্ধ্যা (অর্থাৎ একমাত্র সন্তান হইবে)।

যদি সুতাধিপতি ষষ্ঠভাবগত হয় এবং মঙ্গলের গৃহ লগ্ন হয়, তাহা হইলে প্রথম সন্তান হইলে কৃতান্তসদনে গমন করিবে কাকবন্ধ্যা অর্থাৎ দ্বিতীয় সন্তান হইবে না।

সুতাধিশোহি নীচস্থঃ ষড়াদিত্রয় সংস্থিতঃ।
কাকবন্ধ্যাভবেন্নারী সুতেকেতু বুধো যদি ॥
সুতেশো নীচগোযত্র সুতস্থানং ন পশ্যতি।
তত্রশৌরী বুধোস্যাতাং কাকবন্ধ্যাত্বমাপ্নুয়াৎ ॥

যাহার সন্তানাধিপতি নীচস্থ হইয়া ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভাবে অবস্থিতি করেন এবং সুতস্থানে কেতু ও বুধ অবস্থিতি করেন, তবে তাহার রমণী কাকবন্ধ্যা হয়।

যাহার সন্তানাধিপতি নীচস্থান গত হইয়া সন্তান স্থানে দৃষ্টি না করেন; কিন্তু সেই পঞ্চম স্থানে সূর্য্য ও বুধ অবস্থিতি করেন, তাহা হইলে ভার্য্যা কাকবন্ধ্যা হইবে।

ভাগ্যেশো মুর্ত্তিবর্ত্তী চ সুতেশো নীচগো যদি।
সুতেকেতু বুধৌস্যাত্বং সুতং কষ্টাদ্বিনির্দ্দিশেৎ॥

যদি একাদশাধিপতি লগ্নে থাকেন এবং পঞ্চাধিপতি নীচগত হন, সুতস্থানে যদি কেতু ও বুধ থাকেন, তাহা হইলে তাহার পত্নী অতি কষ্টে সন্তান প্রসব করে।

ষড়াদিত্রয় সংস্থোপি নীচোবাঽপ্যরি সংস্থিতঃ।
পাপাক্রান্তে সুতস্থানে পুত্রং কষ্টাদ্বিনির্দ্দিশেৎ॥
পুত্রস্থানে বুধক্ষেত্রে মন্দক্ষেত্রেঽথবাপুনঃ।
মন্দেমান্দ্যযুতে দৃষ্টে তদা দত্তাদয়ঃ সুতাঃ॥

যদি পুত্রস্থান ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবগত, নীচস্থ ও শক্রযুক্ত এবং পাপাক্রান্ত হইলে অতি কষ্টে সন্তান হয়।

বুধের ক্ষেত্র অর্থাৎ মিথুন ও কন্যারাশি যদি সন্তান স্থান হয়, অথবা শনির ক্ষেত্র সন্তান স্থান হয়, তাহাতে শনি মঙ্গলযুক্ত থাকে বা দৃষ্টি করে, তাহা হইলে সন্তান দত্তকাদি দ্বাদশপুত্র মধ্যে গণ্য হয়।

রবিচন্দ্রৌ যদৈকস্থা বেঁকাংশক সমন্বিতৌ।
ত্রিমাত্রাভি রসৌভ্রাতা দ্বিপিত্রাপি চ পোষকঃ॥
পঞ্চমে ষড়্গৃহে যুক্তে তদীশেব্যয়রাশিগে।
লগ্নেশেন্দুবলো যস্য দত্তপুত্র ভবোদয়ং॥

যাহার রবিযুক্ত চন্দ্র একাংশে অবস্থিতি করেন, সে তিন মাতা ভ্রাতা এবং দুই পিতাদ্বারা প্রতিপালিত হয়। পিতৃতুল্য সম্বন্ধঃ।

যাহার ষষ্ঠাধিপ পঞ্চমে থাকেন এবং পঞ্চমাধিপতি দ্বাদশে অবস্থান করেন, চন্দ্র লগ্নাধিপ ও বলবিশিষ্ট হন, সে দত্তক পুত্র হয়।

সুতভবনে ভৃগুজীবসৌম্যনাথে
বলসহিতে রবিলোকিতে যুতে বা।

বহুসুত জননং বদন্তি সন্তঃ
সুতভবনেশ বলেন চিন্ত্য মেতৎ ॥

যদি বল সমন্বিত সন্তানস্থানে শুক্র বৃহস্পতি ও বুধ দৃষ্টি না করিয়া যুক্ত হন, তাহাতে পণ্ডিতগণ বলিয়াছেন অনেক সন্তান হইবে, কিন্তু সুতস্থানাধিপের বলদ্বারা চিন্তা করিবেন।

সুতেশে নররাশিস্থে রাহুনা সহিতঃ শশী।
পুত্রস্থানং গতেমন্দে পরজাতং বদেচ্ছিশুঃ ॥
সুতেশে রাহু সংযুক্তে সুহৃতানং সমাশ্রিতং।
নবীক্ষেচ্চন্দ্রগুরুণা পরজাতো ভবেন্নরঃ ॥

যাহার সন্তানাধিপতি নররাশিগত, চন্দ্ররাহুযুক্ত এবং পুত্রস্থানে শনি অবস্থিতি করেন, তবে সে বালকের জন্ম অপর হইতে নির্ণয় করিবে। পঞ্চমাধিপতি রাহুযুক্ত হইয়া পঞ্চমে অবস্থিতি করেন এবং যদি চন্দ্র বৃহস্পতি তাহাকে অবলোকন না করেন তাহা হইলে পর কর্তৃক বালকের জন্ম নিরূপণ করিবে।

ন লগ্নমিন্দুঞ্চ গুরুর্নিরীক্ষ্যতে
নবাশশাঙ্কো রবিণা সমাগতঃ।
স পাপ কর্কেণ যুতে নবাংশকে
পরেণজাতঃ প্রবদন্তি নিশ্চিতং ॥

যদি বৃহস্পতি, লগ্ন ও চন্দ্রকে অবলোকন না করেন এবং পাপযুক্ত কর্কটের নবাংশগত রবিযুক্ত চন্দ্র না হন, তাহা হইলে নিশ্চয় পিতা ব্যতীত অন্য পুরুষ দ্বারা জন্ম হইয়াছে পণ্ডিতগণ বলেন।

লগ্নাদ্দ্বাদশগে চন্দ্রে লগ্নাদষ্টমগোগুরুঃ।
পাপযুক্তেন সংদৃষ্টে অন্য বীজং ন সংশয়ঃ ॥

যাহার পাপালোকিত কিম্বা পাপযুক্ত লগ্ন হইতে দ্বাদশভাবগত চন্দ্র এবং লগ্ন হইতে অষ্টমভাবগত বৃহস্পতি হন, তাহার অন্য পুরুষের বীর্য্যে জন্ম নির্ণয় করিবে।

পুত্রস্থানাধিপেস্বোচ্চে লগ্নাচ্চে দ্বিত্রিকোণগে।
গুরুণা সংযুতে দৃষ্টে পুত্রভাগ্যমুপৈতিসঃ ॥
পুত্রস্থানং গতেজীবে তদীশে ভৃগুসংযুতে।
দ্বাত্রিংশে চ ত্রয়স্ত্রিংশে বৎসরে পুত্রলাভকৃৎ ॥

যদি সন্তানাধিপতি উচ্চস্থ হইয়া লগ্ন হইতে দ্বিতীয় কিম্বা নবম পঞ্চমগত হন; কিন্তু তাহাতে গুরুযুক্ত কিম্বা গুরুর দৃষ্টি থাকে, তাহা হইলে পুত্রলাভ হইবে।

যদি পঞ্চম স্থানে বৃহস্পতি অবস্থিতি করেন এবং পঞ্চমাধিপতি শুক্রযুক্ত হন, তাহা হইলে বত্রিশ কিম্বা তেত্রিশ বৎসরে পুত্রলাভ হইবে।

পুত্রেশে কেন্দ্রভাবস্থে কারকেণ সমন্বিতে।
ষট্‌ত্রিংশে ত্রিংশদব্দে চ পুত্রোৎপত্তিং বিনির্দ্দিশেৎ ॥
লগ্নাৎ ভাগ্য গতেজীবে জীবাদভাগ্যগতে ভৃগৌ।
লগ্নেশে ভৃগুসংযুক্তে চত্বারিংশে সুতং লভেৎ ॥

যদি পুত্রকারক গ্রহের সহিত পঞ্চমাধিপতি কেন্দ্রগত হন, তাহা হইলে ছত্রিশ বৎসরে অথবা ত্রিশ বৎসরে পুত্র মুখদর্শন করিতে সমর্থ হইবেক।

যাহার লগ্ন হইতে একাদশ ভাবে বৃহস্পতি থাকেন এবং বৃহস্পতি হইতে একাদশে লগ্নাধিপের সহিত শুক্র থাকেন, তাহা হইলে চল্লিশ বৎসরে সন্তান লাভ হইবেক।

পুত্রস্থানং গতোরাহু স্তদীশে পাপসংযুতে।
নীচরাশি গতেজীবে দ্বাত্রিংশে পুত্রমৃত্যুদঃ ॥
জীবাৎ পঞ্চমগে পাপে লগ্নাৎ পুত্রং গতেপি চ।
ষড়্‌বিংশে চ ত্রয়স্ত্রিংশে চত্বারিংশে সুতক্ষয়ঃ ॥

যাহার পঞ্চমে রাহু কিন্তু পঞ্চমাধিপতি পাপযুক্ত এবং বৃহস্পতি নীচ রাশিগত, তাহার বত্রিশ বৎসরে পুত্র বিয়োগ হইবে।

যাহার বৃহস্পতি হইতে পঞ্চম ভাবগত পাপগ্রহ অথবা লগ্ন হইতে পঞ্চমে পাপগ্রহ হইলে সে ছাব্বিশ বৎসরে, তেত্রিশ বৎসরে অথবা চল্লিশ বৎসরে পুত্র বিয়োগ জনিত দুঃখে কাতর হইবে।

লগ্নেমান্দি সমাযুক্তে লগ্নেশে নীচরাশিগে।
ষট্‌পঞ্চাশদ্দশাব্দেষু পুত্রশোক সমাকুলঃ॥
চতুর্থে পাপ সংযুক্তে ষষ্ঠে পাপ সমন্বিতে।
সুতেশে পরমোচ্চস্থে লগ্নেশে ন সমন্বিতে॥
কারকে শুভ সংযুক্তে দশসংখ্যাস্তু সূনবঃ।

যাহার লগ্নে শনি এবং লগ্নাধিপ নীচ রাশিগত সে দশাগণনায় ছাপ্পান্ন বৎসরে পুত্রশোকে কাতর হইবে।

যাহার পাপযুক্ত চতুর্থরাশি এবং যষ্ঠরাশি ও পাপযুক্ত সন্তানাধিপতি লগ্নাধিপের সহিত পরমোচ্চ স্থানস্থিত অথচ সন্তান কারক গ্রহ শুভযুক্ত এইরূপ যোগ হইলে দশ সংখ্যা পুত্র হইবে।

পরমোচ্চ গতেজীবে ধনেশে রাহুসংযুতে।
ভাগ্যেশে ভাগ্যসংযুক্তে সংখ্যাতা নবসূনবঃ॥
পুত্রভাগ্যগতে জীবে সুতেশে বলসংযুতে।
ধনেশে কর্ম্মরাশিস্থে বসুসংখ্যাস্তু সূনবঃ॥

বৃহস্পতি পরমোচ্চ, গত ধনাধিপ রাহুযুক্ত এবং একাদশাধিপতি একাদশ গৃহগত হইলে নয় সংখ্যা পুত্র হইবে।

যাহার পঞ্চম রাশির একাদশে বৃহস্পতি, সন্তানাধিপতি বলযুক্ত এবং ধনাধিপতি দশমভাবগত হইলে অষ্ট সংখ্যা সন্তান হইবে।

পঞ্চমাৎ পঞ্চমে মন্দে সুতস্থে চ তদীশ্বরে।
সূনবঃ সপ্তসংখ্যাশ্চ দ্বিগর্ভে যমলোভবেৎ॥
বিত্তেশে পঞ্চমস্থে চ সুতস্থে পঞ্চমাধিপে।
ষট্‌সংখ্যা চ সুত প্রাপ্তি স্তেষ্বাঞ্চত্রি প্রজাস্মৃতিঃ॥

শনি যদি পঞ্চম রাশি হইতে পঞ্চমে থাকেন এবং পঞ্চমাধিপ পঞ্চমে থাকেন, তাহা হইলে সাত পুত্র হইবে; কিন্তু দ্বিতীয়গর্ভে যমজ হইবেক।

দ্বিতীয়াধিপতি পঞ্চম ভাবগত এবং পঞ্চমাধিপতি যদি পঞ্চমে অবস্থিতি করেন, তবে ছয় পুত্র হইবে; কিন্তু তন্মধ্যে তিনটী সন্তান নিধনপ্রাপ্ত হইবেক।

লগ্নাৎ পঞ্চমগে জীবে জীবাৎ পঞ্চমগে শনৌ।
মন্দাৎ পঞ্চমগে রাহৌ পুত্রমেকং বিনির্দ্দিশেৎ॥
পঞ্চমে পাপ সংযুক্তে গুরোঃ পঞ্চমগঃ শনিঃ।
কলত্রান্তরে পুত্রলাভং কলত্র ত্রয়ভাগ্ ভবেৎ॥

লগ্ন হইতে পঞ্চমে বৃহস্পতি, বৃহস্পতি হইতে পঞ্চমে শনি এবং শনি হইতে পঞ্চমে রাহু হইলে একটী মাত্র পুত্র হইবে।

যাহার পঞ্চমে পাপযুক্ত বৃহস্পতি এবং বৃহস্পতি হইতে পঞ্চমে যদি শনৈশ্চর হন, তাহা হইলে তাহার তিনটী ভার্য্যা হইবেক, কিন্তু প্রথম ভার্য্যা ব্যতীত অন্য পত্নীতে সন্তান হইবেক।

পঞ্চমে পাপসংযুক্তে গুরোঃ পঞ্চমগে শনৌ।
পঞ্চমে ভৌমসংযুক্তে লগ্নেশে ধনসংগতে॥
জাতং জাতং বিনাশঞ্চ দীর্ঘায়ুর্নৈব বালকঃ।

যাহার পঞ্চমে পাপগ্রহযুক্ত বৃহস্পতি ও বৃহস্পতির পঞ্চমে শনি এবং পঞ্চমে মঙ্গল ও লগ্নাধিপ ধনগৃহে তাহার সন্তানের জন্ম হইলে তখনই বিনষ্ট হইবে; কিন্তু যাহা থাকিবেক, সে দীর্ঘায়ু হইবেক না।

মানবগণের পূর্ব্বজন্মকৃতপাপাৎ সন্তাননিবৃত্তিঃ।

পার্ব্বত্যুবাচ।

দেবেদেব জগন্নাথ শূলপাণে বৃষধ্বজ।
কেনযোগেন মর্ত্যানাং বাল্যে শিশুবিনাশনং॥
তৎসর্ব্ব মন্ত্রযোগেন ব্রূহিমে শশিশেখর।
শাপমোক্ষঞ্চ কৃপয়া প্রাণিনামল্পমেধসাং॥

পার্ব্বতী বলিলেন। হে দেবদেব! হে জগন্নাথ! হে শূলপাণে! হে বৃষধ্বজ! মানবগণের কোন্ কার্য্যদ্বারা বাল্যকালে শিশুগণ লয়প্রাপ্ত হয়, হে শশিশেখর! অল্পবুদ্ধি মানবগণের প্রতি দয়াপ্রকাশ পূর্ব্বক কিরূপে শাপ মোক্ষ অর্থাৎ শাপ হইতে মোচন হইবে, তাহা আমাকে প্রকাশ করিয়া বল।

শঙ্কর উবাচ।

সাধুপৃষ্টং ত্বয়াদেবি কথয়ামি সবিস্তরাৎ।
শৃনুষ্বেকমনাভূত্বা বলাবল বশাদপি॥
জ্ঞেয়ং সুনিশ্চিতং সর্ব্বং রাশিচক্রে বিশেষতঃ।
মেষাদি মীনপর্য্যন্তং মূর্ত্যাদি দ্বাদশক্রমাৎ॥
ভাবঞ্চ তাবজং জ্ঞাত্বা ফলং ব্রুয়াদ্বিচক্ষণঃ।

শঙ্কর বলিলেন। হে দেবি! তুমি অতি সাধ্বী দয়াবতী, তোমাকে আমি বিস্তাররূপে প্রকাশ করিয়া বলিব, একাগ্রমনে স্থিরমানস সহকারে শ্রবণ কর। রাশিচক্রে গ্রহগণের বলাবল বিবেচনা করিয়া সমস্ত নির্ণয় করিবে। মেষ অবধি মীন পর্য্যন্ত দ্বাদশরাশি এবং তনুর্দ্ধন প্রভৃতি দ্বাদশভাব অবগত হইয়া জ্যোতির্ব্বিদ্যা বিশারদ পণ্ডিতগণ বলিলেন।

তনুর্বিত্তং বন্ধুমাতৃ পুত্রশত্রু স্মরামৃতিঃ।
পিতৃকর্ম্মাচ লাভঞ্চ ব্যয়াস্তাভাবসংজ্ঞকাঃ॥

গুরুর্লগ্নেশদারেশ পুত্রস্থানাধিপেষু চ।
সর্ব্বেষু বলহীনেষু বক্তব্যাত্বন পত্যতা ॥

তনু—শরীর, বিত্ত—ধন, বন্ধু, 'মাতৃ প্রভৃতি' ; পুত্র, শত্রু, স্মর, পত্নী, মৃতি, মৃত্যু নবম পিতা দশমকর্ম্ম একাদশ লাভ দ্বাদশ ব্যয় এই দ্বাদশভাব।

বৃহস্পতি, পুত্রাধিপতি, পত্নীর অধিপতি এবং পুত্রাধিপতি প্রভৃতি সকলে বলহীন হইলে অনপত্যতা দোষ জানিবে।

রব্যাররাহু শনয় পুত্রস্থাবলসংযুতাঃ।
কারকাখ্যাঃ ক্ষীণবলাদন পত্যত্ব মাদিশেৎ ॥

সর্পের অভিসম্পাতঃ।

পুত্রস্থান গতেরাহৌ কুজেনাপি নিরীক্ষিতে।
কুজক্ষেত্রগতে বাপি সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥

রবি আর (মঙ্গল) রাহু ও শনি এই কয়েক গ্রহ বলবান হইয়া যদি পুত্রভাবগত হন এবং পুত্র কারকাদি গ্রহ যদি ক্ষীণবল হয়, তাহা হইলে অনপত্যত্ব অর্থাৎ (পুত্রহীনত্ব) পুত্র হইবে না অবগত হইবে।

সর্পের অভিসম্পাত। যদি রাহু পুত্রভাবগত হন এবং মঙ্গল যদি তাহাকে অবলোকন করেন এবং পঞ্চমস্থান যদি মঙ্গলের ক্ষেত্র হয়, তাহা হইলে সর্পের অভিসম্পাতে পুত্রহানি হইবে।

পুত্রেশে রাহু সংযুক্তে পুত্রস্থে ভানুনন্দনে।
চন্দ্রদৃষ্টে যুতেবাপি সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥
কারকে রাহুসংযুক্তে পুত্রেশে বলবর্জ্জিতে।
বিলগ্নেশে ভৌমযুতে সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যদি পুত্রাধিপতি রাহুযুক্ত হন, পুত্রস্থানে যদি শনি অবস্থিতি করেন, তাহাতে যদি চন্দ্রমার দৃষ্টি থাকে, তাহা হইলে পূর্ব্বজন্মকৃত সর্পের অভিসম্পাতে ইহজন্মে পুত্র বিনষ্ট হইবে।

যদি পুত্র কারকগ্রহ রাহুযুক্ত হন এবং পুত্রাধিপতি দুর্ব্বল হন, লগ্নাধিপতি যদি মঙ্গলযুক্ত হন, তাহা হইলে সর্পের অভিশাপে পুত্রনষ্ট হইবে।

কারকে ভৌম সংযুক্তে লগ্নে চ রাহু সংযুতে।
পুত্রস্থানাধিপেদুঃস্থে সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥
ভৌমাংশে ভৌম সংযুক্তে পুত্রেশে সোমনন্দনে।
রাহুমান্দিযুতেলগ্নে সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যদি পুত্র কারকগ্রহ মঙ্গলযুক্ত হন, লগ্ন যদি রাহুযুক্ত হয়, পুত্রস্থানাধিপতি দুঃস্থ অর্থাৎ ত্রিষড়ায়ে অবস্থিতি করেন, তাহা হইলে সর্পশাপাৎ পুত্র নষ্ট হয়।

যদি মঙ্গলের নবাংশে মঙ্গল থাকেন এবং পুত্রাধিপতিযুক্ত হন, রাহু ও শনিযুক্ত লগ্ন হয়, তাহা হইলে সর্পশাপে পুত্র নষ্ট হয়।

পুত্রস্থানে কুজে ক্ষেত্রে পুত্রে রাহু সমন্বিতে।
সৌমদৃষ্টে যুতেবাপি সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥
পুত্রস্থা ভানুমন্দারাঃ স্বর্ভানু শশিজোঙ্গিরাঃ।
নির্ব্বলৌ পুত্রলগ্নেশৌ সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যদি পুত্রস্থান মঙ্গলের ক্ষেত্র হয়, পুত্রস্থানে রাহু থাকেন, তাহাতে বুধযুক্ত হন, কিম্বা অবলোকন করেন, তাহা হইলে সর্পের অভিশাপে পুত্র নষ্ট হয়।

যদি পুত্রস্থানে রবি ও মন্দ (শনি) আর (মঙ্গল) স্বর্ভানু (রাহু) শশিজ (বুধ) অঙ্গিরা (বৃহস্পতি) হন এবং লগ্নপতি ও পঞ্চমাধিপতি দুর্ব্বল হন, তাহা হইলে সর্পশাপে পুত্র নষ্ট হয়।

লগ্নেশে রাহুসংযুক্তে পুত্রেশে ভৌমসংযুতে।
কারকে রাহু সংদৃষ্টে সর্পশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যাহার লগ্নাধিপ রাহুযুক্ত পুত্রাধিপতি মঙ্গলযুক্ত, পুত্র কারকগ্রহ রাহুদৃষ্ট হইলে সর্পের অভিসম্পাত হেতু পুত্র নষ্ট হয়।

প্রায়শ্চিত্তং।

তদ্দোষ পরিহারার্থং নাগপূজাং সমারভেৎ।
স্বগৃহ্যোক্ত বিধানেন প্রতিষ্ঠাং কারয়েৎ সুধী॥
নাগমূর্ত্তিং সুবর্ণেন কৃত্বা পূজাং সমাচরেৎ।
গোভূতিল হিরণ্যাদি দত্ত্বাদ্বিত্তানুসারতঃ॥
এবং কৃতেতুনাগেন্দ্র প্রসাদাৎ বর্দ্ধতে কুলং।

সর্পশাপ দোষ পরিহারের জন্য নাগ (সর্প) পূজা আরম্ভ করিবেক। সুবর্ণময় নাগমূর্ত্তি নির্ম্মাণ করাইয়া স্বগৃহ্যোক্ত বিধিদ্বারা প্রতিষ্ঠা করিয়া যথা-সাধ্য পূজা করিবেক এবং গাভী, ভূমি তিল, সুবর্ণ প্রভৃতি বিত্তানুসারে দান করিলে সর্পরাজার প্রসাদে সন্তানসন্ততি ক্রমশঃ বৃদ্ধি হইবে।

অথ পিতৃসাপঃ।

পুত্রস্থানং গতে ভানৌ নীচে মন্দাংশকস্থিতে।
পার্শ্বয়োঃ ক্রুর সম্বন্ধেঽপিতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
পুত্রস্থানাধিপে ভানৌ ত্রিকোণে পাপ সংযুতে।
ক্রুরেন্তরে পাপদৃষ্টে পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

নীচস্থ শনির নবাংশকগত পঞ্চমে রবি অবস্থিতি করিলে এবং অগ্রে ও পশ্চাতে ক্রুর গ্রহের সম্বন্ধ থাকিলে পিতার অভিসম্পাতে সন্তান নষ্ট হয়। সম্বন্ধ চতুর্ব্বিধ। প্রথম বিনিময়, দ্বিতীয় পরস্পর দৃষ্টি, তৃতীয় একতর দৃষ্টি ও চতুর্থ সহাবস্থান। এই চতুর্ব্বিধ সম্বন্ধের মধ্যে কোনও সম্বন্ধ থাকা আবশ্যক।

যে স্থলে পঞ্চমের অধিপতি রবি হন, তাহার নবম কিম্বা পঞ্চম পাপযুক্ত পাপ গ্রহদ্বয়ের মধ্যে যদি পঞ্চমাধিপতি পাপের দৃষ্টিতে থাকেন, তাহা হইলে পিতার শাপে পুত্র নষ্ট হয়।

ভানুরাশিস্থিতে জীবে পুত্রেশে ভানুসংযুতে।
পুত্রে লগ্নে পাপযুতে পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

ভানুরাশি (সিংহে) বৃহস্পতি থাকিলে এবং পঞ্চমাধিপতি রবিযুক্ত হইলে পুত্রস্থান ও লগ্ন পাপযুক্ত হইলে পিতৃশাপে সন্তানের হানি হয়।

পুত্রেশে দুর্ব্বলে পুত্রে পুত্রেশে ভানুসংস্থিতে।
পুত্রে লগ্নে পাপযুতে পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
পিতুঃ স্থানাধিপো ভৌমঃ পুত্রেশেন সমন্বিতঃ।
লগ্নে পুত্রে পিতৃস্থানে পাপাৎ সন্ততি নাশনং॥

পুত্রাধিপতি দুর্ব্বল রবিযুক্ত পুত্রস্থানে থাকে এবং পুত্রস্থানে (পঞ্চমে) লগ্নে পাপগ্রহ থাকিলে পিতার অভিসম্পাতে সন্তান ক্ষয় হইবে।

যেস্থলে পিতৃস্থানাধিপ নবম্যাধিপতি মঙ্গল পঞ্চমাধিপতির সহিত একত্রে অবস্থিতি করিলে এবং লগ্নে ও পঞ্চমস্থানে এবং নবম স্থানে পাপ গ্রহ হইলে সন্তান নষ্ট হইবে।

পিতৃস্থানাধিপে দুঃস্থে কারকে পাপরাশিগে।
পুত্রে লগ্নেশ্বরে পাপে পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
লগ্ন পঞ্চম ভাবস্থাঃ ভানুভৌম শনৈশ্চরাঃ।
রন্ধ্রেরিপ্ ফ রাহুজীবৌ পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

যেস্থলে পিতৃস্থানাধিপ (নবম) দুঃস্থ। ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবগত পুত্র কারক গ্রহ পাপ রাশিগত; পঞ্চমে ও লগ্নাধিপে পাপগ্রহ থাকিলে পিতৃশাপে পুত্রক্ষয় হয়।

লগ্ন ও পঞ্চমভাবে রবি, মঙ্গল ও শনি থাকেন এবং রন্ধ্রে (অষ্টম কিম্বা নবমে) ও রিপ্ ফ (দ্বাদশে) রাহু ও বৃহস্পতি থাকিলে পিতৃশাপে সন্তান নষ্ট হয়।

লগ্নাদষ্টমে ভানৌ বৈপুত্রস্থে ভানুনন্দনে।
পুত্রেশে রাহু সংযুক্তে লগ্নে পাপে সুতক্ষয়ঃ ॥
ব্যয়েশে লগ্নভাবস্থে রন্ধ্রেশে পুত্র রাশিগে।
পিতৃস্থানাধিপে রন্ধ্রে পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যাহার লগ্ন হইতে অষ্টম ভাবগত রবি, পঞ্চমে শনি এবং পঞ্চমাধিপতি রাহুযুক্ত, লগ্নে পাপগ্রহ থাকে, তাঁহার সন্তান বিনাশ হয়।

যাহার দ্বাদশাধিপতি লগ্নে ও অষ্টম নবমাধিপতি পঞ্চমে এবং নবমাধিপতি, অষ্টম কিম্বা নবমে তাহার পিতৃশাপে সুতক্ষয় হয়।

রোগেশে পুত্রভাবস্থে পিতৃস্থানাধিপে তথা।
কারকে রাহুসংযুক্তে পিতৃশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যাহার রোগেশ (ষষ্ঠাধিপতি) পঞ্চমে অথবা নবমে এবং কারকে রাহু তাহার পিতার অভিসম্পাতে সন্তান ক্ষয় হয়।

তদ্দোষ পরিহারার্থঞ্চ গয়াশ্রাদ্ধঞ্চ কারয়েৎ।
ব্রাহ্মণান ভোজয়েদত্র অযুতং বা সহস্রকং ॥
কন্যাদানং ততঃ কৃত্বা গাঞ্চদদ্যাৎ স বৎসিকাং।
এবং কৃতে পিতুঃ শাপাৎ মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥
বর্দ্ধতে চ কুলং তস্য পুত্রপৌত্রাদিভিস্তদা।

পিতার অভিসম্পাতে সন্তান নষ্ট হয়, এই সকল দোষ পরিহারের জন্য গয়াশ্রাদ্ধ করিয়া দশ সহস্র কিম্বা এক সহস্র ব্রাহ্মণ ভোজন করাইবে। পরে কন্যাদান করিয়া সবৎসা গাভী ব্রাহ্মণকে দান করিবেক। এইরূপ কার্য্য করিলে নিশ্চয় পিতৃশাপ হইতে মুক্তিলাভ করিবে এবং তাহার পুত্র পৌত্রাদি দ্বারা বংশ বৃদ্ধি হইবে।

পুত্রস্থানাধিপে চন্দ্রে নীচে বা পাপমধ্যগে।
হিবুকে পঞ্চমে পাপে মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
লাভে মন্দ সমাযোগে মাতৃস্থানে শুভেতরে।
নীচে পঞ্চমগে চন্দ্রে মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

চন্দ্র পঞ্চমাধিপতি হইয়া নীচস্থ কিম্বা পাপদ্বয়ের মধ্যে থাকেন, চতুর্থে ও পঞ্চমে পাপগ্রহ হয়, তাহা হইলে মাতার শাপে সন্তান নষ্ট হয়।

যাহার একাদশে শনি চতুর্থে অশুভগ্রহ এবং নীচস্থ চন্দ্র পঞ্চম ভাবগত হয়, তাহার মাতার অভিশম্পাতে সন্তান নষ্ট হয়।

পুত্রস্থানাধিপে দুঃস্থে চন্দ্রে পাপাংশ সংযুতে।
লগ্নে পুত্রে পাপযুতে মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
পুত্রস্থানাধিপে চন্দ্রে মন্দরাহ্বার সংযুতে।
ভাগ্যে বা পুত্ররাশৌ বা কারকে পুত্রনাশনং॥

যাহার পঞ্চমাধিপতি ষষ্ঠ ও অষ্টম কিম্বা দ্বাদশে হন এবং চন্দ্র পাপ গ্রহের নবাংশগত হন, লগ্ন ও পুত্রাধিপ এক স্থানে পাপগণ থাকে, তাহা হইলে মাতৃ শাপ হইতে সন্তান নষ্ট হয়।

যাহার পুত্রস্থানাধিপতি চন্দ্র, শনি রাহু ও মঙ্গলযুক্ত হন, নবমে কিম্বা পঞ্চমে কারকগ্রহ থাকেন, তাহা হইলে পুত্র নষ্ট হয়।

মাতৃস্থানাধিপে ভৌমে শনিরাহু সমন্বিতে।
ভানুচন্দ্র যুতে পুত্রে লগ্নে সন্ততি নাশনং॥
লগ্নাত্মজেশৌ শত্রুস্থৌ রন্ধ্রে মাত্রধিপেস্থিতৌ।
পিতৃনাশাধিপৌ লগ্নে মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার মাতৃস্থানাধিপতি মঙ্গল, শনি রাহুযুক্ত হন। রবি ও চন্দ্রযুক্ত পুত্রস্থান কিম্বা লগ্ন হয়, তাহার সন্তান সন্ততি নষ্ট হয়।

যাহার লগ্নাধিপ ও পঞ্চমাধিপ শত্রুভাবগত এবং মাতৃাধিপতি (চতুর্থাধিপ) অষ্টম কিম্বা নবমে থাকেন, পিত্রধিপ, নাশাধিপ (অষ্টমাধিপ) লগ্নে থাকে, তাহার সন্তান মাতৃশাপে নষ্ট হয়।

ষষ্ঠাষ্টমেশৌ লগ্নস্থৌ ব্যয়েমাত্রধিপে স্থিতৌ।
চন্দ্রেজীবে পাপযুতে মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
পাপমধ্যগতে লগ্নে ক্ষীণেচন্দ্রে চ সপ্তমে।
মাতৃপুত্রে রাহু মন্দৌ মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

ষষ্ঠ ও অষ্টমাধিপতি যদি লগ্নে থাকেন, চতুর্থাধিপতি দ্বাদশে থাকেন এবং চন্দ্র ও বৃহস্পতি পাপযুক্ত হইলে মাতার অভিসম্পাতে সন্তান ইহসংসার পরিত্যাগ করে।

যাহার পাপদ্বয়ের মধ্যগত লগ্ন হয়, ক্ষীণচন্দ্র সপ্তমে থাকে এবং মাতৃভবনে রাহু ও পুত্রভবনে শনি হয়, তাহাতে মাতৃশাপে পুত্র নষ্ট হয়।

নাশস্থানাধিপে পুত্রে পুত্রেশে নাশরাশিগে।
চন্দ্রমাতৃপতৌ দুঃস্থে মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
চন্দ্রক্ষেত্রে যদা লগ্নে কুজরাহু সমন্বিতে।
চন্দ্রমন্দৌ পুত্র সংস্থৌ মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার অষ্টমাধিপতি পঞ্চমে এবং পঞ্চমাধিপতি অষ্টমে এবং চন্দ্র ও চতুর্থাধিপতি ষষ্ঠ, অষ্টম অথবা দ্বাদশভাবগত হন, তাহার মাতার অভিশাপে সন্তান নষ্ট হয়।

যাহার চন্দ্রের ক্ষেত্রে অথবা লগ্নে মঙ্গল ও রাহু থাকেন এবং পঞ্চমস্থানে চন্দ্র ও শনি অবস্থিতি করেন, তাহার মাতৃশাপে পুত্র নষ্ট হয়।

লগ্নে পুত্রে রন্ধ্র রিপ্‌ফে আর রাহু রবিঃ শনিঃ।
মাতৃলগ্নাধিপৌ দুঃস্থৌ মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

নাশস্থানং গতে জীবে কুজরাহু সমন্বিতে।
পুত্রস্থানে মন্দচন্দ্রৌ মাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার লগ্নে মঙ্গল, পঞ্চমে রাহু, রন্ধ্রস্থানে রবি এবং দ্বাদশে শনি থাকেন, চতুর্থাধিপতি ও লগ্নপতি দুঃস্থ হন, অর্থাৎ (ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশে) থাকেন, তাহার মাতৃশাপে সন্তান নষ্ট হয়।

যাহার অষ্টমে বৃহস্পতি, মঙ্গল ও রাহু থাকেন এবং পঞ্চমস্থানে শনি ও চন্দ্র থাকেন, তাহার মাতৃ অভিশাপে সন্তানের হানি হয়।

গ্রহযোগ পদৈঃ সর্ব্বৈঃ ফলং ব্রুয়াদ্বিচক্ষণঃ।
শুভেসৌখ্যং বিনির্দ্দিষ্টং মিশ্রৈর্মিশ্রং প্রকীর্ত্তিতং॥
সেতুস্নানং প্রকুর্ব্বীত গায়ত্রী লক্ষ সংজ্ঞকং।
গ্রহদানঞ্চ কর্ত্তব্যং রৌপ্যপাত্রে পয়ঃস্থিতিঃ॥
ব্রাহ্মণান ভোজয়েত্তদ্ব দশ্বথস্য প্রদক্ষিণং।
কর্ত্তব্যং ভক্তিযুক্তেন চাষ্টবিংশৎ সহস্রকং।
সৎপুত্র লভতে পশ্চাদ্বৃদ্ধি স্যাত্তস্য সন্ততেঃ॥

বিচক্ষণ পণ্ডিতগণ গ্রহযোগ দর্শন পূর্ব্বক সমস্ত ফল বলিবেন। শুভগ্রহ যোগ থাকিলে শুভ ফল বলিবেন। যদি শুভাশুভ থাকে, তাহা হইলে মিশ্র ফল (শুভাশুভ) বলিবেন। যাহার পূর্ব্বোক্ত প্রকার মাতার অভিসম্পাত থাকে, সে সেতুবন্ধে স্নান করিয়া লক্ষসংখ্যক গায়ত্রী জপ করিবে, পরে গ্রহগণের যথাবিহিত দান করতঃ দুগ্ধের সহিত রৌপ্য পাত্রদান করিবেক। তদনন্তর যথাশক্তি ব্রাহ্মণভোজন করাইয়া অষ্টবিংশতি সহস্র (আঠাইশ হাজার) বার অশ্বথ বৃক্ষ প্রদক্ষিণ করিবেক। হে দেবি! এবম্বিধ কার্য্য যদি করে, তাহা হইলে মাতৃশাপ হইতে মুক্তিলাভ করিবেক। তৎপরে সৎপুত্র লাভ ও সন্ততি বৃদ্ধি হইবেক।

অতঃপরং প্রবক্ষ্যামি ভ্রাত্রাদেঃ শাপকারণং।
পাপযোগেন ভাবেন কারকেন বলাবলে ॥

এক্ষণে পাপযোগ ও গ্রহগণের ভাব ও কারকতা সংজ্ঞা অবলোকন করতঃ ভ্রাতৃ প্রভৃতি অনেকের শাপের কারণ বলিতেছি।

ভ্রাতৃস্থানাধিপে পুত্রে কুজরাহু সমন্বিতে।
পুত্রলগ্নেশ্বরৌ রন্ধ্রে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ ॥
লগ্নে সুতে কুজে মন্দে ভ্রাতৃপে ভাগ্যরাশিগে।
কারকে নাশ রাশিস্থে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ ॥

যাহার মঙ্গল ও রাহুযুক্ত তৃতীয়াধিপতি পঞ্চমভাবে ও পঞ্চমাধিপতি ও লগ্নাধিপতি অষ্টমে কিম্বা নবমে থাকে, তাহার ভ্রাতৃশাপে সন্তান প্রেতলোকে গমন করে।

যাহার লগ্নে মঙ্গল ও পঞ্চমে শনি তৃতীয়াধিপতি একাদশে এবং কারকগ্রহ অষ্টমভাবগত হয়, তাহার ভ্রাতার অভিসম্পাতে পুত্র জীবলোক পরিত্যাগ করে।

মূর্ত্তিস্থানাধিপে রিঃপ্কে [illegible] যদি।
পুত্রেশে রন্ধ্র পাপস্থে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ ॥
পাপমধ্যগতে লগ্নে সুতেশে পাপমধ্যগৌ।
নাথৌ চ কারকৌ দুঃস্থে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ।

যাহার লগ্নাধিপতি দ্বাদশে, মঙ্গল পঞ্চমভাবে এবং পুত্রাধিপতি পাপযুক্ত রন্ধ্রস্থানে তাহার ভ্রাতার শাপে সন্তান নষ্ট হইবে।

যাহার পাপদ্বয়ের মধ্যে লগ্ন হয় ও পাপদ্বয়ের মধ্যে পঞ্চমরাশি হয় এবং লগ্নকারক পুত্রকারক গ্রহ দুঃস্থে (ষষ্ঠ, অষ্টম কিম্বা দ্বাদশে) হয়, তাহার ভ্রাতার অভিশাপে পুত্রক্ষয় হয়।

কর্ম্মেশে ভ্রাতৃভাবস্থে পাপযুক্তে সুতে শুভে।
পুত্রে চ কুজসংযুক্তে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
লগ্নেশে ভ্রাতৃরাশিস্থে ভ্রাতৃস্থানাধিপে সুতে।
লগ্ন ভ্রাতৃসুতে পাপে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার কর্ম্মাধিপ পাপযুক্ত ভ্রাতৃভাবে (তৃতীয়ে) মঙ্গলযুক্ত পঞ্চমাধিপতি শুভগ্রহ, পঞ্চমে হয়, তাহার ভ্রাতৃশাপে সন্তান ক্ষয় হয়।

যাহার লগ্নাধিপতি তৃতীয়ে এবং তৃতীয়াধিপতি পঞ্চমে এবং লগ্নে, তৃতীয়ে ও পঞ্চমে পাপগ্রহ থাকে, তাহার ভ্রাতার শাপে পুত্র নষ্ট হয়।

ভ্রাত্রীশে নাশরাশিস্থে পুত্রস্থে কারকে তথা।
রাহুমান্দিযুতে দৃষ্টে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥
নাশস্থানাধিপে পুত্রে ভ্রাতৃনাথেন সংযুতে।
রন্ধ্রে আরার্কি সংযুক্তে ভ্রাতৃশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার তৃতীয়াধিপতি অষ্টমভাবে অথবা পঞ্চমভাবে কিম্বা কারকে শনিযুক্ত রাহু হয়, কিম্বা দৃষ্টি থাকে, তাহার ভ্রাতার শাপে সন্তান নষ্ট হয়।

যাহার অষ্টমাধিপতি, পঞ্চমে তৃতীয়াধিপতির সহিত যুক্ত থাকে, মঙ্গল ও শনিযুক্ত অষ্টম ও নবম হয়, তাহার ভ্রাতার অভিশাপে সন্তান মৃত্যুকে আলিঙ্গন করে।

ভ্রাতৃশাপ বিমোক্ষার্থং শ্রবণং বিষ্ণুকীর্ত্তনং।
চান্দ্রায়ণং চরেৎ পশ্চাৎ কাবের্য্যাং বিষ্ণুসন্নিধৌ॥
অশ্বত্থস্থাপনং কার্য্যং দশধেনুং প্রদাপয়েৎ।
প্রাজাপত্যং চরেৎ তত্র ভূমিং দদ্যাৎ ফলান্বিতাং॥
এবং যঃ কুরুতেভক্ত্যা পুত্রবৃদ্ধিঃ প্রজায়তে।

ভ্রাতৃশাপ হইতে বিমুক্তির জন্য ভগবান বিষ্ণুর নাম কীর্ত্তন ও শ্রবণ করিবেক এবং পরে চান্দ্রায়ণ ব্রত করিয়া কাবেরী তীর্থে ও বিষ্ণুসন্নিধানে চান্দ্রায়ণ ব্রত করিবেক তৎপরে অশ্বত্থ বৃক্ষ স্থাপন করতঃ সেই স্থানে দশটী সবৎসা পয়স্বিনী ধেনুদান করিয়া প্রাজাপত্য ব্রত করতঃ সফলাভূমি ব্রাহ্মণকে দান করিবেক। এইরূপ কার্য্য ভক্তিপূর্ব্বক করিলে সন্তান সন্ততি বৃদ্ধি হইবেক।

অথ মাতুলশাপাৎ সুতক্ষয়ঃ।

পুত্রস্থানে বুধেজীবে কুজ রাহু সমন্বিতে।
লগ্নে মন্দ সমাযোগে মাতুলাৎ সুতনাশনং।
লগ্নপুত্রেশ্বরৌপুত্রে বুধভৌম সমন্বিতে।
মন্দে মাতুল শাপত্বাৎ পুত্র সন্ততিনাশনং॥

যাহার পঞ্চমস্থানে বুধ, বৃহস্পতি, মঙ্গল ও রাহু এবং লগ্নে শনি তাহার মাতুলের অভিসম্পাতে সন্তান নষ্ট হয়।

যাহার লগ্নাধিপও পঞ্চমাধিপ বুধ ও মঙ্গল এবং শনির সহিত পঞ্চমভাবগত হয়, তাহার মাতুলের কোপে সন্তানসন্ততি সমস্ত বিনাশপ্রাপ্ত হয়।

জ্ঞাতিস্থানাধিপে লগ্নে ব্যয়েশেন সমন্বিতে।
শশিসৌম্য কুজে পুত্রে তস্যসন্ততিনাশনং॥

যদি দ্বাদশাধিপতির সহিত পঞ্চমাধিপতি লগ্নে থাকেন-এবং চন্দ্র, বুধ ও মঙ্গল পঞ্চমে থাকেন, তাহা হইলে তাহার সন্ততি নষ্ট হয়।

তদ্দোষ পরিহারার্থং বিষ্ণুস্থাপন মুচ্যতে।
বাপীকূপতড়াগাদি খননং সেতু দর্শনং॥
পুত্রবৃদ্ধির্ভবেত্তস্য সম্পদ্বৃদ্ধিঃ প্রজায়তে।
ইদং যোগগ্রহেনৈব ফলং ব্রুয়াদ্বিচক্ষণঃ।

মাতুলের অভিসম্পাত জন্য দোষ পরিহারের নিমিত্ত বিষ্ণুস্থাপন করিবেক এবং বাপী (দীর্ঘিকা) কূপ (কূয়া) তড়াগ (প্রসস্ত সরোবর) প্রভৃতি খনন ও সেতুবন্ধ দর্শন করিলে তাহার বংশ বৃদ্ধি ও ধন বৃদ্ধি হইবেক। কিন্তু গ্রন্থজন্য এই সকল যোগ দর্শন করতঃ পণ্ডিতগণ বিবেচনাপূর্ব্বক ফল বলিবেন।

ব্রহ্মশাপ নিমিত্ত বংশহানিঃ।

গুরুক্ষেত্রে যদারাহুঃ পুত্রেজীবারভানুজাঃ।
ধর্ম্মস্থানাধিপে নাশে ব্রহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥
বিদ্যাগর্ব্বেণ যোমর্ত্যো ব্রাহ্মণানবমন্যতে।
তদ্দোষং ব্রহ্মশাপত্বাৎ সন্ততেস্তস্যনাশনং॥

বৃহস্পতির ক্ষেত্রে রাহু এবং পুত্রস্থানে বৃহস্পতি মঙ্গল ও শনি এবং নবমাধিপতি অষ্টমভাবগত হইলে ব্রহ্মশাপ জন্য সন্তানসন্ততি ক্ষয়প্রাপ্ত হয়।

যে মানব বিশিষ্ট বিদ্যালাভ করতঃ অহঙ্কার বশতঃ ব্রাহ্মণকে অবমাননা করে, সেই দোষ, ব্রহ্মশাপ প্রযুক্ত তাহার সন্তান সন্ততি যমলোক দর্শন করে।

ধর্ম্মেশে পুত্রভাবস্থে পুত্রেশে নাশ রাশিগে।
জীবারবাহু মৃত্যুস্থে ব্রাহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥
ধর্ম্মাধিপে নীচগতে ব্যয়েশে পুত্র রাশিগে।
রাহুযুক্তে ক্ষিতেবাপি ব্রহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার নবমাধিপতি পঞ্চমে ও পঞ্চমাধিপতি অষ্টমে এবং সেই অষ্টমে বৃহস্পতি, রাহু, মঙ্গল অবস্থিতি করিলে সে মানব ব্রহ্মশাপ প্রযুক্ত সন্তানসন্ততি ভোগ করিতে পারে না।

যাহার নবমাধিপতি নীচগত, দ্বাদশাধিপতি পঞ্চম ভাবগত, তাহাতে যদি রাহুর দৃষ্টি থাকে কিম্বা সেই স্থানে রাহু অবস্থান করেন, তাহা হইলে ব্রহ্মশাপ প্রযুক্ত সন্তান নষ্ট হয়।

জীবেনীচগতেরাহু লগ্নেবা পুত্ররাশিগে।
পুত্রস্থানাধিপে দুঃস্থে ব্রহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥
পুত্রস্থানাধিপে জীবে রন্ধ্রে পাপ সমন্বিতে।
পুত্রেশাবর্ক চন্দ্রোবা ব্রহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার রাশিচক্রে বৃহস্পতি নীচগত, লগ্নে রাহু অথবা পঞ্চম ভাবগত এবং পঞ্চমাধিপতি দুঃস্থে (ষষ্ঠ, অষ্টম কিম্বা দ্বাদশ ভাবগত) তাহার ব্রহ্মশাপে সন্তান নষ্ট হইবে।

যাহার পঞ্চমাধিপতি বৃহস্পতি অষ্টম ও নবম ভাবে পাপযুক্ত, এবং পঞ্চম-ভাবাধিপতি রবি ও চন্দ্র হন, তাহা হইলে ব্রহ্মশাপে সন্তানসন্ততি নষ্ট হয়।

মন্দাংশে মন্দসংযুক্তে জীবে ভৌম সমন্বিতে।
পুত্রেশে ব্যয়রাশিস্থে ব্রহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥
লগ্নে গুরুযুতে মন্দে ভাগ্যে রাহু সমন্বিতে।
ব্যয়ে গুরুসমাযোগে ব্রহ্মশাপাৎ সুতক্ষয়ঃ॥

যাহার বৃহস্পতি মঙ্গলও শনি সংযুক্ত, শনি স্বনবাংশে আছেন, পঞ্চমাধিপতি দ্বাদশে আছেন, তাহার ব্রহ্মশাপে সন্তান নষ্ট হয়।

যাহার লগ্নে শনিযুক্ত বৃহস্পতি, নবমে রাহু, দ্বাদশে শুক্রাচার্য্য তাহার ব্রহ্মশাপে সন্তান নষ্ট হয়।

তস্য দোষস্য শান্ত্যর্থং কুর্য্যাচ্চান্দ্রায়ণং নরঃ।
ব্রহ্মকূর্চ্চত্রয়ং কৃত্বা ধেনুং দদ্যাৎ সদক্ষিণাং॥
পঞ্চরত্না নিদেয়ানি সুবর্ণেন সমন্বিতং।
অন্নদানং ততঃ কুর্য্যাদ্ যুতং বা সহস্রকং॥
এবং কৃতেতুসৎপুত্রং লভতে নাত্রসংশয়।
মুক্তশাপো বিশুদ্ধাত্মা স পুমান্ সুখমেধাত্॥

ব্রহ্মশাপ জন্ম দোষের শান্তির নিমিত্ত চান্দ্রায়ণ ব্রত করিবেক, পরে তিনটী ব্রহ্মকূর্চ্চ যোগাবিশেষ করিয়া দক্ষিণার সহিত পয়স্বিনী ধেনুদান করিতে হইবে। তদনন্তর পঞ্চরত্ন সুবর্ণের সহিত দান করিবেক। দশসহস্র কিম্বা এক সহস্র ব্যক্তিকে অন্নদান করিলে দোষ হইতে মুক্তিলাভ করিয়া সৎপুত্র লাভ করিবেক, তাহার সংশয় নাই। ব্রহ্মশাপ হইতে মুক্ত হইলে সেই ব্যক্তি ইহসংসারে সুখভোগে বঞ্চিত হইবেক না।

অথানপত্যযোগঃ।

গুরুর্লগ্নেশ দারেশ পুত্রস্থানাধিপেষু চ।
সর্ব্বেষু বলহীনেষু বক্তব্যাত্বনপত্যতা॥
লগ্নপুত্রেশ্বরৌ দুঃস্থে কারকে নীচ রাশিগে।
অনপত্যগ্রহে পুত্রে অনপত্যত্বমাদিশেৎ॥
ক্রূরষষ্ঠ্যাংশকে জীবে পুত্রস্থে নাশরাশিগে।
পুত্রেশে নাশরাশিস্থে অনপত্যত্বমাদিশেৎ॥

যাহার রাশিচক্রে বৃহস্পতি, লগ্নাধিপ, সপ্তমাধিপ এবং পঞ্চমাধিপ সকলে দুর্ব্বল তাহার সন্তান হইবেক না। যাহার লগ্নাধিপ পঞ্চমাধিপ দুঃস্থ (ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবস্থ) এবং পুত্রকারক গ্রহ নীচস্থ হন ও অনপত্যগ্রহ (ক্লীবগ্রহ) পঞ্চমে থাকেন, তাহার সন্তান হয় না।

যদি ষষ্ঠের নবাংশে পাপগ্রহ হন, বৃহস্পতি পঞ্চমে অথবা অষ্টম ভাবগত হন, পঞ্চমাধিপতি যদি অষ্টমে থাকেন, তাহা হইলে সন্তান হয় না।

অথ পুত্রযোগঃ।

বিত্তেশে পুত্রভাবস্থে পরিপূর্ণ বলান্বিতে।
বৈশেষিকাংশকে জীবে পুত্রযোগা ইমেস্মৃতাঃ॥

লগ্নাৎ পুত্রাধিপেস্বোচ্চে অন্যোন্যত্বাদিবীক্ষিতে।
পরস্পর স্থানগতে পুত্রযোগা ইমেস্মৃতাঃ॥
পুত্রস্থানাধিপস্বাংশ রাশিশে শুভ সংযুতে।
শুভেন বীক্ষিতে বাপি পুত্রযোগা ইমেস্মৃতাঃ।
লগ্নপুত্রাধিপৌ কেন্দ্রে শুভগ্রহ সমন্বিতে।
কুটুম্বেশে বলাঢ্যেতু পুত্রযোগা ইমেস্মৃতাঃ॥
লগ্নেশে দারভাবস্থে দারেশে লগ্নমাশ্রিতে।
দ্বিতীয়েশে বিলগ্নস্থে পুত্রযোগা ইমেস্মৃতাঃ॥
দারেশে গ্রহসংযুক্তে নবাংশ ভবনাধিপে।
পুত্রবিত্ত বিলগ্নেশে পুত্রযোগা ইমেস্মৃতাঃ॥

যদি পঞ্চমভাবে পূর্ণ বল থাকে, তাহাতে ধনাধিপতি অবস্থান করেন এবং বৃহস্পতি যদি কোন অংশগত হন, তাহা হইলে সন্তান হইবার সম্ভাবনা হয়।

যদি লগ্ন হইতে পরমোচ্চ স্থানগত পঞ্চমাধিপতি হন, এবং পরস্পরের দৃষ্টি থাকে, পরস্পরের স্থানগত হয়, তাহা হইলে পুত্রযোগ অর্থাৎ পুত্র হইতে পারে।

পঞ্চমাধিপতি, নবাংশপতি যে রাশিতে থাকেন, তাহাতে যদি শুভগ্রহের দৃষ্টি থাকে এবং শুভগ্রহযুক্ত হয়, তাহাতে পুত্র হইবার সম্ভাবনা।

যদি লগ্নাধিপ ও পঞ্চমাধিপ শুভগ্রহযুক্ত কেন্দ্রে থাকেন এবং চতুর্থাধিপ বলবান হন, তাহাতে পুত্র হইবার সম্ভাবনা।

যদি লগ্নাধিপ সপ্তমভাবগত হন, সপ্তমভাবাধিপতি ও দ্বিতীয়াধিপতি যদি লগ্নে থাকেন এবং তাহাতে পুত্র হইবার যোগ, সন্তান হইতে পারে।

সপ্তমাধিপতি কোন একটী গ্রহের সহিত নবাংশাধিপতির গৃহে থাকেন অথবা পঞ্চমাধিপতি কিম্বা ধনাধিপতি অথবা লগ্নাধিপতির সহিত যুক্ত থাকেন. তাহা হইলে পুত্র হইবার সম্ভাবনা।

অধিক বয়সে পুত্র হইবার যোগঃ।

লগ্নাধিপে কুজেস্বোচ্চে রন্ধ্রে মন্দযুতেরবৌ।
শুভদৃষ্টি সমাযোগে চিরাৎ পুত্র মুপৈতি সঃ॥
লগ্নেমন্দে গুরৌ রন্ধ্রে ব্যয়ে ভৌম সমন্বিতে।
শুভদৃষ্টে স্বতুঙ্গেবা চিরাৎ পুত্র মুপৈতি সঃ॥

যাহার লগ্নাধিপতি মঙ্গল উচ্চস্থ হন, শনিযুক্ত রবি অষ্টমে কিম্বা নবমে থাকেন যদি তাহাতে শুভগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে অধিক বয়সে পুত্র লাভ হইবেক।

যাহার লগ্নে শনি, শুক্রাচার্য্য অষ্টমে কিম্বা নবমে এবং দ্বাদশে মঙ্গল শুভগ্রহের দৃষ্টিতে থাকেন, কিম্বা স্বীয় উচ্চে থাকেন, তাহা হইলে অধিক বয়সে সন্তান লাভ করিবেক।

পুত্রস্থা মন্দজীবজ্ঞা লগ্নে পুত্রাধিপে শুভে।
পুত্রেশে শুভ রাশিস্থে চিরাৎ পুত্র মুপৈতি সঃ॥
লগ্নে মন্দে গুরৌ রন্ধ্রে ব্যয়ে ভৌম সমন্বিতে।
শুভদৃষ্টে স্বতুঙ্গেবা চিরাৎ পুত্র মুপৈতি সঃ॥

যাহার শনি, বৃহস্পতি, বুধ পঞ্চমে ও পঞ্চমাধিপতি লগ্নে শুভগ্রহের দৃষ্টিতে থাকেন এবং পঞ্চমাধিপতি শুভগ্রহের ক্ষেত্রে তাহা হইলে অধিক বয়সে পুত্রলাভ হইবেক।

যাহার লগ্নে শনি, বৃহস্পতি অষ্টমে কিম্বা নবমে এবং দ্বাদশে মঙ্গল শুভগ্রহের দৃষ্টিতে কিম্বা উচ্চস্থ হইলে অধিক বয়সে পুত্র হইবেক।

সুতেরাহ্বর্ক শুক্রেজ্যাঃ শুভর্ক্ষে শুভবীক্ষিতে।
পুত্রেশে শুভরাশিস্থে চিরাৎ পুত্র মুপৈতি সঃ॥
লগ্নে সৌম্যে ধনে পাপে তৃতীয়ে পাপ খেচরে।
পুত্রেশে শুভ রাশিস্থে চিরাৎ পুত্র মুপৈতি সঃ॥

যাহার পঞ্চমে রাহু, রবি, শুক্র, বৃহস্পতি শুভগ্রহের ক্ষেত্রে শুভগ্রহের দৃষ্টিতে থাকেন, পঞ্চমাধিপ শুভরাশিস্থ হন, সে বহুকালে পুত্র মুখাবলোকন করিতে পারে।

যাহার লগ্নে বুধ, দ্বিতীয় পাপগ্রহ, তৃতীয়ে পাপখেচর, পঞ্চমাধিপতি শুভ-গ্রহের ক্ষেত্রগত হন, সে বহুকালে সন্তান লাভ করিতে পারে।

বহুপুত্র যোগঃ।

পুত্রেরাহু রবিসৌম্যাঃ কারকে শুভ সংযুতে।
শুভেন বীক্ষিতে বাপি বহু পুত্রং সমাদিশেৎ॥
পুত্রেশে শুভ রাশিস্থে শুভদৃষ্টি সমন্বিতে।
কারকে কেন্দ্রভাবস্থে বহুপুত্রং সমাদিশেৎ॥

যাহার পঞ্চমে রাহু, রবি ও বুধ এবং পুত্রকারক গ্রহ শুভগ্রহযুক্ত হন, যদি তাহাতে শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে বহু পুত্র লাভ হয়।

যাহার পঞ্চমাধিপতি শুভগ্রহের ক্ষেত্রগত হইয়া শুভগ্রহের দৃষ্টিতে থাকে এবং পুত্রকারক গ্রহ কেন্দ্রস্থ হন, তাহার বহু পুত্র লাভ হয়।

লগ্নেশে পুত্ররাশিস্থে পুত্রেশে লগ্নমাশ্রিতে।
কেন্দ্র ত্রিকোণগে জীবে বহুপুত্রং সমাদিশেৎ॥
পুত্রস্থানগতে রাহৌ মন্দাংশক বিবর্জ্জিতে।
বহুপুত্রং নরোবিন্দ্যাচ্ছুভগ্রহ নিরীক্ষিতে॥

যাহার লগ্নাধিপতি পঞ্চম ভাবগত এবং পঞ্চমাধিপতি লগ্নগত, বৃহস্পতি কেন্দ্র কিম্বা ত্রিকোণস্থ হন, তাহা হইলে বহু পুত্র লাভ হয়।

যাহার পঞ্চমে রাহু এবং শনির নবাংশ শুক্র বর্জ্জিত হইবে এবং তাহাতে যদি শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মানব বহু সন্তান লাভ করিতে সমর্থ হইবে।

পুত্রস্থানাধিপেস্বোচ্চে লগ্নেশে শুভসংযুতে।
কারকে শুভসংযুক্তে বহুপুত্রং সমাদিশেৎ॥
পরিপূর্ণ বলে জীবে লগ্নেশে পুত্ররাশিগে।
পুত্রেশে বলসংযুক্তে বহুপুত্রং সমাদিশেৎ॥

পুত্রস্থানাধিপতি উচ্চস্থ, লগ্নাধিপতি শুভগ্রহযুক্ত এবং পুত্রকারক শুভ সংযুক্ত হইলে বহুপুত্র হইবেক, যাহার বৃহস্পতি পূর্ণবলী, লগ্নাধিপ পঞ্চম ভাবগত, পঞ্চমাধিপতি বিশিষ্ট ও বলযুক্ত, তাহার বহুপুত্র হইবার যোগ, বহু পুত্র হইবেক।

অথ দত্তকপুত্রাদি যোগঃ।

পুত্রস্থানে কুজেমন্দে বুধক্ষেত্রে বিলগ্নগে।
বুধদৃষ্টে যুতেবাপি তদাদত্তাঃ সুতাদয়ঃ॥
পুত্রস্থানে বুধক্ষেত্রে মন্দক্ষেত্রেঽথবাভবেৎ।
ভৌমমান্দিযুতে দৃষ্টে তদাদত্তাঃ সুতাদয়ঃ॥

যাহার পঞ্চমে মঙ্গল ও শনি লগ্নাধিপতি বুধের ক্ষেত্রে, তাহাতে যদি বুধের দৃষ্টি থাকে, কিম্বা বুধযুক্ত থাকেন, তাহা হইলে দত্তক সন্তান হইবেক।

যাহার পঞ্চমস্থান বুধের ক্ষেত্র কিম্বা শনির ক্ষেত্র হয়, তাহাতে শনি ও মঙ্গল অবস্থিতি করেন কিম্বা দর্শন করেন, তাহা হইলে দত্তক সন্তান হইবেক।

পুত্রস্থানে বুধক্ষেত্রে বুধসংস্থে ক্ষিতেপিবা।
লগ্নাধিপে শনৌবাপি দত্তপুত্রাভবন্তিহি॥
পুত্রেশে মন্দসংযুক্তে কুজেসৌম্য নিরীক্ষিতে।
ল[illegible]পে বুধাংশেবা দত্তপুত্রা ভবন্তিহি॥

যাহার পঞ্চম স্থান বুধের ক্ষেত্র হয়, তহাতে যদি বুধ অবস্থিতি করেন, কিম্বা দৃষ্টি করেন এবং লগ্নাধিপতি যদি শনি হন, তাহা হইলে দত্তক সন্তান হইবেক।

যাহার পঞ্চম ভবনাধিপ শনিযুক্ত হন, তাহার প্রতি যদি মঙ্গল ও বুধের দৃষ্টি থাকে এবং বুধের নবাংশে যদি লগ্নাধিপতি থাকেন, তাহা হইলে তাহার দত্তক পুত্র হইবে।

কামেশে লাভভাবস্থে পুত্রেশে শুভসংযুতে।
পুত্রেমন্দ বুধেবাপি দত্তপুত্রা ভবন্তিহি॥

যাহার সপ্তমাধিপতি একাদশে এবং পুত্রাধিপতি শুভযুক্ত এবং পঞ্চমে শনৈশ্চর অবস্থিতি করিলে তাহাতে দত্তকপুত্র হইবেক।

অথ ষষ্ঠভাবফলং।

ষষ্ঠাধিপোপি পাপশ্চে দ্দেহেবাপ্যষ্টমেস্থিতঃ।
তদাব্রণোভবেদ্দেহে কর্ম্মস্থানে প্যয়ংবিধিঃ॥
এবং পিত্রাদি ভাবেশা স্তত্তৎ কারকসংযুতাঃ।
ব্রণাধিপযুতাশ্চাপি ষষ্ঠাষ্টমযুতা যদি॥
তেযামপি ব্রণং বাচ্য মাদিতেন শিবোব্রণং।
ইন্দুনাচ মুখেকণ্ঠে ভৌমেন জ্ঞেন নাভিষু॥
গুরুণানাসিকায়াঞ্চ ভৃগুণানয়নে পদে।
শনিনা রাহুনা কুক্ষৌ কেতুনাচ তথা ভবেৎ॥

যদি ষষ্ঠাধিপতি পাপগ্রহ লগ্নে বা অষ্টমে থাকে, তাহা হইলে শরীরে ব্রণ হইবে, কর্ম্মস্থানে এইরূপ বিধি। এইরূপ পিত্রাদিভাবের অধিপতি তত্তৎ কারকের সহিত যুক্ত থাকে, তাহা হইলে ব্রণ হইবে। ষষ্ঠাধিপতি যদি ষষ্ঠ কিম্বা অষ্টমে থাকে, তাহাতে ব্রণ হইবে। ব্রণাধিপতি রবি হইলে মস্তকে ব্রণ হইবে, চন্দ্র হইলে মুখে ও কণ্ঠে, মঙ্গল ও বুধ হইলে, নাভিতে বৃহস্পতি হইলে নাসিকাতে শুক্র হইলে চক্ষে পায়ে শনি ও রাহু হইলে বাহু ও কুক্ষিতে কেতু হইলে ঐরূপ বাহু কুক্ষিতে ব্রণ হইবেক।

লগ্নাধিপঃ কুজক্ষেত্রে বুধস্থ যদি সংস্থিতঃ।
যত্রকুত্রস্থিতোজ্ঞেয়ো বীক্ষিতোমুখরুগ্ প্রদঃ॥
লগ্নাধিপৌ কুজবুধৌ চন্দ্রেণ যদি সংস্থিতৌ।
রাহুর্ব্ব্যাশনিনাসার্দ্ধং কুষ্ঠং তত্র বিনির্দ্দিশেৎ॥

লগ্নাধিপতি যদি মঙ্গলের ক্ষেত্রে কিম্বা বুধের ক্ষেত্রে থাকেন, অথবা লগ্নাধিপতি যে কোন স্থানে থাকেন, বুধ কর্ত্তৃক যদি দৃষ্ট হয়, তাহা হইলে মুখের পীড়া হইবে।

লগ্নাধিপতি মঙ্গল ও বুধ হন, রাহু ও শনির সহিত চন্দ্র যদি তাহাতে অবস্থিতি করেন, তাহা হইলে কুষ্ঠরোগ হইবে।

লগ্নাধিপং বিনা লগ্নে স্থিতশ্চেত্তমসাশশী।
শ্বেতকুষ্ঠং তদাকৃষ্ণং কুষ্ঠঞ্চ শনিনাসহ॥
কুজেন রক্তকুষ্ঠং স্যাৎ তদ্দদেবং বিচারয়েৎ।
লগ্নে ষষ্ঠাষ্টমাধীশৌ রবিণা যদি সংস্থিতৌ॥
রাহুনা সংযুতে মন্দে সর্ব্বদা রোগ সংযুতঃ।
রোগস্থানং গতে ভৌমে তদীশে রন্ধ্র সংযুতে॥
ষড়বর্ষ দ্বাদশে বর্ষে জ্বররোগী ভবেন্নরঃ।
ষষ্ঠস্থানং গতে জীবে তদ্গৃহে চন্দ্র সংযুতে॥
দ্বাবিংশৈকোনবিংশেব্দে কুষ্ঠরোগং বিনির্দ্দিশেৎ।
রোগস্থানং গতোরাহুঃ কেন্দ্রেমান্দি সমন্বিতঃ॥
লগ্নেশে নাশরাশিস্থে ষড়্বিংশে ক্ষয়রোগতা।

লগ্নাধিপ ব্যতীত যদি লগ্নে কৃষ্ণপক্ষের চন্দ্র থাকেন, তাহা হইলে শ্বেত কুষ্ঠ হইবেক এবং শনির সহিত যদি চন্দ্র থাকেন, তাহা হইলে কৃষ্ণবর্ণ কুষ্ঠ হইবেক। মঙ্গল যদি থাকেন, তাহা হইলে রক্তকুষ্ঠ হইবেক। যদি ষষ্ঠ ও অষ্টমাধিপতি রবির সহিত লগ্নে থাকেন, তাহা হইলে এইরূপ বিচার হইবেক।

যদি রাহুর সহিত সর্ব্বদা শনি বাস করেন, তাহা হইলে পীড়া হইবেক। যদি ষষ্ঠস্থানে মঙ্গল থাকেন এবং ষষ্ঠাধিপতি অষ্টম কিম্বা নবমে থাকেন, তাহা হইলে ছয় বৎসরে ও বার বৎসরে জ্বর পীড়া হইবেক।

ষষ্ঠস্থানে যদি বৃহস্পতি থাকেন, চন্দ্র যদি তাহাতে অবস্থিতি করেন, তাহা হইলে একুশ বৎসরে ও বাইশ বৎসরে কুষ্ঠরোগ হইবে।

যদি ষষ্ঠভাবগত রাহু হন, শনি কেন্দ্রে অবস্থিতি করেন এবং লগ্নাধিপতি অষ্টমে থাকেন, তাহা হইলে ছাব্বিশ বৎসরে ক্ষয় রোগগ্রস্থ হইবেক।

ব্যয়েশে রোগরাশিস্থে তদীশে ব্যয়রাশিগে।
ত্রিংশদ্বর্ষৈকোনবর্ষে গুল্মরোগং বিনির্দ্দিশেৎ ॥
রিপুস্থানং গতে চন্দ্রে শনিনাসংযুতে যদি।
পঞ্চপঞ্চাশতাব্দেষু রক্তকুষ্ঠং বিনির্দ্দিশেৎ ॥

যদি দ্বাদশাধিপতি ষষ্ঠে থাকেন এবং ষষ্ঠাধিপতি দ্বাদশে থাকেন, তাহা হইলে উনত্রিংশবর্ষে ও ত্রিংশ বৎসরে গুল্মরোগ হইবেক।

যদি শনির সহিত চন্দ্ররিপু ভাবগত হন, তাহা হইলে পঞ্চাশ বৎসরে রক্তকুষ্ঠরোগে আক্রান্ত হইবে।

লগ্নেশে লগ্নরাশিস্থে মন্দে শত্রু সমন্বিতে।
একোনষষ্টিবর্ষেতু ধাতুরোগাদ্দিতোভবেৎ ॥
রন্ধ্রেশে রিপুরাশিস্থে ব্যয়েশে লগ্নসংস্থিতে।
চন্দ্রে ষষ্ঠেশ সংযুক্তে বসুবর্ষে মৃগাদ্ভয়ং ॥

যদি লগ্নাধিপতি লগ্নে থাকেন এবং শনি শত্রুযুক্ত হন, তাহা হইলে উনষাইট বৎসরে ধাতুরোগে আক্রান্ত হইবে।

যদি নবমাধিপতি ষষ্ঠভাবে অবস্থিতি করেন এবং দ্বাদশাধিপতি লগ্নে থাকেন, চন্দ্র ষষ্ঠাধিপের সহিত একত্রে অবস্থিতি করেন, তাহা হইলে আট বৎসরে পশু হইতে ভয় পাইবেক।

ষষ্ঠাষ্টম গতোরাহুস্তস্মাদষ্টগতে শনৌ।
বৎসরাগ্নি ভয়ং তস্য ত্রিবর্ষে পক্ষিদোষভাক্ ॥
অষ্টমে মন্দ সংযুক্তে রন্ধ্রাদ্দ্বাদশমেকুজঃ।
ত্রিংশদব্দে দশাষ্টে চ স্ফোটকাদীন বিনির্দ্দিশেৎ ॥

যাহার ষষ্ঠ ও অষ্টমে রাহু তাহা হইতে অষ্টম ভাবগত শনি হইলে এক বৎসর পর্য্যন্ত অগ্নিভয় হইবেক, তিন বৎসরে পক্ষি জন্য দোষভাগী হইবে।

অষ্টমে শনিযুক্ত হইলে অষ্টম হইতে দ্বাদশ গৃহে মঙ্গল হইলে, ত্রিংশ বৎসরে দশ বৎসরে অষ্ট বৎসরে স্ফোটকাদি হইবেক।

লগ্নেশে রিপুভাবস্থে তদীশে লাভ রাশিগে।
একত্রিংশৈকচত্বারি শত্রুমূলাঙ্গন ক্ষয়ঃ ॥
সুতেশে রিপুভাবস্থে ষষ্ঠেশে গুরু সংযুতে।
ব্যয়েশে লগ্নভাবস্থে তস্যপুত্রো রিপুর্ভবেৎ ॥
লগ্নেশে ষষ্ঠরাশিস্থে তদংশে ষষ্ঠ রাশিগে।
দশমৈকোন বিংশে চ শুনকাদ্ভীতিরুচ্যতে ॥

যাহার লগ্নাধিপতি শত্রুভাবে থাকেন এবং শত্রু ভাবাধিপতি একাদশে থাকেন, তাহার একত্রিশ ও একচল্লিশ বৎসরে শত্রু হইতে ধনক্ষয় হইবেক।

যাহার পঞ্চমাধিপতি ষষ্ঠভাবে থাকেন এবং ষষ্ঠাধিপতি বৃহস্পতিযুক্ত থাকেন, দ্বাদশাধিপতি লগ্নভাবগত হন, তাহার পুত্র শত্রু হইবে, অর্থাৎ শত্রু সদৃশ কার্য্য করিবেক।

যাহার লগ্নাধিপতি ষষ্ঠ রাশিগত এবং লগ্নের নবাংশাধিপতি ষষ্ঠ রাশিগত হইবেক, সে দশ বৎসরে উনিশ বৎসরে কুকুর হইতে ভয় পাইবেক।

অথ সপ্তমভাব ফলং।

কলত্রপো বিনাস্বক্ষে ষড়াদিত্রয় সংস্থিতঃ।
রোগিণীং কুরুতে নারীং তথাতুঙ্গাদিকং বিনা ॥

স্ত্রীপুত্র যাত্রা ফলচিন্তনানি কার্য্যাপ্যনেনাপি সহাধিপেন।
শুভেন কার্য্যং শুভভং তথৈব পাপেন পাপং ফলমূহনীয়ং ॥
সপ্তমেতু স্থিতে শুক্রে হতীবকামী ভবেন্নরঃ।
যত্র কুত্রস্থিতে পাপযুতে স্ত্রীমরণং ভবেৎ ॥

সপ্তমভাব ফলং।—সপ্তমাধিপতি স্বরাশি ভিন্ন ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ গৃহে যদি অবস্থিতি করেন, তাহা হইলে রমণীকে পীড়িতা করেন, কিন্তু সপ্তমাধিপতি তুঙ্গাদি গৃহগত হন, তাহা হইলে ভিন্নরূপ ফল হইবে। স্ত্রীপুত্র যাত্রার চিন্তা অধিপতির দ্বারা চিন্তা করিবেক।

যদি অধিপতি শুভ হয়, তাহা হইলে শুভফল, অশুভ পাপগ্রহ হইলে মন্দফল বিবেচনা করিবেক। যদি সপ্তম ভবনে শুক্র থাকেন, তাহা হইলে মানব অতিশয় কামী হইবে। যে কোন স্থানে শুক্র পাপযুক্ত হইলে পত্নীর মৃত্যু হইবে।

কলত্রনাথে রিপুনীচসংস্থে মৃতে হথবা পাপ নিরীক্ষিতে বা।
কলত্রভে পাপযুতে চ দৃষ্টে কলত্রহানিং প্রবদন্তি সন্তঃ ॥
ষষ্ঠাষ্টম ব্যয়স্থেষু মন্দেশো দুর্ব্বলো যদি।
নীচরাশি গতেযুক্তে দারনাশং বিনির্দ্দিশেৎ ॥
কলত্রস্থানগে চন্দ্রে তদীশে ব্যয়রাশিগে।
কারকো বলহীনশ্চ দারসৌখ্যং ন বিদ্যতে ॥

কলত্রনাথ (সপ্তমাধিপতি) শত্রু গৃহগত হইয়া যদি নীচস্থ হন। অথবা পাপ গৃহগত হন এবং সপ্তাধিপতি পাপযুক্ত কিম্বা পাপ দৃষ্ট হন, তাহা হইলে ভার্য্যাহানি হইবে পণ্ডিতগণ বলিয়াছেন।

ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ ভাবে সপ্তমাধিপতি দুর্ব্বল হইয়া যদি অবস্থিতি করেন অথবা নীচ রাশিগত কিম্বা তুঙ্গ হন, তাহা হইলে পত্নী বিয়োগ হইবে।

যদি সপ্তম স্থানে চন্দ্রমা থাকেন এবং সপ্তমাধিপতি যদি দ্বাদশে থাকেন এবং পত্নীকারক গ্রহ দুর্ব্বল হন, পত্নীগত স্বচ্ছন্দ হইবে না।

ভার্য্যাধিপে নীচগৃহে চ পাপপাপক্ষ গে বা বহুপাপযুক্তেঃ।
ক্লীবেগ্রহে সপ্তমরাশিসংস্থে তস্যোদয়াংশেদ্বিকলত্রসিদ্ধিঃ॥
কলত্রস্থানগে ভৌমে শুক্রে জামিত্রগে শনৌ।
লগ্নেশে রন্ধ্ররাশিস্থে কলত্র ত্রয়বান ভবেৎ॥
দ্বিস্বভাব গতে শুক্রে স্বোচ্চ তদ্রাশি নায়কে।
দারেশে বলসংযুক্তে বহুদার সমন্বিতঃ॥
দারস্থানং গতে সূর্য্যে তদীশে ভৃগু সংযুতে।
সপ্তমৈকাদশেবর্ষে বিবাহঃ প্রায়শো ভবেৎ॥

যাহার ভার্য্যাধিপতি নীচগৃহগত এবং পাপরাশি বহু পাপযুক্ত, ক্লীবগ্রহ সপ্তমরাশিগত সেই সপ্তমরাশির নবাংশে জন্ম হইলে দুইটী ভার্য্যা হইবেক।

যাহার সপ্তমভাবে মঙ্গল ও শুক্র এবং যামিত্রে শনি এবং লগ্নাধিপতি রন্ধ্র (অষ্টম কিম্বা নবম) ভাবগত হইলে তিনটী ভার্য্যা হইবে।

দ্বিস্বভাব (দ্ব্যাত্মক) গত শুক্র এবং দ্ব্যাত্মকাধিপতি উচ্চস্থ, ভার্য্যাধিপতি তুঙ্গী হইলে অনেক ভার্য্যা হইবেক।

যাহার সপ্তমস্থানগত সূর্য্য ও সপ্তমাধিপতি শুক্রযুক্ত, তাহা হইলে সপ্তম অথবা একাদশ বৎসরে প্রায় বিবাহ হইবেক।

কুটুম্বস্থানগে শুক্রে দারেশে লাভ রাশিগে।
দশমে ষোড়শাব্দেচ বিবাহঃ প্রায়শো ভবেৎ॥
লগ্ন কেন্দ্র গতে শুক্রে লগ্নেশে মন্দ রাশিগে।
বৎসরৈকাদশে প্রাপ্তে বিবাহং লভতে নরঃ॥

যাহার চতুর্থ ভাবগত শুক্র ও সপ্তমাধিপতি একাদশে তাহার দশ বৎসরে অথবা ষোড়শ বৎসরে প্রায় বিবাহ হইবেক।

যাহার লগ্ন হইতে কেন্দ্রগত শুক্র, লগ্নাধিপতি শনৈশ্চরের ক্ষেত্রে, তাহার একাদশ বৎসর বয়স হইলে বিবাহ হইবেক।

লগ্নাৎ কেন্দ্র গতে শুক্রে তস্মাৎ কাম গতে শনৌ।
দ্বাদশৈকোনবিংশে চ বিবাহঃ প্রায়শো ভবেৎ॥
চন্দ্রাৎ জামিত্রগে শুক্রে শুক্রাৎ জামিত্রগে শনৌ।
বৎসরেঽষ্টাদশে প্রাপ্তে বিবাহং লভতে নরঃ॥
ধনেশে লাভ রাশিস্থে লগ্নেশে কর্ম্ম রাশিগে।
অব্দে পঞ্চদশে প্রাপ্তে বিবাহং লভতে নরঃ॥

যাহার লগ্ন হইতে কেন্দ্রগত শুক্র, শুক্র হইতে সপ্তমে শনি, তাহার বার বৎসরে কিম্বা উনিশ বৎসরে প্রায় বিবাহ হইবেক।

যাহার চন্দ্র হইতে যামিত্রভাবে শুক্র, শুক্র হইতে যামিত্রভাবে শনি, তাহার আট বৎসর বয়ঃক্রম হইলে বিবাহ হইবেক।

যাহার দ্বিতীয়াধিপতি একাদশে এবং লগ্নাধিপতি দশমে, তাহার পনর বৎসর বয়স হইলে বিবাহ হইবেক।

ধনেশে লাভ রাশিস্থে লাভেশে ধন রাশিগে।
অব্দে ত্রয়োদশে প্রাপ্তে বিবাহং লভতে নরঃ॥
রন্ধ্রাৎ জামিত্রগে শুক্রে তদীশে ভৌম সংযুতে।
দ্বাবিংশে সপ্তবিংশাব্দে বিবাহং লভতে নরঃ॥
দারাংশকগতে লগ্নে নাথে দারেশ্বরে ব্যয়ে।
ত্রয়োবিংশে চ ষড়বিংশে বিবাহং লভতে নরঃ॥

যাহার ধনাধিপতি একাদশে এবং একাদশাধিপতি দ্বিতীয়ে, তাহার তের-বৎসর বয়ঃক্রম হইলে বিবাহ হইবেক।

যাহার রন্ধ্র হইতে যামিত্রে শুক্র, এবং যামিত্রের অধিপতি মঙ্গলযুক্ত হইলে বাইশ বৎসরে অথবা সাতাইশ বৎসরে বিবাহ হইবেক।

যাহার সপ্তমের নবাংশগত লগ্নাধিপ হয় এবং সপ্তমাধিপতি দ্বাদশে অবস্থিতি করেন, তাহার তেইশ বৎসরে অথবা ছাব্বিশ বৎসরে বিবাহ হইবেক।

রন্ধ্রাংশে ভৃগু রাশিস্থে লগ্নাংশে দারসংযুতে।
পঞ্চবিংশে ত্রয়োবিংশে বিবাহং লভতে নরঃ॥

যাহার রন্ধ্রের নবাংশপতি সপ্তমে এবং লগ্নের নবাংশে শুক্র তাহার পঁচিশ বৎসরে অথবা তেইশ বৎসরে বিবাহ হইবেক।

ভাগ্যাৎ ভাগ্যগতে শুক্রে তদ্বয়ে রাহুসংযুতে।
একত্রিংশে ত্রয়স্ত্রিংশে দারলাভং বিনির্দ্দিশেৎ॥
দারেচ নীচ রাশিস্থে শুক্রে রন্ধ্রারি সংযুতে।
অষ্টাদশে ত্রয়স্ত্রিংশে বৎসরে দারনাশনং॥

যাহার নবম হইতে নবমগত শুক্র তাহাতে রাহুযুক্ত এরূপ যোগ হইলে একত্রিশ বৎসরে তেত্রিশ বৎসরে বিবাহ হইবেক।

যাহার সপ্তমভাব নীচস্থ, রন্ধ্র অরি সংযুক্ত হইলে আঠার বৎসরে ও তেত্রিশ বৎসরে ভার্য্যা বিয়োগ হইবে।

কুটুম্বস্থানগো রাহুঃ কলত্রে ভৌম সংযুতে।
পাণিগ্রহে চ ত্রিদিনে সর্পদষ্টে বধূর্ম্মৃতিঃ॥
রন্ধ্রস্থানং গতে শুক্রে তদীশে শৌরিরাশিগে।
দ্বাদশৈকোনবিংশাব্দে দারনাশং বিনির্দ্দিশেৎ॥

যদি চতুর্থ স্থানস্বামী রাহু হন, সপ্তমে মঙ্গল থাকেন, তাহার বিবাহের পর ত্রিদিনে সর্প দংশনে বধুর মৃত্যু হইবে।

যাহার রন্ধ্রস্থানগত শুক্র হন, এবং রন্ধ্রাধিপতি শনির ক্ষেত্রে অবস্থিতি করিলে বার বৎসর ও উনিশ বৎসরে পত্নীর বিয়োগ হইবে।

শুক্রাৎ জামিত্রগে চন্দ্রে চন্দ্রাৎ জামিত্রগে বুধে।
রন্ধ্রেশে সুত ভাবস্থে প্রথমং দশমাব্দিকং॥

দ্বাত্রিংশে চ দ্বিতীয়ে চ ত্রয়স্ত্রিংশে তৃতীয়কে।
বিবাহং লভতে মর্ত্ত্যোনাত্রকার্য্যা বিচারণা॥

যাহার শুক্র হইতে সপ্তমে চন্দ্র ও চন্দ্র হইতে সপ্তমে বুধ এবং পঞ্চভবনে রন্ধ্রেশ হইলে, দশ বৎসরে প্রথম বিবাহ, বত্রিশ বৎসরে দ্বিতীয় বিবাহ, তেত্রিশ বৎসরে তৃতীয় বিবাহ হইবে, এ বিষয়ে কোন বিবেচনা করিবে না।

অথাষ্টমভাব ফলং।

আয়ুস্থানাধিপৈঃ পাপৈঃ সহৈব যদি সংস্থিতঃ।
করোত্যল্পায়ুষং বালং লগ্নেশোঽপ্যত্র সংস্থিতঃ॥
এবংহি শনিনাচিন্তা কার্য্যাতর্কৈ বিচক্ষণৈঃ।
কর্ম্মাধিপেনচ তথা চিন্তনং কার্য্যমায়ুষং॥
ষষ্ঠে ব্যয়েপি ষষ্ঠেশে ব্যয়াধিপৌ রিপৌব্যয়ে।
লগ্নেষ্টমে স্থিতোবাপি দীর্ঘমায়ুঃ প্রযচ্ছতি॥
স্বস্থানে স্বাংশকেনাপি মিত্রেশে মিত্র মন্দিরে।
দীর্ঘায়ুষং করোত্যেব লগ্নেশোঽষ্টমপঃ পুন॥

যাহার অষ্টমাধিপতি পাপগ্রহ যদি পাপগ্রহের সহিত একত্রে অবস্থান করেন, তাহা হইলে বালককে অল্পায়ু করেন, যদি লগ্নাধিপ সেইস্থানে অবস্থিতি করেন, তাহা হইলে বিচক্ষণ পণ্ডিতগণ তর্কদ্বারা বলিয়াছেন, এইরূপ শনিদ্বারা আয়ুর চিন্তা করিবেক। কর্ম্মাধিপ দ্বারা এইরূপ আয়ুর চিন্তা করিবেক। ষষ্ঠে কিম্বা দ্বাদশে দ্বাদশাধিপতি থাকেন, দ্বাদশাধিপতি ষষ্ঠে কিম্বা দ্বাদশে থাকেন, অথবা লগ্নে কিম্বা অষ্টমে থাকেন, তাহা হইলে দীর্ঘায়ু হইবেক। মিত্রাধিপতি স্বস্থানে অথবা স্বীয় নবাংশে কিম্বা মিত্রগ্রহে থাকেন, তাহা হইলে দীর্ঘায়ু হইবেক, যদি লগ্নেশ অষ্টমভাবগত হন, তাহাতে দীর্ঘায়ু হইবেক।

লগ্নাষ্টমপকর্ম্মেশ মন্দাঃ কেন্দ্র ত্রিকোণয়োঃ।
লাভেবা সংস্থিতা স্তদ্বদ্দিশেষু দীর্ঘমায়ুষং॥
যেষু যে বলবাং স্তস্মাদনুসারাদায়ুরাদিশেৎ।
অষ্টমাধিপতৌ কেন্দ্রে লগ্নেশোবলবর্জিতে॥
ত্রিশদ্বর্ষাণি সোজীবেৎ দ্বাত্রিংশৎ পরমায়ুষং।
রন্ধ্রেশে পাপসংযুক্তে রন্ধ্রে পাপগ্রহৈর্যুতে॥
লগ্নেশে দুর্ব্বলেযস্য অল্পায়ুর্ভবতি ধ্রুবং।

লগ্নের অষ্টমাধিপতি ও দশমাধিপতি এবং শনি কেন্দ্রে কিম্বা ত্রিকোণে থাকেন, সেইরূপ যদি একাদশে থাকে, তাহা হইলে দীর্ঘায়ু বলিবে।

যে স্থানে যে গ্রহ বলবান্ হইবে, তাহা দেখিয়া আয়ু নির্ণয় করিবে। অষ্টমাধিপতি কেন্দ্রে এবং বলবিহীন হইলে ত্রিশ বৎসর সে মানব বাঁচিবে, কিন্তু তাহার আয়ু বত্রিশ বৎসর হইবে। যে স্থানে রন্ধ্রাধিপতি পাপযুক্ত এবং রন্ধ্রে পাপগ্রহ, যাহার লগ্নাধিপতি দুর্ব্বল হইবে তাহার অল্পায়ু নির্ণয় করিবে।

রন্ধ্রেশে পাপসংযুক্তে রন্ধ্রে পাপগ্রহৈর্যুতে।
ব্যয়েক্রূর গ্রহৈর্জাতে জাতমাত্রং মৃতির্ভবেৎ।
কেন্দ্র ত্রিকোণ পাপস্থাঃ ষষ্ঠাষ্ট সুভগা যদি।
লগ্নে রন্ধ্রেশ নীচস্থ জাতঃ সত্যো মৃতির্ভবেৎ॥

যাহার রন্ধ্রাধিপতি পাপযুক্ত এবং অষ্টম, নবমে পাপগ্রহ ও দ্বাদশে ক্রূরগ্রহ অবস্থিতি করে, তাঁহার জন্ম হইলে তৎক্ষণাৎ মৃত্যু হইবে।

যাহার কেন্দ্র ও ত্রিকোণ পাপযুক্ত এবং ষষ্ঠ, অষ্টমে শুভগ্রহ, রন্ধ্রাধিপতি নীচস্থ হইয়া লগ্নে থাকে, তাহার জন্ম হইলে সদ্য মৃত্যু হইবে।

পঞ্চমে পাপ সংযুক্তে রন্ধ্রেশে পাপ সংযুতে।
রন্ধ্রে পাপ গ্রহৈর্যুক্তে অল্পায়ুষ্যঃ স জায়তে ॥
রন্ধ্রেশে রন্ধ্র রাশিস্থে চন্দ্রে পাপ সমন্বিতে।
শুভদৃষ্টেন সকলং মাসান্তেচ মৃতির্ভবেৎ ॥
লগ্নেশে স্বোচ্চ রাশিস্থে চন্দ্রলাভ সমন্বিতে।
রন্ধ্রস্থানগতে জীবে দীর্ঘায়ুষ্যং নসংশয়ঃ ॥

যাহার পঞ্চমভাব পাপযুক্ত এবং রন্ধ্রাধিপতি পাপযুক্ত ও অষ্টম ও নবমে পাপগ্রহ হইলে মানব অল্পায়ু হইবে।

যাহার রন্ধ্রাধিপতি স্বগৃহে এবং পাপযুক্তচন্দ্র, অন্যান্য স্থলে শুভগ্রহের দৃষ্টি থাকিলে, সে মানবের একমাস পরে মৃত্যু হইবে।

যাহার লগ্নাধিপতি উচ্চস্থানগত একাদশে চন্দ্র এবং অষ্টম কিম্বা নবমে বৃহস্পতি, তাহার নিশ্চয় দীর্ঘায়ু হইবেক।

অথ নবমভাব ফলং।

ভাগ্যাধিনাথোপিভাগ্যকর্ত্তা
শুক্রোপিপাপৈঃ সহচেন্ত্রিষু স্যাৎ।
ত্রিষড়াদিভাবেষু চ ভাগ্যহীনং
কেন্দ্র ত্রিকোণোপগতেতি ভাগ্যং ॥

ভাগ্য (নবম) নবমাধিপতি ভাগ্যদাতা, শুক্র যদি পাপগ্রহের সহিত ষষ্ঠ, অষ্টম, দ্বাদশভাবে থাকেন এবং তৃতীয়, ষষ্ঠ ও একাদশভাবে থাকিলে ভাগ্যহীন হইবে, কিন্তু কেন্দ্র ও ত্রিকোণে থাকিলে অতিশয় ভাগ্যবান্ হইবেক।

অনেন ধর্ম্মঃ পরিকল্পনীয়ঃ
পিতাতু চিন্তা নিজ মাতুলস্য।

শুভে শুভ স্থানগতে শুভংস্যা-
দ্বিপর্য্যয়েতত্র বিপর্য্যয়ঃ স্যাৎ ॥

এই ভাগ্যাধিপ দ্বারা ধর্ম্ম কল্পনা করিবে এবং পিতা ও নিজ মাতুলের শুভাশুভ কল্পনা করিবে। যদি পিত্রধিপতি ও মাতুলাধিপতি শুভগ্রহ হয় এবং শুভের ক্ষেত্রে থাকে, তাহা হইলে শুভ বিবেচনা করিবে। যদি ইহার বিপরীত হয়, অর্থাৎ যদি অশুভগ্রহ অশুভ স্থানগত হয়, তাহা হইলে ইহার বিপরীত ফল (অশুভফল) বিবেচনা করিবে।

ভাগ্যস্থিতে বাহন রাশিসংস্থে শুক্রে চ জীবে শুভরাশিযুক্তে।
ভাগ্যাধিশে কোণ চতুষ্টয়েবা বহু স্বদেশাভরণং ন যানং ॥
গুরুস্থানগতে জীবে তদীশে কেন্দ্র সংস্থিতে।
লগ্নেশে বলসংযুক্তে বহুভাগ্যাধিপো ভবেৎ ॥

বৃহস্পতি ও শুক্র শুভরাশিযুক্ত হইয়া নবমে কিম্বা চতুর্থে থাকেন এবং নবমাধিপতি পঞ্চমে অথবা কেন্দ্রে থাকিলে অনেক স্থানের শোভা বিস্তার করেন ; কিন্তু কুত্রাপি গমন করেন না।

যদি বৃহস্পতির ক্ষেত্রে বৃহস্পতি থাকেন অথবা কেন্দ্রে থাকেন, লগ্নাধিপতি বলবিশিষ্ট হন, তাহা হইলে অতিশয় ভাগ্যবান্ হইবেক।

ভাগ্যেশে বলসংযুক্তে ভাগ্যে ভৃগু সমন্বিতে।
বলাৎ কেন্দ্রগতে জীবে পিতৃভাগ্য সমন্বিতঃ ॥
ভাগ্যস্থানাদ্বিতীয়েবা সুখে ভৌম সমন্বিতে।
ভাগ্যেশে নীচ রাশিস্থে পিতানির্দ্ধন এবসঃ ॥

যদি নবমাধিপতি বলবান্ হয়, নবমে শুক্র থাকেন, বলবান্ বৃহস্পতি কেন্দ্রগত হন, তাহা হইলে পিতৃভাগ্য লাভ করিবেক।

ভাগ্যস্থান হইতে দ্বিতীয়ে অথবা সুখে (চতুর্থে) মঙ্গল থাকেন এবং ভাগ্যাধিপতি নীচরাশিগত হন, তাহা হইলে তাহার পিতা ধনহীন হইবেক।

ভাগ্যেশে পরমোচ্চস্থে ভাগ্যাংশে জীবসংযুতে।
লগ্নাচ্চতুষ্টয়ে শুক্রে পিতাদীর্ঘায়ু রাদিশেৎ ॥
ভাগ্যেশে কেন্দ্রভাবস্থে গুরুণাচ নিরীক্ষিতে।
তৎপিতা বাহনৈর্যুক্তো রাজাবা তৎসমো ভবেৎ ॥

যদি নবমাধিপতি পরমোচ্চ এবং নবমাধিপের নবাংশে বৃহস্পতি থাকেন, লগ্ন হইতে কেন্দ্রে শুক্র থাকিলে পিতা দীর্ঘায়ু হইবেক।

যাহার নবমাধিপতি কেন্দ্রভাবগত এবং বৃহস্পতি যদি অবলোকন করেন ও তাহার পিতা বাহনযুক্ত হইয়া রাজা হইবেন, অথবা রাজাসদৃশ হইবেন।

ভাগ্যেশে কর্ম্মভাবস্থে কর্ম্মেশে ভাগ্যরাশিগে।
কর্ম্মেশে চ ধনে যস্য কীর্ত্তিমাং স্তৎপিতা ভবেৎ ॥
পরমোচ্চাংশগে সূর্য্যে ভাগ্যেশে লাভ সংস্থিতে।
ধর্ম্মিষ্ঠো নৃপবাৎসল্যঃ পিতৃপুণ্যো ভবেনরঃ ॥

যাহার নবমাধিপ দশমভাবগত এবং দশমাধিপ নবমভাবগত কর্ম্মাধিপতি যাহার ধনে থাকেন, তাহার পিতা কীর্ত্তিমান্ হইবে।

যেস্থলে অতিশয় পরমোচ্চ স্থানগত সূর্য্য, নবমাধিপতি একাদশে থাকিলে সে পিতৃপুণ্যে অতিশয় ধাৰ্ম্মিক ও রাজার প্রতি স্নেহভাজন হইবে।

লগ্নাত্রিকোণগে সূর্য্যে ভাগ্যেশে সপ্তমস্থিতে।
গুরুণাসহিতে দৃষ্টে পিতৃভক্তি সমন্বিতঃ ॥
ভাগ্যেশে ধনভাবস্থে ধনেশে ভাগ্যরাশিগে।
দ্বাত্রিংশৎ পরতো ভাগ্যং বাহনং কীর্ত্তিসম্ভবঃ ॥

লগ্ন হইতে ত্রিকোণে (নবম পঞ্চমে) সূর্য্য, নবমাধিপতি বৃহস্পতির সহিত অথবা বৃহস্পতির দৃষ্টিতে সপ্তমে থাকিলে, মানব পিতৃভক্তি-পরায়ণ হয়।

নবমাধিপতি দ্বিতীয়ে এবং দ্বিতীয়াধিপতি নবমে থাকিলে, বত্রিশ বৎসর পরে তাহার ভাগ্যোদয় বাহনলাভ এবং কীর্ত্তি বর্দ্ধন হইবে।

ষষ্ঠাষ্টম ব্যয়ে ভানু রন্ধ্রেশে ভাগ্য সংযুতে।
ব্যয়েশে লগ্নরাশিস্থে ষষ্ঠাংশ পঞ্চমেস্থিতে॥
জাতস্য জননাৎ পূর্ব্বং জনকস্য মৃতির্ভবেৎ॥
রন্ধ্রস্থান গতে সূর্য্যে রন্ধ্রেশে ভাগ্যনায়কে।
জাতস্য প্রথমাব্দেতু পিতুর্ম্মরণ মাদিশেৎ॥

ষষ্ঠ, অষ্টম অথবা দ্বাদশে সূর্য্য এবং রন্ধ্রাধিপতি নবমে, ব্যয়াধিপতি লগ্নে ষষ্ঠের নবাংশপতি পঞ্চমে থাকিলে, বালকের জন্মের পূর্ব্বে পিতার মৃত্যু হইবে। রন্ধ্রস্থানে সূর্য্য রন্ধ্রাধিপতি নবমে থাকিলে, জাত ব্যক্তির প্রথম বৎসর মধ্যে পিতার মৃত্যু হইবে।

ভাগ্যাৎ রন্ধ্রগতে রাহৌ ভাগ্যাৎভাগ্য গতে রবৌ।
ষোড়শেঽষ্টাদশেবর্ষে জনকস্য মৃতির্ভবেৎ॥
ব্যয়েশে ভাগ্যরাশিস্থে নীচাংশে ভাগ্যনায়কে।
তৃতীয়ে ষোড়শেবর্ষে জনকস্য মৃতির্ভবেৎ॥
লগ্নেশে নাশরাশিস্থে রন্ধ্রেশে ভানুসংযুতে।
দ্বিতীয়ে দ্বাদশেবর্ষে পিতুর্ম্মরণ মাদিশেৎ॥

যাহার নবমভাব হইতে রন্ধ্রগতরাহু এবং ভাগ্য হইতে ভাগ্যগত রবি হইলে ষোল বৎসরে অথবা আঠার বৎসরে পিতার মৃত্যু হইবে।

যাহার দ্বাদশাধিপতি ভাগ্যরাশিগত এবং ভাগ্যাধিপতি নীচের নবাংশগত হইলে তিন বৎসরে অথবা ষোল বৎসরে পিতার মৃত্যু হইবে।

যাহার লগ্নাধিপতি অষ্টমে ও রন্ধ্রাধিপতি রবিযুক্ত হয়, তাহার দুই বৎসরে অথবা বার বৎসরে পিতার মৃত্যু হইবে।

ভাগ্যাৎ রন্ধ্রগতে রাহৌ ভাগ্যাৎ ভাগ্যাগতে রবৌ।
রাহুনা সহিতে সূর্য্যে চন্দ্রাৎ ভাগ্যগতে শনৌ॥
সপ্তমৈকোনবিংশাব্দে তাতস্য মরণং ধ্রুবং॥
ভাগ্যেশে ব্যয়রাশিস্থে ব্যয়েশে ভাগ্যরাশিগে।
চতুশ্চত্বারবর্ষাচ্চ পিতুর্মরণ মাদিশেৎ॥

যাহার নবম হইতে রন্ধ্রগতরাহু ভাগ্য হইতে ভাগ্যগত রবি এবং রাহুর সহিত সূর্য্য, চন্দ্র হইতে নবমভাবগত শনি হইলে সপ্তম বৎসরে উনিশ বৎসরে পিতার মৃত্যু নিশ্চয় হইবে।

যাহার ভাগ্যাধিপতি দ্বাদশ ভাবগত, দ্বাদশাধিপতি নবম ভাবগত, তাহার চুয়াল্লিশ বৎসরে পিতার মৃত্যু হইবে।

ব্যয়েশে চ স্থিতে চন্দ্রে লগ্নেশে রন্ধ্রসংযুতে।
পঞ্চত্রিংশৈকচত্বারি বৎসরে পিতৃনাশনং॥
পিতৃস্থানাধিপে সূর্য্যে মন্দভৌম সমন্বিতে।
পঞ্চাশদ্বৎসরে প্রাপ্তে জনকস্য মৃতির্ভবেৎ॥

যাহার ব্যয়াধিপ চন্দ্র লগ্নাধিপ রন্ধ্রগত, তাহার পঁয়ত্রিশ বা একচল্লিশ বৎসরে পিতার মৃত্যু হইবে।

যাহার নবমাধিপে সূর্য্য এবং শনি ও মঙ্গলযুক্ত, তাহার পঞ্চাশ বৎসর বয়ঃক্রম হইলে পিতার মৃত্যু হইবে।

ভাগ্যাৎ সপ্তমগে সূর্য্যে ভ্রাতৃ সপ্তমগস্তমঃ।
ষষ্ঠেঽভ পঞ্চবিংশাব্দে পিতুর্মরণ মাদিশেৎ॥

যাহার নবমভাব হইতে সপ্তমভাবে সূর্য্য এবং ভ্রাতৃভাব (তৃতীয়ভাব) হইতে সপ্তমভাবে অথবা ষষ্ঠভাবে রাহু হয়, তাহার পঁচিশ বৎসরে পিতার লোকান্তর প্রাপ্ত হয়।

রন্ধ্র যামিত্রগে মন্দে মন্দাৎ যামিত্রগে রবৌ।
ত্রিংশৈকবিংশে ষড়্বিংশে জনকস্য মৃতির্ভবেৎ ॥

যাহার রন্ধ্র হইতে সপ্তমভাবগত শনি এবং শনি হইতে সপ্তমভাবগত রবি হয়, তাহার ত্রিশ বৎসরে অথবা একুশ বৎসরে কিম্বা ছাব্বিশ বৎসরে পিতার মৃত্যু হইবে।

ভাগ্যেশে নীচরাশিস্থে তদীশে ভাগ্য রাশিগে।
ষড়্বিংশে চ ত্রয়স্ত্রিংশে পিতুর্ম্মরণ মাদিশেৎ ॥
রব্যংশক স্থিতে চন্দ্রে লগ্নেশে রন্ধ্র সংস্থিতে।
পঞ্চত্রিংশৈক চত্বারি বৎসরে পিতৃনাশনং ॥

যাহার নবমাধিপতি নীচরাশিগত এবং নীচরাশির অধিপতি নবমভাবগত তাহার ছাব্বিশ বৎসরে অথবা,তেত্রিশ বৎসরে পিতার মৃত্যু হইবে।

যাহার রবির নবাংশগত চন্দ্র এবং লগ্নাধিপতি রন্ধ্রগত, তাহার পঁচিশ বৎসরে অথবা একচল্লিশ বৎসরে পিতার মৃত্যু হইবে।

পিতৃস্থানাধিপে সূর্য্যে চন্দ্রভৌম সমন্বিতে।
পঞ্চাশদ্বৎসরে প্রাপ্তে জনকস্য মৃতির্ভবেৎ ॥

যাহার নবমাধিপ সূর্য্য, চন্দ্র ও মঙ্গল, তাহার পঞ্চাশ বৎসর বয়ক্রম হইলে পিতার মৃত্যু হইবে।

অথ বহুভাগ্যযোগঃ।

পরমোচ্চাংশগে সূর্য্যে ভাগ্যেশে ন সমন্বিতে।
ভ্রাতৃস্থানে শনিযুতে বহুভাগ্যাধিপো ভবেৎ ॥
গুরুণা সংযুতে ভাগ্যে তদীশে কেতু রাশিগে।
ত্রিংশদ্বর্ষাৎ পরশ্চৈব বহুভাগ্যং বিনির্দ্দিশেৎ ॥

যাহার সূর্য্য পরম উচ্চস্থ এবং নবমাধিপের সহিত যুক্ত ভ্রাতৃস্থানে শনৈশ্চর হইলে অতিশয় ভাগ্যবান্ হইবে।

যাহার নবমে বৃহস্পতি ও নবমাধিপতি কেন্দ্রগত, সে ত্রিশ বৎসরের পর অতিশয় ভাগ্যবান্ হইবে।

পরমোচ্চাংশগে সৌম্যে ভাগ্যেশে ভাগ্য রাশিগে।
ষট্‌ত্রিংশাচ্চ পরঞ্চৈব বহুভাগ্যং বিনির্দ্দিশেৎ॥
লগ্নেশে ভাগ্যরাশিস্থে ভাগ্যেশে লগ্নসংযুতে।
গুরুণা সংযুতে দ্যূণে ধনবাহন লাভকৃৎ॥

যাহার বুধ পরমোচ্চগত ও নবমাধিপতি নবমে, তাহার ছত্রিশ বৎসরের পর বহুভাগ্য লাভ হইবেক।

যাহার লগ্নাধিপ নবমে ও ভাগ্যাধিপ লগ্নে এবং সপ্তমভাব যদি বৃহস্পতি যুক্ত হন, তাহা হইলে সে মানব বিস্তর ধন ও বাহনলাভ করিবেক।

অথ ভাগ্যহীনযোগঃ।

ভাগ্যাদ্ভাগ্যগতোরাহুঃ ভাগ্যস্থে নিধনং গতে।
ভাগ্যেশে নররাশিস্থে ভাগ্যহীনো ভবেন্নরঃ॥
ভাগ্যস্থান গতে মন্দে শশিনা চ সমন্বিতে।
লগ্নেশে নীচরাশিস্থে ভিক্ষাশী চ নরোভবেৎ॥

যাহার নবম হইতে নবমে অথবা নবমে কিম্বা অষ্টমে রাহু এবং ভাগ্যাধিপতি নররাশিগত হইলে মানব ভাগ্যহীন হইবে।

যাহার ভাগ্যস্থানে চন্দ্রের সহিত শনি, লগ্নাধিপ নীচরাশিগত হইলে, মানব ভিক্ষান্নে জীবন ধারণ করিবেক।

অথ দশমভাব ফলং।

কর্ম্মাধিপোবলীনস্যাৎ কর্ম্মবৈকল্যমাদিশেৎ।
সোহিকেন্দ্র ত্রিকোণস্থো জ্যোতিষ্টোমাদি যাগকৃৎ॥
অত্রায়ুষশ্চিন্তনঞ্চ কার্য্যং স্যাৎ কর্ম্মণ স্তথা।
শত্রুনীচ গৃহং ত্যক্ত্বা ষষ্ঠাষ্টম গৃহং তথা॥
দশমে পাপ সংযুক্তে লগ্নে পাপ সমন্বিতে।
দুষ্কৃতিং লভতে মর্ত্ত্যঃ স্বজনানাং বিদূষকঃ॥

কর্ম্মাধিপতি যদি বলবান্ না হয়, তাহা হইলে কার্য্যবৈকল্প হয়, অর্থাৎ কখন কার্য্য করে, কখন করে না। সেই কর্ম্মাধিপতি কেন্দ্র কিম্বা ত্রিকোণে থাকেন, তাহা হইলে জ্যোতিষ্টোমাদি যাগকারী হইবেক। এই কর্ম্ম হইতে আয়ুর্দ্দায় চিন্তা করা যাইতে পারে। শত্রু ও নীচ গৃহভিন্ন কর্ম্মাধিপ ষষ্ঠ কিম্বা অষ্টম গৃহগত হইলে এবং দশমে পাপযুক্ত হইলে ও লগ্ন পাপযুক্ত হইলে সে মানব অতিশয় দুষ্কৃতিলাভ করে ও স্বজনবর্গের নিন্দাভাজন হয়।

কর্ম্মেশে নাশরাশিস্থে কর্ম্মেশে রাহুসংযুতে।
জনদ্বেষী মহামূর্খো দুষ্কৃতিং লভতে নরঃ॥
কর্ম্মেশে দ্যুনরাশিস্থে মন্দভৌম সমন্বিতে।
দ্যুনেশে পাপসংযুক্তে শিশ্নোদর পরায়ণঃ॥

কর্ম্মাধিপতি রাহুযুক্ত হইয়া অষ্টম ভাবগত হইলে মানব অতিশয় জনদ্বেষ্টা ও মূর্খ, দুষ্কৃতিলাভ করিবেক।

কর্ম্মাধিপতি সপ্তমরাশিগত এবং শনি মঙ্গল ও পাপযুক্ত হইলে মানব শিশ্নোদর পরায়ণ হইবেক।

তুঙ্গরাশিং সমাশ্রিত্য কর্ম্মেশে গুরুসংযুতে।
ভাগ্যেশে কর্ম্মরাশিস্থে মানৈশ্বর্য্যপ্রতাপবান্‌॥
লগ্নেশে কর্ম্মরাশিস্থে কর্ম্মেশে লগ্নসংযুতে।
তাবুভৌ কেন্দ্রগোবাপি সুখজীবনভাক্‌ ভবেৎ॥
কর্ম্মেশে বলসংযুক্তে মানে গুরু সমন্বিতে।
বস্ত্রাভরণ সৌখ্যানি লভতে নাত্রসংশয়ঃ॥

যদি কর্ম্মাধিপ গুরুযুক্ত হইয়া তুঙ্গরাশি আশ্রয় করেন এবং ভাগ্যাধিপতি কর্ম্মরাশিগত হন, তাহা হইলে সে মানব মান, ঐশ্বর্য্যলাভ করতঃ এবং অতিশয় প্রতাপান্বিত হইবে।

লগ্নাধিপ কর্ম্মরাশিগত এবং কর্ম্মাধিপতি লগ্নগত কিন্তু যদি লগ্নাধিপ ও কর্ম্মাধিপ কেন্দ্রগত হয়, তাহা হইলে মানব অতিসুখে জীবনযাত্রা নির্ব্বাহ করাইবেক।

যদি কর্ম্মাধিপ বলবান হইয়া দশমে গুরুসংযুক্ত থাকেন, তাহা হইলে মানব বস্ত্রাভরণ নানাবিধ সুখলাভ করিতে পারে, তাহার সংশয় নাই।

লাভস্থান গতে সূর্য্যে রাহু ভৌম সমন্বিতে।
রবিপুত্রেন সংযুক্তে কর্ম্মচ্ছেত্তাভবেন্নরঃ॥
মানেচ রাহৌ যদিস্বোচ্চকাংশে।
ভাগীরথী স্নানফলং লভেত॥
মানে চ মীনে যদিবার্ক পুত্রে সন্ন্যাসযোগং প্রবদন্তিতস্য।

যাহার রাহু ও মঙ্গল ও শনিযুক্ত রবি একাদশভাবগত হইলে মানব কর্ম্মচ্ছেত্তা হইবেক অর্থাৎ কার্য্যেসম্পূর্ণ বিঘ্ন জন্মাইবেক।

উচ্চের নবাংশগত মানে রাহু থাকেন, তাহা হইলে তাহার প্রতিদিন গঙ্গা স্নানজন্য ফললাভ হইবেক।

যদি দশম মীনরাশিতে শনি থাকেন তাহা হইলে সন্ন্যাসযোগের ফললাভ হইবেক।

মানে জীবে ভৃগুযুতে লগ্নেশে বলসংযুতে।
স্বোচ্চরাশি গতে চন্দ্রে সম্যক্ জ্ঞানার্থবান্ ভবেৎ॥
কর্ম্মেশে লাভরাশিস্থে লাভেশে লগ্নসংস্থিতে।
কর্ম্মরাশি স্থিতে শুক্রে রত্নবান্ স নরোভবেৎ॥
কেন্দ্রত্রিকোণগে কর্ম্ম নাথে স্বোচ্চে সমাশ্রিতে।
গুরুণা সহিতে দৃষ্টে সকর্ম্ম সহিতো ভবেৎ॥

যাহার মানে শুক্রযুক্ত বৃহস্পতি, লগ্নাধিপতি বলযুক্ত, চন্দ্র উচ্চরাশিগত হইলে অর্থাৎ চন্দ্র বৃষস্থ হইলে মানব সম্যক্ জ্ঞানবান ও ধনবান হইবেক।

যাহার কর্ম্মাধিপ একাদশে, একাদশাধিপতি লগ্নগত এবং দশমভাবে শুক্র অবস্থিতি করিলে মানব রত্নবিশিষ্ট হইবেক।

কেন্দ্র কিম্বা ত্রিকোণ অথবা উচ্চস্থ কর্ম্মাধিপ বৃহস্পতিযুক্ত হইলে অথবা বৃহস্পতির দৃষ্টি থাকিলে মানব সকর্ম্মনিরত হইবে।

কর্ম্মস্থান গতে মন্দে নীচ খেচর সংযুতে।
কর্ম্মেশে পাপসংযুক্তে কর্ম্মহীনো ভবেন্নরঃ॥
কর্ম্মেশে বাংশ রাশিস্থে রন্ধ্রেশে কর্ম্মসংস্থিতে।
পাপ গ্রহেণ সংযুক্তে দুষ্কর্ম্ম নিরতোভবেৎ॥
কর্ম্মেশে নীচরাশিস্থে কর্ম্মস্থে পাপখেচরে।
কর্ম্মাংকর্ম্ম স্থিতে পাপে কর্ম্মবৈকল্পমাদিশেৎ॥

নীচগ্রহযুক্ত শনি দশমে অবস্থিতি করিলে এবং দশমাধিপ পাপযুক্ত হইলে মানব কর্ম্মহীন হইবে অর্থাৎ তাহার কার্য্য সংগ্রহ হইবেক না।

যাহার কর্ম্মাধিপ নবাংশগত হইবেক, রন্ধ্রাধিপতি পাপগ্রহ দশমভাবগত হইবে, সে মানব সর্ব্বদা দুষ্কর্ম্মে রত হইবে।

যাহার কর্ম্মাধিপ নীচরাশিগত কর্ম্মস্থানে পাপগ্রহ অবস্থিতি করিবেক,

দশমভাব হইতে দশমভাবে পাপগ্রহ থাকিলে কর্ম্মবৈকল্প হইবে। অর্থাৎ তাহার কর্ম্ম কখন থাকিবেক, কখন থাকিবেক না।

কর্ম্মস্থানগতে চন্দ্রে তদীশে তত্রিকোণগে।
লগ্নেশে কেন্দ্রভাবস্থে সকীর্ত্তি সহিতোভবেৎ॥
লগ্নেশে কর্ম্মভাবস্থে কর্ম্মেশে বলসংযুতে।
দেবেন্দ্র গুরুণাদৃষ্টে সকীর্ত্তি সহিতোভবেৎ॥
কর্ম্মস্থানাধিপে ভাগ্যে লগ্নেশে কর্ম্মসংযুতে।
লগ্নাৎ পঞ্চমগে চন্দ্রে খ্যাতি কীর্ত্তির্বিনির্দ্দিশেৎ॥

যাহার কর্ম্মস্থানগত চন্দ্র কিন্তু কর্ম্মাধিপ তাহার ত্রিকোণগত এবং লগ্নাধিপতি কেন্দ্রভাবগত সে মানব কীর্ত্তিমান্ হইবেক।

যাহার রন্ধ্রাধিপ কর্ম্মভাবে কর্ম্মাধিপতি বলবিশিষ্ট তাহাতে যদি বৃহস্পতির দৃষ্টি থাকে, তাহা হইলে মানব কীর্ত্তিমান্ হইবেক।

যাহার কর্ম্মস্থানাধিপতি নবমে এবং লগ্নাধিপ কর্ম্মে, লগ্ন হইতে পঞ্চম ভাবে যদি চন্দ্র থাকেন, তাহা হইলে মানব খ্যাতিযুক্ত কীর্ত্তিমান্ হইবেক।

অথৈকাদশভাব ফলং।

লাভাধিপো যদালগ্নে তিষ্ঠেৎ কেন্দ্র ত্রিকোণয়োঃ।
বহুলাভং তদাকুর্য্যাদুচ্চসূর্য্যাংশগো পিবা॥
লাভেশে ধনরাশিস্থে ধনেশে কেন্দ্রসংস্থিতে।
গুরুণা সহিতে ভাবে গুরুলাভং বিনির্দ্দিশেৎ॥
ষট্‌ত্রিংশে বৎসরে প্রাপ্তে সহস্রদ্বয় নিষ্কভাক্(১)॥

লাভাধিপ (একাদশাধিপ) যদি লগ্নে কিম্বা কেন্দ্রে অথবা ত্রিকোণে থাকেন, তাহা হইলে বহুলাভ হয়; কিন্তু লাভাধিপ যদি উচ্চ স্থানে কিম্বা সূর্য্যের নবাংশে থাকেন, তাহাতে বহুলাভ হইবেক।

(১) স্বর্ণমুদ্রা।

লাভাধিপ যদি ধনরাশিতে থাকেন, ধনাধিপ যদি কেন্দ্রে থাকেন, তাহা হইলে বহুলাভ হইবেক। কিন্তু ছত্রিশ বৎসর বয়সে দুই হাজার নিষ্ক লাভ হইবেক।

কেন্দ্রত্রিকোণগে ভাবে নাথে শুভ সমন্বিতে।
চত্বারিংশেচ সংপ্রাপ্তে সহস্রার্দ্ধঞ্চ নিষ্কভাক্ ॥
লাভস্থানে গুরুযুতে ধনে চন্দ্র সমন্বিতে।
ভাগ্যস্থান গতে শুক্রে ষট্‌সহস্রাধিপোভবেৎ ॥
লাভেশে লগ্নভাবস্থে লগ্নেশে লাভসংযুতে।
ত্রয়স্ত্রিংশেচ সংপ্রাপ্তে সহস্রং নিষ্কভাগ্ ভবেৎ ॥

যদি একাদশাধিপতি শুক্রগ্রহযুক্ত হইয়া কেন্দ্র কিম্বা ত্রিকোণে অবস্থিতি করেন, তাহা হইলে চল্লিশ বৎসর বয়সে পঞ্চশত নিষ্ক লাভ করিবেক।

লাভস্থানে যদি বৃহস্পতি থাকেন এবং দ্বিতীয়ে যদি চন্দ্র থাকেন ও ভাগ্য-স্থানে শুক্র অবস্থিতি করিলে, ছয় হাজার নিষ্কের অধিপতি হইবেক।

যাহার লাভাধিপতি লগ্নভাবগত হন ও লগ্নাধিপতি লাভে থাকেন, তাহার তেত্রিশ বৎসর বয়ঃক্রম হইলে এক হাজার নিষ্ক লাভ করিবেক।

ধনেশে লাভরাশিস্থে তদীশে ধনরাশিগে।
বিবাহাৎপরতশ্চৈব বহুভাগ্যং সমাদিশেৎ ॥
ধর্ম্মেশে লাভরাশিস্থে লাভেশে ভ্রাতৃসংস্থিতে।
ভ্রাতৃভাবাঙ্গনপ্রাপ্তি দিব্যাভরণসংযুতঃ।

যাহার ধনাধিপ একাদশভাবগত কিন্তু একাদশাধিপতি ধনরাশিগত এরূপ যোগ হইলে বিবাহের পর সে মানব অতিশয় ভাগ্যবান্ হইবেক।

যাহার দ্বিতীয়াধিপতি একাদশে ও একাদশাধিপতি দ্বিতীয়ে সে মানব উত্তম আভরণযুক্ত হইয়া ভ্রাতৃস্থান হইতে ধনলাভ করিবেক।

অথ দ্বাদশভাব ফলং।

চন্দ্রোব্যয়াধিপোধর্ম্ম লাভমস্তেষু সংস্থিতঃ।
স্বোচ্চস্বর্ক্ষ নিজাংশে বা লাভধর্ম্মাত্মজাংশকে॥
দিব্যাগারাদি পর্য্যঙ্কে দিব্যগন্ধৈকভোগবান্।
পরার্থ্যরমণোদিব্য বস্ত্রমাল্যাদি ভুষণঃ॥
পরার্থ সংযুতো নিত্যং দিনানি নয়তি প্রভুঃ।
এবং স্বশক্রনীচাংশে অষ্টাংশে বাষ্টমেরিপৌ।
সংস্থিতিং কুরুতেষাতং কান্তাসুখ বিবর্জ্জিতং॥

ব্যয়াধিপতি চন্দ্র যদি নবমে কিম্বা একাদশে অথবা পঞ্চমে থাকেন, কিম্বা উচ্চস্থ, স্বরাশিতে, স্বনবাংশে, নবমের ও একাদশের কিম্বা পঞ্চমের নবাংশে থাকেন, তাহা হইলে উত্তম গৃহ, শয্যা এবং উত্তম গন্ধদ্রব্য ভোগী হয় এবং পরার্থরমণ, উত্তম বস্ত্র, মাল্য, ভূষণ প্রভৃতি ভোগী হয়। প্রতিদিন পরার্থযুক্ত হইয়া দিন যাপন করে। এইরূপে স্বশক্রর নীচ নবাংশে, অষ্টমের নবাংশে, অথবা অষ্টমে ও ষষ্ঠে অবস্থিতি করিয়া কান্তাসুখে বঞ্চিত হইবেক।

ব্যয়েশে পাপ সংযুক্তে ব্যয়ে পাপ সমন্বিতে।
পাপগ্রহেণ সংদৃষ্টে দেশাদ্দেশান্তরংগতঃ॥
ব্যয়েশে শুভরাশিস্থে ব্যয়র্ক্ষে শুভ সংযুতে।
শুভগ্রহেণ সংদৃষ্টে স্বদেশাৎ সঞ্চরো ভবেৎ॥

যাহার ব্যয়াধিপতি পাপযুক্ত, ব্যয়স্থানে পাপগ্রহ এবং তাহাতে পাপের দৃষ্টি থাকিলে, সে মানব এক দেশ হইতে অন্য দেশে গমন করিবেক।

যাহার ব্যয়াধিপতি শুভযুক্ত এবং ব্যয়স্থানে শুভ এবং তাহাতে শুভগ্রহের দৃষ্টি থাকিলে, সে মানব স্বদেশ হইতে গমন করে।

ব্যয়ে মন্দাহি সংযুক্তে ভূমিজেন সমন্বিতে।
শুভদৃষ্টৈশ্চসংপ্রাপ্তিঃ পাপমূলাঙ্গনার্জণং॥
লগ্নেশে ব্যয়রাশিস্থে ব্যয়েশে লগ্নসংযুতে।
ভৃগুপুত্রেণ সংদৃষ্টে ধর্ম্ম মূলাঙ্গন ব্যয়ং॥
ষষ্ঠে চ ভবনে ভৌমঃ সপ্তমে রাহুসংভবঃ।
অষ্টমে চ যদা শৌরি স্তস্যভার্য্যা ন জীবতি॥

যাহার দ্বাদশে মঙ্গলের সহিত শনৈশ্চর শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত, তাহার অর্থোপার্জ্জন সমস্ত পাপমূলক।

যাহার লগ্নাধিপতি দ্বাদশে, ব্যয়াধিপতি লগ্নে এবং তাহাতে শুক্রের দৃষ্টি থাকিলে, তাহার ধর্ম্ম কার্য্যে ধন ব্যয় হয়।

যাহার ষষ্ঠ ভবনে মঙ্গল এবং সপ্তমে রাহু ও অষ্টমে শনি হইলে তাহার ভার্য্যা কখনই জীবিত থাকিবেক না।

ইতি বৃহৎ পারাশরীয়ে দ্বাদশভাব বিচার কথনং।

অথ রিষ্টি নিরূপণং।

রিষ্টিঞ্চ ত্রিবিধাং বদন্তি মুনয়ঃ।
নিয়তমনিয়তং যোগজঞ্চেতি ॥ (১)

পুরাকালে জ্যোতির্ব্বিদ্ পণ্ডিতগণ বলিয়াছেন, বালকের ত্রিবিধ রিষ্টি জন্মে। (১) নিয়ত, (২) অনিয়ত ও (৩) যোগজ।

যোগজরিষ্টিভঙ্গঃ।

একোপি কেন্দ্র ভবনে নবপঞ্চমেবা।
ভাস্মন্ময়ুখবিমলীকৃতদিগ্ বিভাগঃ ॥
নিঃশেষ দোষমপহৃত্যশুভঃ প্রসূতঃ।
দীর্ঘায়ুষং বিগতরোগভয়ং করোতি ॥

জন্মকালে লগ্নে চতুর্থে, সপ্তমে, দশমে, নবমে ও পঞ্চমে যদি বৃহস্পতি থাকেন, তাহা হইলে মার্ত্তণ্ড উদয় হইলে যেরূপে অন্ধকার সকল দূরীকৃত হয়, সেইরূপ শুভ বৃহস্পতির দৃষ্টিতে লগ্ন সম্বন্ধীয় দোষ সকল দূরীকৃত করিয়া বালককে দীর্ঘজীবী অরোগী করেন।

---

(১) নিয়ত রিষ্টিঃ।—জন্মকালে গ্রহগণ যেরূপ অবস্থায় যে ভাবে থাকেন, তাহাতে যে রিষ্টি জন্মে, তাহার নাম নিয়ত রিষ্টি। যেরূপ জন্মকালে লগ্নে শনি, অষ্টমে চন্দ্র এবং তৃতীয়ে বৃহস্পতি হইলে শিশুরিষ্টি হয়, এই রিষ্টির নাম নিয়ত রিষ্টি।

(২) অনিয়ত রিষ্টিঃ।—জন্মকালে গ্রহগণ যে ভাবে যে অবস্থায় থাকেন ও যে রাশিচক্রে ভ্রমণ করিতে করিতে যে রিষ্টি জন্মে, তাহার নাম অনিয়ত। যেরূপ জন্মকালে গ্রহগণ শুভ ছিলেন, কিছুদিন পরে শনি ভ্রমণ করিয়া দশমে ষষ্ঠস্থানে চন্দ্র ও সপ্তমে মঙ্গল হইলে তৎকালীন যে রিষ্টি হইল এই রিষ্টির নাম অনিয়ত।

(৩) যোগজ রিষ্টিঃ।—গ্রহগণ জন্মকালে শুভ ছিলেন, পরে রাশিচক্রে ভ্রমণ করিতে করিতে গ্রহ যোগে যে রিষ্টি জন্মে, তাহার নাম যোগজঃ। যেরূপ রাহু চন্দ্র ও সূর্য্য জন্মকালে শুভ, পরে রাশিচক্রে ভ্রমণ করিতে করিতে রাহু চন্দ্র ক্ষেত্রে চন্দ্রযুক্ত হন, মঙ্গল শনি যদি লগ্নকে দৃষ্টি করেন, তাহাতে যে রিষ্টি জন্মে, তাহার নাম যোগজঃ।

রিষ্টিভঙ্গ যোগঃ।

সৌম্যগ্রহৈরতিবলৈর্বিবলৈশ্চ পাপৈ
লগ্নঞ্চসৌম্যভবনং শুভদৃষ্টিদৃষ্টং।
সর্ব্বাপদাবিরহিতোভবতি প্রসূতঃ
পূজাকরঃ খলুযথাদুরিতৈগ্রহাণাং॥

যেরূপ গ্রহগণের পূজা করিলে মানব সমস্ত আপদ হইতে পরিত্রাণ পায় বা মুক্তিলাভ করে। সেইরূপ জন্মকালে রাশিচক্রে শুভগ্রহ সকল বলবান্ ও অশুভ পাপগ্রহ সকল দুর্ব্বল হইলে এবং লগ্নের প্রতি শুভগ্রহের যদি দৃষ্টি থাকে, তাহা হইলে বালক সকল বিপদ হইতে পরিত্রাণ পায়।

চন্দ্রঃ সম্পূর্ণতনুঃ সৌম্যর্ক্ষগঃস্থিতঃ শুভস্যাংশে।
প্রকরোতিরিষ্টিভঙ্গং বিশেষতঃ শুক্রসংদৃষ্টঃ॥

জন্মকালে পূর্ণচন্দ্র শুভগ্রহের ভবনে এবং শুভগ্রহের নবাংশে, শুভদৃষ্টিতে থাকেন, বিশেষতঃ যদি শুক্র অবলোকন করেন, তাহা হইলে বালকের আপদ সকল নিরাকৃত হয়।

স্বোচ্চস্থঃ স্বগৃহেঽথবা স্বসুহৃদাংবর্গেপিসৌম্যোপিবা।
সম্পূর্ণঃ শুভবীক্ষিতঃ শশধরঃ বর্গে স্বকীয়েঽপিবা॥
শত্রুনামবলোকনেন রহিতঃ পাপৈরযুক্তে ক্ষিতো।
রিষ্টিংহন্তি সুদুস্তরাং দিনপতিঃ প্রালেয়রাশিং যথা॥

লগ্নকালে রবি উচ্চস্থ কিম্বা স্বগৃহে অথবা স্বীয় মিত্রবর্গে কিম্বা শুভগ্রহের বর্গে থাকেন, সেই কালে চন্দ্রের যদি সম্পূর্ণ শুভদৃষ্টি থাকে, অথবা পূর্ণচন্দ্র স্বীয়বর্গে থাকেন এবং শত্রুগ্রহের কিম্বা পাপগ্রহের দৃষ্টি কিম্বা পাপগ্রহযুক্ত যদি না হন, তাহা হইলে দিবাকর যাদৃশ উষ্ণরশ্মি বিস্তার করিয়া নিহাররাশি শুষ্ক করেন, সেইরূপ জন্মকালীন রাশিচক্রস্থিত রিষ্টি সকল বিলয়প্রাপ্ত হয়।

শুক্রঃ পঞ্চসহস্রাণি বুধঃ পঞ্চশতানি চ।
লক্ষমেকন্তু দোষাণাং হন্যাচ্চৈবোদয়ে গুরুঃ॥

জন্মকালে লগ্নে শুক্র থাকিলে পঞ্চসহস্র দোষ, বুধ থাকিলে পঞ্চশত দোষ, বৃহস্পতি থাকিলে এক লক্ষ দোষ বিনষ্ট হয়।

সপ্তাষ্টমষষ্ঠাঃ শশিনঃ সৌম্যাহন্তিকষ্টফলং।
পাপৈরমিশ্রাচারাঃ কল্যাণঘৃতং যথোন্মাদে॥

জন্মকালে চন্দ্র হইতে সপ্তম, অষ্টম ও ষষ্ঠ গৃহে শুভগ্রহগণ থাকিলে, যদি পাপযুক্ত না হন, তাহা হইলে উন্মাদরোগে কল্যাণঘৃত যেরূপ রোগের শান্তি করে, সেইরূপ কষ্ট সমস্ত বিনষ্ট হয়।

তুলাকোদণ্ডমীনস্থো লগ্নস্থোহিশনির্যদা।
সর্ব্বারিষ্টিং নিহন্ত্যাশুশেষে জাতোভবেদ্ব্যসুঃ॥

তুলা, ধনু ও মীন রাশিতে কিম্বা লগ্নে যদি শনি থাকেন, তাহা হইলে সকল বিপদ বিনষ্ট হয়, অন্য লগ্নে শনি থাকিলে জাতকের জীবনহানি হয়।

রাহুঃত্রিষষ্ঠলাভে লগ্নাৎ সৌম্যৈর্নিরীক্ষিতঃ সন্তঃ।
নাশয়তি সর্ব্বারিষ্টিং মারুত ইবতুলসংঘাতঃ॥

লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ ও একাদশে শুভগ্রহনিরীক্ষিত রাহু হইলে বায়ুযোগে যেরূপ তুষারাশি সমস্ত উড্ডীন হয়, সেইরূপ জন্মকালীন সমুদয় রিষ্টি দূরীকৃত হয়।

অজবৃষভ কর্কিলগ্নে রক্ষিতোরাহুঃ সমস্ত রিষ্টিভ্যঃ।
পৃথিবীপতিঃ প্রসন্নঃ কৃতাপরাধং যথাপুরুষং॥

মেষ বৃষ ও কর্কট লগ্নে রাহু অবস্থিতি করিলে যাদৃশ ধরাপতি প্রসন্ন হইলে অপরাধী পুরুষকে ক্ষমা করেন, তাদৃশ রাশিচক্রের সমস্ত দোষ হইতে জাতক মুক্তিলাভ করে।

অথ দীর্ঘায়ুযোগঃ।

কণ্টকস্থোয়দাজীবঃ সপ্তমোযদি ভার্গবঃ।
বুধেচ লগ্নসংপ্রাপ্তে শতং জীবতি বালকঃ॥

যাহার জন্মকালে বৃহস্পতি লগ্ন, চতুর্থ, সপ্তম, কিম্বা দশমে থাকেন, সপ্তম শুক্র এবং লগ্নে বুধ থাকেন, তাহা হইলে জাতক একশত বৎসর জীবিত থাকিবেক।

তৃতীয়ৈকাদশেচৈব নবমে পঞ্চমেভৃগৌ।
সমসপ্তগতে জীবে জীবেদব্দ শতং নরঃ॥

যাহার তৃতীয় ও একাদশে কিম্বা নবম, পঞ্চমে শুক্র থাকেন এবং সম সপ্তমে গুরু থাকেন, তাহা হইলে জাতক একশত বৎসর জীবিত থাকিবেক।

চন্দ্রং পশ্যেৎ যদা শুক্রঃ শুক্রং পশ্যেৎ দিবাকরঃ।
দীর্ঘায়ুঃ সুখমৈশ্বর্য্যং ধনবাংশ্চোপজায়তেঃ॥

জন্মকালে শুক্র যদি চন্দ্রের প্রতি পূর্ণ দৃষ্টি করেন এবং রবি যদি শুক্রকে ঐরূপ দৃষ্টি করেন, তাহা হইলে জাতক দীর্ঘজীবী সুখী ও ঐশ্বর্য্যশালী এবং ধনবান্ হয়।

অথ জীবযোগঃ।

জীবাৎ সপ্তমগশ্চন্দ্রোপ্যথবা জীবসংযুতঃ।
জীবযোগোঽয়মিত্যাহুঃ জ্যোতিঃ শাস্ত্র পরায়ণাঃ॥

জন্মকালে বৃহস্পতি হইতে সপ্তম ভবনে চন্দ্র অথবা বৃহস্পতি ও চন্দ্র এক ভবনে অবস্থিতি করেন, তাহা হইলে জীবযোগ হয়। জ্যোয়াতিবিৎ পণ্ডিতগণ বলিয়াছেন।

জীবযোগ ফলং।

বহুবিভব পরিচ্ছদোভোক্তা
গুণপরিপূর্ণো ভূপতিপূজিতঃ।
যুবতি রতোপি দানশীলো
ভবতি চিরায়ুর্নরোজীব যোগে॥

জন্মকালে জীবযোগ থাকিলে মানব অতুল ঐশ্বর্য্য ও বিবিধ পরিচ্ছদযুক্ত ও ভোক্তা, গুণবান্ এবং রাজপূজ্য, দানশীল হয় এবং সর্ব্বদা যুবতিগণে পরিবেষ্টিত থাকে ও দীর্ঘজীবী হয়।

সুখপ্রাপ্তিযোগঃ।

নির্ধনো ধনপূর্ণশ্চ মণিবস্ত্র ধরঃ সদা।
কর্পূরচন্দনামোদী ধনে কুমুদবান্ধবে॥

যাহার ধনস্থানে চন্দ্র থাকেন, সে দরিদ্রের গৃহে জন্মগ্রহণ করিলে সোপার্জ্জিত ধনে ধনী হইবেক ও নানাবিধ রত্ন ও বিচিত্র বস্ত্র, পরিধান, কর্পূর, চন্দন ও বিবিধ সুখসম্ভোগ ব্যবহার করিবেক।

ধনানাং শততং লাভঃ স্বতোবা পরতোঽপিবা।
ভবেদ্ধন গতে সৌম্যে নরানাং সুখমদ্ভুতং॥

যাহার ধনস্থানে বুধ থাকেন, সে স্বীয় পরিশ্রমদ্বারা অথবা অন্যদ্বারা সর্ব্বদা অর্থলাভ করে এবং সে মানব নানাকার্য্যে অতুল সুখী হয়।

লক্ষ্মীঃ প্রজ্জ্বলিতানিত্যং গন্ধমাল্যধরঃ সদা।
মুক্তারত্ন ধনীমানী ধনস্থে বচসাম্পতৌ॥

যাহার ধনস্থানে বৃহস্পতি থাকেন, তাহার কোষাগার ধনপূর্ণ হয় এবং সে সুগন্ধ দ্রব্য, সুগন্ধযুক্ত মালা, নানাবিধ রত্ন ব্যবহার করে, লোকসমাজে ধনী ও প্রশংসাভাজন হয়।

বিদ্যার্জিত ধনৈর্নিত্যং স্ত্রীধনৈর্ধনবানপি।
রজতস্য ভবেদ্যোযো দ্বিতীয়ে ভৃগুনন্দনে॥

যাহার দ্বিতীয়ে শুক্র থাকেন, সে বিদ্যাবলে অসংখ্য ধন উপার্জ্জন করে এবং সহসা স্ত্রীধন লাভ করিয়া ধনী হইবেক, তাহার কোষাগার রজত পরিপূর্ণ হয়।

অথ রিষ্টিভঙ্গ যোগঃ।

ভবতীন্দুরথ শুভান্তরালে
পরিপূর্ণ কিরণৈশ্চ জন্মকালে।
বিনিহন্তি তথাশু দোষসঙ্ঘা
নিভসঙ্ঘানিবকেশরীবলিষ্ঠঃ॥

যেরূপ বলবান্ মৃগেন্দ্র হস্তি-সমূহকে বিনষ্ট করে, সেইরূপ শুভগ্রহদ্বয়ের মধ্যবর্ত্তী সম্পূর্ণ কিরণ বিশিষ্ট চন্দ্র থাকিলে, জাতকের জন্মকালীন রিষ্টি-সমূহ বিনষ্ট হয়।

যদি যুষি নিশাকরোঽরিভাবে
গুরুকবিচন্দ্র বর্গগো বিশেষাৎ।
সময়তি বহুকষ্টজালমদ্ধা
মুরহরনাম যথাঽঘসঙ্ঘতাপং॥

যেরূপ মুরহর মধুসূদনের নাম জপ করিলে দুরিত সকল বিনষ্ট হয়, তাদৃশ জন্মকালে চন্দ্র যদি ষষ্ঠভাবগত হন, বৃহস্পতি, শুক্র ও বুধ স্বীয় বর্গে অবস্থান করেন, তাহা হইলে জাতকের সকল দোষ বিনষ্ট হয়।

যদি সকল নভোগাবীক্ষ্যমাণো
লসিততনুর্জনুরিন্দুরেব সন্তঃ।
দিবচরজনিত নিহন্তি দোষং
খগপতিরাশুযথা ভুজঙ্গজালং ॥

খগপতি গরুড় ক্ষণকাল মধ্যে ভুজঙ্গসমূহকে যাদৃশ বিনাশ করেন, তাদৃশ পূর্ণচন্দ্র যদি সকল গ্রহের দৃষ্টিপথে থাকেন, তাহা হইলে দিবচর অর্থাৎ গ্রহজনিত দোষ সকল বিনষ্ট হয়।

ভবতি যদি তনোঃ ক্ষপাকরোঽয়ং
মৃতিভবনে শুভখেটবর্গগশ্চেৎ।
গদবিকলতনুং পিতেরবালং
কিলপরিতঃ পরিরক্ষতি প্রসন্নঃ ॥

পিতা প্রসন্ন হইয়া সর্ব্বতোভাবে পীড়িত সন্তানকে যেরূপ রক্ষা করেন, জন্মকালে লগ্ন হইতে অষ্টমভাবে শশধর যদি শুভগ্রহের বর্গে অবস্থান করেন, তাহা হইলে জাতকের সকল দোষ নিবারণ হয়।

শুভভবনগতস্তদীয়ভাগে
জনিসময়ে কবিনাবলোকিতশ্চেৎ।
সময়তি সকলং শশীত্বরিষ্টং
জলমিব পাবক মঙ্গিনামতীব ॥

জন্মকালে শুক্রের দৃষ্টিপথে যদি শুভগ্রহের ভবনে ও শুভগ্রহের নবাংশাদিতে চন্দ্র থাকেন, তাহা হইলে সলিল যাদৃশ ক্ষণকাল মধ্যে অগ্নিকে নির্ব্বাণ করে, সেইরূপ জাতকের সকল দোষ বিনষ্ট হয়।

বলবানপিকেন্দ্রগো বিশেষাদিহ
সৌম্যো যদি লাভগো দিনেশঃ।
সময়ত্যখিলমরিষ্ট মালামপি
গাঙ্গং হিজলং যথাঘজালং ॥

যেরূপ গঙ্গাসলিল সকল পাপকে বিনষ্ট করেন, সেইরূপ জন্মকালে বলবান্ বুধগ্রহ যদি কেন্দ্রগত হন এবং একাদশে যদি রবি থাকেন, তবে সকল অরিষ্ট বিনষ্ট হয়।

ভবতিহিজনুরঙ্গপোবলিষ্ঠঃ
সকলশুভৈ বরলোকিতোপি ন পাপৈঃ।
ইহমৃতিমপহায় দীর্ঘমায়ুঃ
বিতরতিবিত্ত সমুন্নতিং বিশেষাৎ ॥

যদি জন্মকালে বলবান্ লগ্নাধিপের প্রতি সকল শুভগ্রহের দৃষ্টি থাকে এবং পাপগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে জাতকের মৃত্যুযোগ দুরীকৃত করিয়া দীর্ঘজীবী করেন এবং ক্রমশঃ তাহার ঐশ্বর্য্য বৃদ্ধি হয়।

সুরপতি গুরুরঙ্গধামগামী
নিজপদগোপি চ তুঙ্গতামুপেতঃ।
বহুতর খগজং নিহন্তি দোষং
হরিরিভযুথ মুপাগতং যদ্বৎ ॥

মৃগেন্দ্র সিংহ যাদৃশ হস্তী সমুদায়কে বিনষ্ট করে, তাদৃশ যদি বৃহস্পতি জন্মলগ্নে থাকেন, কিম্বা স্বক্ষেত্রে অথবা উচ্চগত হন, তাহা হইলে জাতকের গ্রহজনিত দোষ সকল বিনষ্ট হয়।

গুরুসিতবুধবর্গগাহিপাপাঃ
সকলশুভৈরবলোকিতা যদিস্যুঃ।
খগকৃতমপি বারয়ন্তি রিষ্টং
তুলারাশিমিব বহ্নিবিন্দুরেকঃ॥

বৃহস্পতি, শুক্র ও বুধের বর্গে অর্থাৎ দ্রেক্কাণাদিতে যদি পাপগ্রহগণ থাকেন এবং সকল শুভগ্রহগণ যদি তাহাকে অবলোকন করেন, তাহা হইলে একবিন্দু অগ্নিতে যেরূপ তুলারাশি ভস্মীভূত হয়, সেইরূপ জন্মকালে গ্রহ জনিত দোষ সমূহ নিবারিত হয়।

সহজ রিপুগতোঽথ লাভগোবা
সকলশুভৈরবলোকিতোযুতোবা
অগুরিহ বিনিহন্তি রিষ্টজালং
নগজাধীশ ইবাধিতাপরাশিং॥

নগেন্দ্রবালার অধীশ্বর মহাদেব প্রসন্ন হইয়া আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিকাদি ত্রিতাপরাশি দূরীকৃত করেন, সেইরূপ তৃতীয়, ষষ্ঠ ও একাদশ ভাবগত রাহু হইলে জাতকের রিষ্টি সমূহ দূরে পলায়ন করে।

অধিক বলযুতো জনুর্নভোগা
যদি সকলানররাশিগাভবন্তি।
হিতভবন নিজোচ্চগেহগেবা
বহুতরমাশুলয়ং প্রয়াতিরিষ্টং॥

জন্মকালে অধিক বলশালী গ্রহগণ যদি নররাশিগত হন, অথবা মিত্রগৃহে কিম্বা নিজোচ্চ গেহে থাকেন, তাহা হইলে জাতকের সকল রিষ্টি শীঘ্র উপশম হইয়া যায়।

অথ ছেদাদি যোগঃ।

ভৌমক্ষেত্রগতে লগ্নে রবেঃ ক্ষেত্রে শনৈশ্চরঃ।
সতুপাপযুতোবাপি ভুজচ্ছেদোভবেদ্ধ্রুবং॥

যাহার মঙ্গলের ক্ষেত্রে জন্ম, পাপযুক্ত শনি সিংহে, তাহার বাহুচ্ছেদ হয়।

শত্রুগেহী যদা শৌরী শত্রুযুক্তো নিরীক্ষিতঃ।
একপাদ ভুজচ্ছেদো বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ॥

শত্রু বীক্ষিত অথবা শত্রুযুক্ত শনি যদি শত্রুগেহী হন, তবে তাহার একপাদ ও এক বাহুচ্ছেদ হইবে।

ভৌমক্ষেত্র গতে লগ্নে রবেঃ ক্ষেত্রে শনৈশ্চরঃ।
সত্তপাপযুতো রাশৌ শিরশ্ছেদোভবেত্তদা॥

যাহার মঙ্গলের ক্ষেত্রে জন্ম ও রবিক্ষেত্রে পাপযুক্ত শনি থাকেন এবং রবি ক্ষেত্র যদি পাপযুক্ত জন্মরাশি হয়, তাহা হইলে তাহার মস্তকচ্ছেদ হইবেক।

অষ্টমস্থো যদা সোমো রবিযুক্তো ভবেদ্ যদি।
শিরশ্ছেদাখ্য যোগোহয়ং মনুনা পরিকীর্ত্তিতঃ॥

মনুনামা কোন পণ্ডিত বর্ণন করিয়াছেন যে, অষ্টম স্থানে যদি রবিযুক্ত চন্দ্র থাকিলে শিরচ্ছেদ যোগ হয়।

পাপত্রয়ৈর্যদাসোমঃ শত্রুগেহে ব্যবস্থিতঃ।
শুভগ্রহা ন পশ্যন্তি চক্ষুর্নাশো ভবেদ্ধ্রুবং॥

যাহার জন্মকালে তিনটি পাপগ্রহের সহিত চন্দ্র যদি শত্রুগেহী হন, তাহার চক্ষের হানি হইবেক।

অষ্টমস্থো যদা ভানুঃ শশিশুক্রাবলোকিতঃ।
রিপুগেহী বিশেষেণ চক্ষুর্নাশো ভবেদ্ধ্রুবং॥

যাহার অষ্টমে রবি, চন্দ্র ও শুক্র কর্ত্তৃক বীক্ষিত হন, কিম্বা অষ্টম স্থান শত্রুগৃহ হয়, তাহাতে যদি রবি থাকেন, তাহা হইলে জাতকের চক্ষুনাশ হইবেক।

কর্কটস্থো যদা শৌরিঃ শনিযুক্তো ভবেদ্ যদি।
শুভগ্রহা ন পশ্যন্তি খঞ্জো ভবতি নান্যথা॥

কর্কট রাশিতে চন্দ্রযুক্ত শনি থাকেন, শুভগ্রহ সকল তাহাকে যদি দৃষ্টি না করেন, তাহা হইলে নিশ্চয় খঞ্জ হইবেক।

রাহুনা সহিতো মন্দঃ শত্রুক্ষে শত্রুবীক্ষিতঃ।
মহাপাতক যোগোহয়ং যদি শত্রু সমোভবেৎ॥

শত্রুগৃহে ও শত্রুর দৃষ্টিপথে রাহুর সহিত শনি যদি থাকেন, তবে পুরন্দর সদৃশ হইলে মহাপাতক যোগ হইবে।

পাপগৃহগতশ্চন্দ্রো রবিভৌমাবলোকিতঃ।
সভবেৎ ব্রহ্মঘাতী চ গোবধী শনিযোগতঃ॥

যদি পাপগৃহগত চন্দ্র হন ও রবি মঙ্গল তাহাকে দৃষ্টি করেন, তবে ব্রহ্মহত্যাকারী হইবে এবং শনির সহিত পাপগৃহগত চন্দ্র হন, রবি ও মঙ্গলের দৃষ্টিতে থাকে, তাহা হইলে গোহত্যাকারী হইবেক।

পাপগেহী যদা সূর্য্যো যদি মন্দাবলোকিতঃ।
ব্রহ্মঘাতী ভবেন্নিত্যং পুত্রেণার্কস্য গোবধী॥

যদি রবি পাপগৃহগত হন ও শনির দৃষ্টিতে থাকে, তবে ব্রহ্মঘাতী হইবে এবং ঐ রবিকে যদি শনি দৃষ্টি করেন, তবে গোবধী হইবে।

পাপত্রয়যুতঃ সূর্য্যো গুরুশুক্র বিবর্জ্জিতঃ।
পাপিষ্ঠং কুরুতে নিত্যং স্বল্পায়ুশ্চ নসংশয়ঃ ॥

যদি তিনটি পাপগ্রহযুক্ত রবি হন বৃহস্পতি ও শুক্রের দৃষ্টি না থাকে, তবে জাতক অতিশয় পাপকার্য্যে রত ও অল্পায়ু হইবেক।

চন্দ্রসূর্য্য গৃহে রাহু শ্চন্দ্রসূর্য্যযুতো যদি।
মৃত্যুস্থো মদনস্থোবা পশুভির্হন্যতেহথবা ॥

চন্দ্র কিম্বা সূর্য্যযুক্ত রাহু চন্দ্র কিম্বা সূর্য্যের ক্ষেত্রে কিম্বা অষ্টমে অথবা সপ্তমে থাকিলে পশু কর্ত্তৃক হত হইবেক।

পাপগেহী যদাসৌম্যঃ শত্রুযুক্তো নিরীক্ষিতঃ।
ষষ্ঠাষ্টমস্থিতশ্চন্দ্রোহন্যতে জলজন্তুভিঃ ॥

শত্রুযুক্ত ও শত্রুবীক্ষিত বুধ যদি পাপগ্রহের গৃহে থাকেন এবং ষষ্ঠ ও অষ্টমে যদি চন্দ্র থাকেন তাহা হইলে জলজন্তু কর্ত্তৃক হত হইবেক।

মৃত্যুস্থো যদিবাভৌম শত্রুগেহী সহেন্দুনা।
এষনাশকরোযোগো দ্বিজিহ্বেন নসংশয়ঃ ॥

অষ্টম স্থানে চন্দ্রের সহিত মঙ্গল, শত্রুগৃহগত হন, তবে মৃত্যুযোগ সর্পদংশনে মৃত্যু হইবেক।

শত্রুস্থানে স্থিতোজীবঃ রিপুগেহে স্থিতোবুধঃ।
এষ শস্ত্রহতোযোগো যদি শত্রু সমোভবেৎ ॥

শত্রুস্থানস্থিত বৃহস্পতি এবং শত্রুগেহী, বুধ থাকিলে ইন্দ্রসদৃশ হইলে শস্ত্রাঘাতে মৃত্যু হইবেক।

অথ দুঃখপ্রাপ্তি যোগঃ।

তনুগত দিননাথে শৈশবে ব্যাধিযুক্তো
নয়নগদসুদুঃখী নীচসেবানুরক্তঃ।
নভবতি গৃহসেবী দৈন্যযুক্তো মনুষ্যঃ
ভ্রমতি বিকলমূর্ত্তিঃ পুত্রপত্নী বিহীনঃ॥
কৃশতনুরতি দীনো রক্তনেত্রঃ কুচেনঃ।

যাহার তনুস্থানে রবি থাকেন সে বাল্যকালে ব্যাধি-পীড়িত ও নেত্ররোগী অতি দীনস্বভাব, নীচসংসর্গী, ক্ষীণদেহ, আরক্ত-নয়ন হয় ও মলিন ও জীর্ণবস্ত্র পরিধান করে সে ব্যক্তি কখন গৃহাশ্রমী হয় না। সে মলিন বেশধারণ করে এবং পুত্র-কলত্র বিহীন হইয়া সর্ব্বদা ভ্রমণ করিতে থাকে।

কাষ্ঠাঙ্গার তৃণাধনো লৌহাশ্ম ধনসঞ্চয়ঃ।
নীচবিদ্যানুরক্তশ্চ জীবেমন্দে ধনস্থিতে॥

যাহার ধনস্থানে শনি ও বৃহস্পতি থাকেন, সে লোষ্ট্র, অঙ্গার, তৃণকে ধন বলিয়া গণ্য করে না, লৌহ প্রস্তরকে ধন বলিয়া গণ্য করে, নীচ বিদ্যায় আসক্ত হয়।

ভগ্নাশানোভগ্নগৃহো বন্ধুস্ত্রী ভৃত্যবর্জ্জিতোবিকলঃ।
নৈকস্থাননিবাসী ভবতি নরো বিত্তগে মন্দে॥

যাহার ধনস্থানে শনি থাকেন, সে কখন পূর্ণভোজন করে না, সর্ব্বদা ভগ্ন গৃহে থাকে এবং বন্ধু, পত্নী, ভৃত্য বিহীন হয় এবং একস্থানে বহুকাল বাস করিতে পারে না।

গ্রামোপান্ত নিবাসী বহ্বাশী নীচমন্দিরে রক্তঃ।
কুবচন কুবেশ সেবী ভবতি নরো বিত্তগে রাহৌ॥

যাহার ধনস্থানে রাহু থাকে, সে গ্রামের প্রান্তভাগে বাস করে ও অধিক ভোজনে তৃপ্তিলাভ করে এবং নীচলোকের গৃহে সর্ব্বদা থাকিতে ইচ্ছা করে, কিন্তু সর্ব্বদা কটুবাক্য প্রয়োগ ও মলিন বেশ ধারণে পরম আনন্দপর অনুভব করে।

রাহুঃ পঞ্চমভবনে হত্বাপ্রথমং সুতং দত্তে।
অস্মিন্ গৃহে চ সবিতা গর্ভস্রাবং সদাকুরুতে॥

লগ্নের পঞ্চমভাবে রাহু থাকিলে প্রথম সন্তান নষ্ট হয়, পরে যে সন্তান জন্মে সে দীর্ঘজীবী হয় এবং পঞ্চমভবনে যদি সূর্য্য থাকেন, তবে গর্ভস্রাব হয়।

রিপুদৃষ্টে রিপুভবনে নীচে বা পঞ্চমেস্থিতে ভৌমে।
হাহাকার হতাত্মা ভ্রমতি নরঃ পুত্রশোকার্ত্তঃ॥

লগ্নের পঞ্চমগৃহে যদি মঙ্গলের নীচগৃহ হয়, কিম্বা শক্রগৃহ হয়, তাহাতে যদি শক্রর দৃষ্টি থাকে, তাহা হইলে মানব পুত্রশোকার্ত্ত হইয়া হাহাকার করতঃ সর্ব্বদা ভ্রমণ করে।

সুতভবনগতোরি মন্দিরস্থঃ
সকলসুতান্ বিনিহন্তি সূর্য্যসূনুঃ।
স্ফুটতরকিরণো মহোচ্চসংস্থঃ
কথমপি যচ্ছতি পুত্রমেকমুগ্রং॥

লগ্নের পঞ্চমগৃহ যদি শনির শক্রভবন হয়, তাহাতে শনি থাকিলে মানবের সকল সন্তান বিনষ্ট করেন, যদি তৎকালে রবি পরম উচ্চে থাকেন, তাহা হইলে অতি উগ্রস্বভাব একটি সন্তান হয়।

চন্দ্রোঽষ্টমো মৃত্যু করো নরানাং
মৃত্যুং জনে যচ্ছতি সর্ব্বদৈব।

কাশ ত্রিদোষ জ্বরশোথদাতা
নয়ত্যধঃ ক্ষীণতনুঃ শুধাংশুঃ ॥

মানুবের অষ্টম চন্দ্র মৃত্যুকর হন এবং সর্ব্বদা মানবের মৃত্যুসদৃশ কষ্টপ্রদান করে। যদি অষ্টমে ক্ষীণচন্দ্র হয়, তবে কাশ, ত্রিদোষ জ্বর, শোথ প্রভৃতি পীড়া প্রদান করিয়া তাহাকে অধোগামী করে।

অন্দং দিগম্বরং মূর্খং পরপিণ্ডোপজীবনং।
কুর্য্যাত্তামতি নীচস্থৌ পুরুষং শশিভাস্করৌ ॥

যদি চন্দ্র ও সূর্য্য অতি নীচস্থ হয়, মানবকে অন্ধ, বিবস্ত্র, মূর্খ ও পর-পিণ্ডোপজীবী করিয়া থাকেন।

অথ দারিদ্র যোগঃ।

লগ্নাধিপে রিপ ফগতে রিপ ফেশে লগ্নমাগতে।
মারকেশ যুতে দৃষ্টে জাতঃ স্যান্নির্দ্ধনীনরঃ ॥

যাহার লগ্নাধিপ দ্বাদশে থাকেন এবং দ্বাদশাধিপ লগ্নে থাকেন, তাহাতে যদি মারকেশ অর্থাৎ দ্বিতীয়াধিপ ও সপ্তমাধিপ যুক্ত বা দৃষ্টি করে, তবে জাতক নির্ধনী হয়।

রবিণা সহিতো মন্দ শুক্রেণচ যুতো যদি।
এষ দারিদ্রযোগোঽয়ং সমুদ্রমপিশুষ্যতি ॥

জন্মকালে রবি শনি ও শুক্র একগৃহে থাকিলে দারিদ্র যোগ হয়, এই যোগ যাহার থাকে, সে সমুদ্রের নিকট যাত্রা করিলে সমুদ্র শুষ্ক হইয়া যায়।

লগ্নাধিপে শত্রুগৃহং গতে বা
ষষ্ঠেশ্বরে লগ্নগতেপিবাচেৎ।
বিলগ্নপে মারকনাথ দৃষ্টে
জাতো ভবেন্নির্দ্ধনকোপি বৈশ্যঃ॥

লগ্নাধিপতি যদি শত্রু গৃহে থাকেন এবং ষষ্ঠাধিপ যদি লগ্নে থাকেন, মারকাধিপতি যদি লগ্নাধিপের প্রতি দৃষ্টি থাকে, এবম্বিধ যোগে যে বৈশ্য অর্থাৎ (ধনীর পুত্র) সে নির্ধনী হইবেক।

লগ্নেন্দু কেতু যুক্তোবা লগ্নেশে নিধনং গতে।
মারকেন যুতে দৃষ্টে জাতোবৈ নির্দ্ধনো নরঃ॥

যাহার লগ্নে চন্দ্র ও কেতু এবং লগ্নাধিপ অষ্টমে থাকিয়া যদি মারকে যুক্ত কিম্বা মারকাধিপের দৃষ্টি থাকে, তবে জাতক নির্ধনী হইবেক।

ষষ্ঠাষ্টম ব্যয়গতে লগ্নেশে পাপ সংযুতে।
মারকেশ যুতে দৃষ্টে রাজবংশ্যোপি নির্দ্ধনঃ॥

লগ্নাধিপ পাপযুক্ত হইয়া ষষ্ঠ, অষ্টম কিম্বা দ্বাদশে থাকেন, তাহাতে মারকাধিপতিযুক্ত কিম্বা দৃষ্টি থাকে, তবে রাজবংশে জন্মগ্রহণ করিলেও দরিদ্র হইবেক।

বিলগ্ননাথে রবিণাস্থ রিপ্ফে নাথেনযুক্তে যদি পাপদৃষ্টে।
ধর্ম্মাত্মজেনাথযুতেপি দৃষ্টে শুভৈর্নদৃষ্টে সভবেদ্দরিদ্রঃ॥

রবি ও দ্বাদশাধিপের সহিত লগ্নাধিপ যদি একত্রে বাস করেন, তাহাতে যদি পাপগ্রহের দৃষ্টি থাকে, অথবা নবমাধিপ ও পঞ্চমাধিপ দৃষ্টি করেন, অথবা যুক্ত থাকেন এবং শুভ গ্রহের দৃষ্টি না থাকে, তবে জাতক দরিদ্র হইবেক।

মন্দ্রেশো ধর্ম্মনাথশ্চ ষষ্ঠে কর্ম্মস্থিতে ক্রমাৎ।
দৃষ্টৌচেৎ মারকেশেন জাতঃস্যান্নির্দ্ধনো নরঃ॥

পঞ্চমাধিপতি ষষ্ঠে ও নবমাধিপতি দশমে থাকেন, মারকাধিপতি যদি ঐ উভয়কে দৃষ্টি করেন, তবে জাতক নির্ধনো হইবেক।

পাপগ্রহে লগ্নগতে রাজ্য ধর্ম্মাধিপৌ বিনা।
মারকেশ যুতে দৃষ্টে জাতঃস্যান্নির্দ্ধনো নরঃ॥

নবমাধিপতি ও দশমাধিপতি ভিন্ন অন্য কোন পাপ গ্রহ যদি লগ্নে থাকেন এবং মারকাধিপের দৃষ্টি থাকে, তবে জাতক দরিদ্র হইবেক।

যদ্ভাবেশো রন্ধ্ররিপ্ফারি সংস্থো
যদ্ভাবস্থা রন্ধ্ররিপ্ফারিভেশাঃ।
পাপৈর্দৃষ্টোমন্দদৃষ্টোঽথবাচেৎ
দুঃখাক্রান্তঃ চঞ্চলো নির্ধনঃ স্যাৎ॥

যে ভাবের অধিপতি ষষ্ঠ ও দ্বাদশে থাকেন এবং ষষ্ঠ ও দ্বাদশাধিপতি যে ভাবে থাকেন, তাহাতে পাপগ্রহের দৃষ্টি, অথবা শনির দৃষ্টি থাকে, তাহা হইলে মানব দুঃখাভিভূত, অস্থির, বিত্ত ও ধনহীন হয়।

চন্দ্রাক্রান্ত নবাংশেশো মারকেশ যুতো যদি।
মারকস্থানগোবাপি জাতকো নির্ধনো নরঃ॥

চন্দ্রাক্রান্ত নবাংশের অধিপতি মারকাধিপতির সহিত যদি একত্রে বাস করেন, অথবা মারকস্থানে অর্থাৎ (দ্বিতীয় সপ্তমে) থাকেন, তাহা হইলে জাতক নির্ধনী হইবেক।

বিলগ্নেশ নবাংশেশো রিপ্ফ ষষ্ঠাষ্টগো যদি।
মারকেশযুতে দৃষ্টো জাতোসৌ নির্দ্ধনো নরঃ॥

লগ্নাধিপের সহিত নবাংশাধিপতি যদি ষষ্ঠ, দ্বাদশ ও অষ্টমে থাকেন এবং মারকাধিপযুক্ত অথবা দৃষ্টিতে থাকে, তবে জাতক অতিশয় নির্ধনী হইবেক।

যদাঙ্গনাথস্ত্রিকভাব নাথৈ
যুতেক্ষিতঃ পাপযুতোঽথবাস্যাৎ।
পুত্রেশ্বরেণাপিযুতে বিলগ্নে
শুভৈরদৃষ্টেসভবেদ্দৃণী নরঃ॥

যদি ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবাধিপতির সহিত লগ্নাধিপ একত্রে বাস করেন, কিম্বা লগ্নাধিপের প্রতি ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবাধিপের দৃষ্টি থাকে এবং পাপ-গ্রহযুক্ত না হন, অথচ পঞ্চমাধিপ লগ্নে থাকেন, শুভগ্রহের দৃষ্টি যদি না থাকে, তবে মানব ঋণগ্রস্থ হইবেক।

অস্তারিনীচ ত্রিকভাবগেবা
লগ্নেশ্বরে মারকনাথযুক্তে।
ভাগ্যাধিপেনাথ শুভৈরদৃষ্টে
ভবেদৃণীশো মনুজেশ্বরোপি॥

লগ্নাধিপ অস্ত ও অরিগত নীচস্থ অথবা ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবে মারকা-ধিপের সহিত একত্রে থাকেন এবং নবমাধিপের প্রতি শুভগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে জাতক বিপুল ধনের অধিপতি হইলে অত্যধিক ঋণী হইবেক।

শুভস্থান গতে পাপে পাপস্থান গতে শুভে।
কদাচিল্লভতে'চান্নং বস্ত্রার্থং চিন্তয়ান্বিতঃ॥

যাহার জন্মকালে শুভগ্রহের গৃহে পাপগ্রহ থাকেন এবং পাপগ্রহের গৃহে শুভগ্রহ থাকেন, তাহা হইলে জাতকের সর্ব্বদা অন্নাভাব হয় ও বস্ত্রের নিমিত্ত সর্ব্বদা চিন্তিত থাকে।

চন্দ্রাদিত্যৌ যদা লগ্নে বাঙ্গপে নিধনালয়ে।
মারকেন যুতে দৃষ্টে নরো ভবতি নির্দ্ধনঃ॥

যাহার লগ্নে চন্দ্র ও সূর্য্য অবস্থিতি করেন, এবং লগ্নাধিপ অষ্টমে থাকেন, মারক কর্ত্তৃক যুক্ত কিম্বা দৃষ্ট হইলে জাতক অতিশয় নিঃস্ব হইবেক।

অথ রাজযোগ নির্ণয়ঃ।

কেন্দ্রত্রিকোণপতয়ঃ সম্বন্ধেন পরস্পরং।
ইতরৈরপ্রসক্তাশ্চে দ্বিশেষফলদায়কঃ॥

লগ্ন চতুর্থ, সপ্তম ও দশমাধিপের সহিত নবম ও পঞ্চমাধিপের যদি সম্বন্ধ থাকে, কিন্তু তৃতীয়, ষষ্ঠ, অষ্টম ও একাদশাধিপের সহিত সম্বন্ধ না থাকে, তাহা হইলে বিশেষ ফলপ্রদ অর্থাৎ রাজযোগের ফল হইবেক। সম্বন্ধোচতুর্ব্বিধঃ। অন্যান্য রাশিগত প্রথমঃ। পরস্পর দৃষ্টি দ্বিতীয়ঃ। অন্যতর দৃষ্টি তৃতীয়ঃ। সহাবসস্থান শ্চতুর্থঃ। পূর্ব্বে বিস্তার বর্ণন করিয়াছি।

কেন্দ্রত্রিকোণ নেতারৌ দোষযুক্তাবপি স্বয়ং।
সম্বন্ধমাত্রাদ্বলিনৌ ভবেতাং যোগকারকৌ॥

কেন্দ্রাধিপতি ও ত্রিকোণাধিপতি দোষযুক্ত অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, অষ্টম ও একাদশের অধিপতি হন, তথাপি পরস্পরের সম্বন্ধ হইলে বলবান্ রাজযোগ কারক হয়। কিন্তু লগ্ন চতুর্থ, সপ্তম ও দশমের মধ্যে যদি চতুর্থ ও দশমের সহিত সম্বন্ধ হয়, তাহা হইলে বিশেষ বলবান্ পারাশরীমতে চতুর্থ, দশম সুখ-কারক ও নবম, পঞ্চম ধনকারক; অতএব ধনসুখ এই দুইয়ের পরস্পর সম্বন্ধ বিশেষ ফলপ্রদ হইবেক।

নিবসেতাং ব্যত্যয়েন তাবুভৌধর্ম্মকর্ম্মণোঃ।
একত্রান্যতরোবাপি বসেচ্চেদ্যোগকারকৌ॥

সম্বন্ধ ব্যতীত কিম্বা ধর্ম্মাধিপ ও কর্ম্মাধিপের যদি বিনিময় হয় অর্থাৎ ধর্ম্মাধিপ কর্ম্মে ও কর্ম্মাধিপ ধর্ম্মে থাকে, তাহা হইলে রাজযোগ হইবেক এবং ধর্ম্মস্থানে যদি ধর্ম্মাধিপ ও কর্ম্মাধিপ থাকে, তাহা হইলে রাজযোগ হইবে। কর্ম্মস্থানে কর্ম্মাধিপ ও ধর্ম্মাধিপের মধ্যে এক গ্রহ যদি নিজস্থানে থাকেন, তাহা হইলে যোগ হইবেক।

কেন্দ্রত্রিকোণাধিপযোরেকত্বে যোগকারকৌ।
অন্যত্রিকোণপতিনা সম্বন্ধো যদি কিং পরং॥

এক কেন্দ্রাধিপ ঐক ত্রিকোণাধিপের সহিত যদি সম্বন্ধ হয়, অর্থাৎ চতুর্থাধিপের সহিত নবমাধিপের কিম্বা পঞ্চমাধিপের এবং দশমাধিপের, পঞ্চমাধিপ কিম্বা নবমাধিপের সম্বন্ধ হইলে রাজযোগ হইবে, যদি দুইটি ত্রিকোণাধিপের সম্বন্ধ হয়, তাহা হইলে অতি শ্রেষ্ঠ রাজযোগ হইবেক।

যদি কেন্দ্রত্রিকোণেবা নিবসেতাং তমোগ্রহৌ।
নাথেনান্যতরেনাপি সম্বন্ধোযোগকারকৌ॥

যদি রাহু, কেতু, কেন্দ্র কিম্বা ত্রিকোণে অবস্থান করেন এবং অন্য কেন্দ্রপতি কিম্বা ত্রিকোণপতির সহিত সম্বন্ধ থাকে, তাহা হইলে রাজযোগ হইবেক; কিন্তু রাহু, কেতু যখন কেন্দ্রে থাকেন, তখন অন্য কেন্দ্রপতির সম্বন্ধ থাকে, যখন ত্রিকোণে থাকেন, তখন অন্য ত্রিকোণপতির সম্বন্ধ হইলে রাজযোগকারক হইবেক।

দশাস্বপিভবেদেযাগঃ প্রায়শো যোগকারিণোঃ।
দশাদ্বয়ী মধ্যগতস্তদযুক্ শুভকারিণাং॥

রাজযোগকারক গ্রহগণের প্রায় দশা অর্থাৎ বিংশোত্তরীদশাতে রাজযোগের ফল হইবেক, কিন্তু পঞ্চমেশ ও নবমেশ উভয়ের সম্বন্ধ থাকাতে কোন দশাতে ফল হইবে, এক্ষণে দশাদ্বয়ের মধ্যগত হইলে শুভকারি যে গ্রহ, তাহার যদি অন্য গ্রহের সহিত সম্বন্ধ থাকে, তাহা হইলে রাজযোগের ফল হইবেক। ধর্ম্মাধিপ ও কর্ম্মাধিপের দশাতে অন্তর্দ্দশা ভোগকারি যে গ্রহগণ তাহার সহিত সম্বন্ধ যদি দশাপতির না থাকে, তবে ধর্ম্মাধিপের অথবা কর্ম্মাধিপের দশাকাল পর্য্যন্ত রাজযোগের ফল হইবেক।

তপঃস্থানাধিপোমন্ত্রী মন্ত্রাধিশো বিশেষতঃ।
উভাবন্যোন্যসংদৃষ্টৌ জাতশ্চেদিহরাজ্যভাক্॥

নবমাধিপ ও পঞ্চমাধিপ উভয়ের যদি পরস্পর দৃষ্টি থাকে, বিশেষতঃ পঞ্চমাধিপের দৃষ্টি যদি নবমাধিপের প্রতি থাকে, তাহা হইলে রাজযোগ হইবেক।

যত্রকুত্রাপি সংযুক্তৌ তাবপিসমসপ্তমৌ (১)।
রাজবংশ্যোভবেদ্বালো রাজাভবতি নিশ্চয়ঃ ॥

যে কোন স্থানে নবমাধিপ ও পঞ্চমাধিপ একত্রে থাকেন, কিম্বা উভয়ে সমসপ্তমে থাকেন, তাহা হইলে রাজবংশেজাত বালক নিশ্চয় রাজা হইবেক।

বাহনেশ স্তথামানে মানেশো বাহনেস্থিতঃ।
রাজকর্ম্মাধিপাভ্যান্তু দৃষ্টৌচেদিহরাজ্যভাক্ ॥

যদি চতুর্থাধিপ দশমে এবং দশমেশ চতুর্থে থাকে, কিম্বা পরস্পরের দৃষ্টি থাকে, তবে রাজযোগ হইবেক।

সুখকর্ম্মাধিপৌচৈব মন্ত্রিনাথেন সংযুতৌ।
ধর্ম্মেশনাথবাযুক্তৌ জাতশ্চেদিহরাজ্যভাক্ ॥

চতুর্থাধিপতি ও দশমাধিপতি যদি পঞ্চমাধিপের সহিত একত্রে বাস করেন, অথবা নবমাধিপযুক্ত থাকেন, তাহা হইলে রাজ্যভোগী হইবেক।

সুতেশ্বরো ধর্ম্মপসংযুতশ্চে
ল্লগ্নেশ্বরেণাপিযুতোবিলগ্নে।
সুখেথবামানগৃহেথবাস্থা
দ্রাজ্যাভিষেকো যদি রাজবংশ্যঃ ॥

যদি পঞ্চমাধিপতি নবমাধিপের সহিত একত্রে থাকেন, অথবা পঞ্চমাধিপ লগ্নাধিপের সহিত লগ্নে অথবা চতুর্থে কিম্বা দশমে থাকে, তবে জাতক যদি রাজবংশে জন্মগ্রহণ করেন, তবে রাজ্যে অভিষিক্ত হইবেন।

ধর্ম্মস্থানে গুরুক্ষেত্রে স্বগৃহে ভৃগুসংযুতে।
পঞ্চমাধিপ সংযুক্তে জাতশ্চেদিহরাজ্যভাক্ ॥

লগ্নাধিপ নবমে অথবা ধনু কিম্বা মীনে কিম্বা স্বগৃহে যদি ভার্গবিযুক্ত থাকে, কিম্বা পঞ্চমাধিপযুক্ত থাকে, তাহা হইলে জাতক রাজ্যভোগী হইবেক।

---

(১) বিষম সম গণনাতে সপ্তমগৃহ সম হইবে।

খেটাযদা পঞ্চনিজোচ্চ সংস্থাঃসসার্ব্বভৌমঃ খলুযস্যসূতৌ
ত্রিভিঃস্বতুঙ্গোপগতৈঃ সরাজা নৃপালবালোঽন্য সুতস্তুমন্ত্রী ॥

জন্মকালে যাহার পঞ্চগ্রহ তুঙ্গস্থ হন, সে সার্ব্বভৌম চতুগ্রহীতুঙ্গী, হইলেও ঐ যোগ, তিন গ্রহতুঙ্গ হইলে রাজপুত্র রাজা হইবেক, যদি অন্য জাতির সন্তান হয়, তাহা হইলে রাজমন্ত্রী হইবেক।

গুরাবুচ্চে কেন্দ্রেভবতি দশমে দানবগুরৌ
জনুঃ কালেমুদ্রাবিলসিত সমুদ্রাবধিভূশং।
গুরৌকর্কেচাপেভবতিচ সচন্দ্রেদিনমনৌ
বুধে তুঙ্গে লগ্নে বলবতি খগে বা নরপতিঃ ॥

জন্মকালে বৃহস্পতির উচ্চগৃহ অর্থাৎ কর্কটে যদি কেন্দ্র হন, তাহাতে যদি বৃহস্পতি থাকেন এবং শুক্র যদি দশমে থাকেন, তাহা হইলে তাহার নামাঙ্কিত মুদ্রা সমুদ্র পর্য্যন্ত অর্থাৎ সমস্ত পৃথিবীতে বিচরণ করে। অথবা বৃহস্পতি কর্কটে কিম্বা ধনুতে, চন্দ্র সূর্য্যের সহিত একত্রে থাকেন এবং বুধের তুঙ্গগৃহ লগ্ন হয়, তাহাতে বুধ থাকেন এবং অন্যান্য গ্রহগণ যদি বলবান্ হন, তবে জাতক রাজা হইবেক।

গুরাবঙ্গে কর্কেঽর্ক মদন সুখভাবে দিনমনৌ
সুতেশুক্রেবক্রে প্রভবতিজনের্যস্য সময়ঃ।
মহাম্ভোধে নীরংগমনসময়ে তস্য করিণাং
চলদঘণ্টানাদাৎ ব্রজতি চপলত্বংহিপরিতঃ ॥

যাহার জন্মকালে কর্কট লগ্ন হইয়া, তাহাতে বৃহস্পতি থাকিবেন, দিনমণি-সুত শনি, সপ্তমে কিম্বা চতুর্থে থাকিবেন এবং শুক্র বক্রী হইবেন, এইরূপ যাহার জন্ম সময় হইবেক, তাহার গমনকালে মাতঙ্গগণের দোদুল্যমান্ ঘণ্টার নিনাদে মহীসমুদ্রের সলিল চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হইতে থাকে।

অঙ্গেজীবাদিত্যৌদশমভবনে ভূমিতনয়
স্তপঃস্থানে শুক্রোবুধ বিধুযুতোযস্যজননে।
গজানামালীভি র্বিজয়গমনে তস্যসহসা
সমাক্রান্তাপৃথ্বী ব্রজতিচলিতা মোহপদবীং॥

যাহার জন্মকালে বৃহস্পতি ও রবি লগ্নে, দশমভাবে মঙ্গল, নবমে বুধ ও চন্দ্রযুক্ত শুক্র হয়, তাহার শক্র বিজয়ার্থ গমনকালীন মাতঙ্গগণ কর্তৃক সমাক্রান্তা ধরণী সহসা মোহপদবী প্রাপ্ত হইয়া থাকেন।

কন্যাঙ্গেসবুধে ঝসে সুরগুরৌ ভূপুত্রসূর্য্যেবলী
মন্দেকর্কগতে শরাসনগতে শুক্রেবলীনেজনিঃ।
তস্যালংশিরসাবহন্তি বসুধাধীশাঃ সদাশাসন
মানন্দাৎবিকচারবিন্দ কলিকা মালামিবপ্রায়শঃ॥

যাহার জন্ম কন্যালগ্নে, বুধ মীনে, বৃহস্পতি কর্কটে, শনি ধনুতে বলবান্, শুক্র এবং বলবান্ মঙ্গল ও রবি হন, তাহা হইলে মহীপালগণ সানন্দে বিকচ অরবিন্দ অর্থাৎ পদ্ম-কলিকামালা সদৃশ তাহার শাসন মস্তকে বহন করিয়া থাকেন।

ভাগ্যেভানুসুতো মৃগেধরণিজো জীবজ্ঞশুক্রাঃসুতে
তিষ্ঠন্তিশ্রবণাদিবাকরকর ব্যাসঙ্গ যুক্তাযদা।
তত্রোদভূত জনস্যযানসময়ে প্রোত্তুঙ্গ বাজিব্রজ
ব্যস্তন্যস্ত পদপ্রচার রজসা চ্ছন্নোনভোমণ্ডলং॥

নবমে শনি, মকরে মঙ্গল, পঞ্চমে বৃহস্পতি বুধ ও শুক্র বলবান্ হন, অর্থাৎ উদিত হন, এইরূপ সময়ে যাহার জন্ম হয়, তাহার অতি বৃহৎ উচ্চ ঘোটকগণের দ্রুতপদগমনে উত্থিত ধূলারাশিতে আকাশমণ্ডল আচ্ছন্ন হইয়া থাকেন।

যদি তুলামকররাজ কুলীরভে রবিমুখাঃ সকলাবিলসন্তিচেৎ।
ইহচতুষ্কমহোদধি সংজ্ঞকঃ সুরপতেঃ সমতাং তনুতেনৃণাং॥

যদি তুলা, মকর, মেষ ও কর্কটে রবি প্রভৃতি গ্রহ সকল অবস্থিতি করেন, তাহা হইলে জাতক দেবরাজ ইন্দ্রসদৃশ পৃথিবীতে চারি সমুদ্রপ্রান্ত পর্য্যন্ত ধরণীমণ্ডলে আধিপত্য স্থাপন করিবেন।

রাজ্যস্বামী নিজোচ্চেভবতি তনুধনাপত্যপাতালকান্তা
পুণ্যানামুচ্চরাশৌ পতয় ইহ যদাবীর্য্যবন্তৌ ভবন্তি।
রাজানোযস্যতস্য প্রবলবলঘটাদন্তিঘণ্টা ধনুর্জ্যা
টঙ্কারব্রাতভীতা জগদুদয়গতা কম্পভাবং ভবন্তি॥

যাহার জন্মকালে (রাজ্যস্বামী) দশমাধিপতি উচ্চগত হন, তনু ১ ধন ২ অপত্য ৫ পাতাল ৪ কান্তা ৭ পুণ্য ৯ ভাবের অধিপতিগণ উচ্চে থাকেন, অথবা বলবান্ হন, তাহা হইলে তাহার প্রবল সৈন্যগণের ধনুর্জ্যাটঙ্কারে এবং করীন্দ্রগণের ঘণ্টানিনাদে সমস্ত নরপতিগণ ভীত ও কম্পিত হইয়া অবনিগর্ভে অবস্থিতি করেন।

যেষামর্কোনিজোচ্চে প্রভবতি মকরে মঙ্গলোবৈরিভাবে
দৈত্যেজ্যকর্ম্মগামী শনিরপি সহজে জন্মমাত্রেণ তেষাং।
পৃথ্বীসদ্দানতোয়ার্ণবজনিত যশশ্চন্দ্রকান্তার্জ্জুনাভা
মত্তোন্মত্তপ্রচণ্ডপ্রবলরিপু শিরোমণ্ডলে বজ্রপাতঃ॥

যাহার জন্মকালে রবি উচ্চগত, জন্ম হইতে ষষ্ঠরাশি মকর হইবেক, তাহাতে মঙ্গল, শুক্রাচার্য্য দশমে, শনৈশ্চর তৃতীয়গত হন, তাহার জন্মমাত্রে পৃথিবী সৎদান দ্বারা সমুদ্র হইতে উত্থিত যশোরাশিতে চন্দ্রকান্ত সদৃশ শুভ্রবর্ণ ধারণ করেন এবং উন্মত্ত প্রচণ্ড প্রবল শত্রুগণের মস্তকে বজ্রপাত স্বরূপ হইয়া থাকেন।

সিংহাসন যোগঃ।

কন্যামীনবৃষালিভে যদিখগাঃ সিংহাসনঃ কীৰ্ত্তিতঃ
কিম্বা চাপ নৃযুগ্মকুম্ভহরিভে খেটাহিসিংহাসনঃ।
যঃ সিংহাসন যোগজো হিমনুজোভূপাধিরাজোবলী
গর্জ্জৎকুঞ্জরবাজিরাজিমুকুটারূঢ়ো ধরামণ্ডলে॥

যাহার জন্মকালে কন্যা, মীন, বৃষ, বৃশ্চিক রাশিতে রবি প্রভৃতি সপ্তগ্রহগণ অবস্থিতি করেন, তাহাতে সিংহাসন যোগ হয় এবং ধনু, মিথুন, কুম্ভ ও সিংহে ঐরূপ গ্রহগণ যদি অবস্থিতি করেন, তাহাতে সিংহাসন যোগ হইবে। এই যোগে যে জন্মগ্রহণ করে, সে যে স্থানে গর্জ্জনকারী মাতঙ্গ ও অশ্বগণ অবস্থান করে, সেই স্থানে তাহার মুকুট অবতরণ হয়, অর্থাৎ সেই স্থানে সে সর্ব্বদা অবস্থিতি করে।

চতুশ্চক্র যোগঃ।

অজেসিংহে কন্যাকলসমিথুনান্ত্যালিতুরগে
সমাজঃ খেটানামিহ ভবতি জন্মন্যপিনরঃ।
চতুশ্চক্রেযোগে সকল সুখ ভোগেন মিলিতো
মহীপালা মানীমুকুটমণি পানী বিজয়তে॥

যাহার জন্মকালে মেষ, সিংহ, কন্যা, কুম্ভ, মিথুন, মীন, বৃশ্চিক ও ধনুতে রবি প্রভৃতি গ্রহগণ অবস্থিতি করিলে তাঁহাতে চতুশ্চক্র যোগ হয়। এই যোগে যে জন্মগ্রহণ করে, সে বিবিধ সুখভোগে জীবনযাত্রা অতিবাহিত করে এবং নরপতিগণের মালাযুক্ত মুকুটের মণিসকল জয় করে।

একাবলি যোগঃ।

একৈকেন খগেন জন্মসময়ে সৈকাবলীকীৰ্ত্তিতাঃ।
মুক্তালীবসমস্ত ভূপমুকুটালঙ্কার চূড়ামণিঃ॥

তজ্জাতোরিপুপুঞ্জভঞ্জনকরী গন্ধর্ব্বদিব্যাঙ্গনা।
বৃন্দানন্দপরো গুণব্রজধরো বিদ্যাকরোমানবঃ॥

জন্মকালে সপ্তম কিম্বা অষ্টম রাশিতে ক্রমান্বয়ে এক একটি গ্রহ অবস্থান করিলে একাবলী যোগ হয়। এই যোগে যাহার জন্ম হয়, সে সমস্ত রাজবর্গের মুকুটালঙ্কার স্বরূপ হয় এবং অরাতিগণের দর্পবিনাশক হয় ও গন্ধর্ব্ব এবং দিব্যাঙ্গনাগণের আনন্দদায়ক ও নানাগুণে ভূষিত, বিদ্যার আকর স্বরূপ হয়।

কুলীরেকন্যায়া মনিমিষধনুর্যুগ্ম ভবনে
জনুঃ কালে যস্য প্রভবতিনভোগো রবিমুখঃ।
প্রচণ্ডপ্রোত্তুঙ্গ প্রবলরিপুহন্তাক্ষিতিপতিঃ
সমস্তাদাধিক্যং ব্রজতি ধনদানেন মহতাং॥

জন্মকালে কর্কটে, কন্যা, মীন, ধনু ও মিথুনে রবি প্রভৃতি গ্রহগণ যদি অবস্থান করেন, তাহা হইলে জাতক অবনীপতি হয় এবং অতি প্রচণ্ড, গর্ব্বিত, প্রবল শত্রুগণের বিনাশ করতঃ অতিশয় ধনদান দ্বারা চতুর্দ্দিক আধিপত্য বিস্তার করেন।

অথাদিত্যঃ সিংহে বিধুরপি কুলিরে রবিসুতো
মৃগেমীনে জীবোহিমকরসুতো যস্য মিথুনে।
তুলায়াং শুক্রশ্চেদজভবনগো ভূমিতনয়ো
নৃবালোভূপালো নৃপমুকুটভূষা মণিবরঃ॥

জন্ম সময়ে সিংহে রবি, কর্কটে চন্দ্র, মকরে শনি, মীনে বৃহস্পতি এবং মিথুনে বুধ, তুলাতে শুক্র এবং মেষে মঙ্গল থাকিলে মানব রাজা হইয়া রাজমুকুট রূপ অলঙ্কার শ্রেষ্ঠ মণির ন্যায় মস্তকে ধারণ করেন।

দিবানাথঃ সিংহে গবিহিমকরোমেষভবনে
মহীজঃ কন্যায়া মমৃতকরসূনুঃ সুরগুরুঃ।
ভবেচ্চাপেকুম্ভে দিনমণিসুত স্তৌলিনিকবি
র্জনুঃ কালেযস্য প্রভবতি নরোসৌ ক্ষিতিপতিঃ॥

জন্মকালে সিংহে রবি, বৃষে চন্দ্র, মেষে মঙ্গল, কন্যাতে বুধ, ধনুতে বৃহস্পতি এবং কুম্ভে শনি ও তুলাতে শুক্র থাকিলে মানব দরিদ্রের গৃহে জন্মগ্রহণ করিলেও রাজা হইবেক।

যদাকর্ম্মস্বামী সুতভবনগামী শুভযুতঃ
সুতেশঃ কোদণ্ডে ভবতি ভবিনোযস্য জননে।
ভবাতীতোভোগী ভবতি চিরজীবীবহুগুণী
মাতঙ্গালীগন্তা রিপুনিকরহন্তা নরপতিঃ॥

জন্মকালে দশমাধিপতি শুভযুক্ত হইয়া পঞ্চম ভবনে ধনুতে থাকেন, সে মানব অতিশয় নির্ভীক, ভোগী, দীর্ঘজীবী এবং গুণশালী রাজা হইয়া সর্ব্বদা হস্তীতে গমন করিবেন এবং অরাতিকুল বিনাশকারী হইবেন।

যদারাজ্যস্বামী নবমসুত কেন্দ্রেঽর্থভবনে
বলাক্রান্তোযস্য প্রভবতি সবীরো নরবরঃ।
সদাকাব্যালাপী নবমণি কলাপী বহুবলী
তুরঙ্গালীদন্তাবল করভগন্তাধনপতিঃ॥

জন্মকালে দশমাধীশ বলশালী হইয়া নবমে অথবা পঞ্চমে কিম্বা কেন্দ্রে অথবা দ্বিতীয়ে থাকিলে সে মানব ধনেশ্বর, রাজা, বীরপুরুষ, সদ্বক্তা, কাব্যালাপী, রত্নভাজন, অতি বলশালী হয় এবং তুরঙ্গ, মাতঙ্গ ও করভে গমন করে।

বিখ্যাত রাজযোগঃ।

কর্ম্মলগ্নাধিনেতারা বন্যোন্যাশ্রয় সংস্থিতৌ।
রাজযোগাবিতিপ্রোক্তো বিখ্যাতো বিজয়ী ভবেৎ॥

জন্মকালে দশমাধিপতি ও লগ্নাধিপতি পরস্পরের বিনিময় যোগ হয়, অর্থাৎ কর্ম্মাধিপতি লগ্নে ও লগ্নাধিপতি দশমে সংস্থান করিলে প্রসিদ্ধ রাজযোগ হয়, এই যোগে যে জন্মগ্রহণ করে, সে বিশিষ্ট প্রশংসাভাজন এবং সংগ্রামাদি কার্য্যে জয়শালী হইবেন।

ধর্ম্মকর্ম্মাধিনেতারা বন্যোন্যাশ্রয় সংস্থিতৌ।
রাজযোগোবিতিপ্রোক্তো বিখ্যাতো ধরণীতলে॥

জন্মকালে ধর্ম্মাধিপ ও কর্ম্মাধিপের পরস্পর বিনিময় যোগ হয়, অর্থাৎ নবমাধিপতি দশমে ও দশমাধিপতি নবমে থাকিলে রাজযোগ হয়, এই যোগে যাহার জন্ম হয়, সে এই অবনী মধ্যে বিশেষ খ্যাতি বিশিষ্ট হইবেন।

তমোগ্রহৌ শুভারূঢ়া বসম্বন্ধেন কেনচিৎ।
অন্তর্দ্দশানুসারেণ ভবেতাং যোগকারকৌ॥

জন্মকালে রাহু, কেন্দ্রে কেতু কিম্বা ত্রিকোণে থাকেন, কোন গ্রহের সহিত যদি সম্বন্ধ না থাকে, তথাপি যোগকারক গ্রহের যখন অন্তর্দ্দশা হইবেক, তখন রাজযোগের ফল হইবেক। যখন শুভগ্রহের দশাতে যোগকারক রাহু কেতুর অন্তর্দ্দশা হইবেক, তখন বিশিষ্ট শুভ ফল হইবেক, যখন অশুভ গ্রহের দশাতে যোগকারক রাহু কেতুর অন্তর্দ্দশা হইবেক, তখন তাদৃশ শুভ ফল হইবেক না, কিঞ্চিৎ কম হইবেক।

গুরুকবী যদিতুঙ্গগতাবিমৌ
জনুষি কন্টককোণ গৃহাশ্রিতৌ।

নৃপকুলে কুরুতো নৃপমন্যথা
দ্রবিণস্বংপরিতোভবতোনরং ॥

জন্মকালে বৃহস্পতি ও শুক্র উচ্চস্থ হইয়া কেন্দ্র কিম্বা ত্রিকোণগত হইলে জাতক যদি রাজবংশে জন্মগ্রহণ করে, তাহা হইলে নরপতি হইবেক। যদি অন্য কোন বংশে জন্মগ্রহণ করে, তাহা হইলে বিপুল ধনের অধিপতি হইবেক।

রাজপুত্র যোগঃ।

প্রসূতিকালে যদি সর্ব্বখেটৈস্তনুব্যয়াগার্থ গৃহস্থিতৈশ্চেৎ।
পুরাতনাৎ পুণ্যত এবপুংসাং শ্রীছত্রযোগং প্রবদন্তি সন্তঃ ॥

জন্মকালে লগ্ন দ্বাদশ (অগ) সপ্তম ও দ্বিতীয়ভাবে সকল গ্রহ অবস্থিতি করেন, তাহা হইলে রাজচ্ছত্র যোগ হয়, পূর্ব্বজন্মের পুণ্যফলে মানবগণ এই যোগে জন্মগ্রহণ করে। এই যোগে জন্ম হইলে রাজলক্ষ্মীও রাজচ্ছত্র লাভ করে।

কনকমণি যোগঃ।

সুখাগারস্বামীভবতি নবমেবাথ দশমে
সুখেবা লগ্নেবা হিতনবগতোবা শুভখগৈঃ।
যুতোদৃষ্টোদবলতুরগ যানেন নিতরাং
জনানামাগারং কনকমণি সংঘৈঃ পরিবৃতং ॥

জন্মকালে চতুর্থাধিপতি নবমে কিম্বা দশমে অথবা চতুর্থে কিম্বা লগ্নে ও মিত্র গ্রহের নবাংশগত হন এবং শুভগ্রহ কর্তৃক যুক্ত কিম্বা দৃষ্ট হন, তাহা হইলে মানবের গৃহ তুরঙ্গ, মাতঙ্গ প্রভৃতি যানে এবং স্বর্ণ মণিরত্নে পরিপূর্ণ হয়, এই যোগের নাম কনকমণি যোগ।

অথ চন্দ্রপ্রভা যোগঃ।

ধর্ম্মাধিপঃ পুণ্য গৃহেচ কেন্দ্রে চন্দ্রপ্রভা যোগ ইহ প্রণীতঃ।
রাজাধিরাজো গুণবান্ বিলাসী গঙ্গাজলে মুঞ্চতি জীবনঞ্চ॥

জন্মকালে নবমাধিপতি নবমে অথবা লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশমে থাকিলে চন্দ্রপ্রভা যোগ হয়, এই যোগে জন্ম হইলে গুণবান্ বিলাসী এবং রাজাধিরাজ হয় এবং অন্তকালে গঙ্গাসলিলে জীবন বিসর্জ্জন করে।

ক্ষেত্রসিংহাসন যোগঃ।

দশমভবননাথঃ কেন্দ্রকোণে ধনেবা
বলবতি যদিজাতঃ ক্ষেত্রসংহাসনেবা।
সভবতি নরনাথো বিশ্ববিখ্যাত কীর্ত্তি
র্মদগলিত কপোলৈঃ সদ্গজৈঃ সেব্যমানঃ॥

জন্মকালে দশম ভাবাধিপতি কেন্দ্রে অথবা পঞ্চমে ও নবমে কিম্বা দ্বিতীয়ে থাকিয়া বলশালী হন, তাহা হইলে ক্ষেত্রসিংহাসন যোগ হয়। এই যোগে জন্মগ্রহণ করিলে মানব ভূপতি ও জগদ্বিখ্যাত, কীর্ত্তিভাজন হইবে এবং যে সকল হস্তীর গণ্ড হইতে সর্ব্বদা মদক্ষরণ হয়, এবম্বিধ মাতঙ্গ তাঁহাকে বহন করে।

নিশাশঙ্ক যোগঃ।

জীবেভার্গবসোমসূর্য্য শশিজক্ষ্মাজার্কজৈর্বীক্ষিতে
ভূপালোনৃপবংশবংশতিলকঃ প্রখ্যাতকীর্ত্তির্ভবেৎ।
সেনায়াং গজবাজিলোকচরিতৈরুদ্দূতধূলীব্রতং
দৃষ্ট্বামুঞ্চতি কামিনীমপিরবিঃ চক্রোনিশাশঙ্কয়া॥

যাহার জন্মকালে শুক্র, চন্দ্র, রবি, বুধ, মঙ্গল ও শনি প্রভৃতি গ্রহগণ যদি বৃহস্পতিকে অবলোকন করেন, তাহা হইলে নিশাশঙ্ক যোগ হয়। এই যোগে যে মানব জন্মগ্রহণ করে, সে বিখ্যাত কীর্ত্তি-বিশিষ্ট, ভূপালবংশে অতি প্রধান রাজা হয়। তাহার সৈন্যগণের ও তুরঙ্গ-মাতঙ্গগণের গমনে উত্থিত ধূলিরাশি দ্বারা গগণমণ্ডলে মার্ত্তণ্ডকে আচ্ছন্ন করে, তৎকালীন চক্রবাক্ পক্ষীগণ নিশা-বোধে আপন সহধর্ম্মিণী চক্রবাকীকে পরিত্যাগ করে।

রাজহংস যোগঃ।

মেষেচৈব হরৌচাপে তুলায়াঞ্চ গ্রহস্থিতে
রাজহংসোভবেদেব রাজ্যাস্পদঃ সুখপ্রদঃ।
রাজহংসেতু যোজাতো নৃপতুল্যো নসংশয়ঃ ॥

মেষ, সিংহ ধনু ও তুলাতে গ্রহগণ অবস্থিতি করিলে রাজহংস যোগ হয়; এই যোগে যে মানব জন্মগ্রহণ করে, সে পরম সুখজনক রাজত্বলাভ করিয়া অবনীমণ্ডলে ভূপতিসদৃশ কীর্ত্তিভাজন হয়।

কনকদণ্ড যোগঃ।

যোগঃ কনকদণ্ডাখ্যঃ কন্যালৌ বৃষভে ঋষসে।
তস্মিন্ জাতো নৃপঃশ্রেষ্ঠো জায়তে গুণবত্তরঃ ॥

কন্যা, বৃশ্চিক, বৃষ ও মীনে গ্রহগণ অবস্থিতি করিলে কনকদণ্ড যোগ হয়। এই যোগে যে মানব জন্মগ্রহণ করে, সে গুণবান্ প্রধান রাজা হয়।

একাদিস্বগৃহস্থিত ফলং।

কুলতুল্যঃ কুলশ্রেষ্ঠো বন্ধুমান্যো ধনী সুখী।
ক্রমান্নৃপসমো ভুপ একাদি স্বগৃহস্থিতে ॥

জন্মকালে একটী গ্রহ স্বীয় ক্ষেত্রে থাকিলে বংশ-সদৃশ, দুইটী থাকিলে বংশের প্রধান, তিনটী থাকিলে বন্ধুবর্গের মান্য, চারিটী থাকিলে ধনী, পাঁচটী থাকিলে অতি সুখ-ভাজন, ছয়টী থাকিলে ভূপাল-সদৃশ, সাতটী থাকিলে রাজা হইবেক।

রাজযোগভঙ্গ যোগঃ।

যদি ভবন্তি নবায় দশাধিপা
জনুষিনীচ গতা বিকলা (১) ভৃশং।
নৃপতি যোগজমঙ্গভূতাং ফলং
পরিণমত্যপি নিষ্ফলতামিহ॥

জন্মকালে নবম, একাদশ এবং দশম ভাবাধিপতি নীচস্থ কিম্বা বিকল হইলে মানবের রাজযোগ জনিত শুভফল সকল ফলোন্মুখী হইয়া বিকলত্ব প্রাপ্ত হয়।

রিপুমন্দিরগৈরেব বৈরিভাব গতৈরপি।
রাজযোগা বিনশ্যন্তি দিবাকর করোপগৈঃ॥

দিবাকর প্রভৃতি গ্রহগণ অরি গৃহগত কিম্বা ষষ্ঠ ভাবগত অথবা নীচ রাশিগত হইলে রাজযোগের ফল বিনষ্ট হয়।

ভবতিবীক্ষণবর্জিত মঙ্গিণাং
জননলগ্নমিহাম্বরগামিনাং।
জননভঞ্চনৃপালভবোনরো
জগতি যাতিতরামতিরঙ্কতাং॥

যদি জন্মকালে জন্ম লগ্নের প্রতি গ্রহগণের দৃষ্টি না থাকে এবং জন্মরাশিতেও গ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে রাজযোগ জনিত মানবের ভিক্ষুকের ধর্ম্ম আশ্রয় করিতে হয়।

---

(১) পাপযুক্ত।

ভদ্রায়াং ব্যতিপাতে চ তথাকেতূদয়ে জনিঃ।
যস্য তস্য বিনশ্যন্তি রাজযোগ ফলান্যপি ॥

ভদ্রা তিথিতে অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশীতে এবং ব্যতিপাত যোগে কিম্বা ধূমকেতুর উদয়ে যাহার জন্ম হয়, তাহার রাজযোগ ফল সমস্ত বিনষ্ট হইয়া যায়।

পরমনীচ লবে যদি চন্দ্রমা ভবতি জন্মনি তস্য বিশেষতঃ।
নৃপতি যোগফলং বিফলং ততঃ কলযতীতিবদন্তিমুনীশ্বরাঃ ॥

জন্মকালে চন্দ্রমা স্বীয় পরম নীচাংশে যদি অবস্থিতি করেন, তাহা হইলে মুনিগণ বলিয়াছেন যে, তাহার রাজযোগের সমস্ত ফল বিফল হইবে।

ধর্ম্মকর্ম্মাধিনে তারৌ রন্ধ্রলাভাধিপৌ যদি।
তয়োঃ সম্বন্ধমাত্রেণ ন যোগং লভতে নরঃ ॥

নবমাধিপতি অষ্টমে কিম্বা একাদশে থাকেন, অথবা দশম ভাবাধিপতি যদি একাদশে কিম্বা অষ্টমে থাকে, তবে রাজযোগের ফলসকল বিফল হয় এবং নবমাধিপের সহিত যদি অষ্টমাধিপের সম্বন্ধ চতুষ্টয়ের মধ্যে যদি কোন সম্বন্ধ থাকে, অথবা দশমাধিপের সহিত একাদশাধিপের ঐরূপ কোন সম্বন্ধ থাকে, তাহা হইলে রাজযোগের ফল সকল বিফল হইবে।

অনফাদি যোগঃ।

ব্যয়গতৈরনফারবিবর্জিতৈর্দ্ধনগতৈঃ খেচরৈ খনফাবিধোঃ।
উভয়তোপিগতৈরুদিতানৃণাং দুরুধুরামধুরাশনভোগদা ॥

জন্মকালে জন্মকুণ্ডলীতে রবি ভিন্ন চন্দ্র হইতে দ্বাদশ গৃহে গ্রহ থাকিলে অনফা যোগ এবং দ্বিতীয় গৃহে গ্রহগণ অবস্থিতি করিলে খনফা যোগ অথবা চন্দ্র হইতে অর্থাৎ রাশির দ্বিতীয় ও দ্বাদশে গ্রহ থাকিলে মধুরাশন ও ভোগ-প্রদাদুরুধুরা যোগ হইয়া থাকে।

ন ধনে ন ব্যয়েখেটা চন্দ্রাদিহ ভবন্তিচেৎ।
তদাকেমদ্রুমং প্রাহুঃ পণ্ডিতামিহিরাদয়ঃ॥

জন্মকালে চন্দ্র হইতে অর্থাৎ রাশির দ্বিতীয় ও দ্বাদশে গ্রহগণ অবস্থিতি না করিলে মিহির প্রভৃতি বিবুধগণ বলিয়াছেন, কেমদ্রুম যোগ হইবে।

অনফাদি যোগ ফলং।

জনিমতামনফাকুরুতেতরাং গুণবতী যুবতি রতিবর্দ্ধনং।
নৃপসভাপটুতামমলং যশোবরপশোপি সৌখ্যকরং পরং॥

যে মানব অলকাযোগে জন্মগ্রহণ করে, সে সর্ব্বদা গুণবতী যুবতীর সহিত রতিক্রিয়ায় পরমানন্দ অনুভব করে এবং রাজসভায় পটুতা প্রদর্শন করায় ও যশস্বী হয় এবং নানাবিধ পশুপালনে সুখানুভব করে।

ভুজবলেন রমাপরমালয়ং
জনিমতাং গরিমা খনফা যদা।
অবলয়ামলয়া নবয়ানভু
বিভুতয়াদভুতয়া পরমং সুখং॥

খনফা যোগে যাহার জন্ম হয়, সে স্বকীয় বাহুবলে নিজালয় লক্ষীর আবাস স্থান করে এবং অতিশয় গৌরবান্বিত হইয়া অমল যশস্বিনী কামিনীদ্বারা ও তুরঙ্গ, মাতঙ্গ, রথ ও রথি, পদাতিক এবং ভূমি সম্পত্তিদ্বারা পরম সুখ-ভোগ করে।

দুরুধুরা বসুধাবসুধাবসু ব্রজসুবারণ বাজি সুখং নৃণাং।
বিতনুতে নৃপতে রতুলং যশোগুণ কলাপপটুত্বমিহাদ্ভুতং॥

দুরুধুরা যোগে যে মানব জন্মগ্রহণ করে, সে অতুল ভূমিসম্পত্তি ঐশ্বর্য্য ও পদাতিক, মাতঙ্গ, তুরঙ্গ প্রভৃতিতে সুখানুভব করে এবং নরপতি হইতে অতুল যশ ও অদ্ভুত গুণরাশির পটুতা প্রদর্শন করায়।

কেমুদ্রুমে সুরপতেরপিনন্দনোঽয়ং
দেশান্তরং ব্রজতি পুত্রকলত্রহীনঃ।
ধর্ম্মচ্যুতো বিকলিতো সদসংঘভীতো
নানাধিতাপ সহিতো মহিতোষহীনঃ॥

কেমুদ্রুম যোগে যাহার জন্ম হয়, তাহার পুরন্দর-সদৃশ সন্তান হইলেও সে স্বধর্ম্মচ্যুত হইয়া পুত্র ও পত্নীবিহীন দেশান্তর পর্য্যটন করে এবং এই অবনী-মণ্ডলে নিরানন্দে সর্ব্বদা রোগভয়ে অভিভূত ও নানাবিধ কষ্ট সহ্য করতঃ কালযাপন করে।

কেমুদ্রুম যোগভঙ্গ ফলং।

শুক্রেজ্যসৌম্যসহিতোপি চ কণ্টকস্থো
বা পূর্ণবিম্ব ইহযস্য ভবেন্মৃগাঙ্কঃ।
কেন্দ্রাণি খেচর যুতানিতদানরাণাং
কেমুদ্রুমোদ্ভবফলং বিফলত্বমীয়াৎ॥

জন্মকালে শুক্র বৃহস্পতি ও বুধের সহিত পূর্ণচন্দ্র যদি কেন্দ্রে থাকেন, অন্য কেন্দ্রত্রয়ে অন্যান্য গ্রহ যদি অবস্থিতি করেন, তাহা হইলে কেমুদ্রুম যোগ জনিত অনিষ্ট ফলসকল নষ্ট হইয়া যায়।

অথ হ্রদাদি যোগ ফলং।

জনুষি নীচগতাঃ সকলাগ্রহাঃ যদা ভবন্তি তদা হ্রদসংজ্ঞকঃ।
হ্রদভবোবিকলো বিভবোন্নিতো রিপুহতোনিতরাং শঠতাযুতঃ॥

জন্মকালে গ্রহ সকল নীচগত হইলে হ্রদ যোগ হয়। এই যোগে জন্ম-গ্রহণ করিলে মানব বিকলপ্রায় অর্থবিহীন শত্রু কর্ত্তৃক পরাজিত এবং শঠতাক্তে পরিপূর্ণ হয়।

ঘটগতে তপনে ক্রিয়গে শনৌ
বলিগতে চ বিধৌ নিজ নীচভে।
ভৃগুযুতে জননে ফণিসংজ্ঞকো
বিকলিতং কুরুতে নরপুঙ্গবং ॥

তুলাতে রবি, মেষে শনি, জন্ম লগ্নে শুক্র এবং শুক্রে স্বীয় নীচ গৃহ বৃশ্চিক, তাহাতে চন্দ্র থাকিলে ফণি যোগ হয়, এই যোগে জন্ম হইলে, মানব ধনাঢ্য, সুবিজ্ঞ হইলেও বিচলিত হইতে হইবে।

অজগতে ভৃগুজে রবিজে জনুর্বৃষভগে দিনপেঽনিমিষে বিধৌ।
অবনিজে যদি কর্কটগেহগে ভবতি কাকভবো বিভবোজ্ঝিতঃ ॥

জন্মকালে মেষে শুক্র ও শনি বৃষে, রবি মীনে, চন্দ্র এবং কর্কটে মঙ্গল হইলে কাক যোগ হয়, এই যোগে জন্মগ্রহণ করিলে সে অতি নির্ধনী হয়।

শনি মহীজ নিশাকর চন্দ্রজা
যদি জনুষি কিলনীচমুপাশ্রিতাঃ।
মকরভে ভৃগুজোঽপি হুতাশনঃ
পরমতাপকরো ন করোতিশং ॥

জন্মকালে শনি, মঙ্গল, চন্দ্র ও বুধ নীচস্থ, শুক্র মকরগত হইলে হুতাশন যোগ হয়, এই যোগে জন্মগ্রহণ করিলে মানব সর্ব্বদা কষ্টভোগ করে, কখনই মঙ্গলসাধন করিতে পারে না।

অথ ধনযোগং।

পঞ্চমেতু ভৃগোঃ ক্ষেত্রে তস্মিন্ শুক্রেণ সংযুতে।
লাভে শনৈশ্চরযুতে বহুদ্রব্যস্য নায়কঃ ॥

জন্মকালে যাহার লগ্ন হইতে পঞ্চমগৃহ শুক্রের ক্ষেত্র হয়, সেই ক্ষেত্রে যদি শুক্র থাকেন এবং একাদশভাবে শনি থাকিলে বিপুল ধনশালী হইবেক।

পঞ্চমে সোমজঃ ক্ষেত্রে তস্মিন্ সৌম্যযুতে যদি।
লাভে চ চন্দ্রভৌমেতু বহুদ্রব্যস্থ নায়কঃ॥

জন্মলগ্নের পঞ্চম গৃহ বুধের ক্ষেত্র হইবেক, তাহাতে যদি বুধ থাকেন এবং একাদশে চন্দ্র ও মঙ্গল থাকিলে বিবিধ দ্রব্যের অধিকারী হইবেক।

পঞ্চমেতু শনি ক্ষেত্রে তস্মিন্ সূর্য্যযুতে যদি।
লাভে সোমাত্মজস্থৈবা বহুদ্রব্যস্থ নায়কঃ॥

লগ্নের পঞ্চম শনির গৃহ হইবে তাহাতে যদি সূর্য্য অবস্থিতি করেন এবং একাদশে যদি বুধ থাকেন, তাহা হইলে জাতক নানাবিধ দ্রব্যের অধিকারী হইবে।

পঞ্চমেতু রবি ক্ষেত্রে তস্মিন্ রবিযুতে যদি।
লাভেবা চেন্দ্রপূজ্যস্থে বহুদ্রব্যস্থ নায়কঃ॥

লগ্নের পঞ্চম গৃহ রবির ক্ষেত্র হইবেক, তাহাতে রবি অবস্থান করিবেন এবং একাদশে যদি বৃহস্পতি থাকেন, তাহা হইলে জাতক বহুবিধ দ্রব্যের অধিকারী হয়।

পঞ্চমেতু শনি ক্ষেত্রে তস্মিন্ শনিযুতে যদি।
লাভে ভৌমেন সংযুক্তে বহুদ্রব্যস্থ নায়কঃ॥

লগ্নের পঞ্চম শনির ক্ষেত্র হইবেক, তাহাতে শনি অবস্থিতি করিবেন এবং যদি একাদশে মঙ্গলযুক্ত হয়, তাহা হইলে জাতক বহুপ্রকার দ্রব্যের অধিকারী হইবেক।

পঞ্চমেতু গুরোঃ ক্ষেত্রে তস্মিন্ গুরুযুতে যদি।
লাভেতু চন্দ্রভৌমোচেৎ বহুদ্রব্যস্থ নায়কঃ॥

লগ্নের পঞ্চম ক্ষেত্র বৃহস্পতি হইবেক, তাহাতে বৃহস্পতি থাকিবেক এবং একাদশ ভাব চন্দ্র ও মঙ্গলযুক্ত হয়, তাহা হইলে জাতক বহু দ্রব্যের অধিকারী হইবেক।

ভানুক্ষেত্র গতে তস্মিন্ লগ্নে ভানুস্থিতো যদি।
ভৌমেন গুরুণাযুক্তো দৃষ্টোবাস্যাঙ্গনী নরঃ॥

রবির ক্ষেত্র যদি লগ্ন হয়, তাহাতে যদি রবি থাকেন এবং লগ্নের প্রতি মঙ্গল কিম্বা বৃহস্পতির দৃষ্টি থাকে, অথবা তাহাতে মঙ্গল কিম্বা বৃহস্পতি থাকেন, তাহা হইলে মানব বিপুল ধনী হইবেক।

চন্দ্রক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ চন্দ্রযুতে যদি।
জীবভৌমযুতোযস্ত দৃষ্টোজাতো ধনী নরঃ॥

চন্দ্রের ক্ষেত্র যদি লগ্ন হয়, তাহাতে যদি চন্দ্র থাকেন এবং বৃহস্পতি ও মঙ্গল যদি লগ্নে থাকেন, কিম্বা দৃষ্টি থাকে, তাহা হইলে জাতক ধনী হইবেক।

ভৌমক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ ভৌমযুতে যদি।
সৌম্যশুক্রার্কজৈর্যুক্তে দৃষ্টে শ্রীমান নরো ভবেৎ॥

মঙ্গলের ক্ষেত্র যদি লগ্ন হয়, তাহাতে যদি মঙ্গলযুক্ত বুধ, শুক্র ও শনি থাকেন, অথবা দৃষ্টি থাকে, তাহা হইলে জাতক ধনশালী হয়।

গুরুক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ গুরুযুতে যদি।
সৌম্য ভৌমযুতে দৃষ্টে যাতোযস্ত ধনী নরঃ॥

বৃহস্পতির ক্ষেত্রে যদি লগ্ন হয়, তাহাতে যদি বৃহস্পতি থাকেন, বুধ ও মঙ্গল যদি লগ্নে অবস্থিতি করেন, অথবা দৃষ্টি থাকে, তবে জাতক ধনী হয়।

বুধক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ সৌম্যযুতে যদি।
শনি শুক্রযুতে দৃষ্টে জাতোযস্ত ধনী নরঃ॥

বুধের ক্ষেত্র মিথুন কিম্বা কন্যা যদি লগ্ন হয়, তাহাতে বুধ, শনি ও শুক্র যদি অবস্থিতি করেন, অথবা লগ্নে বুধ থাকেন ও শনি, শুক্রের দৃষ্টি থাকে, তবে জাতক ধনবান হইবেক।

ভৃগুক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ ভৃগুযুতে যদি।
শনি সৌম্যযুতে দৃষ্টে জাতোযত্ন ধনী নরঃ॥

শুক্রের ক্ষেত্র যদি লগ্ন হয়, তাহাতে যদি শুক্র থাকে এবং শনি ও বুধ থাকেন, অথবা লগ্নে শুক্র থাকেন ও শনি ও বুধের দৃষ্টি থাকে, তবে জাতক ধনবান্ হইবেক।

অথ বিংশোত্তরী দশা।

৬ ১০ ৭ ১৮ ১৬
রসা আশাঃ শৈলা বসুবিধুমিতা ভূপতিমিতা।
১৯ ১৭ ৭ ২০
নবেলাঃ শৈলেলা নগপরিমিতা বিংশতিমিতাঃ॥
রবাবিন্দাবারেতমসিজ গুরৌভানুতনয়ে।
বুধে কেতৌ শুক্রে ক্রমত উদিতাঃ পাকশবদঃ॥

রবি, চন্দ্র, মঙ্গল, রাহু, বৃহস্পতি, শনৈশ্চর, বুধ, কেতু, শুক্র ও এই নয়টি গ্রহের দশা বর্ষ ক্রমশঃ গণনা করিবে। রবির ৬, বর্ষ চন্দ্রের ১০, মঙ্গলের ৭, রাহুর ১৮, বৃহস্পতি ১৬, শনির ১৯, বুধের ১৭, কেতুর, ৭ এবং শুক্রের ২০ বৎসর হইবে।

নক্ষত্র ভোগ্য দশা।

কৃত্তিকাদি স্ত্রিরাবৃত্তা দশাবিংশোত্তরীমতা।
অষ্টোত্তরী ন সংগ্রাহ্যা মারকার্থং বিচক্ষণৈঃ॥

কৃত্তিকা নক্ষত্র হইতে আরম্ভ করিয়া ত্রিরাবৃত্তিতে দশানিরূপণ হইবে। বিচক্ষণ পণ্ডিতগণ অষ্টোত্তরী দশা গ্রহণ করেন নাই; কারণ অষ্টোত্তরী দশাদ্বারা মারক অর্থাৎ মৃত্যুগণনা হয় না।

বিংশোত্তরী দশা।

রবি ৬	চন্দ্র ১০	মঙ্গল ৭	রাহু ১৮	বৃহস্পতি ১৬	শনি ১৯	বুধ ১৭	কেতু ৭	শুক্র ২০
কৃত্তিকা ৩	রোহিণী ৪	মৃগশিরা ৫	আর্দ্রা ৬	পুনর্ব্বসু ৭	পুষ্যা ৮	অশ্লেষা ৯	মঘা ১০	পূর্ব্বফল্গুণী ১১
উত্তরফল্গুণী ১২	হস্তা ১৩	চিত্রা ১৪	স্বাতী ১৫	বিশাখা ১৬	অনুরাধা ১৭	জ্যেষ্ঠা ১৮	মূলা ১৯	পূর্ব্বাষাঢ়া ২০
উত্তরাষাঢ়া ২১	শ্রবণা ২২	ধনিষ্ঠা ২৩	শতভিষা ২৪	পূর্ব্বভাদ্রপদ ২৫	উত্তরভাদ্রপদ ২৬	রেবতী ২৭	অশ্বিনী ১	ভরণী ২

অথান্তর্দ্দশা বিভাগঃ।

দশাদশাহৃতাকার্য্যা বিদশা পরমায়ুষা।
অন্তর্দ্দশাক্রমাদেবং বিদশাপ্যনুপাততঃ॥

গ্রহগণের অন্তর্দ্দশা বাহির করিতে হইলে এই নিয়ম অতি সহজ। যে গ্রহের মহাদশার পরিমাণ যত বৎসর হইবে তাহাকে এবং যে গ্রহের অন্তর্দ্দশা পরিমাণ বাহির করিতে হইবে সেই গ্রহের স্থূলদশা মাস বৎসর দিয়া গুণ করিয়া পরমায়ু অর্থাৎ ১২০ দিয়া ভাগ করিলে ভাগফল যাহা হইবে, তাহাই সেই গ্রহের অন্তর্দ্দশা হইবে। যেরূপ রবির দশা ৬ বৎসর ঐ ছয়কে ছয় দিয়া গুণ করিলে ৩৬ হয়, উহাকে ১২০ দিয়া ভাগ হয় না, এজন্য উহাকে ১২ দিয়া গুণ করিলে ৪৩২ মাস হইবে, উহাকে ১২০ দিয়া ভাগ করিলে ৩ মাস হইবে, অবশিষ্ট ৭২ থাকিবে, উহাকে ৩০ দিয়া গুণ করিলে ২১৬০ দিন হইবে, উহাকে ১২০ দিয়া ভাগ করিলে ভাগফল ১৮ দিন হইবে। অতএব রবির দশাতে রবির অন্তর্দ্দশা ৩ মাস ১৮ দিন হইবে। এইরূপ রবির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশা বাহির করিতে হইলে রবির ৬ বৎসরকে চন্দ্রের দশামাস ১০ বৎসর দিয়া গুণ করিলে ৬০ বৎসর হইবে, উহাকে ১২০ দিয়া গুণ করা হইতে পারে না, এজন্য উহাকে ১২ দিয়া গুণ করিলে ৭২০ মাস হইবে, উহাকে ১২০ দিয়া ভাগ করিলে ভাগফল ৬ মাস হইবে। অতএব রবির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশা ৬ মাস হইবে এবং অন্যান্য গ্রহেরও এই নিয়মে অন্তর্দ্দশা বাহির করিবার নিয়ন অতি সহজ। বিদশা অর্থাৎ প্রত্যন্তর দশাদি বাহির করিবারও এই নিয়ম।

রবেরন্তর্দ্দশা।

	বর্ষ	মাস	দিন
র	০	৩	১৮
চ		৬	
ম		৪	৬
রা		১০	২৪
বৃ		৯	১৮
শ		১১	১২
বু		১০	৬
কে		৪	৬
শু	১	০	০
৬			

চন্দ্রস্যান্তর্দ্দশা।

	বর্ষ	মাস	দিন
চ		১০	০
ম		৭	০
রা	১	৬	০
বৃ	১	৪	০
শ	১	৭	০
বু	১	৫	০
কে		৭	০
শু	১	৮	০
র		৬	০
১০			

মঙ্গলস্যান্তর্দ্দশা।

	বর্ষ	মাস	দিন
ম		৫	২৭
রা	১	০	১৮
বৃ		১১	৬
শ	১	১	৯
বু		১১	২৭
কে		৪	২৭
শু	১	২	
র		৪	৬
চ		৭	
৭			

রাহোরন্তর্দ্দশা।

	বর্ষ	মাস	দিন
রা	২	৮	১২
বৃ	২	৪	২৪
শ	২	১০	৬
বু	২	৬	১৮
কে	১	০	১৮
শু	৩	০	০
র		১০	২৪
চ	১	৬	
ম	১	০	১৮
১৮			

শুক্রস্যান্তর্দশা।

	বর্ষ	মাস	দিন
শু	৩	৫	
র	১		
চ	১	৮	
ম	১	২	
রা	৩		
বৃ	২	৮	
শ	৩	২	
বু	২	১০	
কে	১	২	
	২০		

কেতোরন্তর্দশা।

	বর্ষ	মাস	দিন
কে		৪	২৭
শু	১	২	
র		৪	৬
চ		৭	
ম		৪	২৭
রা	১		১৮
বৃ		১১	৬
শ	১	১	৯
বু		১১	২৭
	৭		

বুধস্যান্তর্দশা।

	বর্ষ	মাস	দিন
বু	২	৪	২৭
কে		১১	২৭
শু	২	১০	
র		১০	৬
চ	১	৫	
ম		১১	২৭
[illegible]	২	[illegible]	১৮
[illegible]	২	৩	৬
শ	২	৮	৯
	১৭		

শনেরন্তর্দশা।

	বর্ষ	মাস	দিন
শ	৩		৩
বু	২	৮	৯
কে	১	১	৯
শু	৩	২	
র	১১	১২	
চ	১	৭	
ম	১	১	৯
রা	২	১০	৬
বৃ	২	৬	১২
	১৯		

গুরোরন্তর্দশা।

	বর্ষ	মাস	দিন
বৃ	২	১	১৮
শ	২	৬	১২
বু	২	৩	৬
কে		১১	৬
শু	২	৮	
র		৯	৮
চ	১	৪	
ম		১১	৬
রা	২	৪	২৪
	১৬		

দশা ফলদাতা।

নদিশেয়ুঃ গ্রহাঃ সর্ব্বে স্বদশাসু স্বভূক্তিষু।
শুভাশুভ ফলং নৃণা মাত্মভাবানু রূপতঃ॥

সূর্য্যাদি গ্রহগণের স্বীয় দশা, যথা—রবির ৬ বৎসর, চন্দ্রের ১০ বৎসর, এইরূপ অন্যান্য গ্রহগণের দশাতে এবং স্বভুক্তিতে অর্থাৎ দশান্তর্গত অন্তর্দ্দশাতে মানবগণের আত্মভাবানুরূপতঃ অর্থাৎ যে গ্রহ যে রূপেতে থাকেন, কেহ বা উচ্চস্থ, কেহ বা নীচস্থ, কেহ বা স্বগৃহে, এইরূপ বলাবল বিবেচনায় শুভাশুভ ফল প্রদান করেন।

আত্মসম্বন্ধিনোযে চ যেবা নিজ সধর্ম্মিণঃ।
তেষামন্তর্দ্দশাস্বেব দিশন্তি স্বদশাফলং॥

আত্ম সম্বন্ধীয় যে সকল গ্রহগণ অর্থাৎ গ্রহগণের সম্বন্ধ চতুষ্টয়ের মধ্যে যে সম্বন্ধ বিশিষ্ট হন, অথবা নিজ স্বধর্ম্ম বশতঃ গ্রহগণ নিজ স্থূল দশাফল অন্তর্দ্দশাতে প্রদান করেন।

ইতরেষাং দশানাথ বিরুদ্ধ ফলদায়িনাং।
তত্তৎ ফলানুগুণ্যেন ফলান্যূহ্যানি সূরিভিঃ॥

বিরুদ্ধ ফলদাতা অন্যান্য দশাপতি ফলানুগুণ্যেন ফল দান করেন, অর্থাৎ যদি দশাপতি শুভ হন এবং অন্তর্দ্দশাপতি অশুভ হন, তাহা হইলে দশাপতি অন্তর্দ্দশানুসারেন অশুভ ফল প্রদান করেন। যদিচ দশাপতি অশুভ হন এবং অন্তর্দ্দশাপতি শুভ হন, তাহা হইলে অন্তর্দ্দশানুসারেণ দশাপতি শুভফল প্রদান করেন। তবে গ্রহগণের বলাবল বিবেচনা করিয়া যাহার বল অধিক হইবে, সেই গ্রহ তাহারক্ষমতানুরূপ ফল প্রদান করিবেন।

স্বদশায়াং ত্রিকোণেশ ভুক্তৌ কেন্দ্রপতিঃ শুভঃ।
দিশেৎ সোপিতথানোচেদ্ সম্বন্ধেন পাপকৃৎ॥

যদি শুভদাতা কেন্দ্রাধিপতির দশাতে ত্রিকোণাধিপতির ভুক্তিতে অর্থাৎ অন্তর্দ্দশাতে যদি সম্বন্ধ চতুষ্টয়ের মধ্যে কোন সম্বন্ধ থাকে, তাহা হইলে অন্তর্দ্দশাতে শুভফল দান করেন, যদি সম্বন্ধ না থাকে, তাহা হইলে শুভ গ্রহের অন্তর্দ্দশাতে শুভ হইবেক, যদি অশুভ গ্রহের দশা হয়, তাহা হইলে অশুভ হইবেক।

গ্রহগণের সম্বন্ধ বিচারঃ।

প্রথমঃ স্থান সম্বন্ধো দৃষ্টিজস্তু দ্বিতীয়কঃ।
তৃতীয়স্ত্বেকতোদৃষ্টিঃ স্থিত্যেকত্র চতুর্থকঃ॥

প্রথম স্থান সম্বন্ধঃ অর্থাৎ বিনিময় সম্বন্ধঃ। যথা—রবি কর্কটে ও চন্দ্র সিংহে এই বিনিময় মুখ্য সম্বন্ধ। দ্বিতীয় দৃষ্টি সম্বন্ধঃ—পরস্পর দৃষ্টি। যথা—মেষে সূর্য্য ও তুলায় চন্দ্র সপ্তমে পরস্পর দৃষ্টি। তৃতীয় একত দৃষ্টি। যথা—মেষে রবি ও মকরে মঙ্গল। মঙ্গলের চতুর্থে ও অষ্টমে পূর্ণ দৃষ্টি। চতুর্থ একস্থান স্থিতি সম্বন্ধঃ। যথা—রবি সিংহে ও বুধ সিংহে থাকিলে রবির সহিত বুধের একস্থান স্থিতি সম্বন্ধঃ। রবি ও বুধ এক রাশিতে থাকিলে বুধাদিত্য যোগ হয়; কিন্তু মিথুন, কন্যা ও সিংহে যোগ হইলে ফল পাওয়া যায়, অন্য স্থানে যোগ হইলে প্রায় ফল পাওয়া যায় না।

অথ রবের্দ্দশাফলং।

মূলত্রিকোণে স্বক্ষেত্রে স্বোচ্চবা পরমোচ্চগে।
কেন্দ্র ত্রিকোণ লাভস্থে ভাগ্যকর্ম্মাধিপৈর্য্যুতে॥
বলং সূর্য্যে সমাযুক্তে রবৌ বর্গে বলৈর্যুতে।
তস্মিন্ দায়ে মহাসৌখ্যং ধনলাভাদিকং শুভং॥

রবি মূল ত্রিকোণ কিম্বা স্বীয় ক্ষেত্রে সিংহে অথবা উচ্চস্থে মেষে কিম্বা পরমোচ্চে, কেন্দ্রে, ত্রিকোণে অথবা একাদশে নবম ও দশমাধিপতিযুক্তে, রবি অতিশয় বলবান্ হইলে অথবা স্বীয় বর্গস্থ হইলে অতিশয় বলী হয়। এরূপ অবস্থান্বিতে সূর্য্যের দশাতে অতিশয় সুখ ও ধনধান্যাদি লাভ ও মঙ্গল হয়।

অত্যন্ত রাজসম্মান অশ্বাং দোল্যাদিকং শুভং।
সুতাধিপ সমাযুক্তে পুত্রলাভঞ্চ বিন্দতি॥
ধনেশস্য চ সম্বন্ধে গজাদৈশ্বর্য্যমাদিশেৎ।
বাহনাধিপ সম্বন্ধে বাহনত্রয় লাভকৃৎ॥

অতিশয় রাজসম্মান অশ্ব এবং আন্দোলাদি (দোলাদি) বাহনলাভ হইবেক। পঞ্চমাধিপতি যদি যুক্ত থাকেন, তাহা হইলে পুত্রলাভ হইবেক, ধনাধিপের সহিত যদি সম্বন্ধ থাকে, হস্তী প্রভৃতি বাহন এবং ঐশ্বর্য্যলাভ হইবেক। বাহনাধিপের সহিত যদি সম্বন্ধ থাকে, তবে তিনটী বাহন লাভ হইবেক।

নৃপালতুষ্টি বিত্তাঢ্যঃ সেনাধীশঃ সুখী নরঃ।
বস্ত্রবাহন লাভশ্চ ইতি দায়ে রবৌ বলী॥

রাজগণের সন্তোষসাধন ও সেনার অধিপতি এবং নানা কারণে মানব সুখী হয়, বস্ত্র বাহনলাভ এইরূপ বলবান্ রবির দশাতে মানবগণ সুখী হইবে।

নীচে ষড়ষ্টকে রিঃপ ফে দুর্ব্বলে পাপ সংযুতে।
রাহুকেতু সমাযুক্তে দুঃস্থনাধিপ সংযুতে॥
তস্মিন্ দায়ে মহাপীড়া ধনধান্য বিনাশকৃৎ।
রাজকোপ প্রবাসঞ্চ রাজদণ্ডং ধনক্ষয়ং॥
জ্বরপীড়া যশোহানি র্বন্ধুমিত্রবিরোধকৃৎ।
প্রবাসং রোগবিদ্বেষো'হপমৃত্যু ভয়ং ভবেৎ॥

রবি নীচস্থ কিম্বা ষড়ষ্টকে অথবা দ্বাদশে থাকিলে দুর্ব্বল ও পাপযুক্ত হইলে কিম্বা রাহু, কেতু যুক্ত অথবা দুঃস্থের (ষষ্ঠ, অষ্টম, দ্বাদশের) অধিপতি-যুক্ত হইলে এরূপ রবির দশাতে মানবগণ অতিশয় পীড়িত ও ধনধান্য বিনষ্ট ও রাজকোপে পতিত রাজদণ্ডে ধনক্ষয়, জ্বরপীড়া যশের হানি ও বন্ধুমিত্রের সহিত বিরোধ, দেশান্তরে, গমন, রোগযুক্ত, স্বজনগণের বিদ্বেষ্টা অপমৃত্যু ভয় প্রভৃতি ভোগ করে।

চৌরাহিব্রণভীতিশ্চ জ্বরবাধা ভবিষ্যতি।
পিতৃক্ষয় ভয়ঞ্চৈব গৃহেত্ব শুভমেবচ॥

রবি মন্দ হইলে তাহার দশাতে চৌর, সর্প ভয়, ব্রণ পীড়া, জ্বরে কার্য্যহানি হয়, পিতার মৃত্যুভয় এবং গৃহে অন্যান্য নানাবিধ অশুভ ঘটনা ঘটে।

পিতৃবর্গে মনস্তাপং জনদ্বেষঞ্চ বিন্দতি।
শুভদৃষ্টি যুতে সূর্য্যে মধ্যে তস্মিন্ কচিৎ সুখং॥
পাপগ্রহেণ সংদৃষ্টে বদেৎ পাপ ফলং নরঃ।

পিতৃবর্গের মানসিক কষ্ট, মানবগণের সহিত সর্ব্বদা বিরোধ হয়। শুভ-গ্রহের দৃষ্টিতে রবি থাকিলে, মধ্যে স্বচ্ছন্দ লাভ হয়। পাপগ্রহের দৃষ্টিতে রবি শুভ থাকিলে মানব মন্দ ফললাভ করে।

অথ চন্দ্রস্য দশাফলং॥

চন্দ্রোৎকৃষ্টদশা করোতি জননীশ্রেয়স্তড়াগাদিকং।
ক্ষেত্রারাম গৃহাসন দ্বিজবর শ্রীশোভনান্দোলিকা॥
ইন্দোঃ পাপ দশাত্র হীন কৃপণা নত্তার্থনাশাময়ঃ।
প্রজ্ঞাহীন জুগুপ্সমাতৃমরণ ক্ষোভাতি শীতজ্বরান্॥

চন্দ্রের অতি উৎকৃষ্ট দশা এই দশাতে মাতার মঙ্গল এবং তড়াগাদি ক্ষেত্র আরাম (বাগান) গৃহ, আসন লাভ হয়, হে দ্বিজবর! এই শ্রী শোভন আন্দো-লিকা (দোলা) হয়। পাপযুক্ত চন্দ্রের দশায় সমৃদ্ধিহীন, অধিক অর্থনাশ, পীড়া, বুদ্ধিহীন, নিন্দা, মাতৃমরণ, ক্ষোভ, অতি শীতবিশিষ্ট জ্বর প্রভৃতি হয়।

স্বোচ্চে স্বক্ষেত্রগে চৈব কেন্দ্রে লাভ ত্রিকোণগে।
শুভগ্রহেণ সংযুক্তে বৃদ্ধিচন্দ্রবলৈর্যুতে॥
কর্ম্মভাগ্যাধিপে চন্দ্রে বাহনীয়ে বলৈর্যুতে।
আত্মস্তশ্চোরু ভাগ্যেশ ধনধান্যাদি লাভকৃৎ॥

চন্দ্র স্বীয় উচ্চে স্বীয় ক্ষেত্রে ও কেন্দ্রে একাদশে ত্রিকোণে থাকিলে এবং শুভগ্রহযুক্ত শুক্লপক্ষে পূর্ণবলী হইলে দশম ও নবমরাশিগত হইলে চতুর্থে ও বলযুক্ত হইলে চন্দ্রের দশার প্রথমে ও শেষে অতিশয় ভাগ্যবান ও ধনধান্যাদি লাভ হয়।

পুত্রলাভাদি সন্তোষং গৃহগোধন সঙ্কুলং।
ধনস্থানগতে চন্দ্রে তুঙ্গে স্বক্ষেত্রগেপিবা॥
অনেক ধনলাভঞ্চ ভাগ্যবৃদ্ধির্মহৎ সুখং॥
নিক্ষেপরাজসম্মানং বিদ্যালাভঞ্চ বিন্দতি॥

পুত্রলাভাদি সন্তোষলাভ, গৃহে গোধন পরিপূর্ণ হয়। ধনস্থানগত চন্দ্র হইলে অথবা তুঙ্গে কিম্বা স্বক্ষেত্রগত হইলে বিস্তর ধনলাভ, ভাগ্যবৃদ্ধি, অতি মহৎ সুখ, গচ্ছিত ধন গ্রহণ, রাজসম্মান, বিদ্যালাভ প্রভৃতি অতিশয় সন্তোষজনক কার্য্য সকল লাভ হয়।

নীচেবা ক্ষীণচন্দ্রেবা ধনহানির্ভবিষ্যতি।
দুশ্চিক্যে বলসংযুক্তে কচিৎ সৌখ্যং কচিদ্ধনং॥
দুর্ব্বলে পাপ সংযুক্তে দেহজাড্যং মনোরুজং।
ভৃত্যপীড়া বিত্তহানি র্মাতৃবর্গজনাদ্বধঃ॥

চন্দ্র নীচস্থ (বৃশ্চিকস্থ) ক্ষীণ হইলে ধনহানি হইবেক। দুশ্চিক্যে (তৃতীয়ে) বলবান্ হইলে কখন সুখ, কখন ধনলাভ হয়। চন্দ্র দুর্ব্বল পাপযুক্ত হইলে শরীরের জড়তা, মানসিক কষ্ট, ভৃত্যবর্গের পীড়া, ধনহানি, মাতৃবর্গের বিনাশসাধন হয়।

ষষ্ঠাষ্টম ব্যয়েচন্দ্রে দুর্ব্বলে পাপসংযুতে।
রাজদ্বেষো মনোদুঃখং ধনধান্যাদি নাশনং॥
মাতৃক্লেশং মনস্তাপং দেহজাড্যং মনোরুজং।
দুঃস্থে চন্দ্রবলৈর্যুক্তে কচিল্লাভং কচিৎ সুখং॥
দেহজাড্যং কচিচ্চৈব শান্ত্যর্থেন বিনাশনং।

ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশে চন্দ্র যদি দুর্ব্বল ও পাপযুক্ত হন, তাহা হইলে মানব রাজদ্বেষ্টা মানসিক কষ্ট ও ধনধান্যাদির বিনাশ, মাতার কষ্ট, মনস্তাপ, দেহের জড়তা ও মানসিক পীড়া হয়। চন্দ্র দুঃস্থ ও বলযুক্ত হইলে কখন লাভ, কখন স্বচ্ছন্দ, কখন শরীরে জড়তা, শান্তি ও অর্থ নষ্ট হয়।

অথ মঙ্গলস্য দশা।

ভৌমোৎকষ্টদশা করোতি বসুধাপ্রাপ্তিং
ধনস্যাগমাৎ প্রজ্ঞা স্বচ্ছমনঃ পরাক্রমদধৎ।
পাপো ভৌমরুজার্ত্তিদঞ্চ কলহং
চৌরাগ্নিবন্ধ ব্রণমক্ষি ক্ষীণ মহীশ
পীড়ন রুজঃ ক্ষোভঃ ক্ষতিং দাস্যতি॥
পরমোচ্চ গতে ভৌমে স্বোচ্চে মুল ত্রিকোণগে।
স্বর্ক্ষে কেন্দ্র ত্রিকোণেবা লাভেবা ধনগে পিবা।
সম্পুর্ণ বল সংযুক্তে শুভদৃষ্টে শুভাংশকে॥

মঙ্গলের উৎকৃষ্ট দশা, (মহাদশা) এই দশাতে মানবগণ ভূমিলাভ করে এবং ধনাগমন হইতে প্রজ্ঞা লাভ, মনের সরলতা, পরাক্রম প্রকাশ করে। মঙ্গল পাপযুক্ত হইলে পীড়াতে কষ্ট, বিবাদ, চৌরভয়, অগ্নিভয়, বন্ধনভয়, ব্রণপীড়া, চক্ষের জ্যোতি ক্ষীণ হয়, রাজকর্তৃক পীড়ন, রোগ, ক্ষোভ এবং ক্ষতি-গ্রস্থ হয়। মঙ্গল পরমোচ্চগত হইলে কিম্বা উচ্চে অথবা মূল ত্রিকোণে, স্বীয় রাশিতে, কেন্দ্রে কিম্বা ত্রিকোণে, একাদশে এবং ধনগত হইলে কিম্বা সম্পূর্ণ বলী হইলে শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে কিম্বা শুভগ্রহের নবাংশে থাকিলে।

রাজ্যলাভং ভূমিলাভং ধনধান্যাদি লাভকৃৎ।
আধিক্যং রাজ সম্মানং বাহনাম্বরভূষণং॥
বিদেশে স্থানলাভঞ্চ সোদরাণাং সুখং লভেৎ।
কেন্দ্রগতে যদা ভৌমে দুশ্চিক্যে বলসংযুতে॥
পরাক্রমাদ্বিত্তলাভো যুদ্ধে শত্রু জয়োভবেৎ।

রাজ্যলাভং ভূমিলাভং ধনধান্যাদি লাভকৃৎ।
আধিক্যং রাজসম্মানং বাহনাম্বর ভূষণং॥
বিদেশে স্থানলাভঞ্চ সোদরাণাং সুখং লভেৎ।
কেন্দ্রগতে যদাভৌমে দুশ্চিক্যে বলসংযুতে॥
পরাক্রমাদ্বিত্তলাভো যুদ্ধে শত্রু জয়ো ভবেৎ।

রাজ্যলাভ, ভূমিসম্পত্তি লাভ এবং ধনধান্যাদি লাভ হইবেক। অধিক রাজসম্মান হইবেক। বাহন, বস্ত্র ও অলঙ্কার লাভ, বিদেশে স্থান লাভ, সহোদরগণের স্বচ্ছন্দ লাভ হইবেক। মঙ্গল যদি কেন্দ্রগত কিম্বা দুশ্চিক্যে ও বলযুক্ত হন, তবে বলপূর্ব্বক ধনলাভ ও যুদ্ধে শত্রুজয়ী হইবেক।

কলত্রপুত্রবিভবং রাজসম্মান এবচ।
দশাদৌ সুখমাপ্নোতি দশান্তে কষ্টমাদিশেৎ॥
নীচাদি দুঃস্থগে ভৌমে বলাবল বিবর্জ্জিতে।
পাপযুক্তে পাপদৃষ্টে সা দশানেষ্টদায়িকা॥

ভার্য্যা, পুত্র এবং সম্পত্তি ও রাজসম্মান লাভ হইবেক। দশার অগ্রে নানাবিধ স্বচ্ছন্দ লাভ হইবেক। দশার শেষে অশেষ কষ্ট ভোগ করিতে হইবেক। নীচাদি দুঃস্থগত মঙ্গল হইলে বলাবল শূন্য হইলে পাপযুক্ত পাপের দৃষ্টিতে থাকিলে এই দশায় অভীষ্ট ফলদান করিবেক না।

অথ রাহোর্দ্দশা ফলং।

রাহূৎকৃষ্টদশা করোতি সকল শ্রেয়ো মহদ্রাজ্যকৃৎ।
ধর্ম্মার্থাগম পুণ্যতীর্থ চলনজ্ঞান প্রবাসোৎশ্রয়ান্॥
রাহোঃ পাপদশাহিভীতি বিষভীঃ সর্ব্বাঙ্গ রোগার্ত্তিকৃৎ।
শস্ত্রাঘাতং বিরোধ বৃক্ষপতনং নারাতি পীড়োদয়ান্॥

রাহোস্তু বৃষভং কেতো র্ব্বৃশ্চিকং তুঙ্গ সংজ্ঞকং।
মূলত্রিকোণকর্কঞ্চ যুগ্ম চাপং তথৈবচ॥
কন্যাচ স্বগৃহং প্রোক্তং মীনঞ্চ স্বগৃহং স্মৃতং।

রাহুর অতি উত্তম দশা। এই দশাতে সকল মঙ্গল কার্য্য ও রাজ্যলাভ, ধর্ম্ম ও অর্থাগম, পুণ্যতীর্থে গমন, জ্ঞানলাভ, প্রবাসে উৎসাহবর্দ্ধন করে। রাহুর পাপদশা অর্থাৎ পাপগ্রহযুক্ত রাহুর দশাতে সর্পভয়, বিষভয়, রোগযুক্ত, সর্ব্ব-শরীরে, শস্ত্রাঘাত, স্বজনের সহিত বিরোধ, বৃক্ষপতন, বহুলোকের পীড়াদায়ক হয়। রাহুর বৃষভ, কেতুর বৃশ্চিকতুঙ্গ, রাহুর মূল ত্রিকোণ কর্কট, মিথুন ও ধনু, রাহুর কন্যাগৃহ এবং মীন, কেতুর স্বগৃহ।

তদ্দায়ে বহুসৌখ্যঞ্চ ধনধান্যাদি সম্পদং।
মিত্রপ্রভুবশাদিষ্টং বাহনং পুত্রসম্ভবং॥
নূতন গৃহনির্ম্মাণং ধর্ম্মচিন্তামহোৎসবং।
বিদেশেরাজসম্মানং বস্ত্রালঙ্কার ভূষণং॥

রাহুর দশাতে বিবিধ স্বচ্ছন্দলাভ, ধনধান্য, সম্পদ, বন্ধু ও প্রভু হইতে ইষ্টলাভ, বাহন ও পুত্রলাভ হয়। নূতন গৃহ প্রস্তুত হয়, ধর্ম্মচিন্তা মহোৎসব হয়। বিদেশে রাজসম্মান লাভ, বস্ত্র, অলঙ্কারাদি লাভ হয়।

শুভদৃষ্টে শুভৈর্যুক্তে যোগকারক সংযুতে।
কেন্দ্র ত্রিকোণ লাভেবা দুশ্চিক্যে শুভরাশিগে॥
মহারাজ প্রসাদেন সর্ব্বসম্পৎ সুখাবহং।
যবন প্রভু সম্মানং গৃহে কল্যাণ সম্ভবং॥

রাহুর প্রতি শুভগ্রহের দৃষ্টি থাকে, কিম্বা শুভগ্রহ যুক্ত হন, অথবা যোগ-কারক গ্রহযুক্ত হয়, কিম্বা কেন্দ্র ত্রিকোণে লাভে দুশ্চিক্যে অথবা শুভরাশিগত হইলে মহারাজার প্রসন্নতাতে সকল সম্পদ সুখজনক হয়, যবনপ্রভু কর্ত্তৃক সম্মান লাভ গৃহে সমস্ত মঙ্গল জনক হয়।

রন্ধ্রেবা ব্যয়গে রাহৌ তদ্দায়ে কষ্টদোভবেৎ।
পাপগ্রহেণ সম্বন্ধে মারক গ্রহ সংযুতে॥
নীচ রাশিগতে বাপি স্থান ভ্রংশং মনোরুজং।
বিনশ্যেৎ দারপুত্রাণাং কুৎসিতানাঞ্চ ভোজনং॥
দশাদৌ দেহপীড়াচ ধনধান্য পরিচ্যুতিঃ।
দশামধ্যেতু সৌখ্যং স্যাৎ স্বদেশে ধন লাভকৃৎ॥
দশান্তেকষ্টমাপ্নোতি স্থানভ্রংশো মনোব্যথা॥

রন্ধ্র অথবা ব্যয়রাশিগত রাহুর দশাতে অতিশয় কষ্ট হয়। যদি পাপ-গ্রহের সহিত সম্বন্ধ থাকে এবং মারক গ্রহযুক্ত হয় অথবা নীচ রাশিগত হয়, তাহাতে স্থানভ্রষ্ট, মানসিক পীড়া ও স্ত্রীপুত্রের বিনাশ কুৎসিতান্ন ভোজন হয়। রাহুর দশায় প্রথমে দেহপীড়া ধনধান্যাদি ক্ষয়প্রাপ্ত হয়। দশামধ্যে কিঞ্চিৎ লাভ হয়। দশার শেষে কষ্ট, স্থানভ্রষ্ট ও মানসিক কষ্ট জন্মে।

গুরুর দশাফলং।

জীবোৎকৃষ্ট দশাকরোতি বিপুল গ্রামাধিকারাত্মজ।
স্ত্রীসৌভাগ্যগুণাকরাশ্রিত জনাম্বান্দোলিকাদ্যৈর্ভবান্॥
জৈ্যব্যেপাপ দশা মহীশ্বর ভয়াদ্ব্যাধিশ্চধৈর্য্যচ্যুতিঃ।
ধান্যামর্থ মহীসুতার্ত্তি জনক ক্ষোভাশনার্থিক্ষয়ান্॥

বৃহস্পতির উৎকৃষ্ট দশা। এই দশাতে বিপুল গ্রামাধিকার, পুত্র স্ত্রী, সৌভাগ্য ও গুণবান্ আশ্রিতজন হইতে আন্দোলিকাদি ঐশ্বর্য্য প্রভৃতি লাভ করেন। বৃহস্পতি পাপ দশাতে রাজভয় হইতে ব্যাধি, ধৈর্য্যচ্যুতি, ধান্য, অর্থ, ভূমিসম্পত্তি ক্ষয়, সন্তানের কষ্ট, পীতার ক্ষোভ, আহারোপযোগী দ্রব্য ও ধনক্ষয় হয়।

স্বোচ্চে স্বক্ষেত্রগে জীবে কেন্দ্রেলাভে ত্রিকোণগে।
মলত্রিকোণ লাভেবা তুঙ্গাংশে স্বাংশগে পিবা॥

রাজ্যলাভং মহাসৌখ্যং রাজসম্মানকীর্ত্তনং।
গজবাজি সমাযুক্তং দেবব্রাহ্মণ পূজনং॥
দারপুত্রাদি সৌখ্যঞ্চ বাহনাম্বর লাভণং।
যজ্ঞাদিকার্য্যসিদ্ধিঃ স্যাৎ বেদান্ত শ্রবণাদিকং॥
মহারাজ প্রসাদেন ইষ্টসিদ্ধিঃ সুখাবহা।

বৃহস্পতি উচ্চস্থ, স্বীয় ক্ষেত্রগত অথবা কেন্দ্রে, একাদশে, ত্রিকোণে এবং মূলত্রিকোণে, লাভে ও উচ্চের নবাংশে স্বীয় নবাংশে থাকিলে রাজ্যলাভ, অতিশয় স্বচ্ছন্দ, রাজসম্মান, ঘোষণা, হস্তী, ঘোটকযুক্ত দেবতা ও ব্রাহ্মণগণের পূজা, ভার্য্যা ও পুত্রাদি জন্য সুখ, বাহন, বস্ত্র, অলঙ্কার লাভ, যজ্ঞাদি কার্য্য-সিদ্ধি, বেদান্ত শ্রবণ ও মহারাজার প্রসাদে ইষ্টসিদ্ধি, পরমসুখ প্রভৃতি লাভ হয়।

আন্দোলিকাদিলাভশ্চ কল্যাণঞ্চ মহৎ সুখং।
পুত্রদারাদি লাভশ্চ অন্নদানং মহৎ প্রিয়ং॥
নীচাস্ত পাপসংযুক্তে জীবে রিপ্ফাষ্ট সংযুতে।
স্থানভ্রংশং মনস্তাপং পুত্র পীড়া মহৎ ভয়ং॥
পশ্বাদি ধনহানিশ্চ তীর্থযাত্রাদিকং লভেৎ।
আদৌ কষ্ট ফলং চৈব চতুষ্পাজ্জীবলাভকৃৎ।
মধ্যান্তে সুখমাপ্নোতি রাজসম্মান বৈভবং॥

আন্দোলিকা (দোলা) প্রভৃতি লাভ, আশ্রমে মঙ্গল ও স্বচ্ছন্দ, পুত্র স্ত্রী প্রভৃতি লাভ, অন্নদান, মহৎ প্রিয়কার্য্য সিদ্ধি, বৃহস্পতি নীচ (কর্কটস্থ) ও অস্ত-গত হইলে অথবা পাপগ্রহযুক্ত হইলে, দ্বাদশ কিম্বা অষ্টমভাবগত হইলে স্থান-ভ্রষ্ট, মানসিক কষ্ট, সন্তানের পীড়া, অতিশয় ভয়, পশুপ্রভৃতি হানি ও ধনহানি; কিন্তু তীর্থযাত্রাদিতে ফললাভ হইবে। বৃহস্পতির দশার প্রথমে কষ্ট; কিন্তু চতুষ্পাদ পশ্বাদিলাভ, মধ্যে ও অন্তে স্বচ্ছন্দ, রাজসম্মান ও ঐশ্বর্য্যলাভ হইবে।

অথ শনের্দ্দশাফলং।

মন্দোৎকৃষ্ট দশা করোতি বিভব প্রজ্ঞান যজ্ঞাদিক
ক্ষেত্রগ্রাম পুরাদিনায়ক বহু ব্যাপার দক্ষোৎসুকান্।
মন্দঃ পাপ বিষপ্রয়োগ ধনহৃদ্দেহার্ত্তিব্যর্থোদয়ান্
রাজক্রোধ বিরুদ্ধ কার্য্য বিচলোদ্যোগাঙ্গ পীড়োদয়ান্॥

শনির উৎকৃষ্ট দশা। এই দশাতে ঐশ্বর্য্য, সদ্বুদ্ধি, যজ্ঞাদিকার্য্য, ক্ষেত্র, গ্রাম, নগরের অধিপতি নানাবিধ কার্য্যে নিপুণ ও উৎসুক হয়। শনির পাপ দশাতে বিষপ্রয়োগ, ধনহরণ, শারীরিক কষ্ট, কার্য্যে সফলতা বিহীন, রাজার ক্রোধে পতিত, মন্দকার্য্যে রত, সর্ব্বদা চঞ্চল, উদ্যোগ ভঙ্গ, পীড়া প্রভৃতি ও মন্দকার্য্যসকল হয়।

স্বোচ্চে স্বক্ষেত্রগে মন্দে মিত্রক্ষেত্রেঽথবা যদি।
মূলত্রিকোণ ভাগ্যেবা তুঙ্গাংশে স্বাংশগে পিবা॥
দুশ্চিক্যে লাভগে চৈব রাজসম্মান বৈভবং।
সৎকীর্ত্তি ধনলাভশ্চ বিত্যাবাদবিনোদকৃৎ।
মহারাজ প্রসাদেন গজবাহন ভূষণং॥
রাজযোগং প্রকুর্ব্বীত সেনাধীশান্মহৎ সুখং।
লক্ষ্মীকটাক্ষচিহ্নানি রাজ্যলাভং করোতি চ॥
গৃহে কল্যাণ সম্পত্তি দারপুত্রাদিলাভকৃৎ।

শনৈশ্চর উচ্চস্থ অথবা স্বগৃহে কিম্বা মিত্র ক্ষেত্রগত হইলে কিম্বা মূল ত্রিকোণে, ভাগ্যে, উচ্চের নবাংশে অথবা স্বীয় নবাংশগত দুশ্চিক্যে (তৃতীয়ে) কিম্বা একাদশ ভাবগত হইলে রাজসম্মান ও ঐশ্বর্য্যলাভ, সৎকীর্ত্তি, ধনলাভ, বিদ্যা, বিবাদ মীমাংসক এবং মহারাজার প্রসাদে হস্তী ও অন্যান্য বাহন, অলঙ্কার লাভ, রাজযোগ করিবেন এবং সেনাপতিত্বে মহৎ সুখানুভব, গৃহে লক্ষ্মীর কটাক্ষচিহ্ন ও রাজ্যলাভ হইবেক। গৃহে মঙ্গলজনক সম্পত্তি, ভার্য্যা-পুত্রাদি লাভ হইবেক।

ষষ্ঠাষ্টম ব্যয়ে মন্দে নীচে চাস্তং গতে পিবা।
বিষশস্ত্রাদি পীড়াচ স্থানভ্রংশং মহদ্ভয়ং ॥
পিতৃমাতৃ বিয়োগঞ্চ দারপুত্রাদি পীড়নং।
রাজবৈষম্য কার্য্যাণিহ্যনিষ্টং বন্ধনং তথা ॥
শুভযুক্তেক্ষিতেমন্দে যোগকারক সংযুতে।
কেন্দ্রত্রিকোণ লাভেবা মীনগে কার্ম্মুকে শনৌ ॥
রাজ্যলাভং মহোৎসাহং গজাশ্বাম্বর সঙ্কুলং।

ষষ্ঠ ও অষ্টম ভাবগত শনি হইলে এবং নীচস্থ কিম্বা অস্তগত হইলে বিষ শস্ত্রাদি পীড়া, স্থানভ্রষ্ট, মহৎ ভয়, পিতৃ ও মাতৃবিয়োগ, ভার্য্যা ও পুত্রের পীড়া, বৈষম্যরাজকার্য্যে বিবিধ অনিষ্ট, বন্ধনভয় প্রভৃতি কষ্ট হয়। শুভগ্রহযুক্ত কিম্বা অবলোকিত অথবা যোগকারক গ্রহযুক্ত হইলে, কিম্বা কেন্দ্র অথবা ত্রিকোণে ও একাদশে, মীন কিম্বা কার্ম্মুক (ধনু) গত শনি হইলে রাজ্যলাভ, মহোৎসুখ, হস্তী, ঘোটক, বস্ত্রসমূহ লাভ হইবেক।

অথ বুধস্য দশাফলং।

বুধোৎকৃষ্ট দশা করোতি বসন পুত্রাদি ধান্যোচ্ছ্রয়ান্।
শ্রেয়ঃ সৌখ্য গৃহস্ববন্ধুবিজয়ঃ প্রাপ্তীষ্টবস্ত্রাগমান্ ॥
বোধ্যাঃ পাপদশা বিদেশ গমনক্ষোভঃ স্ববন্ধুক্ষয়ঃ।
প্রজ্ঞাহীনমতি ধনার্ত্তি কলহক্ষেত্রার্থনাশাপদঃ ॥

বুধের উৎকৃষ্ট দশা। এই দশাতে বস্ত্র, পুত্র প্রভৃতি লাভ, ধান্যবৃদ্ধি, মঙ্গল সুখ গৃহ স্ববন্ধুবিজয়, ইষ্টপ্রাপ্তি বস্ত্রাগম। বুধের পাপ দশাতে বিদেশ গমন, ক্ষোভ, স্ববন্ধু ক্ষয়, প্রজ্ঞাহীনমতি, ধনের কষ্ট, কলহ ভুমি, ধন-বিনাশ, আপদ প্রাপ্তি হয়।

স্বোচ্চে স্বক্ষেত্রসংযুক্তে কেন্দ্রলাভ ত্রিকোণগে।
মিত্রক্ষেত্র সমাযুক্তে সৌম্যেদায়ে মহৎ সুখং॥
ধনধান্যাদিলাভঞ্চ সংকীর্ত্তি র্ধনসম্পদাং।
জ্ঞানাধিক্যং নৃপপ্রীতিং সৎকর্ম্মগুণবর্দ্ধং॥
পুত্রদারাদি সৌখ্যঞ্চ দেহারোগ্যং মহৎ সুখং।
ক্ষীরেণ ভোজনং সৌখ্যং ব্যাপারেণ ধনাগমং॥

উচ্চ, স্বক্ষেত্র, কেন্দ্র, একাদশে অথবা ত্রিকোণে, মিত্র ক্ষেত্রগত হইলে বুধের দশাতে মহৎ সুখ হয় এবং ধনধান্যাদি লাভ, সংকীর্ত্তিভাজন, ধনসম্পদ বৃদ্ধি, জ্ঞানবৃদ্ধি, রাজপ্রীতিভাজন, সৎকর্ম্ম সৎগুণবর্দ্ধন, পুত্রদারাদির স্বচ্ছন্দ শরীরের আরোগ্যতা লাভ, মহৎ স্বচ্ছন্দ, দুগ্ধ ভোজন, স্বচ্ছন্দ, ব্যবসাকার্য্যে অত্যন্ত লাভ হইবেক।

শুভদৃষ্টিযুতে সৌম্যে ভাগ্যে কর্ম্মাধিপে যদা।
আধিপত্যেবলবতী সম্পূর্ণ ফলদায়িকা॥
পাপগ্রহ যুতে দৃষ্টে রাজদ্বেষং মনোরুজং।
বন্ধুজন বিরোধঞ্চ বিদেশ গমনন্তথা॥
পরপ্রেষ্যঞ্চ কলহং মূত্রকৃচ্ছ্রাৎ মহাভয়ং।

বুধগ্রহ, শুভগ্রহ দৃষ্টিযুক্ত হইলে কিম্বা একাদশে অথবা দশমাধিপতিযুক্ত হইলে কিম্বা শুভগ্রহের অধিপতি হইলে শীঘ্র সম্পূর্ণ ফলদান করেন। যদি পাপগ্রহযুক্ত কিম্বা পাপগ্রহের দৃষ্টিতে থাকেন, তাহা হইলে রাজদ্বেষ্টা, মানসিক কষ্ট, বন্ধুবিরোধ, বিদেশগমন, পরপ্রেরিত, কলহ এবং মূত্রকৃচ্ছ্র রোগ হইতে অতিশয় ভীত অর্থাৎ জীবন-শঙ্কট হইবে।

ষষ্ঠাষ্টম ব্যয়ে সৌম্যে লাভভোগার্থনাশনং।
বাতপীড়া ধনং নষ্টং পাণ্ডু রোগং তথৈবচ॥
নৃপচৌরাদি ভীতিঞ্চ কৃষিগোভূমিনাশনং।
দশাদৌ ধনধান্যঞ্চ বিদ্যালাভং মহৎ সুখং॥

পুত্রকল্যাণ সম্পত্তিঃ ষন্মার্গে ধনলাভকৃৎ।
মধ্যে নরেন্দ্র সম্মান মন্তে দুঃখং ভবিষ্যতি ॥

ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশভাবগত বুধ হইলে লাভ, ভোগ এবং অর্থনষ্ট করেন এবং বাতের পীড়া হয়, ধনকষ্ট, পাণ্ডুরোগ, রাজভয়, চৌর ও অগ্নিভয়, কৃষি, গো, ভূমি বিনষ্ট হয়। দশার প্রথমে ধনধান্য ও বিদ্যালাভ অতিশয় স্বচ্ছন্দ, সন্তান লাভ, সকল কার্য্যে মঙ্গল, সম্পত্তিলাভ, সৎপথে ধনলাভ হয়। দশার মধ্যে রাজসম্মান দশার শেষে কষ্ট হইবেক।

অথ কেতুর দশাফলং।

কেতুৎকৃষ্টদশা করোতি বিজয়ক্রুর ক্রিয়ার্থাগমং।
ম্লেচ্ছক্ষ্মাপতিলব্ধভাগ্যক বল প্রারম্ভ শত্রুক্ষয়ান্ ॥
কেতোঃ পাপ দশাতি কষ্টবিফলানর্থ ক্রিয়াযোগহৃৎ।
শূলাস্থি জ্বরকম্পন দ্বিজজনদ্বেশাতিমূর্খ ক্রিয়ান্ ॥

কেতুর অতি উৎকৃষ্ট দশা। এই দশাতে বিজয় ও ক্রুরকার্য্যদ্বারা অর্থাগম এবং ম্লেচ্ছরাজা হইতে ভাগ্যলাভ, বলদ্বারা শত্রুক্ষয় হয়। কেতুর পাপদশাতে অতিকষ্ট, কার্য্যে বিফল চেষ্টা, অনর্থক্রিয়া, শূলরোগ, অস্থিজ্বর, কম্পন, ব্রাহ্মণ-গণদ্বেষ্টা অতি মূর্খের ন্যায় ক্রিয়া।

কেন্দ্রলাভ ত্রিকোণেবা শুভরাশৌ শুভৈক্ষিতেঃ।
স্বোচ্চেবা শুভবর্গেবা রাজপ্রীতিং মনোরুজং ॥
দেশগ্রামাধিপত্যঞ্চবাহনং পুত্রসম্ভবং।
দেশান্তর প্রয়াণঞ্চ অন্যদেশে সুখাবহং ॥

কেন্দ্র ও একাদশ কিম্বা ত্রিকোণে শুভৈক্ষিত শুভরাশিতে কেতু থাকিলে, অথবা স্বোচ্চে কিম্বা শুভবর্গে থাকিলে, রাজপ্রীতি ও মানসিক পীড়া, দেশ গ্রামাদির আধিপত্যতা, বাহনলাভ, পুত্রোৎপত্তি, দেশান্তরে গমন, অন্য দেশে স্বচ্ছন্দলাভ করা

পুত্রদার সুখঞ্চৈব চতুষ্পাজ্জীব লাভকৃৎ।
দুশ্চিক্যে ষষ্ঠেলাভেবা কেতুর্দায়ে সুখং ভবেৎ॥
রাজ্যং করোতি মিত্রাংশং গজবাজি সমন্বিতং।
দশাদৌ বাতরোগাচ্চ দশামধ্যে মহদ্ভয়ং॥
অন্তে দূরাগমঞ্চৈব দেহবিশ্রমণং তথা।
ধনে রন্ধ্রে ব্যয়ে কেতৌ পাপদৃষ্টি যুতেক্ষিতে॥
নিগড়ং বন্ধুনাশঞ্চ স্থানভ্রংশং মনোরুজং।

পুত্রভার্য্যার স্বচ্ছন্দ এবং চতুষ্পাদজীব, গো, মহিষাদি লাভ হইবে। তৃতীয়, ষষ্ঠ, একাদশে থাকিলে কেতুর দশাতে সুখ ও রাজ্যলাভ হয় এবং মিত্রের নবাংশগত হইলে হস্তী, অশ্ব প্রভৃতি সংযুক্ত রাজ্য করিবেক। কেতু দশার প্রথমে রাজযোগ, মধ্যে অতিশয় ভয়, শেষে দূরদেশে গমন, দেহের বিশ্রাম, দ্বিতীয়ে, রন্ধ্রে ও দ্বাদশে পাপযুক্ত পাপদৃষ্টিতে কেতু থাকিলে, তাহার দশাতে কারাবদ্ধ, বন্ধুনাশ, স্থানভ্রষ্ট, মানসিক কষ্ট হয়।

অথ শুক্রস্য দশাফলং।

শৌক্রী শ্রেষ্ঠদশা করোতি সুখসৌভাগ্যাশ্রয়ান্দোলিকা-
স্বৈশ্বর্য্য যুতার্থবুদ্ধিজনকারামশ্চ গীতোৎসবান্।
শৌক্রী পাপদশা কলত্রভয় কুম্নীচার্থহানিপ্রদা
সন্তস্তির্য্যগ্ জন্তুদোষবিপুলস্ত্রীবর্গরোগোদ্ভবা॥
পরমোচ্চগতে শুক্রে স্বোচ্চে স্বক্ষেত্র কেন্দ্রগে।
নৃপাভিষেক সম্প্রাপ্তি বাহনাম্বরভূষণং॥
গজাশ্ব পশুলাভঞ্চ নিত্যং মিষ্টান্নভোজনং।
অখণ্ডমণ্ডলাধীশ রাজসম্মান বৈভবং॥
মৃদঙ্গবাদ্য ঘোষঞ্চ গৃহে লক্ষ্মী কটাক্ষকৃৎ।

শুক্রের শ্রেষ্ঠ দশাতে সুখসৌভাগ্যজনক আন্দোলিকা অষ্টৈশ্বর্য্যযুক্ত ধর্ম্ম-বুদ্ধিজনক বিশ্রাম বিষয়ক গীতোৎসব করেন। শুক্রের পাপদশাতে ভার্য্যা জন্য ভয়, নীচ হইলে অর্থহানি প্রদান করেন। সাধুগণ বলিয়াছেন, পক্ষী ও জন্তু সমূহদোষ স্ত্রীগণের পীড়ার উদ্ভব করেন। পরমোচ্চগত শুক্র হইলে উচ্চে অথবা স্বরাশিতে কিম্বা কেন্দ্রগত হইলে রাজ্যাভিষেক, বাহন, বস্ত্র, অলঙ্কারলাভ এবং হস্তী, অশ্ব অন্যান্য পশুগণ লাভ, প্রতিদিন মিষ্টান্ন ভোজন করে। অংশুমণ্ডল অর্থাৎ সমস্ত পৃথিবীর অধীশ্বর ও রাজসম্মান, সম্পত্তি-লাভ, সর্ব্বদা মৃদঙ্গ বাদ্য কোলাহল এবং গৃহে লক্ষ্মীর কটাক্ষপাত হইবে।

ত্রিকোণস্থে মীনে শুক্রে রাজ্যার্থ গৃহসম্পদঃ।
বিবাহোৎসবকার্য্যাণি পুত্রকল্যাণ বৈভবং॥
সেনাধিপত্যং কুরুতে ইষ্টবন্ধু সমাগমং।
নষ্টরাজ্যাৎ ধনপ্রাপ্তি গৃহে গোধন সংগ্রহং॥
ষষ্ঠাষ্টম ব্যয়ে শুক্রে নীচেবা ব্যয়রাশিগে।
আত্মবন্ধুজন দ্বেষং দারবর্গাদি পীড়নং॥
ব্যবসায়াৎ ফলং নষ্টং গোমহিষ্যাদিহানিকৃৎ।
দারপুত্রাদি পীড়াবা আত্মবন্ধু বিয়োগকৃৎ॥

নবম, পঞ্চমে ও মীনরাশিতে শুক্র অবস্থিতি করিলে রাজ্য, ধন, গৃহ ও সম্পদ বৃদ্ধি হয়। বিবাহ জন্য উৎসব কার্য্য, পুত্র ও মঙ্গলজনক কার্য্য, বৈভব সেনাধিপতিত্ব এবং ইষ্টবন্ধুসমাগম, নষ্ট রাজ্য হইতে ধনাগম, গৃহে গোধন প্রভৃতি সংগ্রহ হয়। ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশে নীচস্থে দ্বাদশরাশিগত শুক্র হইলে স্বজন বন্ধুগণের সহিত বৈরভাব এবং ভার্য্যা প্রভৃতি পরিবারবর্গের পীড়া, ব্যবসায়ে অর্থহানি এবং গো, মহিষ প্রভৃতি পশুগণের বিনাশ, ভার্য্যা পুত্রের পীড়া, স্বজন বন্ধুবর্গের বিয়োগ প্রভৃতি অনিষ্টকার্য্যসকল হয়।

ভাগ্যকর্ম্মাধিপত্যেন লগ্নবাহন রাশিগে।
তদ্দশায়াং মহৎ সৌখ্যং দেশগ্রামাধিপত্যতাং॥
দেবালয় তড়াগাদি পুণ্যকর্ম্ম সুসংগ্রহং।
অন্নদানে মহৎ সৌখ্যং নিত্যং মিষ্টান্ন ভোজনং॥
উৎসাহঃ কীর্ত্তিঃ সম্পত্তিঃ স্ত্রীপুত্র ধন সম্পদঃ।
স্বভুক্তৌ ফলমেবং স্যাৎ বলাত্মন্যানি ভুক্তিষু॥
দ্বিতীয়দ্যূননাথেতু দেহপীড়া ভবিষ্যতি।
তদ্দোষ পরিহারার্থং রুদ্রং বা ত্র্যম্বকং জপেৎ॥
শ্বেতাংগাং মহিষং দদ্যাদ্রারোগ্যঞ্চ ভবিষ্যতি।

নবম ও দশমাধিপতি কিম্বা লগ্ন ও চতুর্থ রাশিগত শুক্রের দশাতে মহৎ সুখ, দেশ নগরাধিকার, দেবালয় ও তড়াগাদি পুণ্যকার্য্য সংগ্রহ, অন্নদানে মহৎ সুখ, প্রতিদিন মিষ্টান্ন ভোজন, উৎসাহ, কীর্ত্তি-সঞ্চয়, ঐশ্বর্য্যবৃদ্ধি, স্ত্রী, পুত্র, ধন, সম্পদ সঞ্চয়, স্বভুক্তিতে এইরূপ ফল, বলাবল বিবেচনায় স্বভুক্তিতে এইরূপ ফল। দ্বিতীয় ও সপ্তমগত শুক্র হইলে শারীরিক কষ্ট হইবে। সেই দোষ পরিহারের জন্য রুদ্র ও ত্র্যম্বকের নাম জপ করিবেক এবং শ্বেতবর্ণা গাভী ও মহিষী দান করিলে আরোগ্য হইবেক।

অথায়ুর্গণনা।

দীর্ঘায়ুঃ।

জৈমিনি সূত্রং। প্রথময়োরুতস্তোর্ব্বাদীর্ঘং।

দ্বাদশ রাশিকে চর, স্থির, দ্ব্যাত্মক এই ভাবে গণনা করিলে ৪টী চর, ৪টী স্থির ও ৪টী দ্ব্যাত্মক হয়। ১ম চর। ২য় স্থির। ৩য় দ্ব্যাত্মক। সূত্রার্থ এই যে, লগ্নাধিপ ও অষ্টমাধিপের মধ্যে যদি দুইটী চর হয়, অথবা একটী স্থির ও অপরটী যদি দ্ব্যাত্মক হয়, তাহা হইলে জাতকের দীর্ঘায়ু হইবেক।

মধ্যায়ুঃ।

প্রথম দ্বিতীয়য়োরন্ত্যয়োর্ব্বামধ্যং।

যদি লগ্নাধিপ ও অষ্টমাধিপের মধ্যে একটী চর ও অপরটী যদি স্থির হয়, অথবা লগ্নাধিপ ও অষ্টমাধিপ দুইটী দ্ব্যাত্মক হয়, তাহা হইলে জাতকের মধ্যমায়ুঃ হইবে।

অল্পায়ুঃ।

মধ্যয়োরাদ্যন্তয়োর্ব্বাহীনং।

যদি লগ্নাধিপ ও অষ্টমাধিপ দুই স্থির রাশি হয়, অথবা একটী চর ও অপরটী দ্ব্যাত্মক হয়, তাহা হইলে অল্পায়ু হইবে।

মতান্তরে।

অল্পায়ুর্লগ্নপেভানৌ শত্রৌ মধ্যন্ত মধ্যমে।
মিত্রে লগ্নেশ্বরে তস্য দীর্ঘমায়ু রুদাহৃতং॥

যদি লগ্নাধিপতি রবি হন, তাহা হইলে অল্পায়ুঃ যদি লগ্নাধিপের শত্রু লগ্নে থাকেন, তাহা হইলে মধ্যায়ুঃ লগ্নাধিপের মিত্র লগ্নে থাকেন, তাহা হইলে দীর্ঘায়ুঃ হইবে।

ত্রিবিধাশ্চায়ুষোযোগাঃ স্বল্পায়ুর্ম ধ্যমোত্তমাঃ।
দ্বাত্রিংশাৎ পূর্ব্বমল্পায়ু র্মধ্যমায়ুস্ততোভবেৎ॥
চতুঃষষ্ঠ্যাঃ পুরস্তাত্তু ততোদীর্ঘমুদাহৃতং।
উত্তমায়ুঃ শতাদূর্দ্ধং জ্ঞাতব্যং মুনিসত্তম॥

আয়ুর্যোগ তিন প্রকার। যথা—অল্পায়ুঃ, মধ্যমায়ুঃ ও দীর্ঘায়ুঃ। অল্পায়ুতে জন্মগ্রহণ করিলে ৩২ বর্ষ পর্য্যন্ত জীবনসংখ্যা। মধ্যায়ুতে জন্মগ্রহণ করিলে ৬৪ বর্ষ পর্য্যন্ত জীবন সংখ্যা। দীর্ঘায়ুতে জন্মগ্রহণ করিলে ৬৫ হইতে ১০০ একশত বর্ষ পর্য্যন্ত জীবন সংখ্যা। উত্তমায়ুতে জন্মগ্রহণ করিলে ১০০ হইতে ১২০ বর্ষ পর্য্যন্ত জীবন সংখ্যা হইবে, তাপসগণ এইরূপ নির্ণয় করিয়াছেন।

অল্পায়ুর্যোগজাতস্য বিপত্তারে মৃতির্ভবেৎ।
জাতস্য মধ্যমে যোগে প্রত্যরৌচ মৃতির্বদেৎ॥
দীর্ঘায়ুর্যোগ জাতস্য বধভেতু মৃতির্ভবেৎ।
ত্রিযুযোগেষু সর্ব্বেষু প্রত্যেকং ত্রিবিধং ভবেৎ॥

অল্পায়ুযোগে জন্মগ্রহণ করিলে বিপত্তারাতে মৃত্যু হইবে। মধ্যমায়ুতে জন্ম হইলে প্রত্যরিতারাতে মৃত্যু হইবে। দীর্ঘায়ু যোগে জন্মগ্রহণ করিলে বধতারাতে মৃত্যু হইবে। এই তিনটী যোগ, প্রতিযোগকে তিন ভাগ করিলে নয়টী ভাগ হইবে। অল্পায়ু, অল্পমধ্যায়ু, অল্পদীর্ঘায়ুঃ। অল্পমাধ্যায়ু, মধ্যমধ্যায়ু, মধ্যদীর্ঘায়ু। দীর্ঘদীর্ঘায়ু, দীর্ঘমধ্যায়ু, দীর্ঘঅল্পায়ু। অল্পায়ু ৩২ বর্ষ। তাহাকে ৩ ভাগ করিলে ১০ বর্ষ ৮ মাস। অল্পঅল্পায়ুতে জন্ম হইলে ১০ বর্ষ ৮ মাস। অল্পমধ্যায়ুতে জন্ম হইলে ২১ বর্ষ ৪ মাস। অল্পদীর্ঘায়ুতে জন্ম হইলে ৩২ বর্ষ আয়ু হইবে। মধ্যমায়ুতে জন্ম হইলে পূর্ণায়ু ৬৪০ বর্ষ। মতান্তরে ৭০ বর্ষ। উহাকে তিনভাগ করিলে মধ্যমাল্প মধ্যমধ্য। মধ্যদীর্ঘায়ু হইবে। দীর্ঘায়ুতে জন্ম হইলে ১০০ বর্ষ উহাকে তিনভাগ করিলে দীর্ঘাল্প, দীর্ঘমধ্যায়ু, দীর্ঘদীর্ঘায়ু হইবে, কিন্তু ঐ সময়ে মারকের দশা অন্তর্দ্দশা না হইলে মৃত্যু হইবে না।

অষ্টমক্ষ'ং তৃতীয়ঞ্চ বুধৈরায়ু রুদাহৃতং।
দ্বিতীয়ং সপ্তম স্থানং মারকস্থানমুচ্যতে॥

লগ্ন হইতে অষ্টম স্থান ও তৃতীয় স্থানকে পণ্ডিতগণ আয়ুঃস্থান নির্ণয় করিয়াছেন। অষ্টমস্থান আয়ুস্থান এবং অষ্টমের অষ্টমস্থান তৃতীয়স্থান মারকস্থান এজন্য তৃতীয়স্থান আয়ুস্থান মধ্যে গণ্য হইল। দ্বিতীয় ও সপ্তমস্থান মারকস্থান। কারণ অষ্টম নিধনস্থান, অষ্টমের ব্যয়স্থান সপ্তম ও অষ্টমের অষ্টম তৃতীয় তাহার ব্যয়স্থান দ্বিতীয় এজন্য দ্বিতীয়স্থান মারকস্থান মধ্যে গণ্য। কিন্তু দ্বিতীয় হইতে সপ্তম বলবান।

মারকেশ দশাপাকে মারকস্থস্য পাপিনঃ।
পাকে পাক যুজাং পাকে সম্ভবে নিধনং দিশেৎ॥

ত্রিবিধ আয়ুর্যোগ আছে তন্মধ্যে যাহার যে আয়ুর্যোগে জন্ম হইয়াছে, তাহার সেই সময়ের মধ্যে মারকেশ গ্রহের দশা বা অন্তর্দ্দশা হয়, কিম্বা মারকস্থানস্থিত পাপগ্রহের দশা অন্তর্দ্দশা হয়, অথবা মারকেশযুক্ত পাপগ্রহের দশা অন্তর্দ্দশা হয়, তাহাতে মৃত্যু নির্ণয় করিবে। কিন্তু যাহার মধ্যমায়ুর্যোগে জন্ম কিম্বা দীর্ঘায়ুর্যোগে জন্ম হইয়াছে, তাহার যদি অল্পায়ু ৩২ বৎসরের মধ্যে মারকের দশান্তর্দ্দশা হয় তাহাতে মৃত্যু হইবে না, পীড়া হইবার সম্ভাবনা। এস্থলে পাপগ্রহ শব্দে তৃতীয়, ষষ্ঠ ও একাদশাধিপ বুঝিতে হইবে এবং অষ্টম স্থানাধিপকে পাপমধ্যে গণ্য হইয়াছে।

অসম্ভবে ব্যয়াধীশ-দশায়াং মরণং নৃণাং।
অভাবে ব্যয়ভাবেশ সম্বন্ধি সহভুক্তিযু॥
তদভাবেঽষ্টমেশস্য দশায়াং নিধনং পুনঃ।
দুষ্টতারাপতেঃ পাকে নির্ব্বাণং কথিতং বুধৈঃ॥

পূর্ব্বে বলা হইয়াছে দ্বিতীয়েশের দশাতে কিম্বা দ্বিতীয় স্থানস্থিত পাপগ্রহ দশাতে অথবা দ্বিতীয়াধিপ সম্বন্ধে পাপগ্রহ দশাতে। ঐরূপ অষ্টমেশের দশা

অষ্টমস্থানস্থিত পাপগ্রহ দশা অথবা অষ্টমেশ সম্বন্ধি পাপগ্রহ দশাতে যদি কোন গ্রহ মৃত্যুপ্রদ না হন, তবে ব্যয়াধিপের দশা, অথবা ব্যয়াধিপ গ্রহের সম্বন্ধি পাপগ্রহ দশাতে মৃত্যু নির্ণয় করিবে, তাহাতে গ্রহগণ মৃত্যুপ্রদ না হন, তাহা হইলে ত্রিবিধ তারা বলা হইয়াছে, তন্মধ্যে অল্পায়ুযোগে বিপত্তারা এবং মধ্যমায়ুতে প্রত্যরিতারা ও দীর্ঘায়ুর্যোগে বধতারা ঐরূপ আয়ুর্যোগে অর্থাৎ অল্পায়ু ৩২ বৎসর ঐ সময়ের মধ্যে উহার জন্মতারা হইতে গণনা করিয়া বিপত্তারা যে নক্ষত্র হইবে, ঐ নক্ষত্রে যে গ্রহ হয় তাহার দশান্তর্দশাতে নিশ্চয় মৃত্যু হইবে।

মারকগ্রহসম্বন্ধাৎ পাপকর্ত্তা শনিস্তদা।
তিরস্কৃত্য গ্রহান্ সর্ব্বান্ নিহন্তা ভবতি ধ্রুবং॥

পূর্ব্বে যে সকল মারকগ্রহ কথিত হইল ঐ সকল গ্রহের মধ্যে কোন মারকগ্রহের সম্বন্ধ থাকিলে পাপকর্ত্তাশনি অর্থাৎ ত্রিষড়য়াধিপ শনি, অন্যান্য গ্রহকে দূরীভূত করিয়া স্বয়ং মানবের জীবনহন্তা হইবেন।

এই সকল বিষয় এবং অন্যান্য অনেক বিষয় দ্বিতীয় খণ্ডে
বিস্তাররূপে প্রকাশ থাকিবে।

প্রথম খণ্ডঃ সমাপ্তঃ।